

# ২০১৬ ঘটনাপঞ্জি

বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট



ঘটনাপঞ্জি ২০১৬ বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট

# ঘটনাপঞ্জি ২০১৬

## বাংলাদেশের সংবাদপত্রে প্রকাশিত জনগুরুত্বপূর্ণ সংবাদ

**বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট**

**গবেষণা ও তথ্য সংরক্ষণ বিভাগ**

৩ সার্কিট হাউস রোড, ঢাকা-১০০০



**প্রকাশক**
মহাপরিচালক
বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট

**প্রথম প্রকাশ**
জুন ২০১৮

**প্রচ্ছদ**
মোমিন উদ্দীন খালেদ

**কম্পিউটার বিন্যাস**
ছৈয়দ মোহাম্মদ আবু সোহেল

**মুদ্রাকর**
এসোসিয়েটস প্রিন্টিং প্রেস
১৬৪ ফকিরাপুল
ঢাকা

**মূল্য**
৳ ১৫০.০০

© পিআইবি কর্তৃক সংরক্ষিত

*Chronology 2016 : Significant News Published in the Newspapers of Bangladesh*
Chief Editor : Md. Shah Alamgir, Published by Press Institute of Bangladesh
3 Circuit House Road, Dhaka-1000.
Price : 150.00 Taka. $ 03 Only
ISBN : 978-984-732-033-5
Phone : 9333403, 9330081-84, Fax : 880-02-8317458
E-mail : dgpib@yahoo.com, Website : পিআইবি.বাংলা, http://www.pib.gov.bd
বইটি অনলাইনে পেতে হলে : www.rokomari.com

# ঘটনাপঞ্জি ২০১৬
## বাংলাদেশের সংবাদপত্রে প্রকাশিত জনগুরুত্বপূর্ণ সংবাদ


**প্রধান সম্পাদক**
মো. শাহ আলমগীর
মহাপরিচালক
বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট

**ব্যবস্থাপনা**
আকতার হোসেন
পরিচালক, গবেষণা ও তথ্য সংরক্ষণ বিভাগ
বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট

**সম্পাদনা**
শরিফুজ্জামান পিন্টু

**গ্রন্থনা তত্ত্বাবধান**
শামীমা চৌধুরী
সিনিয়র রিসার্চ অফিসার
বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট

**গ্রন্থনা**
মো. আমির হোসেন
গবেষক
বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট

**সমন্বয়**
ড. কামরুল হক
রিসার্চ অফিসার
বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট

# মু|খ|ব|ন্ধ

পুরোনো সংবাদপত্র থেকে কোনো তথ্য খুঁজে বের করা খুব সহজ কাজ নয়। আর সন বা তারিখ জানা না থাকলে তা বেশ দুঃসাধ্য কাজ। এই কাজটিকে সহজ করে দেওয়ার জন্য বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট সংবাদপত্রে প্রকাশিত জনগুরুত্বপূর্ণ সংবাদ নিয়ে বছরভিত্তিক ঘটনাপঞ্জি গ্রন্থনা করে বই আকারে প্রকাশের উদ্যোগ নিয়েছে। বছরের গুরুত্বপূর্ণ ঘটনাগুলো একটি বইতে ধারণ করে রাখার জন্য এই উদ্যোগ। একই সঙ্গে বিশেষ কোনো ঘটনার তারিখ সম্পর্কে নিশ্চিত হতেও এ ধরনের বই কাজে লাগে। এক মলাটের মধ্যেই পাওয়া যায় একটি বছরে ঘটে যাওয়া জাতীয় ও আন্তর্জাতিক ছোট-বড় বিভিন্ন ঘটনার সূত্র।

বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট ধারাবাহিকভাবে এই বই প্রকাশ করে আসছে। এর অংশ হিসেবে প্রকাশিত হলো 'ঘটনাপঞ্জি ২০১৬ : বাংলাদেশের সংবাদপত্রে প্রকাশিত জনগুরুত্বপূর্ণ সংবাদ'। সাংবাদিক শরিফুজ্জামান পিন্টুর কাছে কৃতজ্ঞতা প্রকাশ করছি বইটি সম্পাদনা করে দেওয়ার জন্য। এই বইটি গ্রন্থনা করেছেন গবেষক মো. আমির হোসেন। গ্রন্থনা তত্ত্বাবধান করেছেন সিনিয়র রিসার্চ অফিসার শামীমা চৌধুরী। ব্যবস্থাপনার দায়িত্ব পালন করেছেন গবেষণা ও তথ্য সংরক্ষণ বিভাগের পরিচালক আকতার হোসেন। সমন্বয়কের দায়িত্ব পালন করেছেন রিসার্চ অফিসার ড. কামরুল হক। তাদের সবাইকে আমি ধন্যবাদ জানাচ্ছি।

আগ্রহী পাঠক, গবেষক, সংবাদকর্মী ও সংশ্লিষ্ট অন্যদের কাছে এই গ্রন্থ কাজে এলে আমাদের শ্রম সার্থক হবে বলে মনে করি।

**মো. শাহ্ আলমগীর**
মহাপরিচালক



# সূ|চি|প|ত্র

জানুয়ারি/৭
ফেব্রুয়ারি/৩৭
মার্চ/৬১
এপ্রিল/৮৮
মে/১১৩
জুন/১৩৮
জুলাই/১৬৩
আগস্ট/১৮০
সেপ্টেম্বর/১৯৪
অক্টোবর/২০৭
নভেম্বর/২২০
ডিসেম্বর/২৩৩
২০১৬ সালে যাঁদের হারিয়েছি/২৫১
২০১৬ সালে দেশ-বিদেশে ঘটে যাওয়া উল্লেখযোগ্য ঘটনা/২৫৯

## জানুয়ারি

### ১ জানুয়ারি

- জাতীয় সংকটে প্রয়োজনে রাষ্ট্রপতির ভূমিকা পরিবর্তনের ক্ষমতা সংসদের। বিবিসিকে দেওয়া সাক্ষাৎকারে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ এ কথা বলেন।
- দেশের উন্নয়ন ও মানবকল্যাণে নবীনদের এগিয়ে আসতে হবে। ঝিনাইদহ ক্যাডেট কলেজ এক্স ক্যাডেটস অ্যাসোসিয়েশনের ১২তম পুনর্মিলনী অনুষ্ঠানে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের আহ্বান।
- বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের ৭২তম জন্মদিন পালন।
- ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা ২০১৬-এর উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। উদ্বোধনী ভাষণে তিনি দেশের পণ্যের নতুন বাজার খুঁজতে ব্যবসায়ীদের প্রতি আহ্বান জানান।
- রাজধানীর গভর্নমেন্ট ল্যাবরেটরি হাইস্কুল চত্বরে বিনা মূল্যে বই বিতরণ উৎসব উদ্বোধন করেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ।
- বর্তমান সরকারকে বিদায় করে গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠা করা হবে। ঢাকায় ছাত্রদলের ৩৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠানে বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়া।
- বাংলাদেশ শিল্পকলা একাডেমিতে শুরু হলো ১৬ দিনব্যাপী সাংস্কৃতিক উৎসব। উৎসবের উদ্বোধন করেন সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর এমপি।
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষকদের উচিত নিজ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের প্রতি যত্নশীল হওয়া। ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসিতে জগন্নাথ হল অ্যালামনাই অ্যাসোসিয়েশনের পুনর্মিলনী অনুষ্ঠানে প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা।
- বিচারহীনতার সংস্কৃতির কারণে ২০১৫ সালের মানবাধিকার পরিস্থিতি ছিল ‘উদ্বেগজনক’। আইন ও সালিশ কেন্দ্রের প্রতিবেদন।
- অপ্রতুল নিরাপত্তা ও বহিরাগতদের অবাধ প্রবেশের অজুহাতে বাংলাদেশ থেকে অস্ট্রেলিয়ার বিমান কার্গো নেওয়া বন্ধ।



- আত্মঘাতী বোমা হামলায় আফগানিস্তানে ৪ জন নিহত।
- ক্ষেপণাস্ত্র কর্মসূচি জোরদারের নির্দেশ ইরানের প্রেসিডেন্ট হাসান রুহানির।
- বোমা হামলায় সিরিয়ার কুর্দি এলাকায় নিহত ১৩।
- তেল আবিবের একটি বারে বন্দুক হামলায় নিহত ২।
- রাষ্ট্রীয় অর্থ অপচয়ের অভিযোগে ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুর স্ত্রীর বিরুদ্ধে দুর্নীতিবিরোধী সংস্থার তদন্ত শুরু।

### ২ জানুয়ারি

- ভিক্ষাবৃত্তি বন্ধে ব্যবস্থা গ্রহণের জন্য সমাজকল্যাণ ও সমাজসেবা অধিদপ্তরকে প্রধানমন্ত্রীর নির্দেশ। ‘সমাজসেবা সপ্তাহ’ ২০১৬-এর উদ্বোধনী ভাষণে তিনি এ নির্দেশ দেন।
- জাতীয় পার্টির প্রতিষ্ঠাবার্ষিকী পালন।
- পে–স্কেলের বৈষম্য নিরসনের দাবিতে ১১ জানুয়ারি থেকে লাগাতার কর্মবিরতির সিদ্ধান্ত বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির।
- ইন্টার্ন চিকিৎসক লাঞ্ছিত হওয়ার প্রতিবাদে কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসকদের ধর্মঘট শুরু।
- ঝাড়ু হাতে ক্লিনারের পোশাক পরে ঢাকার রাস্তায় পরিচ্ছন্নতার কাজে অংশ নিলেন জাতীয় ক্রিকেট দলের অধিনায়ক মাশরাফি বিন মুর্তজা।
- কুষ্টিয়া সদর উপজেলায় চিহ্নিত সন্ত্রাসী ফিরোজকে (৪০) মস্তক ছিন্ন করে হত্যা।
- বাসের চাকায় পিষ্ট হয়ে রাজধানীর রামপুরায় ১ জন নিহত।
- পাকিস্তানের সামরিক আদালতে ৯ জঙ্গির মৃত্যুদণ্ড কার্যকর।
- জঙ্গি হামলায় ভারতের পাঞ্জাব প্রদেশের একটি বিমানঘাঁটিতে ৭ জন নিহত ও আহত ৬।
- সন্ত্রাসবাদের অভিযোগে সৌদি আরবে শিয়া নেতা শেখ নিমর আল নিমরসহ ৪৭ জনের মৃত্যুদণ্ড কার্যকর।
- ‘দুই সন্তান’ নীতি অনুমোদন করল চীন সরকার।

**৩ জানুয়ারি**

- ধর্ম, বর্ণ, শ্রেণি নির্বিশেষে সবাই উন্নয়ন ও সমৃদ্ধি অর্জনের সুযোগ পাবেন। গণভবনে ক্ষুদ্র নৃতাত্ত্বিক গোষ্ঠীর মেধাবী শিক্ষার্থীদের মাঝে ছাত্রবৃত্তি বিতরণকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- না জেনেই সিলেকশন গ্রেড বহাল ও বেতন গ্রেডের সমস্যা নিরসনে শিক্ষকবৃন্দের আন্দোলন। সাংবাদিকদের উদ্দেশে অর্থমন্ত্রী।
- বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট এর 'পিআইবি-সোহেল সামাদ স্মৃতি পুরস্কার ২০১৫' প্রদান করা হয়। ভোরের কাগজের সিনিয়র রিপোর্টার ঝর্ণা মণি এবারে পুরস্কার লাভ করেন।
- পে-স্কেলের বৈষম্য নিরসনের দাবিতে আন্দোলনের অংশ হিসেবে পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকেরা ক্লাস ও পরীক্ষা নিচ্ছেন কালো ব্যাজ পরে।
- সাভারে গুলি করে মিঠুন চক্রবর্তী নামের এক ব্যবসায়ীর ২৮ লাখ টাকা ছিনতাই।
- র‍্যাবের সঙ্গে বন্দুকযুদ্ধে রাজধানীর মিরপুরে আল আমিন (৩০) নামের এক যুবকের মৃত্যু।
- ঝিনাইদহের শৈলকুপায় তিনজনকে কুপিয়ে হত্যা।
- সৌদি আরবে শিয়া নেতা শেখ নিমর আল নিমরের মৃত্যুদণ্ড কার্যকর করার প্রতিবাদে তেহরানে সৌদি দূতাবাসে হামলা।
- বন্দুকধারীদের হামলায় আফগানিস্তানে ভারতীয় কনস্যুলেটে ২ জন নিহত।
- জঙ্গি হামলায় ভারতের পাঞ্জাবের পাঠানকোট বিমানঘাঁটিতে ৭ জন নিহত।
- দুর্বৃত্তের গুলিতে মেক্সিকোয় নারী মেয়র নিহত।
- আইএসের হামলায় ইরাকে ১৫ জন নিহত।

**৪ জানুয়ারি**

- পে-স্কেল নিয়ে সংক্ষুব্ধ পক্ষের সঙ্গে বৈঠক করে দ্রুত বেতন জটিলতা নিরসনে প্রধানমন্ত্রীর নির্দেশ। মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে তিনি এ নির্দেশ দেন।



- ৫ জানুয়ারির নির্বাচন সংবিধানকে রক্ষা করেছে। ঢাকায় জাসদের এক আলোচনা সভায় তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু।
- ছাত্রলীগের ৬৮তম প্রতিষ্ঠাবার্ষিকীকে কেন্দ্র করে দেশের বিভিন্ন স্থানে ধাওয়া-পাল্টাধাওয়া এবং সংঘর্ষ, আহত ৩৫।
- তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে নারায়ণগঞ্জের আড়াইহাজার থানায় পাঁচ চীনা নাগরিককে পিটিয়ে জখম।
- ৬.৭ মাত্রার ভূমিকম্পে কেঁপে উঠল সারা দেশ। আতঙ্কিত হয়ে ৬ জনের মৃত্যু। আহত শতাধিক।
- জমিজমা নিয়ে বিরোধের জেরঃ চুয়াডাঙ্গার জীবননগর উপজেলায় প্রতিপক্ষের বোমা হামলায় ২ জন নিহত।
- ইরানের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক ছিন্ন করার ঘোষণা সৌদি আরবের। সৌদি মিত্র বাহরাইন, সুদান এবং সংযুক্ত আরব আমিরাতও কূটনৈতিক সম্পর্ক ছিন্ন করার ঘোষণা দেয়। সৌদি আরব গত ২ জানুয়ারি দেশটির শিয়া নেতা নিমর আল নিমরসহ ৪৭ জনের মৃত্যুদণ্ড কার্যকর করার পর এ ঘটনা ঘটে।
- ভূমিকম্পে ভারতের মণিপুর রাজ্যে ছয়জন নিহত। আহত শতাধিক।

**৫ জানুয়ারি**

- বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়াকে শান্তিপূর্ণ রাজনীতির পথে ফিরে আসতে হবে। গণতন্ত্রের বিজয় দিবস উপলক্ষ্যে ঢাকায় আওয়ামী লীগ আয়োজিত জনসভায় সৈয়দ আশরাফুল ইসলাম।
- সবার সঙ্গে আলাপ-আলোচনা বা সংলাপের মাধ্যমে দেশে জাতীয় সংসদ নির্বাচনের ব্যবস্থা করুন। নয়াপল্টনে দলীয় সমাবেশে বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়া।
- আওয়ামী লীগ নেতা শাহ এ এম এস কিবরিয়া হত্যার ঘটনায় পলাতক আসামি হারিছ চৌধুরীসহ ১০ জনের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি।
- লক্ষ্মীপুর আদালতে বিচারকদের এজলাস কক্ষে হামলা। ১০ জন আহত।

- গুলি করে নারায়ণগঞ্জের ফতুল্লায় প্রিমিয়ার সিমেন্ট ফ্যাক্টরির ২৮ লাখ টাকা ছিনতাই।
- জঙ্গি সম্পৃক্ততার অভিযোগে ঢাকা থেকে পাকিস্তানি কূটনীতিক ফারিনা আরশাদকে প্রত্যাহারের জের। ইসলামাবাদ থেকে বাংলাদেশের কূটনীতিক মৌসুমী রহমানকে ফিরিয়ে নিতে বলেছে পাকিস্তান।
- মুম্বাইয়ে অনূর্ধ্ব-১৬ আন্তঃস্কুল ক্রিকেট টুর্নামেন্টে এক ইনিংসে একাই ১০০৯ রানের রেকর্ড গড়ে অপরাজিত প্রণব ধানা ওয়ারেকে।
- চীনে পুঁজিবাজারের ধস ঠেকাতে দুই হাজার কোটি ডলারের প্রণোদনা ঘোষণা সরকারের।
- শ্রমমান ও শ্রমিকদের অধিকার নিয়ে আলোচনার জন্য ঢাকায় তিন দিনের সফরে যুক্তরাষ্ট্রের সিনেটের একটি প্রতিনিধিদল।
- নিরাপত্তার অজুহাত দেখিয়ে বাংলাদেশে অনুষ্ঠেয় অনূর্ধ্ব–১৯ ক্রিকেট বিশ্বকাপ থেকে নাম প্রত্যাহার করে নিল অস্ট্রেলিয়া।
- তালেবানবিরোধী অভিযানের সময় আফগানিস্তানে এক মার্কিন সেনা নিহত।
- ইউরোপে যাওয়ার পথে তুরস্কের পশ্চিম উপকূলে নৌকাডুবি। ৩৬ জন অভিবাসনপ্রত্যাশীর মৃত্যু।

**৬ জানুয়ারি**

- প্রধানমন্ত্রীর কার্যালয়ে পাবলিক বিশ্ববিদ্যালয়ের কৃতী শিক্ষার্থীদের মাঝে 'প্রধানমন্ত্রীর স্বর্ণপদক' পুরস্কার প্রদান করেন শেখ হাসিনা।
- সৌদি আরবে বাংলাদেশিদের জন্য শ্রমবাজার উন্মুক্ত। দুই লাখ নারী শ্রমিক নেবে দেশটি। সংবাদ সম্মেলনে প্রবাসীকল্যাণমন্ত্রী।
- বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার সঙ্গে সংলাপে বসার প্রস্তাব আওয়ামী লীগের নাকচ। সংবাদ সম্মেলনে মাহবুব-উল আলম হানিফ।
- ১৯৭১ সালে মানবতাবিরোধী অপরাধে দোষী জামায়াতে ইসলামীর আমির মতিউর রহমান নিজামীর ফাঁসির রায় সুপ্রিম কোর্টের আপিল বিভাগে বহাল।
- সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)-এর বিশেষ ফেলো দেবপ্রিয় ভট্টাচার্য ও তাঁর স্ত্রী ড. ইরিনা ভট্টাচার্যের ব্যাংক হিসাব ও শেয়ারবাজারে বিনিয়োগ সংক্রান্ত তথ্য রাজস্ব বোর্ডে তলব।



- খুলনা শহরে প্রতিবন্ধী মেয়েকে হত্যা করে আত্মহত্যা করার অভিযোগ উঠেছে এক বাবার বিরুদ্ধে।
- কোনো অভিযোগ ছাড়াই বাংলাদেশের কূটনীতিক মৌসুমী রহমানকে পাকিস্তান থেকে প্রত্যাহার করতে বলায় ঢাকা-ইসলামাবাদ সম্পর্কে টানাপোড়েনের সৃষ্টি।
- প্রথমবারের মতো হাইড্রোজেন বোমার সফল পরীক্ষা চালানোর দাবি উত্তর কোরিয়ার।
- গুপ্তচরবৃত্তির অভিযোগে সিরিয়ায় ইসলামিক স্টেটের (আইএস) হাতে এক নারী সাংবাদিকের শিরশ্ছেদ।

**৭ জানুয়ারি**

- রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার-১৪২০ প্রদান করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- সন্ত্রাসবিরোধী লড়াইয়ে সৌদি আরবকে অর্থবহ সহযোগিতা করবে বাংলাদেশ। সৌদি আরবের রাজধানী রিয়াদে দু'দেশের পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ের বৈঠকে বাংলাদেশের আশ্বাস।
- ত্রিবার্ষিক সম্মেলনে বিএনপির নেতৃত্বাধীন ২০ দলীয় জোট থেকে ইসলামী ঐক্যজোটের একাংশের বেরিয়ে যাওয়ার ঘোষণা। এ ঘোষণা দেওয়ার কয়েক ঘণ্টার মাথায় ঐক্যজোটের অপর অংশ সংবাদ সম্মেলন করে বিএনপির জোটে থাকার পক্ষে ঘোষণা দেয়।
- মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক কাজী আরেফ আহমেদসহ জাতীয় সমাজতান্ত্রিক দলের (জাসদ) পাঁচ নেতা হত্যা মামলার দণ্ডপ্রাপ্ত তিন আসামির ফাঁসি কার্যকর।
- বেসিক ব্যাংক কেলেঙ্কারি মামলায় দুই ডেপুটি ম্যানেজিং ডিরেক্টরসহ তিন কর্মকর্তা কারাগারে।
- অষ্টম জাতীয় বেতনকাঠামো সংক্রান্ত প্রকাশিত গেজেট সংশোধন করে পাবলিক বিশ্ববিদ্যালয় শিক্ষকদের জন্য অর্থমন্ত্রীর প্রদত্ত প্রতিশ্রুতিসমূহ পূরণের দাবিতে দেশের সব পাবলিক বিশ্ববিদ্যালয়ে শিক্ষকদের দুই ঘণ্টা কর্মবিরতি পালন।
- পাবনা শহরে যুবলীগের দুই গ্রুপের মধ্যে সংঘর্ষ। ৭ জন গুলিবিদ্ধ।

- রাজধানীর মিরপুরে মঈনউদ্দিন নামে এক ব্যবসায়ীকে গুলি করে ৫ লাখ টাকা ছিনতাই।
- ৭০ হাজার পিস ইয়াবাসহ গাজীপুরের মৌচাক এলাকার একটি বাড়ি থেকে এক মাদক ব্যবসায়ী গ্রেপ্তার।
- ইয়েমেনে ইরানি দূতাবাসে সৌদির নেতৃত্বাধীন জোটের বিমান হামলা।
- ট্রাকবোমা হামলায় লিবিয়ার পশ্চিমাঞ্চলীয় জিনিতান শহরের একটি পুলিশ প্রশিক্ষণ কেন্দ্রে ৬৫ জন নিহত।
- আত্মঘাতী হামলাকারী সন্দেহে প্যারিসে এক ব্যক্তিকে গুলি করে হত্যা।

**৮ জানুয়ারি**

- জ্বালাও-পোড়াও করেছে বলে পৌর নির্বাচনে বাংলার মানুষ বিএনপিকে ভোট দেয়নি। গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় শিক্ষার্থীদের মাঝে ল্যাপটপ বিতরণকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- দেশের বর্তমান পরিস্থিতিতে সবচেয়ে বেশি দরকার জাতীয় ঐক্য। ঢাকায় দলীয় সভায় মির্জা ফখরুল।
- টঙ্গীতে তাবলিগ জামাতের বিশ্ব ইজতেমার প্রথম পর্ব শুরু।
- যশোরে অনুষ্ঠিত বঙ্গবন্ধু গোল্ডকাপ আন্তর্জাতিক ফুটবল টুর্নামেন্টে ৪-২ গোলে বাংলাদেশ শ্রীলংকাকে পরাজিত করে।
- নরসিংদীতে নবনির্মিত ডাবল লাইনে তিতাস কমিউটার ট্রেন লাইনচ্যুত। ৩ জন নিহত ও আহত ১০।
- বগুড়ার সান্তাহারে সিএনজিচালিত অটোরিকশা ও ব্যাটারিচালিত ইজিবাইক মালিক-শ্রমিকদের মধ্যে সংঘর্ষ। ১ জন নিহত, আহত ১০।
- শেরপুরে দুটি পৃথক সড়ক দুর্ঘটনায় ৪ স্কুলছাত্র নিহত।
- ব্রিটিশ সংবাদমাধ্যম দি ইকোনমিস্টকে দেওয়া সাক্ষাৎকারে সৌদির ডেপুটি ক্রাউন প্রিন্স মোহাম্মদ বিন সালমান বলেন, ইরানের সঙ্গে যুদ্ধে জড়াবে না সৌদি আরব।
- ইসরায়েলি সেনার গুলিতে অধিকৃত পশ্চিম তীরে পৃথক ঘটনায় চার ফিলিস্তিনি নিহত।



- ভারতের ওয়ানডে ক্রিকেটের অধিনায়ক মহেন্দ্র সিং ধোনির বিরুদ্ধে জামিন অযোগ্য গ্রেপ্তারি পরোয়ানা জারি। ২০১৩ সালের এপ্রিল মাসে এক ম্যাগাজিনের কভার পেজে দেবতা বিষ্ণুরূপে ভারতীয় ওয়ানডে অধিনায়ককে দেখানোর কারণেই এই পরোয়ানা জারি করা হয়।
- যুক্তরাষ্ট্রে পাচারের সময় ১৫ বাংলাদেশিকে উদ্ধার করে নিকারাগুয়ার পুলিশ ।
- পাঞ্জাবের পাঠানকোটে জঙ্গি হামলায় পাকিস্তানের বিরুদ্ধে ভারতের অভিযোগের বিষয়ে তদন্ত করতে নওয়াজ শরিফের নির্দেশ।

**৯ জানুয়ারি**

- ঢাকা অফিসার্স ক্লাবে বৃহত্তর ময়মনসিংহ সাংস্কৃতিক উৎসব উদ্বোধন করেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ।
- যারা মানুষ পুড়িয়ে মারে, ভোটারদের কুকুর বলে, তার জবাব জাতির কাছে একদিন দিতে হবে। গণভবনে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদের বৈঠকে প্রধানমন্ত্রী।
- কেউ যদি দল থেকে চলে যায় তাহলে ঠেকাব কীভাবে: আবদুল লতিফ নেজামীর নেতৃত্বে ইসলামী ঐক্যজোটের একাংশ ২০ দল থেকে বের হয়ে যাওয়ার পর ঢাকায় দলীয় কার্যালয়ে জরুরি বৈঠকে জোট নেতাদের উদ্দেশে খালেদা জিয়া।
- চট্টগ্রামের সীতাকুণ্ডে চন্দ্রনাথ ধামের উন্নয়ন প্রকল্প কাজের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা বলেন, বাংলাদেশ সাম্প্রদায়িক সম্প্রীতির এক অনন্য নজির।
- বঙ্গবন্ধু সেতুতে চার ঘণ্টার ব্যবধানে আট দুর্ঘটনা। নিহত ৭, আহত শতাধিক।
- অষ্টম জাতীয় বেতনকাঠামোর প্রজ্ঞাপন বাতিল ও বেতনকাঠামোয় নিজেদের অন্তর্ভুক্ত করার দাবি জানান এমপিওভুক্ত বাংলাদেশ শিক্ষক সমিতি।
- রাজধানীর মোহাম্মদপুরে একটি চারতলা ভবন পাশের ছয়তলা ভবনের ওপর হেলে পড়ায় দুই ভবনের বাসিন্দাদের মধ্যে ছড়িয়ে পড়েছে আতঙ্ক।

- গত বছর সারা দেশে সড়ক দুর্ঘটনায় ৮ হাজার ৬৪২ জন নিহত ও ২১ হাজার ৮৫৫ জন আহত। সংবাদ সম্মেলনে বাংলাদেশ যাত্রী কল্যাণ সমিতির দেওয়া প্রতিবেদন।
- মেহবুবা মুফতি ভারতের জম্মু ও কাশ্মীর রাজ্যের প্রথম নারী মুখ্যমন্ত্রী নির্বাচিত।
- মার্কিন ড্রোন হামলায় আফগানিস্তানে ২০ আইএস জঙ্গি নিহত।
- রাশিয়ার বিমান হামলায় সিরিয়ায় ৪৩ জঙ্গি নিহত ও আহত দেড় শতাধিক।
- ভারতের মেঘালয় রাজ্যে বোমা বিস্ফোরণ। ২ জন নিহত।
- দক্ষিণ কোরিয়ার আকাশে মার্কিন যুদ্ধবিমানের মহড়া।

**১০ জানুয়ারি**

- ঢাকায় সফররত ভারতের ত্রিপুরা রাজ্যের বিদ্যুৎ, পল্লী ও নগর উন্নয়নমন্ত্রী মানিক দে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সাক্ষাৎ করেন।
- গণভবন থেকে বিশ্ব ইজতেমার আখেরি মোনাজাতে অংশ নেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- দেশের কল্যাণ, মুসলিম উম্মাহর সুদৃঢ় ঐক্য, দুনিয়া ও আখিরাতের শান্তি কামনা করে আখেরি মোনাজাতের মধ্য দিয়ে শেষ হলো ৬১তম বিশ্ব ইজতেমার প্রথম পর্ব।
- অভিনেত্রী রাণী সরকার এবং চিত্রনায়িকা পারভীন সুলতানা দিতির চিকিৎসা সহায়তার জন্য ১৫ লাখ টাকার অনুদান দিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গণভবনে রাণী সরকারকে ৫ লাখ এবং দিতিকে ১০ লাখ টাকার চেক প্রদান করেন প্রধানমন্ত্রী।
- সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতি মিলনায়তনে সপ্তাহব্যাপী আইন বইমেলার উদ্বোধন করেন প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা।
- আগামী ৭২ ঘণ্টার মধ্যে হাজারীবাগ থেকে ট্যানারি সরানোর জন্য শিল্পমন্ত্রী আমির হোসেন আমুর নির্দেশ। শিল্প মন্ত্রণালয়ে আয়োজিত সভায় তিনি এ নির্দেশ দেন।
- ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে নিরাপত্তা ব্যবস্থায় কিছু ত্রুটি থাকায় যুক্তরাজ্যের অসন্তোষ প্রকাশ।



- পাঁচ লাখ টাকা চাঁদার দাবিতে বাংলাদেশ ব্যাংক কর্মকর্তাকে রাজধানীর মোহাম্মদপুর থানার এক এসআইয়ের ক্রসফায়ারের হুমকি।
- গাজীপুর মহানগরীর ধীরাশ্রম রেলগেট এলাকায় ট্রাক দুর্ঘটনায় ৩ জন নিহত, আহত ৮।
- গুলিস্তানের সড়ক ও ফুটপাত থেকে অবৈধ ২০০টি দোকান উচ্ছেদ।
- টঙ্গীর বিশ্ব ইজতেমা ময়দানে পুলিশের অস্ত্র ছিনতাই চেষ্টার অভিযোগে সৈকত নামে এক ছাত্রলীগ নেতা আটক।
- আরও নতুন ছয়টি বেসরকারি বিশ্ববিদ্যালয় অনুমোদন শিক্ষা মন্ত্রণালয়ের।
- যশোরে অনুষ্ঠিত বঙ্গবন্ধু গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টে বাংলাদেশ ও বাহরাইনের মধ্যে ১-১ গোলে ড্র।
- বিমান হামলায় ইরাকের ইসলামিক স্টেটের (আইএস) তৃতীয় শীর্ষ নেতা আসসি আলী মোহাম্মদ নাসের আল ওবেইদি নিহত।
- ভারতের পাঠানকোট বিমানঘাঁটিতে জঙ্গি হামলার তদন্তে পাকিস্তান সরকারের অবস্থান জানতে প্রধানমন্ত্রী নওয়াজ শরিফকে মার্কিন পররাষ্ট্রমন্ত্রী জন কেরির ফোন।
- ভারতের জম্মু–কাশ্মীরে রাষ্ট্রপতি শাসন জারি।
- দক্ষিণ কোরিয়ার আকাশে মার্কিন যুদ্ধবিমানের মহড়া।

**১১ জানুয়ারি**

- ঢাকায় অনুষ্ঠিত ভারত মহাসাগরীয় নৌ সিম্পোজিয়ামের উদ্বোধনী অনুষ্ঠানে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেন, ভারত মহাসাগর এলাকায় অধিকতর উন্নয়নের জন্য ভারতীয় উপ–আঞ্চলিক এবং আঞ্চলিক পর্যায়ে কার্যকর সামুদ্রিক নীতি গ্রহণ করা প্রয়োজন।
- বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষ্যে ঢাকার সোহরাওয়ার্দী উদ্যানে আওয়ামী লীগ আয়োজিত সমাবেশে প্রধানমন্ত্রী শেখ হাসিনার অভিযোগ: বিডিআর বিদ্রোহের ঘটনায় বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়া ও তাঁর ছেলে তারেক রহমান জড়িত ছিল।
- অষ্টম জাতীয় বেতনকাঠামোয় পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের দেওয়া প্রতিশ্রুতি পূরণ ও অন্যান্য অসঙ্গতি দূর করার দাবিতে দেশের ৩৭টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের লাগাতার কর্মবিরতি শুরু।

- বেতন স্কেল ও চাকরির বৈষম্য নিরসনের দাবিতে প্রকৌশলী, কৃষিবিদ, চিকিৎসক এবং ২৬ ক্যাডারসহ বিভিন্ন ফাংশনাল সার্ভিসের কর্মকর্তাদের দুই ঘণ্টা করে কর্মবিরতি শুরু।
- দুই হাজার কোটি টাকা ঋণ কেলেঙ্কারির অভিযোগে দায়ের করা মামলায় বেসিক ব্যাংকের সাবেক তিন কর্মকর্তার ৬ দিনের রিমান্ড মঞ্জুর।
- ৩৪তম ও ৩৫তম বিসিএসে কারিগরি ও পেশাগত ক্যাডারে শূন্যপদে কোটা শিথিলের প্রস্তাব মন্ত্রিসভায় অনুমোদন।
- মন্ত্রিসভার বৈঠকে সিদ্ধান্ত: ২০১৬ সালে সরকারি ব্যবস্থাপনায় হজে যেতে লাগবে ৩ লাখ ৬০ হাজার ২৮ টাকা।
- ঝিনাইদহ সদর উপজেলায় চিকিৎসক জমির আলী ওরফে খাজা (৮২) হত্যায় জড়িত সন্দেহে দুইজন গ্রেপ্তার।
- মিরপুর শেরেবাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে অনুষ্ঠিত অনূর্ধ্ব-১৯ ম্যাচে বাংলাদেশ দলের সঙ্গে ১১৪ রানে অলআউট ওয়েস্ট ইন্ডিজ।
- মানবাধিকার লঙ্ঘনের অভিযোগে ইউরোপিয়ান কোর্ট অব হিউম্যান রাইটস প্রিন্সের বিরুদ্ধে ৪২ বাংলাদেশি অভিবাসীর মামলা দায়ের।
- আরব দেশগুলোর অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ না করার জন্য ইরানকে আরব লীগের পররাষ্ট্রমন্ত্রীদের হুঁশিয়ারি।
- বন্দুকধারীদের গুলিতে বাগদাদে ৯ জন নিহত, আহত ২২।
- সৌদি জোটের নেতৃত্বে ইয়েমেনের হাসপাতালে বিমান হামলা, ৪ জন নিহত।
- জার্মানির এক শরণার্থী শিবিরে স্থানীয় অধিবাসীদের হামলায় ২ জন আহত।

**১২ জানুয়ারি**

- সরকারের দুই বছর পূর্তি উপলক্ষ্যে জাতির উদ্দেশে দেওয়া ভাষণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, বাংলাদেশ এখন উন্নয়নের বিশ্ব রোলমডেল। উন্নয়নের বিভিন্ন সূচকে বাংলাদেশ নতুন উচ্চতায় পৌঁছেছে। তাই দল-মত ও বিভক্তির ঊর্ধ্বে উঠে উন্নয়নের এ অগ্রযাত্রা অব্যাহত রাখতে হবে।



- গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে বরগুনার আমতলী উপজেলায় সাতটি বিদ্যালয় কাম ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্রের উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে বিমান বহরে দুটি নতুন উড়োজাহাজের সংযোজন উপলক্ষ্যে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, যাত্রীসেবার মান বাড়িয়ে বাংলাদেশ বিমানকে আরও জনপ্রিয় করে তুলুন।
- রাজধানী ঢাকা দূষণমুক্ত রাখতে প্রয়োজনে গাড়ির বদলে হেঁটে আদালতে যাব। সুপ্রিম কোর্ট প্রাঙ্গণে পরিচালিত পরিচ্ছন্নতা অভিযান উদ্বোধনকালে প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা।
- ব্রাহ্মণবাড়িয়ায় এক মাদ্রাসা ছাত্রের মৃত্যুকে কেন্দ্র করে শহরের বিভিন্ন স্থানে দিনভর বিক্ষোভ ও সংঘর্ষ।
- বিশ্ববাজারে প্রতি ব্যারেল জ্বালানি তেলের দাম কমে এখন ৩১ ডলার। ১২ বছরের মধ্যে এটি সর্বনিম্ন দামের রেকর্ড।
- মানবতাবিরোধী অপরাধের দায়ে জামায়াত নেতা দেলাওয়ার হোসাইন সাঈদীকে সুপ্রিম কোর্টের আপিল বিভাগের দেওয়া আমৃত্যু কারাবাসের রায় পুনর্বিবেচনার জন্য রাষ্ট্রপক্ষের রিভিউ আবেদন দাখিল।
- সুড়ঙ্গ খুঁড়ে সোনালী ব্যাংক কিশোরগঞ্জ প্রধান শাখা থেকে ১৬ কোটি ৪০ লাখ টাকা চুরি মামলার প্রধান আসামি সোহেল রানা ওরফে হাবীব মুন্সীকে ৫ বছর সশ্রম কারাদণ্ড এবং পাঁচ হাজার টাকা জরিমানা।
- বাগেরহাটের ফকিরহাটে গত উপজেলা পরিষদ নির্বাচনের দিন আওয়ামী লীগ সমর্থিত উপজেলা চেয়ারম্যান প্রার্থী সর্দার নিয়ামত হোসেনকে (৫৬) পিটিয়ে হত্যার অভিযোগে দায়ের করা মামলায় এক নির্বাহী ম্যাজিস্ট্রেট ও বিজিবির দুই সদস্যের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি।
- বাংলাদেশ ও সৌদি আরবের মধ্যে বৃহৎ আকারের ঐক্য ও বন্ধুত্ব রয়েছে এবং ভবিষ্যতে তা অব্যাহত থাকবে। সংবাদ সম্মেলনে সফররত সৌদি প্রিন্স তুর্কি বিন আবদুল্লাহ।
- আত্মঘাতী হামলায় তুরস্কে ১০ জন নিহত ও আহত ১০।
- আইএস জঙ্গিদের হামলায় বাগদাদে ৩৮ জন নিহত।

**১৩ জানুয়ারি**

- খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করার মাধ্যমে সবার জন্য খাদ্যনিরাপত্তা নিশ্চিত করা হয়েছে। এখন আমাদের লক্ষ্য সবার জন্য পুষ্টি নিশ্চিত করা। রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে দুগ্ধ উৎপাদন ও কৃত্রিম প্রজনন খাতে ৫ শতাংশ সুদে ঋণ বিতরণ কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- রাজধানীর শিল্পকলা একাডেমি আয়োজিত আলোচনা সভায় খাদ্যমন্ত্রী কামরুল ইসলামের হুঁশিয়ারি: সন্ত্রাসের পথ পরিহার না করলে চলতি বছরের মধ্যেই বিএনপি জোট ভেঙে টুকরো টুকরো হয়ে যাবে।
- সরকারের দুই বছর পূর্তিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার জাতির উদ্দেশে ভাষণের আনুষ্ঠানিক প্রতিক্রিয়া জানান বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।
- মিডিয়া শক্তিশালী হলে দেশে অপরাধ কমে যাবে। লক্ষ্মীপুর সার্কিট হাউসে জজশিপের জুডিশিয়াল কনফারেন্সে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা।
- ৩৫তম বিসিএসের লিখিত পরীক্ষার ফল প্রকাশ। ছয় হাজার ৮৮ জন উত্তীর্ণ।
- শিক্ষাপ্রতিষ্ঠানে বর্ধিত বেতন প্রত্যাহারের দাবিতে শিক্ষাসচিবের কাছে অভিভাবক ঐক্য ফোরামের স্মারকলিপি প্রদান।
- বয়স ৩৬ বছর পরিমার্জন করে ব্যাচ, মেধা এবং জ্যেষ্ঠতার ভিত্তিতে নার্স নিয়োগের দাবিতে ঢাকায় বাংলাদেশ ডিপ্লোমা বেকার নার্সেস অ্যাসোসিয়েশনের বিক্ষোভ।
- গত ১১ জানুয়ারি ব্রাহ্মণবাড়িয়া শহরে এক মাদ্রাসা ছাত্রের মৃত্যুর ঘটনাকে কেন্দ্র করে সংঘটিত সহিংস ঘটনায় ৬টি মামলা দায়ের। ৫ সহস্রাধিক অজ্ঞাত ব্যক্তি আসামি।
- পুলিশের সঙ্গে বন্দুকযুদ্ধে রাজধানীর হাজারীবাগে দুই জেএমবি নেতা নিহত।
- অ্যালিসন ব্লেক বাংলাদেশে ব্রিটেনের নতুন হাইকমিশনার নিযুক্ত।
- পাকিস্তানের জঙ্গি সংগঠন জয়শ-ই-মুহাম্মদের নেতা মওলানা মাসুদ আজাহার গ্রেপ্তার।



- আত্মঘাতী বোমা হামলায় পাকিস্তানের কোয়েটা নগরে ১৫ জন নিহত।
- স্টেট অব দ্য ইউনিয়নে ভাষণদানকালে বারাক ওবামা বলেন, মুসলমানদের কটাক্ষ করা যুক্তরাষ্ট্র নিরাপদ মনে করে না, বরং ভাবমূর্তিকে ক্ষুণ্ণ করে।
- ইরানি জলসীমায় অনুপ্রবেশের অভিযোগে পারস্য উপসাগরে ১০ নৌসেনাসহ যুক্তরাষ্ট্রের দুটি টহল জাহাজ আটক, পরে মুক্ত।

**১৪ জানুয়ারি**

- দেশের অখণ্ডতা রক্ষায় যেকোনো অশুভ শক্তিকে দৃঢ়ভাবে প্রতিহত করতে আমাদের সেনাবাহিনী প্রস্তুত। রংপুরে সেনাবাহিনীর শীতকালীন মহড়া শেষে সেনা সদস্যদের উদ্দেশে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- নোয়াখালী জেলা জজশিপের জুডিশিয়াল কনফারেন্সে বক্তব্য প্রদান করেন প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা।
- গুলশান কার্যালয়ে সিনিয়র নেতাদের সঙ্গে খালেদা জিয়ার বৈঠক।
- ২০০৪ সালে সিলেটে সাবেক ব্রিটিশ হাইকমিশনার আনোয়ার চৌধুরীর ওপর গ্রেনেড হামলার ডেথ রেফারেন্স ও আপিলের ওপর জঙ্গিনেতা মুফতি আবদুল হান্নানসহ অন্যান্য আসামির পক্ষে হাইকোর্টে যুক্তি উপস্থাপন শুরু।
- ঢাকায় অনুষ্ঠিত বঙ্গবন্ধু গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টে বাংলাদেশ অলিম্পিক দল মালদ্বীপের কাছে ২-০ গোলে পরাজিত।
- ইন্দোনেশিয়ার রাজধানী জাকার্তায় আইএসের সিরিজ হামলা। নিহত ৭, আহত শতাধিক।
- গাড়িবোমা হামলায় তুরস্কে ৬ জন নিহত ৩৯ জন আহত।

**১৫ জানুয়ারি**

- ঢাকায় গণফোরাম আয়োজিত সভায় ড. কামাল হোসেন বলেন, দেশে এখন সুস্থ ধারার রাজনীতি করার পরিবেশ নেই।
- যুক্তরাষ্ট্রে পলাতক বঙ্গবন্ধুর খুনিকে দেশে ফিরিয়ে দিতে মার্কিন সরকারের সহযোগিতা করা উচিত। নিউইয়র্কে আওয়ামী লীগ আয়োজিত আলোচনা সভায় স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল।

- সাংবাদিকদের উদ্দেশে সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেন, আগামী মার্চ মাসেই মেট্রোরেলের মূল কাজ শুরু হবে। তাই এখন মেট্রোরেলের রুট পরিবর্তনের সুযোগ নেই।
- রাজধানীর যাত্রাবাড়ী এলাকায় পুলিশের নির্যাতনের শিকার ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের কর্মকর্তা বিকাশ চন্দ্র দাস।
- নারায়ণগঞ্জের বন্দরে টিটু নামের এক সৌদি প্রবাসীর বাড়িতে ডাকাতি: নগদ ২০ লাখ টাকা ও স্বর্ণালংকার লুট।
- সরকারি নতুন পে-স্কেলের অজুহাত দেখিয়ে কোনো কোনো স্কুলে টিউশন ফি দ্বিগুণেরও বেশি বাড়িয়ে আদায় করছে বলে অভিভাবকদের অভিযোগ।
- জাতীয় জাদুঘরের প্রধান মিলনায়তনে চতুর্দশ ঢাকা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব শুরু।
- বরগুনার আমতলী উপজেলায় প্রাথমিক শিক্ষক সমিতির নেতাদের বিরুদ্ধে ৭০০ শিক্ষকের কাছ থেকে পিকনিকের জন্য বাধ্যতামূলক চাঁদা তোলার অভিযোগ। প্রতিবাদ করায় দুই শিক্ষক লাঞ্ছিত।
- খুলনার শেখ আবু নাসের স্টেডিয়ামে অনুষ্ঠিত টি–২০ ম্যাচে জিম্বাবুয়েকে চার উইকেটে পরাজিত করে বাংলাদেশ।
- জঙ্গি সন্দেহে ইন্দোনেশিয়ায় ৩ জন গ্রেপ্তার।
- সোমালিয়ায় একটি সেনাঘাঁটিতে জঙ্গি বিদ্রোহীদের হামলা: ৬৩ কেনীয় সেনা নিহত।
- যুক্তরাষ্ট্রের হাওয়াই অঙ্গরাজ্যে দুটি হেলিকপ্টারের মধ্যে সংঘর্ষ: পাইলট অক্ষত।

**১৬ জানুয়ারি**

- বাংলাদেশ শিল্পকলা একাডেমিতে কাজী মাহবুব উল্লাহ স্মৃতিপদক প্রদান করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- নিউইয়র্কে জাতিসংঘ সদর দপ্তরে আয়োজিত দলীয় সভায় স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেন, সন্ত্রাসবাদের বিরুদ্ধে বাংলাদেশ জিরো টলারেন্স নীতিতে রয়েছে।



- নারায়ণগঞ্জ শহরের বাবু রাইন খানকা মোড় এলাকায় একই পরিবারের পাঁচজনকে নৃশংসভাবে গলা কেটে হত্যা।
- বেপরোয়া বাসের ধাক্কায় ৭ ঘণ্টার ব্যবধানে রাজধানীর শাহবাগে দুই স্কুলছাত্রী নিহত।
- বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক গোলাম রাব্বিকে নির্যাতনের ঘটনায় ঢাকার মোহাম্মদপুর থানার এসআই মাসুদ শিকদার বরখাস্ত।
- চট্টগ্রামের জহুর আহমেদ চৌধুরী স্টেডিয়ামে অনুষ্ঠিত ম্যাচে বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ ক্রিকেট দল ১৬ রানে ওয়েস্ট ইন্ডিজকে পরাজিত করে।
- অজ্ঞাত রোগে নেত্রকোনার কলমাকান্দা উপজেলায় ৫ জনের মৃত্যু। আক্রান্ত ১৬ জন।
- সাই ইংওয়েন তাইওয়ানের প্রথম নারী প্রেসিডেন্ট নির্বাচিত। নির্বাচনে তাঁর দল ডেমোক্রেটিক প্রগ্রেসিভ পার্টি ক্ষমতাসীন কুয়োমিন্টাং পার্টির বিরুদ্ধে জয়লাভ করে।
- আল-কায়েদার হামলায় পশ্চিম আফ্রিকার দেশ বুরকিনা ফাসোয় ২৭ জন নিহত।
- মালয়েশিয়ায় সন্দেহভাজন চার জঙ্গি গ্রেপ্তার।

**১৭ জানুয়ারি**

- বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে আহছানউল্লাহ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের একটি প্রতিনিধিদলের সৌজন্য সাক্ষাৎ।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে বাংলাদেশ পোশাক প্রস্তুত ও রপ্তানিকারক সমিতির নেতৃবৃন্দের সাক্ষাৎ। এই শিল্পে সহযোগিতা দেওয়ার জন্য প্রধানমন্ত্রীর আশ্বাস।
- তুরাগতীরে আখেরি মোনাজাতের মধ্য দিয়ে শেষ হলো বিশ্ব ইজতেমার দ্বিতীয় পর্ব।
- রংপুরে পার্টির কার্যালয়ে জি এম কাদেরকে জাতীয় পার্টির কো-চেয়ারম্যান বানিয়ে তাঁকে নিজের উত্তরসূরি ঘোষণা করলেন হুসেইন মুহম্মদ এরশাদ।

- খুলনায় শেখ আবু নাসের স্টেডিয়ামে অনুষ্ঠিত টি-টোয়েন্টি ম্যাচে স্বাগতিক বাংলাদেশ ৪২ রানে জিম্বাবুয়েকে পরাজিত করে।
- বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মাসিক বর্ধিত বেতন ও অন্যান্য ফি আদায় বন্ধে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশ।
- নিষেধাজ্ঞা অমান্য করে ভারী যানবাহন চলাচল করায় দেশের সর্ববৃহৎ সেচ প্রকল্প তিস্তা ব্যারেজে ফাটল।
- ময়মনসিংহ শহরের বিসিক এলাকায় একটি অফিসে অভিযান চালিয়ে বিদেশি পিস্তল, গুলি, দেশীয় অস্ত্র তৈরির সরঞ্জামসহ দুই জন আটক।
- দুর্বৃত্তদের হাতে রাজধানীর রূপনগর বেড়িবাঁধ এলাকায় জাতীয় ছাত্রসমাজের সাবেক সভাপতি সৈয়দ মিজানুর রহমান ওরফে হিমু (৩৫) নিহত।
- ইরানের ওপর থেকে গত ৩০ বছরের আন্তর্জাতিক অর্থনৈতিক ও বাণিজ্যিক অবরোধ প্রত্যাহার। পরমাণু চুক্তির সব শর্ত পূরণ করায় এ সিদ্ধান্ত নেওয়া হয়।
- ইসলামিক স্টেটের (আইএস) হামলায় সিরিয়ার দেইর আল জর শহরে নারী ও শিশুসহ ৩০০ জন নিহত।
- আত্মঘাতী বোমা হামলায় আফগানিস্তানে ১৪ জন নিহত।

**১৮ জানুয়ারি**

- বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার সৌজন্য সাক্ষাৎ।
- দেশের কবি, সাহিত্যিক, লেখক, সাংবাদিক, শিক্ষাবিদ, শিল্পী ও বুদ্ধিজীবীদের সম্মানে গণভবনের লনে প্রধানমন্ত্রীর চা-চক্র উৎসব।
- গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে বিশ্ববিদ্যালয় শিক্ষকদের বৈঠক: দাবি পূরণে প্রধানমন্ত্রীর আশ্বাস।
- সরকারি চাকরিতে মুক্তিযোদ্ধাদের অবসরের বয়সসীমা ৬৫ বছরে উন্নীত করার প্রস্তাব মন্ত্রিসভায় নাকচ।
- ছোট ভাই জি এম কাদেরকে জাতীয় পার্টির কো-চেয়ারম্যান করার পরদিনই স্ত্রী রওশনের নেতৃত্বে দলের একটি অংশের বিদ্রোহের মুখে



পড়েন এইচ এম এরশাদ। দলের মহাসচিব ও ১৮ সাংসদসহ একটা অংশ যৌথ সভা করে রওশন এরশাদকে ভারপ্রাপ্ত চেয়ারম্যান হিসেবে ঘোষণা।

- সাময়িক বরখাস্তকৃত এস আই মাসুদ শিকদারের বিরুদ্ধে বাংলাদেশ ব্যাংকের কর্মকর্তা গোলাম বারীর অভিযোগ এজাহার হিসেবে গ্রহণ করতে মোহাম্মদপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে হাইকোর্টের নির্দেশ।
- চট্টগ্রামের পতেঙ্গায় কর্ণফুলী নদীতে অভিযান চালিয়ে একটি ট্রলার থেকে সাড়ে ২৭ লাখ পিস ইয়াবা উদ্ধার। ২ জন গ্রেপ্তার।
- নারায়ণগঞ্জে দুই শিশুসহ পাঁচজনকে খুনের মামলা তদন্তের জন্য নারায়ণগঞ্জ জেলা গোয়েন্দা পুলিশের কাছে স্থানান্তর। এ মামলায় গ্রেপ্তার মাহফুজকে জিজ্ঞাসাবাদের জন্য সাত দিনের রিমান্ড মঞ্জুর।
- ঢাকায় অনুষ্ঠিত বঙ্গবন্ধু গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টে বাহরাইনের কাছে ১-০ গোলে বাংলাদেশ পরাজিত।
- ইরানের ওপর থেকে আন্তর্জাতিক নিষেধাজ্ঞা ওঠার একদিন যেতে না যেতেই দেশটির ওপর নতুন করে যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞা আরোপ।
- বুগতি হত্যা মামলা থেকে অব্যাহতি পেলেন পাকিস্তানের সাবেক প্রেসিডেন্ট পারভেজ মোশাররফ।
- সরকারি বাহিনীর হামলায় ইরাকের রামাদি শহরে আইএসের ৪০ সদস্য নিহত।
- আর্জেন্টিনার আল্পস পর্বতমালায় তুষারধসে পাঁচ ফরাসি সেনার মৃত্যু।

**১৯ জানুয়ারি**

- বাংলাদেশে যুক্তরাজ্যের নবনিযুক্ত হাইকমিশনার অ্যালিসন ব্লেক ও ভারতের নতুন হাইকমিশনার হর্ষ বর্ধন শ্রিংলার বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের কাছে পরিচয়পত্র পেশ।
- রাজধানীর তেজগাঁওয়ে নতুন করে কোনো শিল্প-কলকারখানা অনুমোদন দেওয়া হবে না। জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

- জাতীয় পার্টির (জাপা) মহাসচিব পদ থেকে জিয়াউদ্দিন আহমেদ বাবলুকে অপসারণ। মহাসচিব পদে আবার ফিরে এসেছেন এবিএম রুহুল আমিন হাওলাদার। সংবাদ সম্মেলনে এরশাদ।
- শহীদ আসাদ দিবস উপলক্ষ্যে বিবৃতিতে বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার অভিযোগ : গায়ের জোরে দেশে একদলীয় শাসন প্রতিষ্ঠা করা হয়েছে।
- ২১তম প্রধান বিচারপতির দায়িত্ব গ্রহণের বর্ষপূর্তি উপলক্ষ্যে দেওয়া এক বাণীতে প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা বলেন, কোনো কোনো বিচারপতি রায় লিখতে অস্বাভাবিক বিলম্ব করেন যা আইন ও সংবিধান পরিপন্থী।
- সুপ্রিম কোর্টের এনেক্স ভবনে এক সংবর্ধনা অনুষ্ঠানে হাইকোর্টের বিদায়ী বিচারপতি শরীফ উদ্দিন চাকলাদারের অভিযোগ : সেনাসমর্থিত বিগত তত্ত্বাবধায়ক সরকার ছিল জবরদস্তি সরকার।
- নারায়ণগঞ্জের আলোচিত পাঁচ খুনের ঘটনায় জড়িত থাকার অভিযোগে নাজমা নামে এক মহিলাকে শরীয়তপুর থেকে গ্রেপ্তার।
- গরু কোরবানি নিষিদ্ধ করায় ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ও প্রতিরক্ষামন্ত্রী মনোহর যোগীকে চিঠির মাধ্যমে ইসলামিক স্টেটের (আইএস) হত্যার হুমকি।
- আত্মঘাতী বোমা হামলায় পাকিস্তানের পেশোয়ারে ১০ জন নিহত ও আহত ৩৫।
- যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচনে রিপাবলিকান দলের মনোনয়ন প্রার্থী ডোনাল্ড ট্রাম্পের যুক্তরাজ্যে প্রবেশ নিষিদ্ধ করা প্রসঙ্গ নিয়ে ব্রিটিশ পার্লামেন্টে তুমুল বিতর্ক।

**২০ জানুয়ারি**

- দশম জাতীয় সংসদের নবম অধিবেশনের উদ্বোধনী ভাষণে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের আহ্বান: দেশের মাটি থেকে সন্ত্রাস ও জঙ্গিবাদ নির্মূল করুন।



- প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, অভিবাসীদের কল্যাণ নিশ্চিত করা একটি বৈশ্বিক দায়িত্ব। তাই এই দায়িত্ব পালনে বিশ্বের সবাইকে এগিয়ে আসতে হবে। জাতিসংঘের আবাসনসংক্রান্ত একটি প্রতিনিধিদল সংসদ ভবনে প্রধানমন্ত্রীর সঙ্গে দেখা করতে গেলে তিনি এ কথা বলেন।
- অবসরের দীর্ঘকাল পর রায় লেখা নিয়ে প্রধান বিচারপতির বক্তব্যের পরিপ্রেক্ষিতে সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির সভাপতি খন্দকার মাহবুব হোসেন এক বিবৃতিতে বলেন, অবসরের ১৬ মাস পর বিচারপতি খায়রুল হক তত্ত্বাবধায়ক সরকার বাতিলের রায় দিয়ে সংবিধান ও আইন লঙ্ঘন করেছেন।
- বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর ঢাকায় দলীয় সমাবেশে বলেন, প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার বক্তব্য অনুযায়ী সরকারের বৈধতা নেই।
- জঙ্গি সম্পৃক্ততার অভিযোগে সিঙ্গাপুরে আটক ২৭ বাংলাদেশির মধ্যে ২৬ জনকে বাংলাদেশে প্রেরণ।
- বিচার বিভাগকে নিয়ন্ত্রণে রেখে কোথাও আইনের শাসন প্রতিষ্ঠা করা যায় না। 'যুগান্তর'কে দেয়া এক সাক্ষাৎকারে বিশিষ্ট আইনজ্ঞ ড. শাহদীন মালিক।
- পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের লাগাতার কর্মবিরতি শেষ হলো।
- মুক্তিপণ না দেওয়ায় কক্সবাজারের রামুতে অপহৃত সহোদর দুই শিশুকে হত্যা।
- খুলনা স্টেডিয়ামে অনুষ্ঠিত টি-২০ ক্রিকেটে জিম্বাবুয়ের কাছে ৩১ রানে বাংলাদেশের পরাজয়।
- জঙ্গি হামলায় পাকিস্তানের বাচা খান বিশ্ববিদ্যালয়ে নিহত ২১। আহত শতাধিক।
- সুইজারল্যান্ডের জুরিখে মার্কিন পররাষ্ট্রমন্ত্রী জন কেরি ও রাশিয়ার পররাষ্ট্রমন্ত্রী সের্গেই লাভরভের বৈঠক: সিরিয়া ইস্যুতে শান্তি আলোচনায় উভয় নেতার সম্মতি।
- আত্মঘাতী বোমা হামলায় আফগানিস্তানে ৭ জন নিহত। আহত ২৫।
- তুরস্ক থেকে সাগরপথে গ্রিসে যাওয়ার সময় লেসবস দ্বীপে নৌকাডুবি: ৪ জন নিহত।

## ২১ জানুয়ারি

- রাজধানীর মিরপুর সেনানিবাসের বিইউপি ক্যাম্পাসে বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালের তৃতীয় সমাবর্তন অনুষ্ঠানে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেন, জাতি গঠন ও উন্নয়নের প্রধান হাতিয়ার হচ্ছে শিক্ষা। তাই মানসম্মত শিক্ষা অর্জন করা প্রত্যেকের প্রয়োজন।
- সিলেটের আলিয়া মাদ্রাসা মাঠে আওয়ামী লীগ আয়োজিত সমাবেশে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, আন্দোলনের নামে যারা পেট্রলবোমা মারে ও পুড়িয়ে মানুষ হত্যা করে তাদের প্রত্যেকের বিচার করা হবে।
- কুড়িগ্রামে নারী শ্রমিকদের দুই মাসব্যাপী এক প্রশিক্ষণ কার্যক্রম উদ্বোধন করেন প্রবাসীকল্যাণমন্ত্রী।
- নাটোরে প্রতিমন্ত্রী, এসপিসহ ২১ জনকে হত্যার হুমকি আনসারুল্লাহ বাংলা টিমের।
- আশুলিয়ায় কমার্স ব্যাংকে ডাকাতি ও আটজন খুনের ঘটনায় দায়েরকৃত মামলায় আনসারুল্লাহ বাংলা টিমের ১১ জনের বিরুদ্ধে অভিযোগ গঠন।
- ঢাকা-খুলনা মহাসড়কের চরখানখানাপুর ঈদগাহ এবং গোয়ালন্দের ক্যানালঘাট এলাকায় পৃথক সড়ক দুর্ঘটনায় ৩ জন নিহত এবং ৭ জন আহত।
- ঢাকায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে ২৫ কেজি স্বর্ণের বার জব্দ।
- আগুনে পুড়িয়ে গাইবান্ধার গোবিন্দগঞ্জে দুই যুবককে হত্যা।
- মামি-ভাগ্নের পরকীয়ার বলি নারায়ণগঞ্জের একই পরিবারের ৫ জন।
- বস্তি উচ্ছেদকে কেন্দ্র করে রাজধানীর কল্যাণপুরে বস্তিবাসীর সঙ্গে পুলিশের সংঘর্ষ: এক পুলিশসহ বেশ কয়েকজন আহত।
- রাজধানীর তেজগাঁও থেকে জাল ভারতীয় রুপি, ইউএস ডলার, পাকিস্তানি রুপি, জাল নগদ টাকা, পাকিস্তানি পাসপোর্ট ও পাকিস্তানি জাতীয় পরিচয়পত্রসহ তিনজন আটক।
- ভারতের দিকে তাক করা পাকিস্তানের ১৩০টি পরমাণু বোমা। ইসলামাবাদের আশঙ্কা নয়াদিল্লি যে কোনো সময় সামরিক পদক্ষেপ নিতে পারে ইসলামাবাদের বিরুদ্ধে।
- ভারতের প্রখ্যাত ভরতনাট্যম নৃত্যশিল্পী মৃণালিনী সারাভাইয়ের মৃত্যু।



## ২২ জানুয়ারি

- বঙ্গবন্ধু গোল্ডকাপ চ্যাম্পিয়ন নেপাল দলের হাতে ট্রফি তুলে দিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- সিলেটের মদন মোহন কলেজের ৭৫ বছর পূর্তি উৎসব অনুষ্ঠানে প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা।
- রাজধানীর রামপুরা এলাকায় বাশাই ফকির (২৬) নামের এক ঠিকাদারকে গুলি করে হত্যা।
- রাজধানী ঢাকা ও চট্টগ্রামের বিভিন্ন এলাকায় গ্যাস সংকট।
- খুলনায় শেখ আবু নাসের স্টেডিয়ামে অনুষ্ঠিত টি-২০ বিশ্বকাপ ক্রিকেটে জিম্বাবুয়ের কাছে বাংলাদেশ ১৮ রানে পরাজিত।
- বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে অনুষ্ঠিত চতুর্থ বঙ্গবন্ধু গোল্ডকাপ আন্তর্জাতিক ফুটবল টুর্নামেন্ট-২০১৬-এ নেপাল ৩-০ গোলে বাহরাইনকে পরাজিত করে।
- মিয়ানমারে শতাধিক রাজবন্দির মুক্তি।
- গ্রিসের উপকূলে অভিবাসনপ্রত্যাশীদের দুটি নৌকাডুবি। ৪৪ জনের মৃত্যু।

## ২৩ জানুয়ারি

- গণভবনে ভিডিও কনফারেন্সের মাধ্যমে অষ্টম জাতীয় কাব ক্যাম্পুরি ২০১৬-এর উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়া বিবৃতিতে বলেন, দেশে একদলীয় স্বৈরাচারী শাসন চলছে।
- বয়লার বিস্ফোরণে দগ্ধ হয়ে গাজীপুরের পুবাইলে ৭ জন নিহত ও আহত ৭।
- সিলেট শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ফটকের কাছে গাড়িচাপায় ২ জন নিহত।
- বীমা দাবি নিষ্পত্তি না করে গ্রাহকের সঙ্গে প্রতারণা করছে বলে ফেডারেল ইন্স্যুরেন্সের বিরুদ্ধে অভিযোগ।
- ২০১৫–২০১৬ শিক্ষাবর্ষে বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট পরিচালিত সাংবাদিকতায় স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সের উদ্বোধন করেন পিআইবির মহাপরিচালক মো. শাহ আলমগীর।

- নাব্যতা সংকটের কারণে চট্টগ্রাম ও মংলা বন্দরে ভিড়তে পারে না বড় জাহাজ।
- সিঙ্গাপুর থেকে ফেরত নিষিদ্ধঘোষিত আনসারুল্লাহ বাংলা টিমের ১৪ অনুসারীকে জেলগেটে জিজ্ঞাসাবাদ।
- যুক্তরাষ্ট্রের ১৮ রাজ্যে ভয়াবহ তুষার ঝড়। নিহত ৮ হাজার এবং হাজার হাজার ফ্লাইট বাতিল।
- ভারতের স্বাধীনতা আন্দোলনের বিপ্লবী নেতা সুভাষ চন্দ্র বসু সংক্রান্ত ১০০ নথি প্রকাশ। নয়াদিল্লিতে সুভাষ চন্দ্র বসুর ১১৯তম জন্মদিন উপলক্ষ্যে এসব নথি প্রকাশ করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি।
- তেহরানে ইরানের প্রেসিডেন্ট হাসান রুহানির সঙ্গে চীনের প্রেসিডেন্ট শি জিন পিংয়ের বৈঠক : ১৭টি সমঝোতা স্মারক স্বাক্ষর।
- দখলকৃত পশ্চিম তীরে ইসরায়েলি সেনার গুলিতে এক ফিলিস্তিনি কিশোর নিহত।
- এক কিশোরের গুলিতে কানাডায় ৪ জন নিহত।

**২৪ জানুয়ারি**

- কিশোরগঞ্জ আজিমউদ্দিন উচ্চবিদ্যালয়ের শতবর্ষ পূর্তি উপলক্ষ্যে আয়োজিত এক অনুষ্ঠানে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেন, সরকার কিশোরগঞ্জ জেলার যোগাযোগ অবকাঠামো উন্নয়নের পাশাপাশি এখানে একটি সরকারি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার উদ্যোগ নিয়েছে।
- রাজধানীর এক হোটেলে দুই দিনব্যাপী বাংলাদেশ ইনভেস্টমেন্ট অ্যান্ড পলিসি সামিট ২০১৬-এর উদ্বোধনী সেশনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার আহ্বান: বর্তমান সরকার বিনিয়োগবান্ধব সরকার। বিনিয়োগের সকল সুযোগ-সুবিধা নিশ্চিত করা হয়েছে। তাই বিনিয়োগে এগিয়ে আসুন।
- সাংবাদিক নেতা আলতাফ মাহমুদ আর নেই। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি ইন্তেকাল করেন।
- বিভিন্ন অপরাধে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৬ জন শিক্ষার্থীকে আজীবনের জন্য বহিষ্কার। বহিষ্কারের তালিকায় একজন শিক্ষকও আছেন।



- তীব্র সমালোচনার মুখে পাঁচ দিন পর চট্টগ্রামে বেসরকারি হাসপাতাল ও ক্লিনিকে কর্মবিরতি স্থগিত করল বাংলাদেশ মেডিকেল অ্যাসোসিয়েশন (বিএমএ)।
- গ্যাস সংকটে বিপর্যস্ত রাজধানীবাসী।
- পিটিআইকে দেওয়া এক সাক্ষাৎকারে মার্কিন প্রেসিডেন্ট বারাক ওবামা। পাকিস্তানকে সন্ত্রাসের বিরুদ্ধে আরও শক্ত অবস্থান নিতে হবে এবং তা কার্যকর করতে হবে।
- সিরিয়ায় সরকার ও বিদ্রোহীরা রাজনৈতিক সমাধানে পৌঁছাতে না পারলে সেখানে সামরিক সমাধান জরুরি হয়ে পড়বে বলে যুক্তরাষ্ট্রের হুঁশিয়ারি।

**২৫ জানুয়ারি**

- সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ডের বিধান রেখে বাংলাদেশ কোস্টগার্ড বিল ২০১৬ জাতীয় সংসদে উত্থাপিত।
- রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী ও মন্ত্রীদের বেতন-ভাতা বাড়াতে পৃথক তিনটি বিল সংসদে উত্থাপিত।
- আন্তর্জাতিক পরিমণ্ডলে বাংলাদেশি পণ্যের বাজার তৈরি করতে বিভিন্ন দেশে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূতদের পদক্ষেপ নেওয়ার তাগিদ প্রধানমন্ত্রী শেখ হাসিনার। মন্ত্রিসভার বৈঠকে তিনি এ তাগিদ দেন।
- সাত সদস্যের একটি সৌদি প্রতিনিধিদল গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সাক্ষাৎ করেন।
- বাংলাদেশের স্বাধীনতাযুদ্ধে শহীদদের সংখ্যা নিয়ে বিতর্কিত মন্তব্য করার কারণে রাষ্ট্রদ্রোহ মামলা আমলে নিয়ে খালেদা জিয়ার বিরুদ্ধে আদালতের সমন জারি।
- গুলশানে বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার সঙ্গে বাংলাদেশে নিযুক্ত যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত মার্শা বার্নিকাটের সাক্ষাৎ।
- নারায়ণগঞ্জের বিভিন্ন স্থানে তীব্র গ্যাস সংকট। শিল্পকারখানায় উৎপাদন ব্যাহত।
- দেশের সর্বনিম্ন তাপমাত্রা গোপালগঞ্জে ৬ ডিগ্রি সেলসিয়াস।

- বাংলাদেশের সর্ববৃহৎ প্রকল্প পদ্মা সেতুর নির্মাণকাজ সরেজমিনে দেখে অভিভূত সাবেক চার চীনা রাষ্ট্রদূত।
- ভারতের প্রজাতন্ত্র দিবস উপলক্ষ্যে জাতির উদ্দেশে রাষ্ট্রপতি প্রণব মুখার্জির ভাষণ।
- নিষেধাজ্ঞা উপেক্ষা করে মিসরে সরকারের বিরুদ্ধে ব্যাপক বিক্ষোভ।
- ৬৮ হাজার কোটি রুপিতে ৩৬টি রাফায়েল যুদ্ধবিমান কিনতে নয়াদিল্লিতে ফ্রান্স ও ভারতের মধ্যে চুক্তি স্বাক্ষর।

**২৬ জানুয়ারি**

- বর্তমান সরকার বিনিয়োগকারীদের সম্ভাব্য সব ধরনের সহায়তা দিতে প্রস্তুত। বঙ্গভবনে ব্রিটিশ বাংলাদেশি উদ্যোক্তাদের একটি প্রতিনিধিদলের বৈঠকে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ।
- রাজধানীর রাজারবাগ পুলিশ লাইনে পুলিশ সপ্তাহ ২০১৬–এর উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- বনানী কার্যালয়ে এক সংবর্ধনা অনুষ্ঠানে জি এম কাদের জাতীয় পার্টিকে (জাপা) মন্ত্রিসভা থেকে বাদ দিতে সরকারের প্রতি আহ্বান জানান।
- অবসরের পরে রায় লেখা অসাংবিধানিক নয়। সংসদে আইনমন্ত্রী আনিসুল হক।
- ইন্টার পার্লামেন্টারি ইউনিয়নের প্রেসিডেন্ট সাবের হোসেন চৌধুরী জাতিসংঘের নারী, শিশু ও কিশোর স্বাস্থ্যবিষয়ক একটি উচ্চ পর্যায়ের উপদেষ্টা নির্বাচিত।
- রাষ্ট্রদ্রোহের মামলায় আদালতের জারি করা সমন গ্রহণ না করায় বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার গুলশান বাসভবনের গেটের সামনে নোটিশ ঝুলিয়ে দিয়েছেন আদালতের কর্মকর্তারা।
- সংবাদ সম্মেলনে মির্জা ফখরুল বলেন, অবিলম্বে সুষ্ঠু নির্বাচন দিন, নইলে অরাজনৈতিক শক্তির উত্থান ঘটবে।
- ঢাকায় 'বাংলাদেশ-চীন অংশীদারত্বের ৪০ বছর' শীর্ষক সেমিনারে কানেকটিভিটি এবং চট্টগ্রাম গভীর সমুদ্রবন্দর নির্মাণের ওপর গুরুত্বারোপ।



- সরকারি কলেজের শিক্ষকদের উদ্যোগে অষ্টম বেতনকাঠামো বৈষম্য দূর করার দাবিতে তিনদিনের কর্মবিরতি শুরু।
- ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের দাউদকান্দিতে এক সড়ক দুর্ঘটনায় তিনজন নিহত। এ ছাড়া সিরাজগঞ্জের শাহজাদপুরে এক ট্রাক দুর্ঘটনায় একই পরিবারের ৩ জন নিহত ও আহত ৫।
- ভারতের ৬৭তম প্রজাতন্ত্র দিবস পালিত।
- তালেবান জঙ্গিদের হামলার আশঙ্কায় পাকিস্তানের পাঞ্জাবে সব স্কুল বন্ধ ঘোষণা।
- বোমা আতঙ্কে প্যারিসে ৬টি স্কুল বন্ধ ঘোষণা।

**২৭ জানুয়ারি**

- রাজধানীসহ দেশের বিভিন্ন স্থানে চলমান গ্যাস সংকট সম্পর্কে সংসদে প্রধানমন্ত্রী শেখ হাসিনা: গ্যাস সংকট কাটাতে ব্যবস্থা নেওয়া হয়েছে।
- পুলিশ সপ্তাহ ২০১৬ উপলক্ষ্যে পুলিশ কর্মকর্তাদের উদ্দেশে প্রধানমন্ত্রী শেখ হাসিনার আহ্বান : যত চাপই থাকুক অন্যায়কে প্রশ্রয় দেবেন না এবং অপরাধী যত প্রভাবশালী হোক তাকে ছাড় দেবেন না।
- বঙ্গভবনে 'ভাটিশার্দূল মো. আবদুল হামিদ' শীর্ষক গ্রন্থের মোড়ক উন্মোচন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- চাঁদপুরে আওয়ামী লীগের ত্রিবার্ষিক সম্মেলন উদ্বোধন করেন জনপ্রশাসন মন্ত্রী সৈয়দ আশরাফুল ইসলাম।
- বিশ্বের সবচেয়ে দুর্নীতিগ্রস্ত দেশের তালিকায় বাংলাদেশের স্থান ১৩ নম্বরে। সর্বাধিক দুর্নীতিগ্রস্ত দেশ হলো সোমালিয়া। টিআইয়ের রিপোর্ট।
- চট্টগ্রামে জহুর আহমেদ চৌধুরী স্টেডিয়ামে অনুষ্ঠিত অনূর্ধ্ব-১৯ ক্রিকেট বিশ্বকাপে বাংলাদেশ ৪৩ রানে দক্ষিণ আফ্রিকাকে পরাজিত করে।
- দুদকের গণশুনানিতে গ্রাহকদের অভিযোগ: ঘুষ ছাড়া রাজউকে কাজ হয় না।
- সমস্যা সমাধানে সরকারের আশ্বাসের পরিপ্রেক্ষিতে কর্মবিরতি স্থগিত সরকারি কলেজের শিক্ষকবৃন্দের।

- বোমা হামলার হুমকিতে দিল্লি ও বেঙ্গালুরু বিমানবন্দরে ফ্লাইট স্থগিত।
- ভারতের অরুণাচল রাজ্যে রাষ্ট্রপতির শাসন জারি।
- উত্তর কোরিয়ার পরমাণু পরীক্ষার লাগাম টেনে ধরতে এবং দক্ষিণ চীন সাগরে বিরোধ হ্রাস করতে চীনের প্রতি জন কেরির আহ্বান।
- নিরাপত্তা পরিষদে দেওয়া ভাষণে জাতিসংঘ মহাসচিব বান কি মুন বলেন, পশ্চিম তীরে জবরদখল করে বসতি স্থাপনের মধ্য দিয়ে সেখানে কেবল ইসরায়েলি জনসংখ্যা বাড়বে এবং ইসরায়েল-ফিলিস্তিন বিরোধ আরও তীব্র হবে।

**২৮ জানুয়ারি**

- পুলিশ সপ্তাহ-২০১৬ উপলক্ষ্যে বঙ্গভবনে আয়োজিত এক অনুষ্ঠানে প্রেসিডেন্ট মো. আবদুল হামিদের আহ্বান: জনগণের জানমালের নিরাপত্তা নিশ্চিত করা পুলিশের প্রধান দায়িত্ব।
- বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের আমন্ত্রণে এক নৈশভোজে প্রধানমন্ত্রী শেখ হাসিনা, প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা, আইনমন্ত্রী আনিসুল হক ও অ্যাটর্নি জেনারেল মাহবুবে আলম।
- গণভবনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'অসমাপ্ত আত্মজীবনী' গ্রন্থের চীনা সংস্করণের মোড়ক উন্মোচন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- প্রধানমন্ত্রীর কার্যালয়ে শেখ হাসিনার সঙ্গে বিরোধীদলীয় নেতা রওশন এরশাদের সাক্ষাৎ। নবগঠিত ময়মনসিংহ বিভাগের উন্নয়ন এবং সেখানে একটি অর্থনৈতিক অঞ্চল গঠন প্রসঙ্গ নিয়ে আলোচনা হয়।
- বাসে আগুন দিয়ে হত্যার ঘটনায় বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়াকে পলাতক দেখিয়ে ৩৮ জনের বিরুদ্ধে বিশেষ ক্ষমতা আইনে করা মামলাটি ঢাকা মহানগর দায়রা জজ আদালতে স্থানান্তর।
- ২০১৫ সালের বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার ঘোষণা। এ বছর পুরস্কারপ্রাপ্ত ১১ জন বিশিষ্ট কবি, লেখক ও গবেষক।
- যশোরের ঝিকরগাছা এলাকা থেকে সুইডিশ নাগরিকের ৩ হাজার ডলার ছিনতাই করল পুলিশ।
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি মোড়ে গত বছর পয়লা বৈশাখে নারীদের লাঞ্ছনার ঘটনায় মো. কামাল (৩৫) নামের এক ব্যক্তি গ্রেপ্তার।



- নারায়ণগঞ্জের ফতুল্লা স্টেডিয়ামে অনুষ্ঠিত আইসিসি অনূর্ধ্ব–১৯ ক্রিকেট বিশ্বকাপে নেপাল ৩২ রানে নিউজিল্যান্ডকে পরাজিত করে।
- ভারতের সাবেক প্রধানমন্ত্রী পি ভি নরসিমা রাওয়ের বিরুদ্ধে রাষ্ট্রপতি প্রণব মুখার্জির অভিযোগ: বাবরি মসজিদ ভাঙন রোধে তখনকার প্রধানমন্ত্রীর বড় ধরনের ব্যর্থতা ছিল।
- আবারও বিশ্বের সেরা ধনী যুক্তরাষ্ট্রের বিল গেটস। তাঁর সম্পদের পরিমাণ ৮৭ দশমিক ৪ বিলিয়ন ডলার।
- তুরস্কের দক্ষিণাঞ্চলে নিরাপত্তা বাহিনী ও কুর্দি বিদ্রোহীদের মধ্যে সংঘর্ষ। ২৩ জন নিহত।
- জিকা ভাইরাস বিশ্বজুড়ে বিস্ফোরকের মতো ছড়িয়ে পড়তে পারে বলে মার্কিন বিজ্ঞানীদের হুঁশিয়ারি।

**২৯ জানুয়ারি**

- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঘনিষ্ঠ সহযোগী নূরুল ইসলামের বিদেহী আত্মার মাগফিরাত কামনায় ধানমন্ডির বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে আয়োজিত মিলাদ মাহফিলে প্রধানমন্ত্রীর অংশগ্রহণ।
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান ছিলেন মহান নেতা। মরহুম রাষ্ট্রপতি জিয়াউর রহমানের জন্মবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত এক অনুষ্ঠানে বিএনপির স্থায়ী কমিটির সদস্য ও সাবেক সেনাপ্রধান লে. জেনারেল (অব.) মাহবুবুর রহমান।
- চট্টগ্রামে দলীয় নেতা-কর্মীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন রওশন এরশাদ।
- তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে গভীর রাতে চট্টগ্রামের জিইসি মোড়ে ছাত্রলীগের তাণ্ডব: ব্যবসাপ্রতিষ্ঠান ও গাড়ি ভাঙচুর।
- ঢাকার ধামরাইয়ের শাকিল (১২) ও ইমরান (১০) নামের দুই স্কুলছাত্রের গলাকাটা লাশ টাঙ্গাইল থেকে উদ্ধার।
- যথাযথ নিরাপত্তা ব্যবস্থা না থাকায় পাকিস্তানের রাওয়ালপিন্ডিতে ২৩০টি স্কুল ও কলেজ বন্ধ ঘোষণা।
- মালয়েশিয়ায় অবস্থানকারী অবৈধ শ্রমিকদের বৈধতার ঘোষণা প্রধানমন্ত্রী নাজিব রাজাকের।

- আত্মঘাতী বোমা হামলায় সৌদি আরবের এক শিয়া মসজিদে ৫ জন নিহত ও আহত ১৮।
- মদ খাওয়ার শর্ত দেওয়ায় ফ্রান্সের প্রেসিডেন্ট ফ্রাঁসোয়া ওলাঁদের সঙ্গে দুপুরের খাবার খাননি সফররত ইরানি প্রেসিডেন্ট হাসান রুহানির।
- জেনেভায় জাতিসংঘের সিরিয়াবিষয়ক শান্তি আলোচনা বিরোধীদের ছাড়াই শুরু।
- যুক্তরাষ্ট্র প্রয়োজনে ইরাক ও সিরিয়া ছাড়া অন্যান্য দেশেও ইসলামিক স্টেট (আইএস) মোকাবিলা করবে: বারাক ওবামা।

**৩০ জানুয়ারি**

- বঙ্গভবনে প্রেসিডেন্ট আবদুল হামিদের সঙ্গে সফররত ভারতের লোকসভার স্পিকার সুমিত্রা মহাজনের সৌজন্য সাক্ষাৎ।
- চট্টগ্রাম সেনানিবাসে বাংলাদেশ সেনাবাহিনীর ইস্টবেঙ্গল রেজিমেন্টের রেজিমেন্টাল কমান্ডারদের সম্মেলনে ভাষণ দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- চট্টগ্রামে প্রথম ওয়ার্ল্ড ট্রেড সেন্টার উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- ঢাকায় 'অ্যাচিভিং সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোল' শীর্ষক দুই দিনব্যাপী সাউথ এশিয়ান স্পিকার সম্মেলনের উদ্বোধন করেন স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী।
- ঢাকায় নারী পুলিশ সার্জেন্টদের দায়িত্ব পালন শুরু।
- বোমাবাজি করে রাজধানীর বাড্ডায় একটি জুয়েলার্স দোকানে ১৪ লাখ টাকার স্বর্ণালংকার লুট। আতঙ্কে একজনের মৃত্যু।
- রংপুর শহরের আদর্শপাড়া এলাকা থেকে অপহৃত রাহিমুল ইসলাম রওনকের লাশ উদ্ধার।
- গরু আনাকে কেন্দ্র করে ঝিনাইদহের মহেশপুর সীমান্তে গ্রামবাসী ও বিজিবির মধ্যে সংঘর্ষ। ১ জন নিহত ও আহত ৪।
- জাতিসংঘ প্রথমবারের মতো মধ্য আফ্রিকান প্রজাতন্ত্রে শিশুদের যৌন নির্যাতনের সঙ্গে জড়িত শান্তিরক্ষীদের জাতীয়তা প্রকাশ করল।



- তুরস্ক থেকে গ্রিসে যাওয়ার পথে ভূমধ্যসাগরে নৌকাডুবি: ৪০ অভিবাসনপ্রত্যাশীর মৃত্যু।
- দক্ষিণ চীন সাগরের বিতর্কিত দ্বীপে মার্কিন যুদ্ধজাহাজ: চীনের প্রতিবাদ।
- রাশিয়ার যুদ্ধবিমানের তুরস্কের আকাশসীমা লঙ্ঘন : তুরস্কের প্রতিবাদ।

**৩১ জানুয়ারি**

- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের চতুর্থ সমাবর্তন অনুষ্ঠানে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ।
- ঢাকায় দক্ষিণ এশিয়া স্পিকার সম্মেলনের সমাপনী অনুষ্ঠানে ভাষণ দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে ভারতের লোকসভার স্পিকার সুমিত্রা মহাজনের সৌজন্য সাক্ষাৎ।
- ৫৪ ধারায় আটক হওয়ার পর দীর্ঘ ২২ বছর সিলেট কারাগারে বন্দিজীবন থেকে ফজলু নামের এক ব্যক্তির মুক্তি লাভ।
- অর্থ ব্যয়ে অক্ষমতার কারণে তিতাস গ্যাসফিল্ড প্রকল্পের এশিয়া উন্নয়ন ব্যাংকের দেওয়া ১২৪ কোটি টাকা ফেরত।
- নির্বাচন কমিশনারের চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ। দেশে মোট ভোটার সংখ্যা দাঁড়িয়েছে ৯ কোটি ৯৮ লাখ ৫৫৩ জন। পুরুষ ভোটার ৫ কোটি ৩ লাখ ২ হাজার ৩৬২ জন। নারী ভোটার ৪ কোটি ৯৫ লাখ ৭৮ হাজার ১৯১ জন।
- কক্সবাজার শেখ কামাল আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে অনুষ্ঠিত অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপ ক্রিকেটে স্বাগতিক বাংলাদেশ ১১৪ রানে স্কটল্যান্ডকে পরাজিত করে।
- সন্ত্রাসীদের হামলায় নাইজেরিয়ায় নারী ও শিশুসহ ৫০ জন নিহত।
- আত্মঘাতী বোমা হামলায় সিরিয়ার রাজধানী দামেস্কে ৬০ জন নিহত, আহত শতাধিক।

## ফেব্রুয়ারি

**১ ফেব্রুয়ারি**

- বাংলা একাডেমি প্রাঙ্গণে অমর একুশে গ্রন্থমেলা ২০১৬-এর উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- ইউরোপ–আমেরিকাসহ পশ্চিমা বিশ্বের আরও কয়েকটি দেশের সঙ্গে বাংলাদেশের দ্বৈত নাগরিকত্বের সুযোগ সম্প্রসারিত করে বাংলাদেশের নাগরিকত্ব আইন ২০১৬ মন্ত্রিসভায় অনুমোদন।
- সারা দেশে একযোগে এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু। প্রথম দিনে ২ পরিদর্শক ও ৭ পরীক্ষার্থী বহিষ্কার।
- জাতীয় পার্টির নবনিযুক্ত কো–চেয়ারম্যান গোলাম মোহাম্মদ কাদের এবং মহাসচিব এবিএম রুহুল আমিন হাওলাদারকে দলের মুখপাত্রের দায়িত্ব দিলেন পার্টির চেয়ারম্যান ও সাবেক রাষ্ট্রপতি হুসেইন মুহম্মদ এরশাদ।
- বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ছাত্রীকে হয়রানি ও শ্লীলতাহানির অভিযোগে ঢাকার আদাবর থানার এসআই রতন কুমার হাওলাদারের বিরুদ্ধে আদালতে মামলা দায়ের।
- শেরপুরের নালিতাবাড়ি সীমান্তে র‍্যাব-৫-এর অভিযানে বিপুল পরিমাণ অস্ত্র ও গোলাবারুদ উদ্ধার।
- রাজধানীর গুলশান থেকে পাকিস্তান হাইকমিশনের এক কর্মচারীকে আটক, পরে হাইকমিশনারের জিম্মায় মুক্তি।
- নয়াদিল্লিতে অনুষ্ঠিত বাংলাদেশ-ভারত পররাষ্ট্রসচিব পর্যায়ে বৈঠক। তিস্তার পানিবণ্টন চুক্তি, সীমান্ত হত্যা, নিরাপত্তা ও আঞ্চলিক সহযোগিতা ইস্যুর ওপর গুরুত্বারোপ।
- গোসল করতে গিয়ে ভারতের মহারাষ্ট্রের সমুদ্রে তিন ছাত্রীসহ ১৩ শিক্ষার্থী নিখোঁজ।

**২ ফেব্রুয়ারি**

- ঢাকা মহানগর আওয়ামী লীগ আয়োজিত এক স্মরণসভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, ত্যাগী নেতাকর্মীদের কারণেই বারবার চেষ্টা করেও কেউ আওয়ামী লীগকে ধ্বংস করতে পারেনি।



- কলকাতায় আন্তর্জাতিক বইমেলায় বাংলাদেশ দিবস উপলক্ষ্যে আয়োজিত 'বাঙ্গালিয়ানা ও বৈশ্বিক' শীর্ষক আলোচনা সভায় বক্তব্য প্রদান করেন সংস্কৃতিবিষয়ক মন্ত্রী আসাদুজ্জামান নূর।
- মানবতাবিরোধী অপরাধের দায়ে নেত্রকোনার মো. ওবায়দুল হক ওরফে আতাউর রহমানের মৃত্যুদণ্ডাদেশ কার্যকর করার আদেশ আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের।
- ২০১৩ সালের ডিসেম্বরে বিএনপি ও জামায়াতে ইসলামীর হরতাল অবরোধের সময় সিরাজগঞ্জের ফকিরতলা এলাকায় নাশকতার মামলায় ২৮ জনের কারাদণ্ড।
- ঢাকার কেরানীগঞ্জে অপহরণের পাঁচ দিন পর আবদুল্লাহ নামের এক ছাত্রের লাশ উদ্ধার।
- দুর্বৃত্তের গুলিতে রাজধানীর দারুস সালাম থানা এলাকায় রফিকুল ইসলাম জুনায়েদ (৪০) নামের এক ব্যবসায়ী নিহত।
- শেরপুরের নালিতাবাড়ি উপজেলা সীমান্তবর্তী একটি টিলা থেকে ৫ হাজার ২৫৭টি গুলি উদ্ধার।
- গাজীপুরের বোর্ডবাজার এলাকায় একটি সোয়েটার কারখানায় আগুন। ১০ জন আহত ও ১০০ কোটি টাকার ক্ষতি।
- চট্টগ্রামে অনুষ্ঠিত অনূর্ধ্ব–১৯ ক্রিকেট বিশ্বকাপে বাংলাদেশ ৮ উইকেটে নামিবিয়াকে পরাজিত করে।
- ইসলামাবাদে বাংলাদেশ হাইকমিশনের কর্মী মো. জাহাঙ্গীর হোসেন নিখোঁজের ঘটনায় ঢাকায় নিযুক্ত পাকিস্তানের হাইকমিশনার সুজা আলমকে তলব করে কড়া প্রতিবাদ জানিয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়ের চিঠি।
- পাকিস্তানের জাতীয় বিমান সংস্থা পিআইএকে বেসরকারীকরণের পরিকল্পনার বিরুদ্ধে করাচি বিমানবন্দরে কর্মচারীদের এক প্রতিবাদ সমাবেশে নিরাপত্তা বাহিনীর গুলিবর্ষণ। ২ জন নিহত।

**৩ ফেব্রুয়ারি**

- রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে ডিইউজের দ্বিবার্ষিক সম্মেলন উদ্বোধন করেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ।
- পদ্মা সেতু প্রকল্পের কারণে অন্য কোনো উন্নয়ন প্রকল্পের কাজ ব্যাহত হবে না। সংসদে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

- যেসব শিক্ষাপ্রতিষ্ঠান এসএসসি পরীক্ষার ফরম পূরণ, স্কুলে ভর্তি ও অন্যান্য ক্ষেত্রে অতিরিক্ত ফি নিয়েছে তাদের সে অর্থ ফেরত দেওয়ার জন্য শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের নির্দেশ। সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ নির্দেশ দেন।
- কেন্দ্রীয় কার্যালয়ে এক সভায় জাতীয় পার্টির কো–চেয়ারম্যান জি এম কাদের বলেন, দু-একজনের সুবিধার জন্য জাতীয় পার্টির মন্ত্রিসভায় থাকার দরকার নেই।
- ঢাকার কেরানীগঞ্জে শিশু আবদুল্লাহ হত্যা মামলায় গ্রেপ্তার চার আসামির বিভিন্ন মেয়াদে রিমান্ড মঞ্জুর।
- চাঁদার টাকা না পেয়ে চা দোকানি বাবুল মাতব্বরের গায়ে রাজধানীর শাহ আলী থানার পুলিশের অগ্নিসংযোগ।
- বেসিক ব্যাংক কেলেঙ্কারির ১০ মামলার আসামিদের দেশত্যাগে নিষেধাজ্ঞা জারি দুর্নীতি দমন কমিশনের (দুদক)।
- টাঙ্গাইল জেলা আওয়ামী লীগ নেতা ফারুক আহমেদ হত্যা মামলায় এমপি আমানুর রহমান খান ও তাঁর তিন ভাইসহ ১৪ জনকে অভিযুক্ত করে চার্জশিট দাখিল।
- সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে নিয়োগের জন্য পুলভুক্ত আড়াই হাজার জনকে নিয়োগ দিতে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরকে আদালতের নির্দেশ।
- উত্তর কোরিয়া রকেট উৎক্ষেপণের পরিকল্পনা থেকে সরে না এলে তাদের চরম মূল্য দিতে হবে বলে যুক্তরাষ্ট্র, দক্ষিণ কোরিয়া ও জাপানের হুঁশিয়ারি।
- তুষার ধসে জম্মু-কাশ্মীর সীমান্তে ১০ ভারতীয় সেনা নিখোঁজ।
- মিসরের আপিল আদালতে নিষিদ্ধ ঘোষিত মুসলিম ব্রাদারহুডের ১৪৯ জনের মৃত্যুদণ্ডাদেশ রদ।

**৪ ফেব্রুয়ারি**

- রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ অনুষ্ঠান উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- রাজধানীর গুলশান কার্যালয়ে বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার সঙ্গে ঢাকায় নিযুক্ত স্পেনের রাষ্ট্রদূত এদোয়ার্দো লেগলেতিয়ার সাক্ষাৎ।



- বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা তাঁদের দাবির বিষয়ে সরকারের উচ্চ পর্যায়ে আলোচনার অগ্রগতির কথা জানিয়ে কর্মবিরতি স্থগিতের মেয়াদ বৃদ্ধি করলেন ২৩ ফেব্রুয়ারি পর্যন্ত। সংবাদ সম্মেলনে বাংলাদেশ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতি ফেডারেশনের নেতৃবৃন্দ।
- ঢাকার মিরপুরে পুলিশের নির্মমতার আগুনে দগ্ধ চা বিক্রেতা বাবুল মাতব্বরের মৃত্যু।
- ন্যাশনাল হেরাল্ড মামলায় কংগ্রেস সভানেত্রী সোনিয়া গান্ধী ও তাঁর ছেলে রাহুল গান্ধী সুপ্রিম কোর্টের দ্বারস্থ।
- বঙ্গোপসাগরে ৫২টি দেশের নৌমহড়া শুরু। ভারতের আয়োজনে এ নৌমহড়া চলবে পাঁচ দিন।
- ভারতে অনুপ্রবেশকারীদের দেখামাত্র গুলি করার নির্দেশ। দেশটির কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রণালয় থেকে এই নির্দেশ জারি করা হয়।
- মুসলমানরা 'আমেরিকার গর্ব'। আমেরিকার মেরিল্যান্ড অঙ্গরাজ্যের একটি মসজিদ পরিদর্শন শেষে বারাক ওবামা।

**৫ ফেব্রুয়ারি**

- ইংরেজি দৈনিক দ্য ডেইলি স্টার-এর রজতজয়ন্তী উপলক্ষ্যে ঢাকায় আয়োজিত অনুষ্ঠানে ভাষণদান করেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ।
- গাজীপুরে শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল কেপি-জে হাসপাতালের কাউন্টারে দাঁড়িয়ে নিজের নাম নিবন্ধন করে ফি দিয়ে স্বাস্থ্য পরীক্ষা করালেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- ঢাকা বিশ্ববিদ্যালয় দর্শন বিভাগের অ্যালামনাই অ্যাসোসিয়েশনের অষ্টম পুনর্মিলনী অনুষ্ঠানে ভাষণ দেন প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা।
- জয়পুরহাটে জাসদ আয়োজিত এক সম্মেলনে তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেন, জামায়াতকে নিষিদ্ধ করলেই সমস্যার সমাধান হবে না, কারণ বিএনপি হচ্ছে জঙ্গি উৎপাদনের কারখানা।
- রাজধানীতে চুলার আগুনে দগ্ধ চা দোকানি বাবুল মাতব্বরের মৃত্যুর ঘটনায় শাহ আলী থানার ওসি একেএম শাহীন মণ্ডলকে প্রত্যাহার।

- ঢাকায় কৃষি মন্ত্রণালয়ের অধীনে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ৩য় ও ৪র্থ শ্রেণির নিয়োগ পরীক্ষায় জালিয়াতির চেষ্টাকালে ৭৬ জন আটক।
- টাঙ্গাইলে আওয়ামী লীগ নেতা ফারুক আহমেদ হত্যা মামলায় টাঙ্গাইল-৩ আসনের এমপি আমানুর রহমান খান রানাসহ চার ভাইয়ের বিরুদ্ধে আদালতে অভিযোগপত্র দাখিল করাকে কেন্দ্র করে দুই পক্ষের মধ্যে ভাঙচুর ধাওয়া-পাল্টাধাওয়া ও মামলা দায়ের।
- ঢাকায় অনুষ্ঠিত অনূর্ধ্ব–১৯ বিশ্বকাপ ক্রিকেটে বাংলাদেশ নেপালকে ৬ উইকেটে পরাজিত করে।
- একটি পরিবার পার্লামেন্টকে অচল করে রেখেছে। আসামে বিধানসভার নির্বাচন উপলক্ষ্যে প্রচারণা সভায় ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি।
- ভারতের দক্ষিণ গুজরাটে একটি বাস নদীতে নিমজ্জিত। ৩৭ জন নিহত, আহত ২৭।

**৬ ফেব্রুয়ারি**

- ঢাকায় সাউথ ইস্ট ইউনিভার্সিটির পঞ্চম সমাবর্তন অনুষ্ঠানে ভাষণ দেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ।
- ঢাকায় ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন বাংলাদেশের (আইইবি) ৫৬তম কনভেনশন উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- অবসরের পর যেসব রায় লেখা বাকি ছিল, সেগুলোয় আর স্বাক্ষর করতে দেওয়া হচ্ছে না। যমুনা টিভিকে দেওয়া এক সাক্ষাৎকারে আপিল বিভাগের সাবেক বিচারপতি এএইচএম শামসুদ্দিন চৌধুরী।
- ফেনীর সোনাগাজী বাজারে ফেনী-৩ আসনের এমপি হাজী রহিম উল্লাহর গাড়িবহরে আওয়ামী লীগ ও যুবলীগ কর্মীদের হামলা। ওসিসহ ২০ জন আহত।
- জমিসংক্রান্ত বিরোধের জের। চট্টগ্রামের সাতকানিয়ায় প্রতিপক্ষের গুলিতে ২ জন নিহত, আহত ৩।
- ছিনতাই মামলায় চার ছাত্রকে গ্রেপ্তারের পর নির্মম নির্যাতন ও অর্থ আদায়ের অভিযোগ, গুলশান থানা পুলিশের বিরুদ্ধে মামলা।



- ফতুল্লা স্টেডিয়ামে অনুষ্ঠিত অনূর্ধ্ব–১৯ ক্রিকেট বিশ্বকাপে ১৯৭ রানে নামিবিয়াকে পরাজিত করে ভারত।
- ভূমিকম্পে তাইওয়ানে ১৩ জন নিহত, আহত পাঁচ শতাধিক।
- সিরিয়ায় যুদ্ধবিরতির জন্য রাশিয়ার ওপর মার্কিন যুক্তরাষ্ট্রের চাপ।
- জিকা ভাইরাসে আক্রান্ত হয়ে কলম্বিয়ায় ৩ জনের মৃত্যু।

**৭ ফেব্রুয়ারি**

- বঙ্গভবনে রাষ্ট্রপতি আবদুল হামিদের সঙ্গে বৃহত্তর ময়মনসিংহের সমন্বয় পরিষদের একটি প্রতিনিধিদলের সৌজন্য সাক্ষাৎ।
- জাতিসংঘ পানিবিষয়ক প্যানেলে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- ঢাকায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে বাংলাদেশে নবনিযুক্ত ভারতের হাইকমিশনার হর্ষ বর্ধন শ্রিংলার সৌজন্য সাক্ষাৎ।
- সুপ্রিম কোর্টের পবিত্রতা ও মর্যাদা রক্ষার আহ্বান প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার।
- বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট (পিআইবি) ও বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট-এর যৌথ উদ্যোগে আয়োজিত প্রয়াত সাংবাদিক আলতাফ মাহমুদের স্মরণসভায় তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেন, আলতাফ মাহমুদ সততা ও নিষ্ঠার সঙ্গে সাংবাদিকতায় পেশাগত দায়িত্ব পালন করেছেন।
- ইংরেজি দৈনিক ডেইলি স্টার বন্ধ করে দেওয়ার দাবি সাংসদদের। সংসদে পয়েন্ট অব অর্ডারে দাঁড়িয়ে তাঁরা এ দাবি তোলেন।
- সিলেটে জেলা ও মহানগর বিএনপি আয়োজিত সম্মেলনে বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন, সরকার বিচার বিভাগকে নিয়ন্ত্রণ করার চেষ্টা করছে।
- সুপ্রিম কোর্টের আপিল বিভাগে নতুন তিন বিচারপতি নিয়োগ।
- দুর্নীতি মামলা থেকে পেট্রোবাংলার সাবেক চেয়ারম্যান ড. হোসেন মনসুরকে অব্যাহতি প্রদান।
- কেরানীগঞ্জে শিশু আবদুল্লাহকে (১১) অপহরণের পর শ্বাসরোধে হত্যা করেছে বলে গ্রেপ্তারকৃত ২ আসামির স্বীকারোক্তিমূলক জবানবন্দি।

- ভারতে অনুষ্ঠিত এসএ গেমস ফুটবলে বাংলাদেশ শ্রীলংকাকে ২–১ গোলে পরাজিত করে।
- ভারতের গুয়াহাটিতে অনুষ্ঠিত দক্ষিণ এশিয়া গেমসে ভারোত্তোলনে মাবিয়া আক্তার সীমান্তের স্বর্ণপদক লাভ এবং ১০০ মিটার ব্রেস্টস্ট্রোকে সাঁতারু মাহফুজা আক্তার শিলার স্বর্ণপদক লাভ।
- দূরপাল্লার রকেট উৎক্ষেপণ করল উত্তর কোরিয়া।
- জিকা ভাইরাসে কলম্বিয়ায় ৩ হাজারেরও বেশি গর্ভবতী নারী আক্রান্ত।

**৮ ফেব্রুয়ারি**

- সুপ্রিম কোর্টের আপিল বিভাগের অবসরপ্রাপ্ত বিচারপতি এএইচএম শামসুদ্দিন চৌধুরীর অবসরের পর হাতে লেখা রায় ও আদেশসহ সব মামলার নথি আপিল বিভাগের বিচারক বিচারপতি মো. ইমান আলীর কাছে হস্তান্তর।
- আপিল বিভাগের নবনিযুক্ত তিন বিচারপতির শপথগ্রহণ সম্পন্ন।
- ঢাকায় অনুষ্ঠিত দলের এক সভায় সাবেক রাষ্ট্রপতি ও জাতীয় পার্টির চেয়ারম্যান হুসেইন মুহম্মদ এরশাদ বলেন, মন্ত্রিত্ব আমার সর্বনাশ করেছে। মন্ত্রিত্ব জাপার রাজনীতি শেষ করে দিচ্ছে।
- ছাত্রদলের পূর্ণাঙ্গ কমিটিতে স্থান না পাওয়ায় বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে অগ্নিসংযোগ ও ভাঙচুর করল ক্ষুব্ধ ও পদবঞ্চিতরা।
- পাকিস্তানের হাইকমিশনার সুজা আলমকে তলব করায় ইসলামাবাদে বাংলাদেশের হাইকমিশনার সোহরাব হোসেনকে তলব করল পাকিস্তান।
- ঢাকার কেরানীগঞ্জে স্কুলছাত্র আবদুল্লাহ হত্যা মামলার প্রধান আসামি মোতাহার হোসেন র‍্যাবের সঙ্গে বন্দুকযুদ্ধে নিহত।
- নারায়ণগঞ্জের আলোচিত সাত খুনের ঘটনায় দায়ের করা মামলায় ৩৫ আসামির বিরুদ্ধে চার্জ গঠন।
- ভারতের গুয়াহাটিতে অনুষ্ঠিত দক্ষিণ এশিয়া গেমসে সাঁতারে মেয়েদের ৫০ মিটার ব্রেস্টস্ট্রোকে রেকর্ড গড়ে দ্বিতীয় সোনা জিতলেন মাহফুজা খাতুন শিলা।



- তুরস্ক থেকে গ্রিসে যাওয়ার পথে ইজিয়ান সাগরে নৌকাডুবি। ২৭ অভিবাসনপ্রত্যাশীর মৃত্যু।
- রুশ বিমান হামলার কারণে সিরিয়ার আলেপ্পো থেকে তুরস্ক সীমান্তের কাছে ৩০ হাজার শরণার্থীর জমায়েত।

**৯ ফেব্রুয়ারি**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় ৮টি উন্নয়ন প্রকল্প অনুমোদন। এগুলো বাস্তবায়নে মোট ব্যয় হবে ২ হাজার ৮৬৫ কোটি টাকা।
- জাতির জনক বঙ্গবন্ধুর ছবি বিকৃতির অভিযোগে চট্টগ্রাম-১১ আসনের আওয়ামী লীগদলীয় সংসদ সদস্য এম এ লতিফের বিরুদ্ধে ২টি মামলা দায়ের।
- জনগণের ওপর পুলিশের অহেতুক কর্তৃত্ব চলবে না। কারণ, জনগণের টাকায় পুলিশের বেতন-ভাতা হয়। পুলিশের আইজি শহীদুল হকের বিবৃতি।
- খুলনা ও লক্ষ্মীপুরে দ্য ডেইলি স্টার সম্পাদক মাহফুজ আনামের বিরুদ্ধে আরও ২টি মানহানির মামলা দায়ের।
- গাজীপুরের কোনাবাড়িতে চতুর্থ শ্রেণির ছাত্রী মারিয়া আক্তার (১০) হত্যা মামলায় দুজনের মৃত্যুদণ্ড।
- ছাত্রদলের দুই গ্রুপের দখল-পাল্টা দখলকে কেন্দ্র করে রাজধানীর নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ের সামনে ককটেল বিস্ফোরণ।
- বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর হিসাব মোতাবেক মানুষের মাথাপিছু আয় ১ হাজার ৩১৬ ডলার।
- ভারতের গুয়াহাটিতে অনুষ্ঠিত এসএ গেমস ফুটবলে বাংলাদেশ ও ভুটানের খেলা ১-১ গোলে ড্র।
- বাংলাদেশে মতপ্রকাশের স্বাধীনতা, সুশাসন, রাজনৈতিক পরিস্থিতি, মানবাধিকার, পোশাক কারখানার নিরাপত্তা ও শ্রমিকের অধিকার বিষয়ে আলোচনা করতে ইউরোপীয় পার্লামেন্টের ৪ সদস্যের প্রতিনিধিদলের ঢাকায় আগমন।

- জার্মানিতে দুটি কমিউটার ট্রেনের মুখোমুখি সংঘর্ষ। ১০ জন নিহত ও আহত ১৫০।
- নেপালের সাবেক প্রধানমন্ত্রী সুশীল কৈরালার মৃত্যু।

**১০ ফেব্রুয়ারি**

- নির্বাচন কমিশনের চার বছর পূর্তি উপলক্ষ্যে বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে প্রধান নির্বাচন কমিশনার কাজী রকিবউদ্দীন আহমদের নেতৃত্বে নির্বাচন কমিশনারদের সাক্ষাৎ।
- পার্বত্য চট্টগ্রাম শান্তিচুক্তি বাস্তবায়নের ধারাবাহিকতায় পার্বত্য অঞ্চল থেকে অনেক অস্থায়ী ক্যাম্প প্রত্যাহার করা হয়েছে। সংসদে প্রধানমন্ত্রী।
- ঢাকায় বিজ্ঞানী ও গবেষকদের মাঝে বিশেষ অনুদানের চেক বিতরণ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে ইউরোপীয় পার্লামেন্টের একটি প্রতিনিধিদলের সাক্ষাৎ।
- ঢাকায় জাতীয় পার্টি থেকে সাবেক রাষ্ট্রপতি ও জাতীয় পার্টির চেয়ারম্যান হুসেইন মুহম্মদ এরশাদকে সংবর্ধনা প্রদান।
- চিতা বাঘের থাবায় শেরপুরের শ্রীবরদী পৌরসভার মেয়র আবু সাইদ আহত।
- মৃত শিশুকে জীবিত বলে ভর্তি রেখে পরিবারের কাছ থেকে অর্থ আদায় করার অভিযোগে রাজধানীর জাপান–বাংলাদেশ হাসপাতালকে সাড়ে ১১ লাখ টাকা জরিমানা।
- ভারতের গুয়াহাটিতে অনুষ্ঠিত দক্ষিণ এশিয়া গেমস শুটিংয়ে সোনা জিতল শাকিলা আহমেদ।
- উত্তর কোরিয়ার সেনাপ্রধান রিং ইয়ং গ্রিলের মৃত্যুদণ্ড কার্যকর।
- ফ্রান্সের পররাষ্ট্রমন্ত্রী লরা ফেবিয়াসের পদত্যাগ।
- চীনে জিকা ভাইরাসে এক ব্যক্তি আক্রান্ত।

**১১ ফেব্রুয়ারি**

- বঙ্গভবনে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি পরিচালনা বোর্ডের নবনির্বাচিত সদস্যগণ রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে সাক্ষাৎ করেন।



- গাজীপুরে আনসার একাডেমিতে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ৩৬তম জাতীয় সমাবেশ উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- বিচারপতিদের আচরণবিধি প্রণয়ন করা প্রয়োজন। ঢাকায় সাংবাদিকদের আইনমন্ত্রী আনিসুল হক।
- বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার সঙ্গে ঢাকায় সফররত ইউরোপীয় পার্লামেন্টের প্রতিনিধিদলের সাক্ষাৎ।
- মৃত শিশুকে জীবিত বলে ভর্তি রেখে তার পরিবারের কাছ থেকে নির্দয়ভাবে অর্থ আদায়ের ঘটনায় জাপান-বাংলাদেশ ফ্রেন্ডশিপ হাসপাতালের ব্যবস্থাপনা পরিচালক ও স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালককে হাইকোর্টে তলব।
- সিলেটে সাবেক ব্রিটিশ হাইকমিশনার আনোয়ার চৌধুরীর ওপর গ্রেনেড হামলা মামলায় মুফতি হান্নানসহ তিন আসামির ফাঁসির আদেশ হাইকোর্টে বহাল।
- সাংবাদিক দম্পতি সাগর-রুনি হত্যার বিচারের দাবিতে রাজধানীতে ঢাকা রিপোর্টার্স ইউনিটির বিক্ষোভ সমাবেশ।
- মিরপুর শেরেবাংলা স্টেডিয়ামে অনুষ্ঠিত অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপ ক্রিকেটের দ্বিতীয় সেমিফাইনালে বাংলাদেশ ৩ উইকেটে ওয়েস্ট ইন্ডিজের কাছে পরাজিত।
- সৌদি আরবের জায়ান প্রদেশে ৬ সহকর্মীকে গুলি করে হত্যা করল এক শিক্ষক।
- যুদ্ধাপরাধের অভিযোগে দ্বিতীয় বিশ্বযুদ্ধের ৭০ বছর পর আদালতের কাঠগড়ায় জার্মান নাৎসিরক্ষী রেইনহোল্ড হ্যানিং।

**১২ ফেব্রুয়ারি**

- স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সঙ্গে বাংলাদেশে সফররত ইউরোপীয় ইউনিয়নের চার সদস্যের একটি প্রতিনিধিদলের সাক্ষাৎ।
- দ্য ডেইলি স্টারের সম্পাদক মাহফুজ আনাম এক-এগারোর সময় মিথ্যা সংবাদ পরিবেশন করে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে গ্রেপ্তারের পটভূমি তৈরি করেছিলেন। ঢাকা মহানগর উত্তর ও দক্ষিণ যুবলীগের যৌথ প্রতিনিধি সভায় স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম।

- রাজধানীর শান্তিবাগ এলাকায় এক নবজাতককে এক লাখ টাকায় বিক্রির সময় ২ নারীসহ ৪ জন র‍্যাবের হাতে আটক।
- নির্বাচনের জন্য গ্রহণযোগ্য পদ্ধতি খুঁজে বের করুন। ঢাকায় সংবাদ সম্মেলনে ইউরোপীয় পার্লামেন্টের প্রতিনিধিদল।
- জার্মানির ডেটমন্ড শহরের আদালতে দ্বিতীয় বিশ্বযুদ্ধে হ্যানিংয়ের বিরুদ্ধে যুদ্ধাপরাধের অভিযোগে মামলার কার্যক্রম শুরু।
- জার্মানির মিউনিখে অনুষ্ঠিত বৈঠকে সিরিয়ার যুদ্ধবিরতিতে যুক্তরাষ্ট্র ও রাশিয়ার সম্মতি।

**১৩ ফেব্রুয়ারি**

- নারীর অধিকার নিশ্চিত করতে সবকিছু করে যাচ্ছে সরকার। ঢাকায় বাংলাদেশ সিভিল সার্ভিস উইমেন্স নেটওয়ার্কের পঞ্চম প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- ফিলিস্তিনি প্রেসিডেন্ট মাহমুদ আব্বাস দেশটির পরিস্থিতি অবহিত করতে এশিয়া সফরের অংশ হিসেবে এক ঝটিকা সফরে ঢাকায়।
- গণপিটুনিতে নারায়ণগঞ্জের রূপগঞ্জে ৩ ডাকাত নিহত।
- নারায়ণগঞ্জের সোনারগাঁয়ে এক ব্যক্তির কাছ থেকে চাঁদাবাজির অভিযোগে র‍্যাব-১৩-তে কর্মরত কনস্টেবল মো. হুমায়ুন কবীরসহ ৫ জন গ্রেপ্তার।
- মায়ের সঙ্গে আপত্তিকর অবস্থায় দেখতে পেয়ে চট্টগ্রামের ইপিজেড থানার কলসি দীঘির পাড় এলাকায় মোহাম্মদ মহসিন নামের এক ব্যক্তিকে খুন।
- ভারতের গুয়াহাটিতে অনুষ্ঠিত এসএ গেমসে ছেলেদের ফুটবলে বাংলাদেশ অনূর্ধ্ব-২৩ দল ভারতের কাছে ৩–০ গোলে পরাজিত।
- ভারতের শিলংয়ে অনুষ্ঠিত এসএ গেমসে মেয়েদের ফুটবলে বাংলাদেশ অনূর্ধ্ব-২৩ দল ৫-১ গোলে ভারতের কাছে পরাজিত।
- সিরিয়ায় স্থল অভিযানের জন্য সৌদি আরবের সেনা পাঠানো শুরু।
- দক্ষিণ কোরিয়ায় আরও একটি প্যাট্রিয়ট ক্ষেপণাস্ত্র মোতায়েন করল যুক্তরাষ্ট্র।
- বন্দুকযুদ্ধে ভারতশাসিত কাশ্মীরের পাকিস্তান সীমান্তবর্তী এলাকায় দুই ভারতীয় সেনাসহ ৭ জন নিহত।



**১৪ ফেব্রুয়ারি**

- প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রাথমিক শিক্ষা কন্টেন্ট ইন্টার অ্যাকটিভ মাল্টিমিডিয়া ডিজিটাল ভার্সনে রূপান্তর শীর্ষক প্রকল্পের উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার বিরুদ্ধে জিয়া অরফানেজ ট্রাস্ট মামলার বাদীর সাক্ষ্য বাতিলের আপিল আবেদন খারিজ।
- সদ্য অবসরে যাওয়া বিচারপতি এএইচএস শামসুদ্দিন চৌধুরী মানিকের জীবনবৃত্তান্ত ও বিচারপতি হিসেবে নিয়োগের নথিপত্রের সত্যায়িত অনুলিপি চেয়ে সুপ্রিম কোর্টের একজন আইনজীবীর আবেদন।
- দেশের বিভিন্ন আদালতে ডেইলি স্টার সম্পাদক মাহফুজ আনামের বিরুদ্ধে আরও ১১টি মামলা দায়ের।
- গাড়ি ভাঙচুর অগ্নিসংযোগ ককটেল বিস্ফোরণের অভিযোগে পল্টন থানার দুই মামলায় বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরসহ ৫৩ জনের বিরুদ্ধে তিনটি চার্জশিট দাখিল।
- কর্মী অসন্তোষের মুখে দেশের বৃহত্তম মোবাইল ফোন অপারেটর বাংলালিংকের প্রধান কার্যালয়সহ সব কার্যালয় বন্ধ।
- ময়মনসিংহ-নেত্রকোনা সড়কের তারাকান্দা উপজেলায় সিএনজি অটোরিকশা ও ট্রাকের মুখোমুখি সংঘর্ষে ৬ জন নিহত।
- রাজধানীর মিরপুরে অনুষ্ঠিত অনূর্ধ্ব-১৯ ক্রিকেট বিশ্বকাপে ওয়েস্ট ইন্ডিজ ৫ উইকেটে ভারতকে পরাজিত করে।
- ভারত মহাসাগরে চীনকে চাপে রাখতে মালদ্বীপে বিমানবাহী জাহাজ পাঠাল নয়াদিল্লি।
- গুজরাটের আহমেদাবাদে শাহরুখ খানের গাড়িতে দুর্বৃত্তদের হামলা।
- সিরিয়ায় ইসলামিক স্টেটের বিরুদ্ধে অভিযান জোরদার করতে তুরস্কের বিমানঘাঁটিতে সৌদির যুদ্ধবিমান মোতায়েন।

**১৫ ফেব্রুয়ারি**

- সাউথ এশিয়ান গেমসে স্বর্ণপদকজয়ী মাহফুজা খাতুন শিলা ও মাবিয়া আক্তার সীমান্ত এবং তাদের পরিবারের সার্বিক দায়িত্ব নিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। মন্ত্রিসভার বৈঠকে তিনি এ কথা বলেন।

- দেশে প্রতিদিন গড়ে ৮৫৫টি গাড়ি নিবন্ধিত হচ্ছে। সংসদে ওবায়দুল কাদের।
- তীব্র সমালোচনার মুখে যুদ্ধাপরাধী মীর কাসেম আলীর আইনজীবীর তালিকা থেকে নিজেকে প্রত্যাহার করে নিলেন হাইকোর্ট থেকে সদ্য অবসরপ্রাপ্ত বিচারপতি নজরুল ইসলাম চৌধুরী।
- ইংরেজি দৈনিক দ্য ডেইলি স্টার সম্পাদক মাহফুজ আনামের বিরুদ্ধে আরও ১৩টি মামলা দায়ের। এর মধ্যে ৭টি মামলায় ৪৬৫ কোটি টাকার মানহানির অভিযোগ।
- বঙ্গবন্ধুর ছবি বিকৃতির দায়ে সরকারদলীয় সংসদ সদস্য এমএ লতিফকে চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগের সভাপতি ও সাবেক মেয়র মহিউদ্দিন চৌধুরীর অবাঞ্ছিত ঘোষণা। লালদীঘির ময়দানে এক দলীয় সমাবেশে তিনি এ ঘোষণা দেন।
- মুক্তিপণ না পেয়ে অপহরণের ২ দিন পর গাজীপুরের কাশিমপুরে ৪ বছরের শিশুকে হত্যা।
- রাজশাহীর পবায় দুই কিশোর নির্যাতনকারীদের গ্রেপ্তার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে রাজশাহী-নওগাঁ মহাসড়ক এলাকাবাসীর অবরোধ।
- রাজধানীর আলুবাজার মোড়ে ব্যবসায়ীর কাছ থেকে স্বর্ণের বার ছিনতাইয়ের সময় পুলিশের একজন উপপরিদর্শকসহ দুজন আটক।
- স্কিমিং ডিভাইসের মাধ্যমে এটিএম কার্ড ক্লোনিং করে লাখ লাখ টাকা হাতিয়ে নেওয়ার ঘটনায় এক বিদেশি নাগরিক জড়িত থাকার প্রমাণ পেয়েছেন গোয়েন্দারা।
- ভারতের অন্যান্য রাজ্যের তুলনায় পশ্চিমবঙ্গের মুসলমানরা সামাজিক সুবিধা থেকে বঞ্চিত। পশ্চিমবঙ্গে মুসলিমদের আর্থ-সামাজিক অবস্থা নিয়ে তৈরি একটি গবেষণা প্রতিবেদন প্রকাশ উপলক্ষ্যে আয়োজিত এক অনুষ্ঠানে নোবেল বিজয়ী অর্থনীতিবিদ অমর্ত্য সেন।
- সিরিয়ায় একটি শিশু হাসপাতাল ও একটি স্কুলে বিমান হামলা। ২৩ জন নিহত।
- ইসরায়েলি নিরাপত্তা বাহিনীর গুলিতে অধিকৃত পশ্চিম তীর ও জেরুজালেমে ৫ ফিলিস্তিনি নিহত।
- অস্ট্রেলিয়ায় ১০০ কোটি ডলারের মাদক আটক। ৪ জন গ্রেপ্তার।



**১৬ ফেব্রুয়ারি**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ দু'দিনের সফরে পর্যটন কেন্দ্র কুয়াকাটায়।
- জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় ঢাকা-চট্টগ্রাম এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্প সংশ্লিষ্টদের কাজ শুরু করার জন্য প্রধানমন্ত্রীর নির্দেশ।
- রাজধানীর গুলশান কার্যালয়ে বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার সঙ্গে ব্রিটিশ লেবার পার্টির প্রতিনিধিদলের সাক্ষাৎ।
- রাজশাহীর পবা উপজেলায় দুই শিশু নির্যাতনের মামলাটি শিশু আদালতে স্থানান্তর।
- রাজধানীর মোহাম্মদপুরে বিশ্ববিদ্যালয়ছাত্রীর শ্লীলতাহানির অভিযোগে দায়ের করা মামলায় আদাবর থানার উপপরিদর্শক রতন কুমারকে গ্রেপ্তারের নির্দেশ ট্রাইব্যুনালের।
- ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) নবগঠিত ইউনিট কাউন্টার টেররিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইমের কার্যক্রম শুরু।
- মানহানি মামলায় ইংরেজি দৈনিক 'দ্য ডেইলি স্টার' সম্পাদক মাহফুজ আনামের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি।
- রাজধানীতে মাহুত ছাড়া হাতি। উদ্ধার করে নেওয়া হলো বঙ্গবন্ধু সাফারি পার্কে।
- বঙ্গবন্ধু স্টেডিয়ামে অনুষ্ঠিত বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্টে হ্যাটট্রিক চ্যাম্পিয়ন ময়মনসিংহের কলসিন্দুর বিদ্যালয়।
- রাজধানীর শান্তিনগরের কনকর্ড টুইন টাওয়ারে আগুন। ৫ জন আহত।
- জাতিসংঘের সাবেক মহাসচিব বুট্রোস ঘালির মৃত্যু।

**১৭ ফেব্রুয়ারি**

- কতিপয় সংগঠন ইসলামের নামে সন্ত্রাসী কার্যক্রম পরিচালনা করলেও দেশে ইসলামিক স্টেটের কোনো অস্তিত্ব নেই। সংসদে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

- সুপ্রিম কোর্টের প্রয়াত আইনজীবী ব্যারিস্টার শওকত আলী খানের ৯০তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে ঢাকায় আয়োজিত স্মরণসভায় বক্তৃতা করেন প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা।
- ট্রেনে কাটা পড়ে রাজধানীর মগবাজারে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় ছাত্রের মর্মান্তিক মৃত্যু।
- অবৈধ নিলাম সুবিধা না দেওয়ায় ছাত্রলীগ সন্ত্রাসীদের হামলায় বেনাপোল কাস্টমস হাউসে ২ কর্মকর্তা আহত।
- রাজধানীর মহাখালী এলাকা থেকে মফিজুল ইসলাম (৫০) নামের বাংলাদেশি বংশোদ্ভূত এক মার্কিন নাগরিক অপহৃত।
- হবিগঞ্জের বাহুবল উপজেলার সুন্দাটিকি গ্রামের একটি বালুঢিবি থেকে চার শিশুর লাশ উদ্ধার।
- বাংলাদেশিদের জন্য থাইল্যান্ড, সিঙ্গাপুর, সংযুক্ত আরব আমিরাত ও ব্রিটিশ ভিসায় কড়াকড়ি আরোপ।
- ৫০ বছরেরও বেশি সময় পর যুক্তরাষ্ট্র ও কিউবার মধ্যে সরাসরি বিমান চলাচল চুক্তি স্বাক্ষর।
- গাড়িবোমা বিস্ফোরণে তুরস্কের রাজধানী আঙ্কারায় ১৮ জন নিহত ও ৪৫ জন আহত।
- দেশদ্রোহের অভিযোগে দিল্লির আদালত চত্বরে ছাত্রনেতা কানহাইয়া কুমারকে পেটাল বিজেপিপন্থি আইনজীবীরা।
- বিতর্কিত দক্ষিণ চীন সাগরে ক্ষেপণাস্ত্র স্থাপন করল চীন।

**১৮ ফেব্রুয়ারি**

- মিরপুর সেনানিবাসে ডিএসসি এসসি ২০১৫–১৬ কোর্সের গ্র্যাজুয়েশন অনুষ্ঠানে ভাষণ দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- গুলশানে রাজনৈতিক কার্যালয়ে তাঁতী দলের সঙ্গে মতবিনিময় করেন বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়া।
- পঞ্চগড়ের বাংলাবান্ধা স্থলবন্দরে ইমিগ্রেশন পোস্ট কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করলেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল ও ভারতের পররাষ্ট্র প্রতিমন্ত্রী জেনারেল (অব.) ড. বিজয় কুমার।
- চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগ সভাপতি এবিএম মহিউদ্দিন চৌধুরীর বিরুদ্ধে নগরীর ১৬ থানায় সাধারণ ডায়েরি করলেন চট্টগ্রাম-১১ আসনের এমএ লতিফ এমপি।



- সাউথ এশিয়ান গেমসে সাঁতারে স্বর্ণজয়ী মাহফুজা আক্তার শিলাকে ফুলেল শুভেচ্ছা জানালেন যশোরের জেলা প্রশাসক ও পুলিশ সুপার।
- রাজধানীর শাহজাহানপুরে ওয়াসার পরিত্যক্ত পাইপে নিহত শিশু জিহাদের পরিবারকে ক্ষতিপূরণ দিতে হাইকোর্টের আদেশ।
- জঙ্গি সন্দেহে কুষ্টিয়া শহর থেকে তিনজন গ্রেপ্তার।
- বেসরকারি ব্যাংকের এটিএম বুথে 'স্কিমিং ডিভাইস' বসিয়ে টাকা হাতিয়ে নেওয়ার ঘটনায় সন্দেহভাজন এক বিদেশিকে ঢাকা থেকে আটক।
- ছাত্রনেতা কানহাইয়া কুমারের মুক্তির দাবিতে দিল্লিতে হাজার হাজার শিক্ষার্থীর বিক্ষোভ।
- গণহত্যার ঘটনায় জড়িত থাকার দায়ে ইরাকে ৪০ জনের মৃত্যুদণ্ড।

**১৯ ফেব্রুয়ারি**

- দ্য ডেইলি স্টারের সম্পাদক মাহফুজ আনামের কর্মকাণ্ডের ফলে আমার মা ১১ মাস জেল খাটে। ফেসবুক স্ট্যাটাসে দেওয়া এক বিবৃতিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ছেলে এবং তথ্য ও প্রযুক্তিবিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়।
- রাজধানীর বাড্ডায় একটি বাড়িতে জঙ্গি সদস্যদের সঙ্গে গোয়েন্দা পুলিশের গোলাগুলি। ২ পুলিশ আহত ও ২জন আটক।
- ঢাকার ধামরাইয়ে সোনালী ব্যাংকের একটি শাখায় ডাকাতির চেষ্টাকালে র‍্যাবের সঙ্গে বন্দুকযুদ্ধে ১ জন নিহত।
- স্ত্রীর পরকীয়ার কারণে নারায়ণগঞ্জের সোনারগাঁয়ে স্ত্রী ও শাশুড়িকে গলা কেটে হত্যা।
- ঢাকায় এটিএম কার্ড জালিয়াতির ঘটনায় তিন বিদেশিকে আটক।
- বাংলাদেশ থেকে ১৫ লাখ শ্রমিক নেওয়ার সমঝোতা স্মারকে সই করার পরদিনই বিদেশি শ্রমিক নেওয়া স্থগিত করল মালয়েশিয়া।
- উত্তর কোরিয়ার পারমাণবিক কর্মসূচিকে কেন্দ্র করে দেশটির ওপর যুক্তরাষ্ট্রের নতুন করে কঠোর নিষেধাজ্ঞা আরোপ।
- লিবিয়ায় আইএসের একটি ক্যাম্পে মার্কিন বিমান হামলা, ৪৫ জন নিহত।
- ভারতের হরিয়ানা রাজ্যে জাঠ সম্প্রদায়ের সঙ্গে নিরাপত্তা বাহিনীর সংঘর্ষ। ১ জন নিহত।

**২০ ফেব্রুয়ারি**

- একুশের প্রথম প্রহরে কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করে ভাষাশহীদদের প্রতি শ্রদ্ধা জানান রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ, প্রধানমন্ত্রী শেখ হাসিনা, বিরোধীদলীয় নেতা রওশন এরশাদ ও বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়া।
- রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে একুশে পদক বিতরণ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- জাতীয় মহিলা আইনজীবী সমিতি আয়োজিত উইমেন্স লইয়ারস কনভেনশন-২০১৬ অনুষ্ঠান উদ্বোধন করেন প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা।
- সুষ্ঠু ও গণতান্ত্রিক পন্থায় নির্বাচন না হলে দেশে জঙ্গিবাদের উত্থান হতে পারে। সাংবাদিকদের সাবেক রাষ্ট্রপতি হুসেইন মুহম্মদ এরশাদ।
- ঢাকা সাংবাদিক ইউনিয়নের (ডিইউজে) নির্বাচনে শাবান মাহমুদ সভাপতি ও সোহেল হায়দার চৌধুরী সাধারণ সম্পাদক নির্বাচিত।
- রাজধানীর মোহাম্মদপুরের একটি বাড়িতে পুলিশের অভিযান। সসপ্যান ও টেনিসবল বোমা উদ্ধার।
- বিরল রোগে আক্রান্ত আবুল বাজনদারের প্রথম অস্ত্রোপচার ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে সফলভাবে সম্পন্ন।
- বনদস্যুদের গুলিতে বঙ্গোপসাগরের কচিখালী এলাকায় ১ জন নিহত।
- সন্ত্রাসীদের হামলায় ভারতের জম্মু ও কাশ্মীরের এক পুলিশ নিহত।

**২১ ফেব্রুয়ারি**

- আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে আয়োজিত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে ভাষার বিকৃতি রোধে সবাইকে সচেতন হতে হবে।
- কেন্দ্রীয় শহীদ মিনারে সাংবাদিকদের প্রশ্নের জবাবে প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা বলেন, উচ্চ আদালতে সব রায় বাংলায় দেওয়া কষ্টকর।
- কেন্দ্রীয় শহীদ মিনারে শ্রদ্ধা জানাতে গিয়ে পুলিশের বাধার মুখে বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়া। সংবাদ সম্মেলনে রুহুল কবির রিজভী।



- যশোরের শহীদ মিনারে বোমা হামলার ঘটনায় ১০ জন আটক। বোমা তৈরির সরঞ্জাম উদ্ধার।
- পঞ্চগড়ের দেবীগঞ্জ মঠের অধ্যক্ষ যজ্ঞেশ্বর রায়কে গলা কেটে হত্যা।
- বোনের রেখে যাওয়া টাকা চাওয়াকে কেন্দ্র করে মানিকগঞ্জের সিংগাইর উপজেলায় ভাগ্নেদের হাতে দুই মামা খুন।
- ঢাকায় অনুষ্ঠিত এশিয়া কাপ ক্রিকেটে সংযুক্ত আরব আমিরাত ৬ উইকেটে হংকংকে পরাজিত করে।
- জাঠ সম্প্রদায়ের আন্দোলনে উত্তর ভারতের হরিয়ানা রাজ্যে ১০ জন নিহত। আহত ১৫০।
- বন্দুকধারীর গুলিতে যুক্তরাষ্ট্রের মিশিগান অঙ্গরাজ্যে ৭ জন নিহত, আহত ১৭।
- বন্দুকধারীদের হামলায় ভারতের কাশ্মীরে ৬ জন নিহত।
- গাড়িবোমা হামলায় সিরিয়ায় ৪৬ জন নিহত।
- ঘূর্ণিঝড়ে ফিজিতে ৫ জন নিহত।

**২২ ফেব্রুয়ারি**

- বঙ্গবন্ধু সম্মেলন কেন্দ্রে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে দলীয় এক আলোচনা সভায় বক্তব্য রাখেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- সিনিয়র জেলা জজের মূল বেতন ৭৮ হাজার টাকা ও সহকারী জজের বেতন ৩০ হাজার ৯৩৫ টাকা নির্ধারণ। মন্ত্রিসভার বৈঠকে এ সংক্রান্ত প্রস্তাব অনুমোদন।
- এটিএম বুথ থেকে গ্রাহকের টাকা ওঠানোর অভিযোগে ঢাকায় গোয়েন্দা পুলিশের হাতে এক বিদেশি নাগরিকসহ দুই বাংলাদেশি গ্রেপ্তার।
- রাজধানীর বনানীতে মিনিবাসের ধাক্কায় মোটর সাইকেল আরোহী নিহত।
- পঞ্চগড়ের দেবীগঞ্জে শ্রী শ্রী সন্তগৌড়ীয় মঠে পুরোহিত যজ্ঞেশ্বর রায় হত্যার ঘটনায় ২টি পৃথক মামলা দায়ের। ৩০ জন গ্রেপ্তার।

- নিখোঁজের ১৪ দিন পর নারায়ণগঞ্জের ফতুল্লা বিসিক শিল্পনগরীর একটি ডোবা থেকে মেহেরুন নেছা নামের ৪ বছরের এক শিশুর লাশ উদ্ধার।
- পঞ্চগড়ের দেবীগঞ্জের হিন্দু পুরোহিত যজ্ঞেশ্বর রায় হত্যা ও গোপাল চন্দ্র রায় আহত হওয়ার ঘটনায় ইউরোপীয় ইউনিয়নের নিন্দা।
- জাতিসংঘের (ইউএনডিপির) শুভেচ্ছা দূত হলেন ক্রিকেটার মাশরাফি বিন মুর্তজা।

**২৩ ফেব্রুয়ারি**

- ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে বিরল রোগে আক্রান্ত আবুল বাজনদারের চিকিৎসার খোঁজখবর নিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সফররত ভারতের বিমানবাহিনী প্রধান মার্শাল অরূপ রাহা এবং তাঁর স্ত্রী লিলি রাহার সৌজন্য সাক্ষাৎ।
- বেসিক ব্যাংকের ঋণ কেলেঙ্কারিতে সাবেক চেয়ারম্যান শেখ আবদুল হাই বাচ্চুসহ জড়িত ২৭ জন। সংসদে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত।
- পঞ্চগড়ের দেবীগঞ্জের সন্তগৌড়ীয় মঠের অধ্যক্ষ যজ্ঞেশ্বর রায় হত্যার নিন্দা জানিয়ে বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার বিবৃতি।
- জঙ্গি অর্থায়নের অভিযোগে সন্ত্রাস দমন আইনে করা দুই মামলায় ব্যারিস্টার শাকিলা ফারজানার জামিন মঞ্জুর করে হাইকোর্টের আদেশ স্থগিত আপিল বিভাগে।
- রাজধানীর মিরপুরের পীরেরবাগ থেকে অর্ধশতাধিক ককটেল ও বিপুল পরিমাণ বিস্ফোরকসহ ২ শিবিরকর্মী গ্রেপ্তার।
- ডাকাতির প্রস্তুতি নেওয়ার সময় ঢাকার নারিন্দায় র‌্যাবের সঙ্গে গুলিবিনিময়। একজন গুলিবিদ্ধসহ ছয়জন গ্রেপ্তার।
- বাংলাদেশি বংশোদ্ভূত মার্কিন নাগরিক মফিজুল ইসলাম (৫০) অপহরণ ঘটনা তদন্ত করতে মার্কিন গোয়েন্দা সংস্থা এফবিআইয়ের দুই কর্মকর্তা ঢাকায়।
- ভারত-পাকিস্তান সীমান্ত এলাকায় সন্ত্রাস কোনোভাবেই মেনে নেওয়া যায় না। পার্লামেন্টে ভারতের রাষ্ট্রপতি প্রণব মুখার্জি।



**২৪ ফেব্রুয়ারি**

- জয় ভবিষ্যতে কী করবে, এটা সম্পূর্ণ তার ওপর নির্ভর করে। সংসদে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- জাতীয় সংসদে দ্য ডেইলি স্টার সম্পাদক মাহফুজ আনামের পদত্যাগ চাইলেন একাধিক সংসদ সদস্য।
- ২০০৯ সালের ২৫ ও ২৬ ফেব্রুয়ারি বিডিআর বিদ্রোহে বাইরের কোনো ইন্ধন ছিল না। যুগান্তরকে দেওয়া এক সাক্ষাৎকারে বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল আজিজ আহমেদ।
- ধলেশ্বরীতে ট্রলারডুবির ঘটনায় নিখোঁজ ৩ জনের লাশ উদ্ধার।
- প্রথম ধাপের নির্বাচনে ১০১টি ইউনিয়নে ধানের শীষ প্রতীকে কোনো প্রার্থী নেই।
- ঝড়, শিলাবৃষ্টি ও বজ্রপাতে দেশের বিভিন্ন স্থানে ৭ জন নিহত।
- ঢাকার মিরপুর শেরেবাংলা স্টেডিয়ামে অনুষ্ঠিত টি–টোয়েন্টি এশিয়া কাপে বাংলাদেশকে ভারত ৪৫ রানে পরাজিত করে।
- সড়ক দুর্ঘটনায় অস্ট্রেলিয়ার সিডনিতে দুই বাংলাদেশি নিহত।
- দক্ষিণ চীন সাগরের বিতর্কিত উডি দ্বীপে চীনের যুদ্ধবিমান মোতায়েন।
- বিমান বিধ্বস্ত হয়ে নেপালে ২৩ আরোহীর সবাই নিহত।

**২৫ ফেব্রুয়ারি**

- বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের কাছে সরকারি কর্ম কমিশনের (পিএসসি) বার্ষিক রিপোর্ট ২০১৫ পেশ।
- গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে বিভিন্ন স্থানে একযোগে ৫১টি উন্নয়ন প্রকল্পের উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- হবিগঞ্জ জেলার বাহুবলের সুন্দ্রাটিকি গ্রামে চার শিশু হত্যার সন্দেহভাজন অন্যতম আসামি বাচ্চু মিয়া র‌্যাবের সঙ্গে বন্দুকযুদ্ধে নিহত।
- কেন্দ্রীয় ব্যাংকের বৈদেশিক মুদ্রার রিজার্ভ ২ হাজার ৮০০ কোটি (২৮ বিলিয়ন) ডলার অতিক্রম।
- বাংলাদেশ ওয়ানডে ও টি–২০র অধিনায়ক মাশরাফি বিন মুর্তজাকে জাতিসংঘ উন্নয়ন কর্মসূচির (ইউএনডিপি) জাতীয় শুভেচ্ছা দূত করলো।

- অধ্যক্ষ অপসারণসহ বিভিন্ন দাবিতে সরকারি তিতুমীর কলেজে আন্দোলনরত শিক্ষার্থীদের ওপর ছাত্রলীগ নেতাদের হামলা। ১৮ জন আহত।
- ইউনিয়ন পরিষদ নির্বাচনে সারা দেশে বিনা ভোটে নির্বাচিত চেয়ারম্যানের সংখ্যা ৫০।
- জাতীয় চলচ্চিত্র পুরস্কার ২০১৪ ঘোষণা। শ্রেষ্ঠ অভিনেতা ফেরদৌস, শ্রেষ্ঠ অভিনেত্রী মৌসুমী ও মিম।
- ঢাকায় অনুষ্ঠিত এশিয়া কাপ টি–টোয়েন্টি ক্রিকেটে শ্রীলংকা ১৪ রানে আরব আমিরাতকে পরাজিত করে।
- মারাত্মক ঝুঁকিতে বিশ্ব অর্থনীতি। আন্তর্জাতিক মুদ্রা তহবিলের পূর্বাভাস।
- নির্ধারিত কারাবাসের মেয়াদ শেষ হওয়ার আগেই বলিউড অভিনেতা সঞ্জয় দত্ত জেল থেকে মুক্ত।
- ভারতের সামরিক বাহিনীর সব শাখায় নারীরা সম্মুখযুদ্ধে অংশ নেওয়ার সুযোগ পাবেন। সংসদে রাষ্ট্রপতি প্রণব মুখার্জি।

**২৬ ফেব্রুয়ারি**

- ঢাকার উত্তরায় রান্নাঘরে গ্যাস লাইন বিস্ফোরণ। নিহত দুই ভাই, মৃত্যুমুখে বাবা-মা ও আরেক ভাই।
- পঞ্চগড়ের দেবীগঞ্জে সন্তগৌড়ীয় মঠের পুরোহিত যজ্ঞেশ্বর হত্যাকাণ্ডের ঘটনায় মূল হোতাসহ ৬ জন গ্রেপ্তার।
- বগুড়ার শিবগঞ্জ উপজেলার একটি প্রাথমিক বিদ্যালয়ের সেপটিক ট্যাংক থেকে কামরুজ্জামান নান্নু (২৬) নামের এক ব্যক্তির লাশ উদ্ধার।
- ময়মনসিংহের গৌরীপুরে মহুয়া এক্সপ্রেস ট্রেনের বগি লাইনচ্যুত, ২০ যাত্রী আহত।
- ব্যবসায়িক বিরোধের জের। রাজধানীর বাড্ডা এলাকায় মোহাম্মদ শামীম (৩৫) নামের এক পোশাক ব্যবসায়ী নিহত।
- চট্টগ্রামের মিরসরাইয়ে একটি স্বর্ণের দোকানে ডাকাতি। ৩০০ ভরি স্বর্ণ লুট।



- মিরপুর শেরেবাংলা স্টেডিয়ামে অনুষ্ঠিত টি-টোয়েন্টি এশিয়া কাপ ক্রিকেট টুর্নামেন্টে আরব আমিরাতকে ৫১ রানে বাংলাদেশ পরাজিত করে।
- নেপালের পশ্চিমাঞ্চলে আবার বিমান দুর্ঘটনায় দুই পাইলটসহ ২৩ আরোহীর মরদেহ উদ্ধার।
- জিয়ান্নি ইনফান্তিনো ফুটবল বিশ্ব সংস্থার (ফিফার) নতুন সভাপতি নির্বাচিত।

**২৭ ফেব্রুয়ারি**

- রাজধানীর বেইলি রোডে বাংলাদেশ মহিলা সমিতির নবনির্মিত ভবনের উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- ইংরেজি দৈনিক দ্য ডেইলি স্টার সম্পাদক মাহফুজ আনামের বিরুদ্ধে দায়ের হওয়া রাষ্ট্রদ্রোহ মামলা গ্রহণের অনুমতি চেয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে আবেদন সিএমপির।
- কুমিল্লা সদর উপজেলায় ছোট দুই ভাইকে গলাটিপে হত্যা করল সৎভাই শফিউল ইসলাম ছোটন।
- হবিগঞ্জের বাহুবলে চার শিশু হত্যার মূল হোতা আবদুল আলীকে ১০ দিনের রিমান্ড শেষে কারাগারে প্রেরণ।
- রাজধানীর উত্তরায় গ্যাস লাইন বিস্ফোরণের ঘটনায় দুই সন্তানের পর বাবা শাহনেওয়াজের (৫০) মৃত্যু।
- পঞ্চগড়ের দেবীগঞ্জ উপজেলার সন্তগৌড়ীয় মঠের অধ্যক্ষ যজ্ঞেশ্বর রায় হত্যাকাণ্ডের ঘটনায় দুটি মামলায় গ্রেপ্তারকৃত তিন জেএমবি সদস্যের ১৮ দিনের রিমান্ড মঞ্জুর।
- এটিএম বুথের জালিয়াতির ঘটনায় জড়িত থাকার অভিযোগে পুলিশের এক কর্মকর্তাকে বদলি।
- মিরপুর শেরেবাংলা স্টেডিয়ামে অনুষ্ঠিত এশিয়া কাপ টি-টোয়েন্টিতে পাঁচ উইকেটে ভারত পাকিস্তানকে পরাজিত করে।
- পাঁচ বছর ধরে চলা গৃহযুদ্ধের অবসানে সিরিয়ায় রুশ-মার্কিন উদ্যোগে সাময়িক যুদ্ধবিরতি শুরু।

- হজ ও ওমরাহ পালনকারীদের ভিড় সামলাতে ও নিরাপত্তা আরও জোরদার করতে মক্কায় 'স্মার্ট' ব্যবস্থা গ্রহণ।
- আফগানিস্তানে পৃথক ২টি বোমা হামলায় ২৫ জন নিহত, আহত ৪৮।
- পাকিস্তানের গোলযোগপূর্ণ উত্তরাঞ্চলে সেনা অভিযানে ৩৪ জঙ্গি নিহত।
- বিরোধপূর্ণ দক্ষিণ চীন সাগরজুড়ে সামরিক অবস্থান জোরদার না করতে চীনের ওপর যুক্তরাষ্ট্রের চাপ প্রয়োগ।

**২৮ ফেব্রুয়ারি**

- সারা দেশে ১০০টি অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার ক্ষেত্রে সহযোগিতা দেওয়ার জন্য স্থানীয় জনগণের প্রতি প্রধানমন্ত্রী শেখ হাসিনার আহ্বান। বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে তিনি এ আহ্বান জানান।
- আসন্ন ইউনিয়ন পরিষদের নির্বাচন উপলক্ষ্যে আট উপসচিবের নেতৃত্বে নির্বাচন কমিশনের মনিটরিং টিম গঠন।
- রাজধানীর দক্ষিণখানের সর্দারপাড়ার একটি বাড়িতে নিষিদ্ধঘোষিত আনসারুল্লাহ বাংলা টিমের বোমা তৈরির প্রশিক্ষণ কেন্দ্র আবিষ্কার।
- নিজ মেয়েকে হত্যার দায়ে যাবজ্জীবন কারাদণ্ডপ্রাপ্ত সাতক্ষীরার জোবেদ আলী উচ্চ আদালতে আপিলে খালাস পেয়েও ১৩ বছর ধরে কারাগারে আটক।
- হবিগঞ্জের বাহুবলে রফিক মিয়া নামের যুব সংহতির এক নেতার পাঁচ টুকরা লাশ উদ্ধার।
- রংপুরের মিঠাপুকুরে দুই পক্ষের সংঘর্ষ থামাতে গিয়ে আবদুল্লাহ আল মাসুদ নামের জাতীয় পার্টির এক নেতা নিহত।
- মিরপুরের শেরেবাংলা স্টেডিয়ামে অনুষ্ঠিত এশিয়া কাপ টি-টোয়েন্টিতে বাংলাদেশ ২৩ রানে শ্রীলংকাকে পরাজিত করে।
- পঞ্চগড়ের দেবীগঞ্জে সন্তগৌড়ীয় মঠে পুরোহিত যজ্ঞেশ্বর রায় হত্যার ঘটনায় ২টি পৃথক মামলা দায়ের। ৩০ জন গ্রেপ্তার।



- নিখোঁজের ১৪ দিন পর নারায়ণগঞ্জের ফতুল্লা বিসিক শিল্পনগরীর একটি ডোবা থেকে মেহেরুন নেছা নামে ৪ বছরের এক শিশুর অর্ধগলিত লাশ উদ্ধার।
- পঞ্চগড়ের দেবীগঞ্জের হিন্দু পুরোহিত যজ্ঞেশ্বর রায় হত্যা ও গোপাল চন্দ্র রায় আহত হওয়ার ঘটনায় ইউরোপীয় ইউনিয়নের নিন্দা।
- ভারতের মহারাষ্ট্র রাজ্যের থানে জেলায় পরিবারের ১৪ সদস্যকে হত্যার পর হাসনাইন আনোয়ার ওয়াড়েকার নামের এক যুবকের আত্মহত্যা।
- আইএসের বোমা হামলায় ইরাকে ২৪ জন নিহত।
- পারিবারিক বিরোধ থামাতে গিয়ে ওয়াশিংটনে গুলিতে এক নারী পুলিশ নিহত ও ২ জন আহত।

**২৯ ফেব্রুয়ারি**

- এক-এগারোর কুশীলবদের সঙ্গে ডেইলি স্টার ও প্রথম আলোর সম্পাদক জড়িত ছিল। সংসদে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- সরকারি চাকরিতে প্রবেশের বয়স ৩০ থেকে বাড়িয়ে ৩৫ বছর করার কোনো পরিকল্পনা সরকারের আপাতত নেই। সংসদে সৈয়দ আশরাফ।
- আওয়ামী লীগ নেতা ও সাবেক অর্থমন্ত্রী শাহ এ এম এস কিবরিয়া হত্যার ঘটনায় করা মামলায় বিএনপি নেতা হারিছ চৌধুরীসহ ১০ আসামির মালামাল ক্রোকের নির্দেশ।
- পোড়া মবিলের ট্যাংকে পড়ে নারায়ণগঞ্জের সোনারগাঁয়ে ২ শ্রমিকের মৃত্যু।
- র‍্যাবের সঙ্গে বন্দুকযুদ্ধে পটুয়াখালীতে এক সন্ত্রাসী নিহত।
- টেকনাফে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অফিস থেকে ১ লাখ ৮১ হাজার ৯১৩ পিস ইয়াবা চুরি।
- সোমালিয়ার রাইদাও শহরে বোমা হামলা। ৩০ জন নিহত।
- পাকিস্তানের পাঞ্জাব প্রদেশের গভর্নর সালমান তাসিরের হত্যাকারী মুমতাজ কাদিরির ফাঁসি কার্যকর।

- ৮৮তম একাডেমিক অ্যাওয়ার্ড (অস্কার) পুরস্কার ঘোষিত। এবারের অস্কারের সেরা ছবি 'স্পট লাইট'। অন্যদিকে সেরা অভিনেতা লিওনার্দো ডি ক্যাপ্রিও এবং সেরা অভিনেত্রী ব্রি ল্যারসন।
- ছাত্রনেতা কানহাইয়া কুমারকে সমর্থন করায় কংগ্রেসের সহসভাপতি রাহুল গান্ধী, দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালসহ ৯ জনের বিরুদ্ধে রাষ্ট্রদ্রোহ মামলা দায়ের।

## মার্চ

### ১ মার্চ

- ঢাকা রিপোর্টার্স ইউনিটির নারী কমিটি আয়োজিত গণমাধ্যম ও নারীবিষয়ক আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন স্পিকার শিরীন শারমিন চৌধুরী।
- ঢাকার গুলশান কার্যালয়ে এক দলীয় অনুষ্ঠানে বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার দাবি– ওয়ান-ইলেভেনের কুশীলবদের গ্রেপ্তার করে বিচারের আওতায় আনুন।
- রংপুরে দায়ের করা ১০০ কোটি টাকার মানহানির মামলায় ইংরেজি দৈনিক 'দ্য ডেইলি স্টার' সম্পাদক মাহফুজ আনামের জামিন মঞ্জুর।
- রাজধানীর ধানমন্ডি লেক থেকে সুদীপ্ত দত্ত অর্জুন (১৮) নামের এক এইচএসসি পরীক্ষার্থীর লাশ উদ্ধার।
- ক্রেডিট কার্ড ক্লোন করে ঢাকায় প্রিমিয়ার ব্যাংকের চারটি বুথ থেকে ৩৫ লাখ টাকা চুরি।
- বাংলাদেশ থেকে গত এক বছরে একশরও বেশি নারী পাচার।
- ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে মৌলভীবাজারের বড়লেখা উপজেলার মানবতাবিরোধী অপরাধে অভিযুক্ত আবদুল আজিজ ওরফে হাবলু ও আবদুল মান্নান ওরফে মনাই মিয়া (৬৫) গ্রেপ্তার।
- কর্তব্যে অবহেলা ও গাফিলতির অভিযোগে গাজীপুর জেলা গোয়েন্দা পুলিশের দুই এসআই ও এএসআইসহ ১০ সদস্যকে ক্লোজড।
- সিরাজগঞ্জের শাহজাদপুর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মো. কোরবান আলীকে (৩৮) জবাই করে হত্যা।
- ঢাকায় অনুষ্ঠিত টি-টোয়েন্টি এশিয়া কাপে ভারতের কাছে শ্রীলংকা ৫ উইকেটে পরাজিত।



- দক্ষিণ চীন সাগরে যুক্তরাষ্ট্রের সঙ্গে যৌথ টহল নিয়ে ভারতকে সতর্ক করল চীন।
- ফ্রান্সের ক্যালে বন্দরে অভিবাসীদের সঙ্গে পুলিশের সংঘর্ষ। কয়েক জন আহত।
- সিরিয়ায় অস্ত্রবিরতি শুরু হওয়ার পর ত্রাণসামগ্রী বিতরণ শুরু জাতিসংঘের।

### ২ মার্চ

- এশিয়া কাপ টি–টোয়েন্টি ক্রিকেটের ফাইনালে ওঠায় বাংলাদেশ দলকে আন্তরিক অভিনন্দন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার।
- প্রধানমন্ত্রীর তেজগাঁও কার্যালয় থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে ১২৫টি উপজেলায় আইসিটি ট্রেনিং অ্যান্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশনের উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- সিলেটের ২০টি আদালতে 'ডিজিটাল এভিডেন্স রেকর্ডিং' কার্যক্রমের উদ্বোধন করেন প্রধান বিচারপতি এস কে সিনহা।
- অনলাইনের মাধ্যমে বাংলাদেশ থেকে ফিলিপাইনে পাচার হওয়া অর্থের ব্যাপারে বাংলাদেশের তদন্ত শুরু।
- হাইকোর্টের রায়ের ১৩ বছর পর অবশেষে কারাগার থেকে মুক্তি মিলল সাতক্ষীরার জোবেদ আলীর। হাইকোর্টের খালাসের আদেশ নিম্ন আদালত থেকে কারাগারে না পৌঁছানোয় তাঁকে এতদিন কারাভোগ করতে হলো।
- শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে বিদেশ থেকে আসা এক হাজার অবৈধ ক্রেডিট কার্ড উদ্ধার।
- চাঁদা না দেওয়ায় নরসিংদী পৌরসভার ভাগদীতে দুইজনকে গুলি করে হত্যা।
- বিয়ের প্রস্তাবে রাজি না হওয়ায় পাবনার সুজানগরে শিলা খাতুন (১৬) নামে এক কিশোরীকে কুপিয়ে হত্যা।
- সাফ ফুটবল চ্যাম্পিয়নশিপ ও বঙ্গবন্ধু গোল্ডকাপের সময় শৃঙ্খলা ভঙ্গের অভিযোগে জাতীয় দলে এক বছরের জন্য নিষিদ্ধ অধিনায়ক মামুনুল ইসলাম ও জাহিদ হোসেন।

- ঢাকার মিরপুরে অনুষ্ঠিত এশিয়া কাপ টি-২০ ক্রিকেটে বাংলাদেশ পাকিস্তানকে ৫ উইকেটে পরাজিত করে।
- চাঁপাইনবাবগঞ্জের জোহরপুর সীমান্তে বিএসএফের গুলিতে এক বাংলাদেশি নিহত।
- উত্তর কোরিয়ার ওপর জাতিসংঘের নিরাপত্তা পরিষদের নিষেধাজ্ঞা আরোপ।

**৩ মার্চ**

- প্রধানমন্ত্রীর কার্যালয়ে সরকারি-বেসরকারি অংশীদারত্ব বোর্ডের প্রথম সভায় সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- রাজধানীর গুলশানে দোকান মালিক সমিতির নেতৃবৃন্দের সঙ্গে মেয়র আনিসুল হকের বৈঠক।
- গাজীপুরের কালিয়াকৈরে ডাচ্-বাংলা ব্যাংকের এটিএম বুথের জন্য আনা দুই কোটি টাকা বোঝাই ট্রাঙ্ক ছিনতাই।
- ঢাকার রামপুরায় নিজের দুই সন্তানকে হত্যা করলেন গর্ভধারিণী মা মাহফুজা মালেক জেসমিন।
- মাদকবাহী ট্রাকের চাপায় চাঁপাইনবাবগঞ্জের কানসাটে দুই পুলিশ কর্মকর্তা নিহত।
- ইজারা নেওয়া জলমহালে মাছ ধরায় সুনামগঞ্জের জামালগঞ্জে ৫ কিশোরকে গুলি করে আহত করলেন এক আওয়ামী লীগ নেতা।
- পুলিশের সঙ্গে 'বন্দুকযুদ্ধে' নরসিংদী শহরে জোড়া খুনের দুই আসামি নিহত ও একজন আহত।
- ঢাকায় অনুষ্ঠিত এশিয়া কাপ টি-টোয়েন্টিতে ভারত আরব আমিরাতকে ৯ উইকেটে পরাজিত করে।
- অনুপ্রবেশ ঠেকাতে পাকিস্তান ও বাংলাদেশ সীমান্তে রাডার এবং সেন্সর বসানোর সিদ্ধান্ত নিয়েছে ভারত।
- জাতিসংঘের নিরাপত্তা পরিষদ উত্তর কোরিয়ার বিরুদ্ধে কঠোর নিষেধাজ্ঞা আরোপের কয়েক ঘণ্টার মধ্যেই সাগরে স্বল্পপাল্লার ক্ষেপণাস্ত্র ছুড়ল উত্তর কোরিয়া।



**৪ মার্চ**

- বাংলাদেশ-ভারত মৈত্রী সংলাপের সপ্তম পর্বের উদ্বোধনী অনুষ্ঠানে ভারতের ক্ষমতাসীন বিজেপির সাধারণ সম্পাদক রাম মাধব বলেন, গণতন্ত্র রক্ষায় শেখ হাসিনার পাশে আছে ভারত।
- দিল্লি সফররত বাংলাদেশের জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীকে ভারতের সংসদে সংবর্ধনা।
- সিলেট সার্কিট হাউসে প্রধান বিচারপতি ও অর্থমন্ত্রীর জন্য নির্ধারিত কক্ষে আগুন লাগার ঘটনার বিচার বিভাগীয় তদন্ত শুরু।
- ঢাকায় বিএনপি ও অঙ্গসংগঠনের উদ্যোগে আয়োজিত এক স্মরণসভায় মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন, সরকার দেশে ত্রাসের রাজত্ব কায়েম করছে।
- ফেসবুকসহ বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে নারীদের সঙ্গে বন্ধুত্ব গড়ে প্রতারণার অভিযোগে ১২ জন বিদেশি নাগরিকসহ ১৪ জনকে রাজধানীর বিভিন্ন স্থান থেকে আটক।
- ইউনেস্কোর তথ্য অনুযায়ী দেশে প্রাথমিক শিক্ষা থেকে ১ কোটি ৬০ লাখ মেয়েশিশু বঞ্চিত।
- ঢাকায় অনুষ্ঠিত এশিয়া কাপ টি-টোয়েন্টিতে পাকিস্তান ৬ উইকেটে শ্রীলংকাকে পরাজিত করে।
- যে কোনো মুহূর্তে পরমাণু বোমা হামলার জন্য সেনাবাহিনীকে প্রস্তুত থাকার নির্দেশ উত্তর কোরিয়ার সর্বোচ্চ নেতা কিম জং উনের।

**৫ মার্চ**

- সফররত ভারতের জনতা পার্টির সাধারণ সম্পাদক রাম মাধব প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সাক্ষাৎ করেন।
- যুদ্ধাপরাধের দায়ে দণ্ডপ্রাপ্ত মীর কাসেম আলীর মামলার বিচারকের আসন থেকে প্রধান বিচারপতিকে সরিয়ে দেওয়ার আহ্বান খাদ্যমন্ত্রী কামরুল ইসলাম ও মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হকের। দেশের সর্বোচ্চ আদালতে বিচারাধীন বিষয় নিয়ে ঢাকায় গোলটেবিল আলোচনায় দুই মন্ত্রী এ কথা বলেন।

- চিকিৎসকদের অব্যাহত ধর্মঘটে খুলনায় ভেঙে পড়েছে স্বাস্থ্যসেবা।
- এশিয়া কাপ ফাইনালে বাংলাদেশ–ভারত খেলার সিংহভাগ টিকিটই কালোবাজারে ও প্রভাবশালীদের হাতে।
- রাজধানীর গুলশান এলাকা থেকে এক তরুণীর লাশ উদ্ধার।
- রাজধানীর আগারগাঁওয়ে মোবাইল ব্যাংকিং প্রতিষ্ঠান 'বিকাশ'-এর ১৪ লাখ ৭৫ হাজার টাকা লুট।
- সড়ক দুর্ঘটনায় সৌদি আরবের রিয়াদে ৫ বাংলাদেশি নিহত।
- হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের নিরাপত্তা পরিদর্শনে যুক্তরাষ্ট্রের তিন সদস্যের একটি প্রতিনিধিদল ঢাকায়।
- ছাত্রনেতা কানহাইয়া কুমারের জিব কেটে নিলে পাঁচ লাখ রুপি পুরস্কারের ঘোষণা দেওয়া বিজেপির এক নেতাকে ছয় বছরের জন্য দল থেকে বহিষ্কার।
- ফিলিপাইনে উত্তর কোরিয়ার একটি জাহাজ আটক। জাতিসংঘের নতুন অবরোধের আওতায় উত্তর কোরিয়ার বিরুদ্ধে এই প্রথম পদক্ষেপ।

**৬ মার্চ**

- ১৯৯১ সালে বিশ্বব্যাংকের কাছ থেকে টাকা এনে দেশের পাটকলগুলো বন্ধ করে দেয় বিএনপি।
- রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে তিন দিনব্যাপী বহুমুখী পাটপণ্য মেলা উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- বাংলাদেশের সংসদীয় গণতন্ত্র আন্তর্জাতিক মানে উন্নীত হয়েছে বলে ভারতের রাষ্ট্রপতি প্রণব মুখার্জির মন্তব্য।
- রাজশাহীতে নিষিদ্ধঘোষিত জঙ্গি সংগঠন জামাআতুল মুজাহিদীন বাংলাদেশের (জেএমবি) নাশকতার ছক ব্যর্থ। হাতবোমা, জিহাদি বইসহ ৩ জেএমবি ক্যাডার গ্রেপ্তার।
- প্রথম ধাপের ইউনিয়ন পরিষদ নির্বাচনে ক্ষমতাসীন দলের ৬২ চেয়ারম্যান প্রার্থী বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত।
- হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে বাংলাদেশ বিমানের একটি উড়োজাহাজ থেকে ১০ কেজি সোনা উদ্ধার।



- ঢাকায় অনুষ্ঠিত টি–টোয়েন্টি এশিয়া কাপে বাংলাদেশকে ৮ উইকেটে পরাজিত করে ভারত।
- বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রার রিজার্ভ থেকে প্রায় ৮০০ কোটি টাকা হাতিয়ে নিল বিদেশি হ্যাকাররা।
- জঙ্গি হামলার আশঙ্কায় ভারতের রাজধানী দিল্লিতে উচ্চ সতর্কতা জারি।
- তুরস্কের উপকূল থেকে গ্রিসের উদ্দেশে যাওয়ার পথে ইজিয়ান সাগরে নৌকাডুবি। ১৮ জন অভিবাসনপ্রত্যাশীর মৃত্যু।
- ইরাকের রাজধানী বাগদাদে একটি ট্রাকবোমা হামলায় ৪৭ জন নিহত ও আহত ৭২।
- কোটি কোটি ডলারের রাজস্ব ফাঁকি দেওয়ায় ইরানে বারাক জানজানি নামের একজন শীর্ষস্থানীয় ধনকুবের মৃত্যুদণ্ড।

**৭ মার্চ**

- ঐতিহাসিক ৭ মার্চ উপলক্ষ্যে ঢাকার সোহরাওয়ার্দী উদ্যানে আয়োজিত এক জনসভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভাষণ দেন।
- প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহাকে বিরূপ মন্তব্য করায় খাদ্যমন্ত্রী কামরুল ইসলাম ও মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হককে মন্ত্রিসভার বৈঠকে ভর্ৎসনা করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- জাতীয় পর্যায়ে গৌরবোজ্জ্বল ও কৃতিত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ স্বাধীনতা পুরস্কারের জন্য মনোনীত হলেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতসহ ১৪ জন।
- গাছচাপা পড়ে রাজধানীর ধানমন্ডিতে চলচ্চিত্র নির্মাতা ও চিত্রশিল্পী খালিদ মাহমুদ মিঠুর (৫৬) মৃত্যু।
- গৃহকর্মী জনিয়াকে ছাদ থেকে ফেলে হত্যার অভিযোগে থানায় মামলা না নেওয়ায় ঢাকার কাফরুল থানার সামনে এলাকাবাসীর বিক্ষোভ।
- যুক্তরাষ্ট্রের ব্যাংকে গচ্ছিত বাংলাদেশ ব্যাংকের রিজার্ভের হাতিয়ে নেওয়া অর্থের একটি অংশ উদ্ধার।

- কোরিয়া উপদ্বীপে চরম উত্তেজনার মধ্যে যুক্তরাষ্ট্র ও দক্ষিণ কোরিয়ার যৌথ সামরিক মহড়া শুরু।
- তিউনিসিয়ায় নিরাপত্তা বাহিনীর সঙ্গে জঙ্গিগোষ্ঠীর সংঘর্ষ, ৪৫ জন নিহত।
- আত্মঘাতী বোমা হামলায় পাকিস্তান আদালত প্রাঙ্গণে ১৭ জন নিহত ও আহত ৩০।

**৮ মার্চ**

- রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে নারী দিবস ২০১৬-এর উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌদি আরবের পররাষ্ট্রমন্ত্রী আদেল বিন আহমেদ আল জুবাইরের সাক্ষাৎ। সন্ত্রাস দমন প্রচেষ্টায় সৌদি আরবকে সর্বাত্মক সমর্থন দেওয়ার আশ্বাস প্রধানমন্ত্রীর ।
- গুলশান কার্যালয়ে মহিলা দলের নেত্রীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়া।
- মুক্তিযুদ্ধের সময় মানবতাবিরোধী অপরাধের দায়ে জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় নেতা মীর কাসেম আলীর ফাঁসির রায় বহাল সর্বোচ্চ আদালতে।
- বিচার বিভাগ নিয়ে অশোভন ও অবমাননাকর মন্তব্য করায় খাদ্যমন্ত্রী কামরুল ইসলাম ও মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হককে তলব সুপ্রিম কোর্টের আপিল বিভাগের।
- পুলিশের সঙ্গে 'বন্দুকযুদ্ধে' রাজধানীর খিলগাঁওয়ে পিয়াস নামে জেএমবির এক কমান্ডার নিহত।
- যুক্তরাষ্ট্রের ফেডারেল রিজার্ভ ব্যাংক থেকে বাংলাদেশ ব্যাংকের অর্থ 'হ্যাকড' হওয়ার ঘটনায় জড়িত সন্দেহে বাংলাদেশ ব্যাংকের ৮ কর্মকর্তা নজরদারিতে।
- ইউনিয়ন পরিষদ নির্বাচনকে কেন্দ্র করে পটুয়াখালীর বাউফল উপজেলায় আওয়ামী লীগের দুই গ্রুপের মধ্যে সংঘর্ষ। ১ জন নিহত। এ ছাড়া দেশের বিভিন্ন স্থানে ৭১ জন আহত।



- ভারতে অনুষ্ঠিত টি–টোয়েন্টি বিশ্বকাপের বাছাই পর্বের প্রথম ম্যাচে আফগানিস্তান ১৪ রানে পরাজিত করে স্কটল্যান্ডকে।
- মার্কিন নিষেধাজ্ঞা উপেক্ষা করে বেশ কয়েকটি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র পরীক্ষা চালাল ইরান।

**৯ মার্চ**

- স্থানীয় জীববৈচিত্র্যের সুরক্ষা নিশ্চিত করতে গাজীপুরের কালিয়াকৈরে নির্মাণাধীন হাইটেক পার্ককে একটি পূর্ণাঙ্গ তথ্যপ্রযুক্তিকেন্দ্র হিসেবে গড়ে তুলতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে প্রধানমন্ত্রীর নির্দেশ। তেজগাঁওয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে হাইটেক বোর্ড অব গভর্নরসের সভায় তিনি এ নির্দেশ দেন।
- কক্সবাজারে বেসরকারি বিমান পরিবহন সংস্থা টু এভিয়েশন লিমিটেডের একটি কার্গো বিমান সাগরে বিধ্বস্ত। পাইলটসহ তিনজনের মৃত্যু।
- সিলেটে বিচারকের ওপর বোমা হামলার ঘটনায় দায়ের করা মামলায় জঙ্গি সংগঠন জেএমবির সদস্য আক্তারুজ্জামানের সাজা কমিয়ে ফাঁসির পরিবর্তে আমৃত্যু কারাদণ্ড।
- রাজধানীর বনশ্রীতে দুই সন্তান হত্যা মামলায় একমাত্র আসামি মাহফুজা মালেকের আরও পাঁচ দিনের রিমান্ড মঞ্জুর।
- দেশের চারটি চাঞ্চল্যকর হত্যাকাণ্ডের মামলায় ১৩ জনের ফাঁসির আদেশ।
- ঢাকায় ভারতের সঙ্গে ২০০ কোটি ডলারের ঋণ চুক্তি স্বাক্ষর।
- ৩৪তম বিসিএসের চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণ হয়েও যাঁরা ক্যাডার পাননি তাঁদের মধ্য থেকে ১৯৬ জনকে প্রথম শ্রেণির নন-ক্যাডার কর্মকর্তা হিসেবে নিয়োগ প্রদান।
- আন্তর্জাতিক মানদণ্ডে নিরাপত্তার ঘাটতি থাকায় ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে সরাসরি পণ্য পরিবহনে যুক্তরাজ্যের সাময়িক নিষেধাজ্ঞা জারি।

- ভারতে অনুষ্ঠিত টি–টোয়েন্টি বিশ্বকাপ ক্রিকেটে নেদারল্যান্ডসকে ৮ উইকেটে পরাজিত করে বাংলাদেশ।
- উত্তর কোরিয়ার সর্বোচ্চ নেতা কিম জং উনের দাবি: তাঁর দেশের বিজ্ঞানীরা ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ছোড়া যায় এমন ছোট আকারের পরমাণু বোমা তৈরি করেছেন।

**১০ মার্চ**

- কক্সবাজারের রামুতে নবগঠিত ১০ পদাতিক ডিভিশনের ২ পদাতিক ব্রিগেডসহ ৭টি ইউনিটের পতাকা উত্তোলন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- মিথ্যা ও ভিত্তিহীন তথ্য দেওয়ার অভিযোগে বিতর্কিত ব্যবসায়ী প্রিন্স মুসা বিন শমসেরের বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশনের মামলা।
- দুর্নীতি দমন কমিশনের (দুদক) নতুন চেয়ারম্যান হিসেবে সাবেক সিনিয়র সচিব ইকবাল মাহমুদকে নিয়োগ।
- কর্মকর্তা-কর্মচারী নিয়োগের তথ্য দাখিলের আদেশ অমান্য করায় জাতীয় জাদুঘরের সভাপতি, মহাপরিচালক ও সচিবকে হাইকোর্টে তলব।
- দেশের বিভিন্ন সরকারি হাসপাতালে ১০ হাজার সিনিয়র স্টাফ নার্স নিয়োগের চূড়ান্ত অনুমোদন অর্থ মন্ত্রণালয়ের।
- ২০০৫ সালে ময়মনসিংহে সিরিজ বোমা হামলার ঘটনায় করা মামলা জামাআতুল মুজাহিদীন বাংলাদেশের (জেএমবি) চার সদস্যের আজীবন কারাদণ্ড ও ৮ জন বেকসুর খালাস।
- অবৈধ বিদ্যুৎ সংযোগ দেওয়ায় রাজধানীর বিভিন্ন এলাকায় ঢাকা বিদ্যুৎ বিতরণ কোম্পানি লিমিটেডের বিশেষ টাস্কফোর্সের ৯ কোটি ১১ লাখ টাকা জরিমানা আদায়।
- সুন্দরবনে র‍্যাবের সঙ্গে বন্দুকযুদ্ধে ৪ বনদস্যু নিহত।
- বহিরাগতদের হামলায় খুলনা মেডিকেল কলেজের ২৮ শিক্ষার্থী আহত।
- চাঞ্চল্যকর এটিএম বুথ জালিয়াতির খলনায়ক সেজেফান মাজুরেক ওরফে থমাস পিটার ১৬৪ ধারায় স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিল আদালতে।



- জার্মান চ্যান্সেলর অ্যাঙ্গেলা ম্যারকেলের হুঁশিয়ারি: পশ্চিম বলকান সীমান্ত বন্ধ করে দিলেই ইউরোপের চলমান অভিবাসী শরণার্থী সংকটের সমাধান হয়ে যাবে না।

**১১ মার্চ**

- বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ থেকে অর্থ লোপাটের ঘটনায় অর্থমন্ত্রী ও বাংলাদেশ ব্যাংকের গভর্নরের পদত্যাগের দাবি রুহুল কবির রিজভীর। সংবাদ সম্মেলনে তিনি এ দাবি করেন।
- ইউনিয়ন পরিষদ নির্বাচনকে কেন্দ্র করে বিভিন্ন জেলায় সহিংসতায় ৪ জন নিহত ও আহত শতাধিক।
- ডাকাতির প্রস্তুতি নেওয়ার সময় রাজধানীর কদমতলীতে তিন ডাকাত গ্রেপ্তার।
- রাজধানীর খিলগাঁওয়ে ক্যাবল অপারেটরকে গুলি করার ঘটনার সাথে জড়িত থাকার অভিযোগে বংশাল থানার সহকারী পরিদর্শক শামীম রেজা গ্রেপ্তার।
- ভারতের ধর্মশালায় অনুষ্ঠিত টি–টোয়েন্টি বিশ্বকাপে বাংলাদেশ ও আয়ারল্যান্ডের ম্যাচ বৃষ্টির কারণে পরিত্যক্ত হওয়ায় উভয় দল ১ পয়েন্ট করে পেল।
- ছিদ্র ধরা পড়ার কারণে ভারতের একটি পরমাণু স্থাপনার চুল্লি বন্ধ ঘোষণা।
- বিজ্ঞানীদের পরমাণু বোমার আরও পরীক্ষা চালাতে উত্তর কোরিয়ার নেতা কিম জং উনের নির্দেশ।

**১২ মার্চ**

- রাজধানীতে এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে এইডস সংক্রান্ত ১২তম আন্তর্জাতিক কংগ্রেসের উদ্বোধন করেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ।
- ঢাকায় ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ নিয়ে 'কালোত্তীর্ণ ভাষণ প্রস্তুতি প্রভাব' শীর্ষক এক আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- ছাত্রলীগ নেতাকর্মীদের হাতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের মীর মোশাররফ হোসেন হলের প্রভোস্ট অধ্যাপক ওবায়দুর রহমান লাঞ্ছিত।

- অপ্রতুল নিরাপত্তার অজুহাতে বাংলাদেশ থেকে কাতার এয়ারওয়েজে কার্গো নেওয়ার ওপর নিষেধাজ্ঞা জারি করল যুক্তরাজ্য।
- গাজীপুরের কালিয়াকৈর উপজেলায় শামীম স্পিনিং মিলে অগ্নিকাণ্ড: ২০০ টন তুলা ভস্মীভূত।
- গণপিটুনিতে হাতিয়ার বয়রাচরে ৪ ডাকাত নিহত, আহত ২ ডাকাত। ডাকাতের হামলায় ৩ পুলিশ সদস্য আহত।
- গ্যাসের আগুনে ব্রাহ্মণবাড়িয়ার সরাইলে চার শিশুসহ ৯ জন দগ্ধ।
- ভারতে অনুষ্ঠিত আইসিসি বিশ্বকাপে বাংলাদেশ নারী ক্রিকেট দল ৮ উইকেটে আয়ারল্যান্ডকে পরাজিত করে।
- বাংলাদেশ থেকে কর্মী নেওয়া বাতিল করল মালয়েশিয়া সরকার।
- সহিংসতার আশঙ্কায় শিকাগোর এক সমাবেশ বাতিল করলেন রিপাবলিকান পার্টির মনোনয়নপ্রত্যাশী ডোনাল্ড ট্রাম্প।
- পারস্পরিক সম্পর্ক স্বাভাবিক করার লক্ষ্যে ইউরোপীয় ইউনিয়ন ও কিউবার মধ্যে চুক্তি স্বাক্ষর।

**১৩ মার্চ**

- বঙ্গভবনে রাষ্ট্রপতি আবদুল হামিদের সঙ্গে দুর্নীতি দমন কমিশনের বিদায়ী চেয়ারম্যান এম বদিউজ্জামান ও কমিশনার এম শাহাবুদ্দিনের সৌজন্য সাক্ষাৎ।
- প্রধানমন্ত্রীর তেজগাঁওয়ের কার্যালয়ে বীরশ্রেষ্ঠ ল্যান্স নায়েক নূর মোহাম্মদ শেখ স্কুল ও কলেজ এবং বীরশ্রেষ্ঠ ল্যান্স নায়েক আবদুর রউফ স্কুল ও কলেজ কর্তৃপক্ষের কাছে সাতটি নতুন বাসের চাবি হস্তান্তর করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- বৈদেশিক মুদ্রার রিজার্ভ থেকে চুরি করে ফিলিপাইনে নেওয়া ৮ কোটি ১০ লাখ ডলারের মধ্যে ৬৮ হাজার ডলার ফেরত বাংলাদেশ ব্যাংকে।
- গভীর রাতে ভেঙে দুই টুকরা হয়ে গেল জাতীয় সমাজতান্ত্রিক দল জাসদ। দলের কাউন্সিল চলাকালে দলটি ভাঙনের কবলে পড়ে।
- স্কুলছাত্র রিয়াজুল ইসলাম মিরাজের দায়ের করা হত্যা মামলায় খুলনায় পাঁচজনের ফাঁসি ও চারজনের যাবজ্জীবন কারাদণ্ড।



- যশোরের ঝিকরগাছার মিরাজ হত্যা মামলায় ৫ জনের মৃত্যুদণ্ড এবং ৪ জনের যাবজ্জীবন কারাদণ্ডের রায় দিলেন আদালত।
- রাজধানীর রামপুরা এলাকায় একটি ব্যবসাপ্রতিষ্ঠানের ম্যানেজারকে গুলি করে ৩ লাখ টাকা ছিনতাই।
- রাজধানীর বনশ্রীতে দুই সন্তান হত্যার দায় স্বীকার করে আদালতে জবানবন্দি দিলেন তাদের মা মাহফুজা মালেক জেসমিন।
- ভারতে অনুষ্ঠিত টি–টোয়েন্টি বিশ্বকাপে বাংলাদেশের কাছে ৫৪ রানে ওমানের পরাজয়।
- গাড়িবোমা বিস্ফোরণে তুরস্কে ২৭ জন নিহত, আহত ৭৫।
- বিজয় মালিয়ার বিরুদ্ধে ভারতের হায়দরাবাদ হাইকোর্টের জামিন অযোগ্য গ্রেপ্তারি পরোয়ানা জারি।

**১৪ মার্চ**

- চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের তৃতীয় সমাবর্তন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ।
- ঢাকা থেকে যুক্তরাজ্যে সরাসরি পণ্য পরিবহনে নিষেধাজ্ঞার সিদ্ধান্ত পুনর্বিবেচনার জন্য ব্রিটিশ প্রধানমন্ত্রী ডেভিড ক্যামেরনকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার চিঠি।
- 'বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট (পিআইবি) আইন ও বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস) আইন-২০১৬' মন্ত্রিসভায় অনুমোদন।
- মীর কাসেম আলীর যুদ্ধাপরাধ মামলার রায় ঘোষণার আগে প্রধান বিচারপতি ও বিচার বিভাগকে নিয়ে 'অবমাননাকর' মন্তব্যের জন্য নিঃশর্ত ক্ষমা চেয়ে আপিল বিভাগে ব্যাখ্যা দাখিল করলেন সরকারের দুই মন্ত্রী।
- নোয়াখালীর সোনাইমুড়ী উপজেলায় হিজবুত তাওহিদ ও গ্রামবাসীর মধ্যে সংঘর্ষ: নিহত ৩ ও পুলিশসহ আহত দুই শতাধিক।
- রাজধানীর মহাখালীর কড়াইল বস্তিতে অগ্নিকাণ্ড, অর্ধশত ঘর ভস্মীভূত।
- ইউনিয়ন পরিষদ নির্বাচনকে কেন্দ্র করে ময়মনসিংহের গৌরীপুর ও বরিশালের মঠবাড়িয়ায় সহিংস ঘটনায় ৫০ জন আহত।

- মহানবী (সা.)-কে নিয়ে বিরূপ মন্তব্য করায় মিসরের বিচারমন্ত্রী আহমেদ আলজিন্দ বরখাস্ত।
- যুক্তরাষ্ট্রের ফেডারেল ব্যাংক থেকে বাংলাদেশ ব্যাংকের রিজার্ভের টাকা চুরির বিষয়ে চার সদস্যের তদন্ত কমিটি গঠন।
- সিরিয়া থেকে রাশিয়ার সেনাসদস্যদের প্রত্যাহারে প্রেসিডেন্ট পুতিনের নির্দেশ।
- প্রবল বর্ষণে পাকিস্তানে ৫০ জনের মৃত্যু।

**১৫ মার্চ**

- বঙ্গভবনে রাষ্ট্রপতির মো. আবদুল হামিদের সঙ্গে ঢাকা বার অ্যাসোসিয়েশনের সভাপতি মো. সাইদুর রহমানের নেতৃত্বে সংগঠনের নবনির্বাচিত নেতৃবৃন্দের সৌজন্য সাক্ষাৎ।
- বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ থেকে অর্থ কেলেঙ্কারির ঘটনায় ড. আতিউর রহমানের পদত্যাগ নৈতিক মনোবল ও সৎসাহসের বিরল দৃষ্টান্ত। সাংবাদিকদের প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- সরকার আগামী তিন বছরে দেশে ২ লাখ ৮০ হাজার পরিবারের আবাসন নিশ্চিত করার পরিকল্পনা গ্রহণ করেছে। প্রধানমন্ত্রীর কার্যালয়ে দরিদ্র জনগণের আবাসন সুবিধা নিশ্চিত করাসহ অন্যান্য প্রকল্পের বাস্তবায়ন; অগ্রগতি ও ভবিষ্যৎ পরিকল্পনাবিষয়ক এক বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- বৈদেশিক মুদ্রার রিজার্ভ থেকে অর্থ চুরির স্পর্শকাতর ঘটনার প্রেক্ষাপটে বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আতিউর রহমানের পদত্যাগ।
- সাবেক অর্থসচিব ও সোনালী ব্যাংক লিমিটেডের চেয়ারম্যান ফজলে কবির বাংলাদেশ ব্যাংকের নতুন গভর্নর নিয়ুক্ত।
- মানবতাবিরোধী অপরাধের মামলায় একাত্তরের ঘাতক জামায়াতে ইসলামীর আমির মতিউর রহমান নিজামীর মৃত্যুর পরোয়ানা জারি আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের।
- ফরিদপুরে মানহানির অভিযোগে করা মামলায় জামিন পেলেন দ্য ডেইলি স্টার সম্পাদক মাহফুজ আনাম।



- ইউনিয়ন পরিষদ নির্বাচনকে কেন্দ্র করে বগুড়ার শিবগঞ্জে একজন নিহত। নেত্রকোনা, সাতক্ষীরা, পটুয়াখালী, লালমনিরহাট, বরিশাল ও কুষ্টিয়ায় ৬৩ জন আহত।
- ভারতে অনুষ্ঠিত টি-২০ ক্রিকেটে ৪৭ রানে ভারতকে পরাজিত করে নিউজিল্যান্ড।
- ভারতের বেঙ্গালুরুতে অনুষ্ঠিত মেয়েদের টি-২০ ক্রিকেটে ভারত ৭২ রানে বাংলাদেশকে পরাজিত করে।
- সৈন্য প্রত্যাহার শুরু করলেও সিরিয়ায় বিমান হামলা অব্যাহত রাখবে রাশিয়া।
- কয়েক দশকের সামরিক শাসনের পর প্রথমবারের মতো থিন কিয়াও মিয়ানমারের বেসামরিক প্রেসিডেন্ট নির্বাচিত।
- কলকাতায় টি-২০ বিশ্বকাপ ক্রিকেটে ভারত-পাকিস্তান ম্যাচ খেলা দেখার জন্য পাঁচ পাকিস্তানি কূটনীতিককে ভারতে প্রবেশে বাধা।
- গ্রিস থেকে যাওয়া ৬০০ অভিবাসীকে ফেরত পাঠাল মেসিডোনিয়ার সরকার।

**১৬ মার্চ**

- ঢাকায় বাংলাদেশ চক্ষু চিকিৎসক সমিতির ৪৩তম বার্ষিকী সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, নতুন চিকিৎসক তৈরির মাধ্যমে উন্নত চিকিৎসাসেবা নিশ্চিত করতে তার সরকারের সিলেটে একটি পৃথক মেডিকেল বিশ্ববিদ্যালয় ও দেশের প্রতিটি জেলায় একটি করে মেডিকেল কলেজ স্থাপনের পরিকল্পনা রয়েছে।
- সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক প্রক্টর আবদুল বাসেতকে লাঞ্ছনার ঘটনায় বিশ্ববিদ্যালয়ের ৬৭ জন শিক্ষক-কর্মচারীর পদত্যাগ।
- নারায়ণগঞ্জের ফতুল্লায় মেয়েকে অপহরণকারীদের হাত থেকে বাঁচাতে গিয়ে ছুরিকাঘাতে নিহত হলেন বাবা মনীন্দ্র অধিকারী।
- ব্রাহ্মণবাড়িয়ার নাসিরনগরের বেমালিয়া নদী থেকে ৩ শিশুর লাশ উদ্ধার।

- জাতিসংঘের টেকসই উন্নয়ন সমাধান নেটওয়ার্ক প্রকাশিত ওয়ার্ল্ড হ্যাপিনেস রিপোর্ট ২০১৬-এর তথ্য: বিশ্বের সবচেয়ে সুখী দেশ ইউরোপের ডেনমার্ক। দ্বিতীয় ও তৃতীয় অবস্থানে রয়েছে সুইজারল্যান্ড ও আইসল্যান্ড। ১৫৭ দেশের তালিকায় বাংলাদেশের অবস্থান ৭০তম। সবচেয়ে অসুখী দেশ বুরুন্ডি।
- নির্মাণাধীন উড়ালসড়কের ওপর থেকে মাথায় রড পড়ে রাজধানীর নিউ ইস্কাটনে রাব্বি আহম্মেদ নামে এক শ্রমিকের মৃত্যু।
- ভারতে অনুষ্ঠিত টি–টোয়েন্টি বিশ্বকাপে বাংলাদেশ ৫৫ রানে পাকিস্তানের কাছে পরাজিত।
- পাকিস্তানের পেশোয়ারে একটি বাসে বোমা হামলা। ১৭ জন নিহত ও আহত ৩০।
- আত্মঘাতী বোমা হামলায় নাইজেরিয়ার একটি মসজিদে ২২ জন নিহত ও আহত ১৭।
- সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়তে মুসলিম দেশগুলোকে সঙ্গে নিয়ে ন্যাটোর মতো একটি সামরিক জোট গঠন করবে সৌদি আরব। সূত্র: ইনডিপেনডেন্ট।

**১৭ মার্চ**

- গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৭তম জন্মদিন ও জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে আয়োজিত এক সমাবেশে প্রধান অতিথি ছিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ চুরির ঘটনায় অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত দায় এড়াতে পারেন না এবং তিনি সন্দেহের উর্ধ্বে নন। রাজধানীর ঢাকেশ্বরী মন্দিরে বঙ্গবন্ধুর জন্মদিন উপলক্ষ্যে আয়োজিত এক প্রার্থনা সভায় আওয়ামী লীগ নেতা সুরঞ্জিত সেনগুপ্ত।
- সাংবাদিকদের উদ্দেশে বাংলাদেশ ব্যাংকের নতুন গভর্নর ফজলে কবির বলেন, রিজার্ভের অর্থ চুরির ঘটনা তদন্তের মাধ্যমে বের করাই হবে তাঁর প্রথম কাজ।
- মাদক ব্যবসাকে কেন্দ্র করে ঢাকার মোহাম্মদপুর জেনেভা ক্যাম্পে সংঘর্ষ, পুলিশসহ আহত ১০।



- পৃথক সড়ক দুর্ঘটনায় চট্টগ্রাম, কক্সবাজার ও মেহেরপুরে এক পুলিশ সদস্যসহ ৯ জন নিহত ও ৯ জন আহত।
- খাওয়ার অনুপযোগী ও নিম্নমানের হওয়ায় নরওয়ে থেকে আমদানি করা ৫১ হাজার টন গম ফেরত পাঠানোর সিদ্ধান্ত খাদ্য বিভাগের।
- ভারতের বেঙ্গালুরুতে অনুষ্ঠিত মেয়েদের টি-২০ বিশ্বকাপে শ্রীলংকা ৬ উইকেটে আফগানিস্তানকে পরাজিত করে।
- ইসলামিক স্টেট (আইএস) ইরাক ও সিরিয়ায় গণহত্যা চালাচ্ছে বলে জন কেরির অভিযোগ। খবর বিবিসি।

**১৮ মার্চ**

- রাজধানীর আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৭তম জন্মদিন ও জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে আয়োজিত এক সভায় প্রধান অতিথি ছিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- রাজধানীর বনানীতে একটি গ্যাস পাইপলাইনে বিস্ফোরণ। ৭ জন আহত।
- ঝিনাইদহ জেলায় জামায়াতের নায়েবে আমির নূর মোহাম্মদকে সাতক্ষীরা থেকে গ্রেপ্তার।
- বাংলাদেশের বেসরকারি সংস্থা ব্র্যাকের দুই কর্মকর্তা আফগানিস্তানে অপহৃত।
- বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ থেকে অর্থ চুরির ঘটনায় ফিলিপাইনের রিজাল ব্যাংকের ব্যবস্থাপক মায়া সন্তোষ দেগুইতো একা দায়ী নন। এর পেছনে বড় কয়েকজনের হাত রয়েছে বলে ফিলিপাইনের সিনেট তদন্ত কমিটির মন্তব্য।
- ভারতের ধর্মশালায় অনুষ্ঠিত মেয়েদের টি-টোয়েন্টি বিশ্বকাপে নিউজিল্যান্ড ৮ উইকেটে অস্ট্রেলিয়াকে পরাজিত করে।
- মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনে দলীয় মনোনয়নের ক্ষেত্রে ডোনাল্ড ট্রাম্পকে মনোনয়ন না দিতে রিপাবলিকান দলের প্রতি মার্কিন পত্রিকা দ্য ওয়াশিংটন পোস্টের আহ্বান।
- সিরিয়ার উত্তরাঞ্চলে স্বায়ত্তশাসনের ঘোষণা কুর্দি বাহিনীর।

- ফ্রান্সের রাজধানী প্যারিসে ভয়াবহ সন্ত্রাসী হামলার ঘটনার অন্যতম সন্দেহভাজন সালাহ আবদেল সালামকে বেলজিয়াম থেকে গ্রেপ্তার।
- শরণার্থী সংকট নিরসনে ইউরোপীয় ইউনিয়ন ও তুরস্কের মধ্যে ব্রাসেলসে চুক্তি স্বাক্ষর।

**১৯ মার্চ**

- চট্টগ্রাম নৌঘাঁটি ঈশা খাঁয় নৌবাহিনীর নতুন তিনটি যুদ্ধজাহাজের কমিশনিং অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- শেখ হাসিনাকে বাদ দিয়েই ভবিষ্যতে নির্বাচন হবে। ঢাকায় বিএনপির দলীয় কাউন্সিলের দ্বিতীয় অধিবেশনে বেগম খালেদা জিয়া।
- বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট (পিআইবি) আয়োজিত পাবলিক প্রকিউরমেন্ট বিষয়ক দিনব্যাপী ওরিয়েন্টেশন প্রশিক্ষণ ২০১৬ পিআইবির সেমিনার কক্ষে অনুষ্ঠিত। এ প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পিআইবির মহাপরিচালক মো. শাহ আলমগীর।
- রাজধানীর বনানীতে গ্যাস লাইন বিস্ফোরণে ক্ষতিগ্রস্ত ভবনটিকে ঝুঁকিপূর্ণ ও বসবাসের জন্য সাময়িকভাবে অযোগ্য ঘোষণা করেছে বুয়েট বিশেষজ্ঞ দল।
- হাত-পায়ে গাছের মতো শিকড় গজানো বিরল রোগে আক্রান্ত আবুল বাজনদারের বাঁ-হাতে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে সফল অস্ত্রোপচার সম্পন্ন।
- মিয়ানমারে পাচার হওয়া বান্দরবানের ১১ শিশুকন্যাকে উদ্ধার।
- ইউনিয়ন পরিষদ নির্বাচনকে কেন্দ্র করে সারা দেশে সহিংস ঘটনায় পুলিশসহ ১২২ জন আহত। এদের মধ্যে গুলিবিদ্ধ ৭ জন।
- অবৈধ বোলিং অ্যাকশনের কারণে বাংলাদেশের দুই বোলার তাসকিন আহমেদ ও আরাফাত সানিকে নিষিদ্ধ ঘোষণা আইসিসির।
- বাংলাদেশ ব্যাংক থেকে অর্থ চুরির সঙ্গে সম্পৃক্ত মানি লন্ডারিংয়ে ফিলিপাইনের ব্যবসায়ী কিম অং-কে মূল হোতা বলে মনে করছেন সে দেশের সিনেটের একজন সদস্য।



- দুবাই থেকে ছেড়ে আসা রাশিয়ার দক্ষিণাঞ্চলের রোস্তভঅনদন বিমানবন্দরে একটি যাত্রীবাহী বিমান বিধ্বস্ত। ৬২ জন নিহত।
- ভারতে অনুষ্ঠিত টি-টোয়েন্টি বিশ্বকাপে ভারত ৬ উইকেটে পাকিস্তানকে পরাজিত করে।
- আত্মঘাতী বোমা হামলায় তুরস্কে ৫ জন নিহত।
- বাস দুর্ঘটনায় সৌদি আরবে ১৯ পুণ্যার্থী নিহত ও আহত ২২।

**২০ মার্চ**

- রাজধানীর আগারগাঁওয়ে বাংলাদেশ স্থপতি ইনস্টিটিউটের (আইএবি) নবনির্মিত ভবন উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- সংবিধান রক্ষায় শপথ ভাঙলে পরিণতি কী দাঁড়ায়? কোর্টে শুনানিকালে দুই মন্ত্রীর উদ্দেশে প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার প্রশ্ন।
- বাংলাদেশ ব্যাংকের টাকা চুরির ঘটনায় গঠিত তদন্ত কমিটির কাজ অত্যন্ত চ্যালেঞ্জিং ও কঠিন। সংবাদ সম্মেলনে বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ চুরির বিষয়ে গঠিত সরকারি তদন্ত কমিটির প্রধান ড. মোহাম্মদ ফরাস উদ্দিন।
- রিজার্ভ থেকে চুরি হওয়া ৮১ মিলিয়ন ডলার উদ্ধার করাই হবে প্রথম ও প্রধান কাজ। অফিসের প্রথম দিনে ব্যাংক কর্মকর্তাদের উদ্দেশে বাংলাদেশ ব্যাংকের নবনিযুক্ত গভর্নর ফজলে কবির।
- দ্বিতীয় ধাপের ১০টি পৌরসভার সব কটিতেই আওয়ামী লীগ মনোনীত মেয়র প্রার্থী বেসরকারিভাবে নির্বাচিত।
- যাত্রীবাহী বাসের চাপায় রাজধানীর খিলক্ষেতে প্রাইভেট কারের তিন আরোহী নিহত।
- রাজধানীর উত্তর বাড্ডায় বিকাশকর্মীকে হত্যা করে সোয়া লাখ টাকা ছিনতাই।
- ক্যান্সারের সঙ্গে লড়াই করে অবশেষে না ফেরার দেশে চলে গেলেন চিত্রনায়িকা পারভীন সুলতানা দিতি। রাজধানীর ইউনাইটেড হাসপাতালে তিনি শেষনিঃশ্বাস ত্যাগ করেন।
- ভারতের ধর্মশালায় অনুষ্ঠিত মেয়েদের টি-টোয়েন্টি বিশ্বকাপে ওয়েস্ট ইন্ডিজ ৪৯ রানে বাংলাদেশকে পরাজিত করে।

- তিন দিনের ঐতিহাসিক সফরে কিউবা গেলেন মার্কিন প্রেসিডেন্ট বারাক ওবামা।
- সিসিলি প্রণালি এলাকায় চারটি পৃথক অভিযান চালিয়ে ইতালি ও লিবিয়ার কোস্টগার্ড-এর দেড় হাজার শরণার্থীকে উদ্ধার।
- স্পেনে বিদেশি শিক্ষার্থী বহনকারী একটি বাস দুর্ঘটনায় ১৪ জন নিহত।
- জঙ্গিদের মর্টার হামলায় মিসরের সিনাই উপদ্বীপে ১৫ পুলিশ সদস্য নিহত।

**২১ মার্চ**

- প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট আইন ২০১৬ মন্ত্রিসভায় অনুমোদন। স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষার্থীরাও এখন থেকে বৃত্তি পাবে।
- রাজধানীর পল্টন থানায় দায়ের করা নাশকতা মামলায় বিএনপি নেতা মির্জা ফখরুলসহ ৩৩ জনের বিরুদ্ধে অভিযোগপত্র দাখিল।
- নির্বাচনে অনিয়ম ও সহিংসতা ঘটলে তার দায় পুলিশের। সংবাদ সম্মেলনে প্রধান নির্বাচন কমিশনার।
- প্রধান বিচারপতির বিরুদ্ধে মানহানির অভিযোগের মামলায় আদালতের তলবে হাজির না হওয়ায় দৈনিক জনকণ্ঠের সম্পাদকসহ তিনজনকে গ্রেপ্তারের নির্দেশ।
- বান্দরবানের রুমা উপজেলা ইউনিয়ন পরিষদ নির্বাচনে চেয়ারম্যান প্রার্থী শান্তিহা ত্রিপুরাকে গুলি করে হত্যা।
- হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের নিরাপত্তা ব্যবস্থার উন্নয়নে যুক্তরাজ্যভিত্তিক কোম্পানি 'রেড লাইন এভিয়েশন' সিকিউরিটি লিমিটেডের সঙ্গে চুক্তি স্বাক্ষর।
- ভুল চিকিৎসায় রাজধানীর মুগদায় মেডিকেল কলেজ ও জেনারেল হাসপাতালে এক প্রসূতি মা ও তার নবজাতকের মৃত্যুর অভিযোগে ৪ ডাক্তারের বিরুদ্ধে মামলা।
- সংবিধান থেকে রাষ্ট্রধর্ম ইসলাম মুছে দেওয়ার ষড়যন্ত্রের বিরুদ্ধে চট্টগ্রাম প্রেসক্লাবে হেফাজতে ইসলামের হুমকি।



- জনতা ব্যাংক দিলকুশা শাখার ২ কোটি টাকা আত্মসাৎ।
- ভারতের বেঙ্গালুরুতে অনুষ্ঠিত টি–টোয়েন্টি বিশ্বকাপে অস্ট্রেলিয়ার কাছে বাংলাদেশের ৩ উইকেটে পরাজয়।
- স্বল্পপাল্লার ৫টি ক্ষেপণাস্ত্র পরীক্ষা চালাল উত্তর কোরিয়া।

**২২ মার্চ**

- ইসলাম শান্তির ধর্ম। এখানে সন্ত্রাস ও জঙ্গিবাদের কোনো স্থান নেই। ইসলামকে ব্যবহার করে কেউ যেন অপরাধ ও জঙ্গিবাদ সৃষ্টি করতে না পারে, সেদিকে লক্ষ্য রাখতে হবে। বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ইসলামিক ফাউন্ডেশনের ৪১তম প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- আপিল বিভাগের একটি মামলা শুনানিকালে অ্যাটর্নি জেনারেলের উদ্দেশে প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা বলেন, মৌলিক অধিকার রক্ষার রায় বাস্তবায়নের সময় এখনই।
- জনতা ব্যাংক মতিঝিল লোকাল অফিসের দুই কোটি টাকা আত্মসাতের অভিযোগে রাজীবুল হাসান নামের এক কর্মকর্তাকে সাময়িক বরখাস্ত।
- ইউনিয়ন পরিষদের প্রথম ধাপের ভোট গ্রহণ সম্পন্ন। সারাদেশে একজন আনসারসহ ১০ জন নিহত, আহত সহস্রাধিক।
- চট্টগ্রামে জিকা ভাইরাসে আক্রান্ত এক ব্যক্তি শনাক্ত।
- এলাকায় আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে নোয়াখালী সরকারি কলেজে ছাত্রলীগের দুই গ্রুপের মধ্যে সংঘর্ষ, ২ জন নিহত।
- কুড়িগ্রাম শহরের হাসপাতাল পাড়ায় হোসেন আলী (৬২) নামে এক ধর্মান্তরিত খ্রিস্টানকে গলা কেটে হত্যা।
- ভারতে অনুষ্ঠিত টি-টোয়েন্টি বিশ্বকাপ ক্রিকেটে নিউজিল্যান্ড ২২ রানে পাকিস্তানকে পরাজিত করে।
- কয়েক দফা বোমা হামলায় বেলজিয়ামের রাজধানী ব্রাসেলসে নিহত ৩৪, আহত দুই শতাধিক।
- কিউবায় সফররত মার্কিন প্রেসিডেন্ট বারাক ওবামা বলেন, স্নায়ুযুদ্ধের সময় কিউবার সঙ্গে যুক্তরাষ্ট্রের বিরোধের অবশিষ্ট স্মৃতিটুকু মাটিচাপা দিতে এসেছি।

**২৩ মার্চ**

- বাংলাদেশ থেকে ত্রিপুরায় ইন্টারনেট ব্যান্ডউইথ রপ্তানি এবং ভারতের ত্রিপুরা থেকে বিদ্যুৎ আমদানি কার্যক্রম যৌথভাবে ভিডিও কনফারেন্সের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি।
- নির্বাচনে অনিয়ম ঠেকাতে ব্যর্থতার পরিপ্রেক্ষিতে সাতক্ষীরা জেলা পুলিশ সুপার চৌধুরী মঞ্জুরুল করিমসহ জেলার পাঁচ থানার ওসিকে ঢাকায় তলব।
- নোয়াখালীর মাইজদীর মোবাইল ফোন ব্যবসায়ী ফিরোজ কবির মিরন ও তাঁর কর্মচারী সুমন পালের হত্যা মামলায় ১২ জনের ফাঁসির রায় দিয়েছেন আদালত।
- বাণিজ্যিক ব্যাংকগুলোর ট্রেজারি বিভাগ ও তহবিল ব্যবস্থাপনায় নিয়োজিত কর্মকর্তাদের পাসপোর্টের কপি সংরক্ষণের নির্দেশ দিয়েছে বাংলাদেশ ব্যাংক।
- যুক্তরাষ্ট্রের ব্যাংক থেকে রিজার্ভের অর্থ চুরির ঘটনার পর বাংলাদেশ ব্যাংকে সাংবাদিকদের প্রবেশে অলিখিত নিষেধাজ্ঞা আরোপ।
- মাদক ব্যবসায়ীদের সঙ্গে আঁতাত করার অভিযোগে নারায়ণগঞ্জের আড়াইহাজারে তিন পুলিশ সদস্যকে গণপিটুনি।
- সড়ক দুর্ঘটনায় রাজধানীর বিভিন্ন এলাকায় ৩ জন নিহত।
- ভারতে অনুষ্ঠিত টি–টোয়েন্টি বিশ্বকাপে ভারতের কাছে বাংলাদেশের ১ রানে পরাজয়।
- বেলজিয়ামের রাজধানী ব্রাসেলসে হামলার সঙ্গে জড়িত হিসেবে খালিদ এবং ইব্রাহিম নামের দুই ভাইয়ের নাম প্রকাশ করেছে বেলজিয়াম গণমাধ্যম।
- সৌদি আরবে এক ব্যক্তির শিরশ্ছেদ।
- মার্কিন বিমান হামলায় ইয়েমেনে ৪০ জঙ্গি নিহত ও আহত ২৫।

**২৪ মার্চ**

- রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে স্বাধীনতা পুরস্কার–২০১৬ বিতরণ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।



- বিশ্বের শীর্ষ ৫০ নেতার তালিকায় দশম স্থানে রয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। নিউইয়র্কভিত্তিক টাইম গ্রুপের বাণিজ্যিক বিষয়ক সাময়িকী ফরচুন এই তালিকা প্রকাশ করে।
- সরকারি ও স্বায়ত্তশায়িত বিশ্ববিদ্যালয়ের মোট অধ্যাপকের ২৫ শতাংশ পদোন্নতি পেয়ে গ্রেড-১-এ যাওয়ার সুযোগ পাবেন। মন্ত্রিসভা কমিটির বৈঠকে সিদ্ধান্ত গৃহীত।
- আগামী ৩০ এপ্রিলের মধ্যে বায়োমেট্রিক পদ্ধতিতে নিবন্ধন না করলে সিম বন্ধ। সাংবাদিকদের ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী তারানা হালিম।
- রংপুরের তাজহাট মাহিগঞ্জে ট্রাকের ভেতর থেকে হাত বাঁধা অবস্থায় চালক ও হেলপারের লাশ উদ্ধার।
- বন্ধুর ছুরিকাঘাতে যশোর শহরে ফেরদৌস হোসেন (৫০) নামে বিএনপির এক কর্মী নিহত।
- জাহাজে চাকরি নেওয়ার কয়েক দিনের মাথায় গ্রেপ্তার হয়ে নাইজেরিয়ায় বন্দী বাংলাদেশের চার নাবিক ও প্রকৌশলী।
- জঙ্গি হামলার আশঙ্কায় ভারতের দিল্লি, পাঞ্জাব ও আসামে হাই অ্যালার্ট জারি।
- বসনিয়ায় গণহত্যার দায়ে যুদ্ধাপরাধে দোষী সাব্যস্ত রদোভান কারাদিচের ৪০ বছর জেল।

**২৫ মার্চ**

- স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে দেওয়া এক বাণীতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার আহ্বান: মুক্তিযুদ্ধের আদর্শে উদ্বুদ্ধ হয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা গড়ে তুলুন।
- বাংলাদেশের ৪৬তম মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে ভারতের রাষ্ট্রপতি প্রণব মুখার্জির শুভেচ্ছা।
- দেশকে তাঁবেদার রাষ্ট্রে পরিণত করার চক্রান্ত চলছে। মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে এক বাণীতে বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়া।
- কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজের ইতিহাস বিভাগের ছাত্রী সোহাগী জাহান তনুর হত্যাকারীদের দ্রুত গ্রেপ্তারসহ তাদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে কুমিল্লা মহানগরে বিক্ষোভ মিছিল ও মানববন্ধন কর্মসূচি পালিত।

- র‍্যাবের সাথে বন্দুকযুদ্ধে টঙ্গী এলাকায় দেলোয়ার হোসেন দিলু (৩৫) নামের এক সন্ত্রাসী নিহত।
- অবৈধ বোলিং অ্যাকশনের অভিযোগে তাসকিন আহমেদের ওপর নিষেধাজ্ঞার খড়গ নেমে আসার পর টি–২০ বিশ্বকাপে তাকে ফিরিয়ে আনতে সর্বোচ্চ চেষ্টা অব্যাহত রেখেছে বাংলাদেশ ক্রিকেট বোর্ড।
- ভারতে অনুষ্ঠিত টি-টোয়েন্টি বিশ্বকাপে ওয়েস্ট ইন্ডিজ ৩ উইকেটে দক্ষিণ আফ্রিকাকে পরাজিত করে।
- সন্ত্রাসী হামলার ষড়যন্ত্রের অভিযোগে বেলজিয়ামে ৭ জন জার্মানি ও ফ্রান্স থেকে ৩ জন, মোট ১০ জন গ্রেপ্তার।
- তুরস্কের রাষ্ট্রীয় গোপন তথ্য ফাঁসের অভিযোগে অভিযুক্ত দুজন সাংবাদিকের বিচার রুদ্ধদ্বার কক্ষে করার আদালতের সিদ্ধান্ত।

**২৬ মার্চ**

- শিশু-কিশোর ও তরুণরা আগামীতে বাংলাদেশকে আরও এগিয়ে নিয়ে যাবে। বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে শিশু-কিশোর সমাবেশে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- বাংলাদেশের স্বাধীনতা দিবস উপলক্ষ্যে মার্কিন প্রেসিডেন্ট বারাক ওবামা ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ও চীনের প্রধানমন্ত্রী লি কেকিয়াংয়ের শুভেচ্ছা।
- মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে রাজধানীতে বিএনপির শোভাযাত্রা।
- ইউনিয়ন পরিষদ নির্বাচনের পর খুলনার পাইকগাছা, কয়রা ও ডুমুরিয়া এলাকায় হামলা-পাল্টাহামলা সংখ্যালঘু সম্প্রদায়ের ওপর নির্যাতন, একাধিক মামলা ও গ্রেপ্তার বাণিজ্য অব্যাহত।
- ঘুষ নেওয়ার অভিযোগে ঢাকার শেরেবাংলা নগর থানার দুই পুলিশ সদস্য বরখাস্ত।
- পৃথক ২টি ঘটনায় কিশোরগঞ্জের পাকুন্দিয়ায় এবং খুলনার সোনাডাঙ্গায় ২ জন নিহত।
- ভারতের কলকাতায় অনুষ্ঠিত টি–টোয়েন্টি বিশ্বকাপে নিউজিল্যান্ডের কাছে বাংলাদেশের ৭৫ রানে পরাজয়।



- আত্মঘাতী বোমা হামলায় ইরাকে ২২ ও ইয়েমেনে ৩২ জন নিহত ও আহত ৯৫।
- বঙ্গোপসাগরে ভারতের পরমাণু ক্ষেপণাস্ত্র পরীক্ষা। যুক্তরাষ্ট্রের উদ্বেগ প্রকাশ।
- ব্রাসেলসে জঙ্গি হামলার পর মার্কিন জনগণকে ওবামার হুঁশিয়ারি। দেশের সাধারণ মুসলমানদের যেন দোষারোপ না করা হয়।

**২৭ মার্চ**

- ঢাকায় মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে আওয়ামী লীগ আয়োজিত এক আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- চাকরি হারানোর ভয়ে ইউনিয়ন পরিষদের নির্বাচন সুষ্ঠু বললেন নির্বাচন কমিশন। রংপুরে দলীয় সমাবেশে জাতীয় পার্টির চেয়ারম্যান এইচ এম এরশাদ।
- খাদ্যমন্ত্রী কামরুল ইসলাম ও মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী মোজাম্মেল হক কর্তৃক আদালত অবমাননার শুনানিকালে প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা বলেন, আদালতের কর্তৃত্ব ও মর্যাদার প্রশ্নে মাথা নত করিনি, করব না।
- আদালত অবমাননার দায়ে খাদ্যমন্ত্রী কামরুল ইসলাম ও মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী মোজাম্মেল হককে ৫০ হাজার টাকা করে জরিমানা সর্বোচ্চ আদালতের।
- হলমার্ক গ্রুপের ঋণ কেলেঙ্কারির ঘটনায় দায়ের হওয়া নয়টি মামলায় প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনা পরিচালক তানভীর মাহমুদসহ ২৫ জনের বিরুদ্ধে অভিযোগ গঠন আদালতের।
- কুমিল্লা ভিক্টোরিয়া কলেজের শিক্ষার্থী ও নাট্যকর্মী সোহাগী জাহান তনু হত্যার প্রতিবাদে উত্তাল সারা দেশ।
- ইউনিয়ন পরিষদ নির্বাচনকে কেন্দ্র করে কক্সবাজারের পেকুয়ায় গাড়ির চালককে গলা কেটে হত্যা।
- পাকিস্তানে লাহোরের এক পার্কে বোমা বিস্ফোরণে ৬৯ জন নিহত।
- সৌদি আরবে বাংলাদেশি এক নারীকে হত্যার দায়ে এক পাকিস্তানি নাগরিকের শিরশ্ছেদ।

- জঙ্গিদের সঙ্গে সংশ্লিষ্টতা থাকার অভিযোগে সংযুক্ত আরব আমিরাতে ১১ জনের যাবজ্জীবন কারাদণ্ড।
- ভারতের উত্তরখন্ড রাজ্যে রাষ্ট্রপতি শাসন জারি।
- লিবিয়ার বেনগাজিতে সরকারি সেনাদের সঙ্গে বিদ্রোহী বাহিনীর সংঘর্ষ, চার বাংলাদেশি নিহত।

**২৮ মার্চ**

- অসুস্থ তিন অভিনেতা–অভিনেত্রীর চিকিৎসার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার আর্থিক সহায়তা প্রদান। গণভবনে তাঁদের পরিবারের কাছে অনুদানের চেক হস্তান্তর করেন তিনি। অনুদানপ্রাপ্তরা হলেন: মায়া ঘোষ, অভিনেতা মঞ্জুর হোসেন ও মুক্তিযোদ্ধা আবদুস সাত্তার।
- বাংলাদেশের উচ্চশিক্ষার গুণগতমান নিশ্চিতের উদ্দেশ্যে অ্যাক্রেডিটেশন কাউন্সিল আইন ২০১৬ মন্ত্রিসভায় অনুমোদন।
- মাত্র পাঁচ মিনিটেই রাষ্ট্রধর্মের বৈধতা চ্যালেঞ্জ করে আনীত রিট পিটিশনটি খারিজ হাইকোর্টের। এ সংক্রান্ত আদেশে বলা হয়, রিট আবেদনকারীদের এই মামলা করার এখতিয়ার নেই।
- পূর্ণাঙ্গ রায়ের কপি হাতে পাওয়ার পর পরবর্তী করণীয় বিষয়ে সিদ্ধান্ত নেবেন আদালত অবমাননায় সাজাপ্রাপ্ত দুই মন্ত্রী কামরুল ইসলাম ও আ ক ম মোজাম্মেল হক। সাংবাদিকদের পৃথকভাবে দুই মন্ত্রী।
- কুমিল্লা ভিক্টোরিয়া কলেজের ছাত্রী সোহাগী জাহান তনুর হত্যার মোটিভ উদ্ঘাটনে ডিএনএ নমুনা পুনঃময়নাতদন্তের জন্য লাশ কবর থেকে উত্তোলনে আদালতের আদেশ।
- রাজধানীর কদমতলীর বাসায় ঢুকে এক স্কুলছাত্রকে গলা কেটে হত্যা।
- চট্টগ্রামের সীতাকুণ্ডে একটি স্টিল মিলের মালবাহী লরির চাপায় সুমন (৩০) নামে এক শ্রমিক নিহত, আহত ৪। ঘটনার প্রতিবাদে স্থানীয়দের সঙ্গে কারখানার শ্রমিকদের সংঘর্ষ। আনসারের গুলিতে ৭ জন আহত।
- বেসিক ব্যাংক কেলেঙ্কারি মামলায় আরও চারজন গ্রেপ্তার।
- নাটোরের আটটি গুরুত্বপূর্ণ স্থানে একযোগে বোমা বিস্ফোরণের মামলায় জামাআতুল মুজাহিদীন বাংলাদেশের (জেএমবি) পাঁচ সদস্যের যাবজ্জীবন কারাদণ্ড ও ৩০ হাজার টাকা করে জরিমানা।



- ভারতে অনুষ্ঠিত টি-টোয়েন্টি বিশ্বকাপ ক্রিকেটে দক্ষিণ আফ্রিকা ৬ উইকেটে অস্ট্রেলিয়াকে পরাজিত করে।
- রাজনীতির সাথে জড়িত ও বিশেষ দলকে সমর্থন করার অভিযোগে মিসরে বাধ্যতামূলক অবসরে ৩২ জন বিচারক।
- আফগানিস্তানের নতুন পার্লামেন্ট ভবনে সন্ত্রাসীদের রকেট হামলা।

**২৯ মার্চ**

- প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্টের জন্য গণভবন কম্পাউন্ডে নতুন ভবনের উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- লালমনিরহাট জেলায় জাতীয় পার্টির সম্মেলনে প্রধান অতিথি ছিলেন হুসেইন মুহম্মদ এরশাদ।
- যুদ্ধাপরাধ মামলায় মৃত্যুদণ্ড বহাল রেখে আপিল বিভাগের দেওয়া রায় পুনর্বিবেচনার জন্য জামায়াতে ইসলামীর আমির মতিউর রহমান নিজামীর আবেদন।
- বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের পরিচালনা পর্ষদের নতুন চেয়ারম্যান হিসেবে বিমানবাহিনীর সাবেক প্রধান এয়ার মার্শাল মুহাম্মদ ইনামুল বারী নিযুক্ত।
- চট্টগ্রাম প্রিমিয়ার বিশ্ববিদ্যালয়ের দামপাড়া ক্যাম্পাসে শিক্ষার্থীদের সংঘর্ষে আসিফ আহম্মেদ সোহেল নামের এক শিক্ষার্থী প্রতিপক্ষের ছুরিকাঘাতে নিহত।
- কুমিল্লা ভিক্টোরিয়া কলেজের ছাত্রী সোহাগী জাহান তনু হত্যাকারীদের গ্রেপ্তারের দাবিতে রাজধানীর শাহবাগে বিশ্ববিদ্যালয়, কলেজ ও স্কুলপড়ুয়া শিক্ষার্থীদের অবরোধে রাজধানী অচল।
- দুর্বৃত্তের গুলিতে যশোর শহরে বিএনপি নেতা ইদ্রিস আলী (৫০) নিহত।
- বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ হাতিয়ে নেওয়ার ঘটনায় দুই চীনা ব্যবসায়ীর নাম প্রকাশ করল মূল হোতা ফিলোপিনো ব্যবসায়ী কিং অং। আর এক কোটি ডলার ফেরত দেওয়ার আগ্রহও দেখাল এই ব্যবসায়ী।
- পাঠানকোটে হামলার তদন্ত করতে ভারতে গিয়ে বিক্ষোভের মুখে পাকিস্তানের গোয়েন্দা দল।
- পুলিশের গুলিতে ওয়াশিংটন ক্যাপিটাল হিলে এক সশস্ত্র ব্যক্তি আহত।

**৩০ মার্চ**

- মগবাজার-মৌচাক ফ্লাইওভারের তেজগাঁও সাতরাস্তা–হলি ফ্যামিলি হাসপাতাল পর্যন্ত একাংশের উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- রাজধানীর যাত্রাবাড়ী এলাকায় গাড়িতে পেট্রলবোমা মেরে যাত্রী হত্যা মামলায় বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি।
- নয়াপল্টনে আনুষ্ঠানিকভাবে বিএনপি'র মহাসচিব হিসেবে মির্জা ফখরুল ইসলাম আলমগীরের নাম ঘোষণা।
- হত্যাকাণ্ডের ১০ দিনের মাথায় কুমিল্লা ভিক্টোরিয়া কলেজছাত্রী সোহাগী জাহান তনুর মরদেহ কবর থেকে উত্তোলনের পর কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতালে ফের ময়নাতদন্ত। হাতে-পায়ে-গলায় আঘাতের চিহ্ন।
- রাজশাহী বিশ্ববিদ্যালয়ে টেন্ডার নিয়ে দ্বন্দ্ব। ভারপ্রাপ্ত প্রধান প্রকৌশলীর মাথা ফাটানোর ঘটনায় ছাত্রলীগের তিন নেতা বহিষ্কার।
- জনতা ব্যাংকের এফডিআর তছরুপের ঘটনায় ১১৫ কর্মকর্তার স্ট্যান্ড রিলিজ।
- সাতক্ষীরার ইউনিয়ন পরিষদ নির্বাচনের আগের রাতে কেন্দ্র দখল করে ব্যালট পেপারে সিল মারার ঘটনায় অভিযুক্ত আসামিদের এখনো গ্রেপ্তার না করায় ক্ষোভ প্রকাশ নির্বাচন কমিশনের।
- জ্যেষ্ঠতার ভিত্তিতে নিয়োগের দাবিতে শাহবাগ মোড়ে ডিপ্লোমা বেকার নার্সদের অবরোধ কর্মসূচি পুলিশের বাধায় পণ্ড।
- পাঁচ দশকের বেশি সময়ের সামরিক শাসনের পর মিয়ানমারে প্রথম বেসামরিক প্রেসিডেন্ট হিসেবে টিন কিয়াওর (৬৯) শপথ।
- ভারতের নয়াদিল্লিতে অনুষ্ঠিত টি–টোয়েন্টি বিশ্বকাপে ইংল্যান্ড ৭ উইকেটে নিউজিল্যান্ডকে পরাজিত করে।
- ব্রাসেলসে ইউরোপীয় ইউনিয়নের নেতাদের সঙ্গে ভারতীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বৈঠক। সন্ত্রাস মোকাবিলায় সহযোগিতা জোরদারের বিষয় নিয়ে আলোচনা।



**৩১ মার্চ**

- বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বাংলাদেশ জনপ্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের ৬০তম ফাউন্ডেশন ট্রেনিং কোর্সে অংশগ্রহণকারীদের মাঝে সনদ বিতরণ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- ২০ দলের শরিক দল বাংলাদেশ ইসলামী ঐক্যজোটের (একাংশ) জাতীয় সম্মেলনে উপস্থিত ছিলেন বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়া।
- দ্বিতীয় ধাপের ৬৩৯টি ইউনিয়ন পরিষদে ভোট গ্রহণ সম্পন্ন। সহিংসতায় নিহত ৯ ও আহত পাঁচ শতাধিক।
- ৬ কোটি টাকার বেশি আত্মসাতের মামলায় সোনালী ব্যাংকের ডেপুটি জেনারেল ম্যানেজার মো. বাকী বিল্লাহ গ্রেপ্তার।
- বজ্রপাতে দেশের বিভিন্ন স্থানে ১৪ জনের মৃত্যু।
- সরকার ফার্নেস অয়েলের দাম কমিয়েছে লিটারপ্রতি ১৮ টাকা।
- ভারতের মুম্বাইয়ে অনুষ্ঠিত টি-টোয়েন্টি বিশ্বকাপে ওয়েস্টইন্ডিজ ৭ উইকেটে ভারতকে পরাজিত করে।
- বাংলাদেশের রিজার্ভ থেকে চুরি যাওয়া ৪৬ লাখ ৩০ হাজার ডলার ফেরত দিয়েছেন চীনা বংশোদ্ভূত ক্যাসিনো ব্যবসায়ী কাম সিন অং ওরফে কিম অং। দেশটির অ্যান্টি মানি লন্ডারিং কাউন্সিলের কাছে তিনি এ অর্থ ফেরত দেন।
- পশ্চিমবঙ্গের কলকাতার গিরিশ পার্কে নির্মাণাধীন ফ্লাইওভার ধসে নিহত ২১।

## এপ্রিল

**১ এপ্রিল**

- গণভবনে আওয়ামী লীগের ইউনিয়ন পরিষদ নির্বাচন মনোনয়ন বোর্ডের সভায় ইউনিয়ন পরিষদ নির্বাচনে প্রাণহানির ঘটনায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার অসন্তোষ প্রকাশ।
- সাভারে ব্র্যাক সেন্টারে সুপ্রিম কোর্ট আয়োজিত দুদিনব্যাপী এক কর্মশালার উদ্বোধন করেন প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা।

- আধিপত্য বিস্তার নিয়ে রাজধানীর গাবতলী বাস টার্মিনালে পরিবহন শ্রমিকদের দুই গ্রুপের মধ্যে সংঘর্ষ ও ধাওয়া-পাল্টা ধাওয়া।
- বৈরী আবহাওয়া ও তিন নম্বর সতর্ক সংকেত থাকায় সেন্ট মার্টিন দ্বীপে বেড়াতে গিয়ে শতাধিক পর্যটক আটকা।
- বেইলি ব্রিজ ভেঙে যাওয়ায় কুমিল্লার নাঙ্গলকোট উপজেলায় যান চলাচল বন্ধ।
- নির্বাচন-পরবর্তী সহিংসতায় মাদারীপুরে সাতজন গুলিবিদ্ধ। এ ছাড়া দেশের বিভিন্ন স্থানে আরও সংঘর্ষে ২৪৩ জন আহত।
- ঢাকার হাজারীবাগে চামড়ার প্রবেশ ঠেকাতে পুলিশ পাহারা শুরু।
- ৩৭তম বিসিএসের আবেদন কার্যক্রম শুরু।
- পরমাণু অস্ত্রের বিস্তার ও পরীক্ষা চালানো বৈশ্বিক নিরাপত্তা ও শান্তির জন্য হুমকি। ওয়াশিংটনে আয়োজিত পরমাণুবিষয়ক এক শীর্ষ সম্মেলনে বক্তৃতাদানকালে বারাক ওবামা।
- আল-কায়েদা, তালেবান ও লস্কর-ই-তাইয়েবার ওপর যুক্তরাষ্ট্র ও সৌদি আরবের যৌথভাবে নিষেধাজ্ঞা আরোপ।

**২ এপ্রিল**

- অটিস্টিক শিশুদের মেধা বিকাশে সবাইকে উদ্যোগী হওয়ার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার আহ্বান। বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বিশ্ব অটিজম সচেতনতা দিবস-২০১৬ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে তিনি এই আহ্বান জানান।
- নিউইয়র্কে জাতিসংঘ অটিজম বিষয়ে এক আলোচনা সভায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ অটিজমবিষয়ক পরামর্শক কমিটির চেয়ারপারসন সায়মা ওয়াজেদ হোসেন পুতুল।
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে ২টি বইয়ের মোড়ক উন্মোচন করেন প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা।
- সুপ্রিম কোর্টের নির্দেশনা অনুযায়ী জরিমানার টাকা জমা দিলেন খাদ্যমন্ত্রী কামরুল ইসলাম ও মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক।



- ঢাকায় অনুষ্ঠিত ‘জননিরাপত্তা বিধানে পুলিশ ও গণমাধ্যমের ভূমিকা’ শীর্ষক এক আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন পুলিশের আইজি এ কে এম শহীদুল হক।
- দ্বিতীয় ধাপে ইউনিয়ন পরিষদ নির্বাচনে ভোট গ্রহণ শেষ হলেও সংঘাত-সংঘর্ষ অব্যাহত। সাত জেলায় সংঘর্ষে ১১১ জন আহত।
- শ্বাসরোধ করে কুমিল্লার বরুড়া উপজেলায় ইব্রাহিম নামে এক শিশুকে হত্যা।
- গ্যাস সিলিন্ডার বিস্ফোরণে নারায়ণগঞ্জের সোনারগাঁয়ে ৩ জন নিহত।
- পাকিস্তানভিত্তিক সংগঠন জয়শ-ই-মোহাম্মদের প্রধান মাসুদ আজহার জাতিসংঘের মাধ্যমে নিষিদ্ধ না হওয়ায় ভারত হতাশ।
- আইএসের সঙ্গে সংশ্লিষ্টতা ও যুক্তরাজ্যে থাকা মার্কিন সেনাদের ওপর হামলার পরিকল্পনার অভিযোগে বাংলাদেশি বংশোদ্ভূত দুই যুবক গ্রেপ্তার।

**৩ এপ্রিল**

- বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে এসএমই মেলা উদ্বোধন করেন শিল্পমন্ত্রী আমির হোসেন আমু।
- যুব ও ক্রীড়া উপমন্ত্রী আরিফ খান জয়ের হাতে আশুলিয়া থানার এক এসআই প্রহৃত।
- ধানমন্ডির দৃক গ্যালারির কর্মকর্তা ইরফানুল ইসলামের লাশ নারায়ণগঞ্জের সিদ্ধিরগঞ্জ থেকে উদ্ধার।
- কুমিল্লা ভিক্টোরিয়া কলেজের ছাত্রী সোহাগী জাহান তনু হত্যায় জড়িতদের গ্রেপ্তারের দাবিতে সারা দেশে শিক্ষাপ্রতিষ্ঠানসমূহে ধর্মঘট পালিত।
- এইচএসসি পরীক্ষার প্রথম দিনে সারা দেশে ১২ হাজার ৮৮৭ জন পরীক্ষার্থী অনুপস্থিত। ৪৩ জন বহিষ্কৃত।
- সঞ্চয়পত্রের অ্যাকাউন্টধারী মারা গেলে ওই সঞ্চয়ের টাকা নমিনির পরিবর্তে ব্যক্তির উত্তরাধিকারী পাবেন বলে হাইকোর্টের রায়।
- রাষ্ট্রদ্রোহ ও মানহানির অভিযোগে করা ৬৮টি মামলায় দ্য ডেইলি স্টার সম্পাদক মাহফুজ আনামের চার সপ্তাহের আগাম জামিন মঞ্জুর হাইকোর্টের।

- কলকাতায় অনুষ্ঠিত টি-টোয়েন্টি বিশ্বকাপে ওয়েস্ট ইন্ডিজ ৪ উইকেটে ইংল্যান্ডকে পরাজিত করে।
- প্রবল বৃষ্টিতে ভূমি ধসে পাকিস্তানে ৩৬ জন নিহত।
- নাগারনো কারাবাঘের নিয়ন্ত্রণ নিয়ে আজারবাইজান ও আর্মেনিয়ার মধ্যে সংঘর্ষ : ৩০ সেনা নিহত।
- ভারতের পাঠানকোট বিমানঘাঁটিতে জঙ্গি হামলায় তদন্তকারী এনআইএর এক কর্মকর্তাকে গুলি করে হত্যা।

**৪ এপ্রিল**

- তনু হত্যায় জড়িতদের খুঁজে বের করে প্রচলিত আইনে বিচার করা হবে। মন্ত্রিসভার বৈঠকে এক অনানুষ্ঠানিক আলোচনায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- রাজধানীর আবাসিক এলাকা থেকে বৈধ বা অবৈধ সব ধরনের ব্যবসায়িক, বাণিজ্যিক ও সেবামূলক প্রতিষ্ঠান আগামী ছয় মাসের মধ্যে সরিয়ে নিতে মন্ত্রিসভার বৈঠকে সিদ্ধান্ত।
- ঢাকার ইসলামপুরে একটি মসজিদের মুয়াজ্জিনকে হত্যা।
- চট্টগ্রামের বাঁশখালীতে কয়লাভিত্তিক বিদ্যুৎ প্রকল্প নির্মাণ নিয়ে এলাকাবাসীর সঙ্গে পুলিশের সংঘর্ষ: নিহত ৫ আহত শতাধিক।
- বোমা বানাতে গিয়ে বগুড়ার শেরপুরের একটি বাড়িতে ২ জন নিহত।
- নারায়ণগঞ্জের রূপগঞ্জ থানায় একটি পোশাক কারখানায় শ্রমিকদের সঙ্গে পুলিশের সংঘর্ষ : ৪০ জন আহত।
- চলচ্চিত্র নির্মাতা শহীদুল ইসলাম খোকনের ইন্তেকাল।
- বাংলাদেশ ব্যাংকের চুরি যাওয়া অর্থের মধ্যে ৮ লাখ ডলার ফেরত দিলেন চীনা বংশোদ্ভূত ক্যাসিনো ব্যবসায়ী কাম সিন অং ওরফে কিম অং। আইনজীবীর মাধ্যমে ফিলিপাইনের অ্যান্টি মানি লন্ডারিং কাউন্সিলের কাছে এ অর্থ ফেরত দেন।
- পানামা ল' ফার্মে ৭২ রাষ্ট্রপ্রধানের রাষ্ট্রীয় সম্পদ তথ্য ফাঁস হওয়ায় বিশ্বব্যাপী আলোড়ন সৃষ্টি।
- বন্যায় পাকিস্তানে ৫৩ জনের প্রাণহানি।



- ভারতের জম্মু–কাশ্মীর রাজ্যের প্রথম নারী মুখ্যমন্ত্রী হিসেবে মেহবুব মুফতির শপথ।

**৫ এপ্রিল**

- নাশকতা, দুর্নীতি ও রাষ্ট্রদ্রোহের অভিযোগে করা পাঁচ মামলায় বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার জামিন মঞ্জুর।
- বিএনপির প্রতিষ্ঠাতা প্রয়াত রাষ্ট্রপতি জিয়াউর রহমানের মাজার সরানোর চক্রান্তে লিপ্ত সরকার। দলের কেন্দ্রীয় কার্যালয়ে এক আলোচনা সভায় রুহুল কবির রিজভী।
- মোট দেশজ উৎপাদনের (জিডিপি) প্রবৃদ্ধি ৭ শতাংশ। চলতি অর্থবছরে প্রবৃদ্ধি ৭ দশমিক শূন্য ৫ শতাংশ হবে বলে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সাময়িক প্রতিবেদন।
- পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতির কোষাধ্যক্ষ জায়েদার বিরুদ্ধে ৬ কোটি ৩৬ লাখ টাকা আত্মসাতের অভিযোগ।
- হবিগঞ্জের বাহুবলে চার শিশু হত্যা মামলায় পঞ্চায়েত সর্দার আবদুল আলীকে প্রধান করে নয়জনের বিরুদ্ধে অভিযোগপত্র দাখিল।
- চট্টগ্রাম বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (চুয়েট) ছাত্রসহ রাজধানীতে পৃথক ঘটনায় চারজনের অস্বাভাবিক মৃত্যু।
- ছাত্র হত্যার ঘটনায় চট্টগ্রাম প্রিমিয়ার বিশ্ববিদ্যালয়ের ১৬ ছাত্রকে আজীবন ও সাতজনকে সাময়িক বহিষ্কার।
- কয়লাভিত্তিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণের প্রতিবাদে চট্টগ্রামের বাঁশখালীতে পুলিশ, আনসার ও গ্রামবাসীর মধ্যে সংঘর্ষ : ৪ জন নিহত।
- বকেয়া মজুরি পরিশোধ ও পাট খাতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দসহ পাঁচ দফা দাবিতে খুলনা-যশোর অঞ্চলের জুট মিলের শ্রমিকদের সড়ক ও রেলপথ অবরোধ।
- পানামা পেপারস কর ফাঁকির কেলেঙ্কারিতে জড়িত আইসল্যান্ডের প্রধানমন্ত্রী সিগমুন্ডুর গুলনাগসনের পদত্যাগ।
- লন্ডন, বার্লিন এবং ইতালির রোমে জঙ্গি হামলার হুমকি ইসলামিক স্টেটের (আইএস)।

**৬ এপ্রিল**

- যশোরে বিএএফ মতিউর রহমান ঘাঁটিতে আয়োজিত ন্যাশনাল স্ট্যান্ডার্ড অ্যাওয়ার্ড প্রদান করেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ।
- রাজধানীর চানখাঁরপুলে ন্যাশনাল ইনস্টিটিউট অব বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- আওয়ামী লীগ নেতা মুক্তিযোদ্ধা ফারুক আহমেদ হত্যা মামলায় টাঙ্গাইল-৩ আসনের এমপি আমানুর রহমান খান রানা ও তাঁর তিন ভাইসহ ১০ জনের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি।
- বিদ্যুৎ প্রকল্পবিরোধী সমাবেশে পুলিশ-জনতার সংঘর্ষে গুলিবিদ্ধ হয়ে ৪ জন নিহত হওয়ার প্রতিবাদে চট্টগ্রামের বাঁশখালীতে সকাল-সন্ধ্যা হরতাল পালিত।
- নারায়ণগঞ্জ শহরের বাবুরাইল এলাকায় একই পরিবারের ৫ জনকে হত্যার ঘটনায় চার্জশিট দাখিল। এই হত্যা মামলায় গ্রেপ্তার হওয়া মোহাম্মদ মাহফুজই একমাত্র আসামি।
- কৃষি ব্যাংক কুমিল্লা সদর শাখার সোয়া কোটি টাকা আত্মসাতের অভিযোগে ব্যাংক কর্মকর্তা আবু সালেহ মাহমুদ (৫০) গ্রেপ্তার।
- দুর্বৃত্তের গুলিতে ঢাকার লক্ষ্মীবাজারে মো. নাজিম উদ্দিন নামের জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের এক ছাত্র নিহত।
- যুক্তরাষ্ট্রে দীর্ঘ কারাভোগের পর নিঃস্ব হয়ে দেশে ফিরলেন অনুপ্রবেশ করা ৩০ বাংলাদেশি।
- ঢাকায় অনুষ্ঠিত স্বাধীনতা কাপ ফুটবল টুর্নামেন্টে শেখ জামাল ৫-০ গোলে ব্রাদার্স ইউনিয়নকে এবং দ্বিতীয় ম্যাচে রহমতগঞ্জ ৩-০ গোলে ফেনী সকারকে পরাজিত করে।
- পানামা আইনি পরামর্শক প্রতিষ্ঠান মোসাক ফনসেকার ১ কোটি ১৫ লাখ গোপন নথি ফাঁসের পর বিশ্বের ক্ষমতাধর রাষ্ট্রনেতাদের গদি নড়বড়ে।
- বিশ্বে বর্তমানে প্রতি ১১ জন পূর্ণবয়স্ক মানুষের একজন ডায়াবেটিস রোগে আক্রান্ত। বিশ্ব স্বাস্থ্য সংস্থার তথ্য।



**৭ এপ্রিল**

- দক্ষিণ এশীয় দেশগুলোর জনগণের খাদ্যনিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে দ্রুত ফুড ব্যাংক গড়ে তোলা প্রয়োজন। ঢাকায় অনুষ্ঠিত তৃতীয় সার্ক কৃষিমন্ত্রী পর্যায়ের এক সম্মেলন উদ্বোধনকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- বিশ্বব্যাপী দরিদ্র জনগোষ্ঠীর স্বাস্থ্যোন্নয়নে অবদান রাখার স্বীকৃতি হিসেবে 'ট্রমাস ফ্রান্সিস জুনিয়র মেডেল অব গ্লোবাল পাবলিক হেলথ পদক' পেলেন ব্র্যাকের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান স্যার ফজলে হাসান আবেদ।
- জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ছাত্র নাজিম উদ্দিন সামাদকে ধর্মীয় উগ্রপন্থিরা হত্যা করেছে বলে পুলিশের প্রাথমিক ধারণা।
- দুদকের মামলায় সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী ড. মহীউদ্দীন খান আলমগীরের ছেলে জয় আলমগীরের সাজা আপিল বিভাগে বহাল।
- চট্টগ্রামের বাঁশখালীতে কয়লাভিত্তিক বিদ্যুৎকেন্দ্র প্রকল্পের বিরুদ্ধে প্রতিবাদ সমাবেশে বিক্ষোভ অব্যাহত।
- বকেয়া পরিশোধসহ ৫ দফা দাবিতে খুলনা–যশোর অঞ্চলের ৭ রাষ্ট্রায়ত্ত পাটকল শ্রমিকদের ধর্মঘট অব্যাহত।
- কলেজছাত্রী ও নাট্যকর্মী সোহাগী জাহান তনু হত্যা মামলায় পাঁচ সেনাসদস্যকে কুমিল্লা সেনানিবাস থেকে ডেকে নিয়ে সেখানকার সিআইডি কার্যালয়ে জিজ্ঞাসাবাদ।
- শিক্ষার্থীদের আন্দোলনের মুখে চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (চুয়েট) স্নাতক পর্যায়ের সব শিক্ষা কার্যক্রম অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা।
- সিরিয়ার রাজধানী দামেস্কের একটি সিমেন্ট কারখানায় হামলা চালিয়ে ৩০০ জনকে অপহরণ করে আইএস জঙ্গিরা।
- ভারতের অর্থমন্ত্রী অরুণ জেটলির করা মানহানি মামলায় দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালের জামিন মঞ্জুর।

**৮ এপ্রিল**

- রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণ প্রকল্পের জন্য এডিপির বরাদ্দকৃত ৪৩৪ কোটি টাকা ফেরত।

- আধিপত্য বিস্তার ও নির্বাচনকে কেন্দ্র করে পৃথক দুটি ঘটনায় নড়াইল ও ঝিনাইদহে আওয়ামী লীগের দুই গ্রুপের মধ্যে সংঘর্ষ। ২ জন নিহত ও আহত ৩৫।
- চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলায় দেড় কোটি টাকা ব্যয়ে নির্মাণাধীন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ৫ তলা ভবনে রডের পরিবর্তে ব্যবহৃত হয়েছে বাঁশ।
- ভারতের গুজরাট থেকে চোরাইপথে আরব সাগরের স্বাদহীন নকল ইলিশ আসছে বাংলাদেশে।
- কলকাতা দমদম বিমানবন্দরের ইন্টারনেট লিংক নষ্ট হয়ে যাওয়ায় ৮৫টি বিমান ১০ মিনিটের জন্য রাডার থেকে নিখোঁজ।
- পানামা পেপারস কেলেঙ্কারিতে নাম থাকায় ব্রিটিশ প্রধানমন্ত্রী ডেভিড ক্যামেরনের পদত্যাগের দাবি বিরোধী দলের।
- মার্কিন পররাষ্ট্রমন্ত্রী জন কেরি ইসলামিক স্টেট গ্রুপের বিরুদ্ধে যুদ্ধের ব্যাপারে ইরাকের শীর্ষ কর্মকর্তাদের সঙ্গে আলোচনার জন্য বাগদাদে পৌঁছেছেন।
- হিটস্ট্রোকে ভারতের তেলেঙ্গানা ও অন্ধ্র প্রদেশে ১১০ জনের মৃত্যু।
- মিয়ানমারের গণতান্ত্রিক আন্দোলনের সময় আটক ৬৯ জন ছাত্রের মুক্তি।

**৯ এপ্রিল**

- চট্টগ্রামের উন্নয়নে উড়ালসড়কের কার্যকারিতা নিয়ে তুমুল বাগবিতণ্ডায় গৃহায়ণ ও গণপূর্তমন্ত্রী মোশাররফ হোসেন এবং সাংসদ আফছারুল আমীন।
- চট্টগ্রামের বাঁশখালীতে কয়লাভিত্তিক বিদ্যুৎকেন্দ্র প্রকল্প বাতিলের দাবিতে কোনো শান্তিপূর্ণ কর্মসূচিতে পুলিশ বাধা দেবে না। তবে কর্মসূচির নামে অরাজকতা হলে কঠোর ব্যবস্থা। সংবাদ সম্মেলনে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল।
- ইউনিয়ন পরিষদ নির্বাচন-পরবর্তী সহিংসতায় শেরপুরের শ্রীবরদী উপজেলায় ১ জন নিহত। ছয় জেলায় আহত ৫৬।



- ঢাকায় সক্রিয় ২৬ জন ব্লগারকে সতর্কতামূলক বেশ কিছু পরামর্শ গোয়েন্দাদের।
- বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে অনুষ্ঠিত স্বাধীনতা কাপ ফুটবল টুর্নামেন্টে আবাহনী ৫-০ গোলে বিজেএমসিকে পরাজিত করে।
- বাংলাদেশ ব্যাংকের সঙ্গে ফেডারেল রিজার্ভ ব্যাংক অব নিউইয়র্কের আকস্মিক যোগাযোগ ব্যর্থতার মধ্যেই ১০ কোটি ১০ লাখ ডলার অর্থ পাচার হয় বলে অভিযোগ।
- পানামা পেপারস কেলেঙ্কারিতে নাম থাকায় যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী ডেভিড ক্যামেরনের পদত্যাগের দাবিতে ১০নং ডাউনিং স্ট্রিটের সামনে বিক্ষোভ।
- আন্তঃমহাদেশীয় ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্রের সফল পরীক্ষা চালিয়েছে বলে উত্তর কোরিয়ার দাবি।
- ব্রাসেলসে সন্ত্রাসী হামলার ঘটনায় আটক ৬ জনের মধ্যে চারজনের বিরুদ্ধে অভিযোগপত্র দাখিল।

**১০ এপ্রিল**

- কেরানীগঞ্জে নবনির্মিত ঢাকা কেন্দ্রীয় কারাগারের উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- প্রতিবছরের মতো এবারও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনাকে পয়লা বৈশাখের শুভেচ্ছা কার্ড পাঠালেন বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়া।
- দুদকের দুর্নীতি মামলায় দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী মায়ার রিভিউ আবেদন খারিজ আপিল বিভাগের।
- গাইবান্ধার শিশু শাহাদাত হোসেন সৌরভকে গুলি করে হত্যাচেষ্টার মামলায় আদালতে চার্জশিট দাখিল। আলোচিত এই ঘটনায় গাইবান্ধা–১ আসনের সরকারদলীয় সংসদ সদস্য মো. মঞ্জুরুল ইসলাম লিটনকে অভিযুক্ত করে চার্জশিট ইস্যু।
- গাইবান্ধা সদর উপজেলায় একটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শৌচাগার নির্মাণে রডের পরিবর্তে চিকন বাঁশ ও স্কুলের বেঞ্চের ফ্রেমের ব্যবহার।

- চট্টগ্রামের খুলশী থানায় একটি ফিলিং স্টেশন থেকে গ্যাস নেওয়ার সময় সিলিন্ডার বিস্ফোরণ। ৩ জন আহত ও ২টি গাড়ি বিধ্বস্ত।
- ঢাকায় অনুষ্ঠিত স্বাধীনতা কাপ ফুটবল টুর্নামেন্টে মুক্তিযোদ্ধা দল ১-০ গোলে ব্রাদার্স ইউনিয়নকে পরাজিত করে এবং খেলার দ্বিতীয় ম্যাচে ফেনী সকার ও আরামবাগের মধ্যে ১-১ গোলে ড্র হয়।
- ভারতের কেরালা রাজ্যে পুত্তঙ্গলি দেবীর মন্দিরে আতশবাজি বিস্ফোরণ। ১১০ জন নিহত, আহত ৩৫০।
- ৬.৫ মাত্রার ভূমিকম্পে কেঁপে উঠল ভারত, পাকিস্তান ও আফগানিস্তান।

**১১ এপ্রিল**

- গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে আওয়ামী লীগ ঢাকা মহানগর উত্তর ও দক্ষিণ শাখার নবনির্বাচিত সভাপতি ও সাধারণ সম্পাদকদের সাক্ষাৎ।
- পয়লা বৈশাখে ইলিশ মাছ বর্জনের আহ্বান জানালেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রী আসাদুজ্জামান নূর এবং মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী নারায়ণ চন্দ্র।
- রাষ্ট্রায়ত্ত পাটকলের আন্দোলনরত শ্রমিক–কর্মচারীদের বকেয়া বেতন–ভাতা পরিশোধ ও পাট কেনার জন্য মন্ত্রিসভায় এক হাজার কোটি টাকা বরাদ্দ।
- ইংরেজি দৈনিক দ্য ডেইলি স্টার সম্পাদক মাহফুজ আনামের বিরুদ্ধে দায়ের করা ৭২টি মামলার কার্যক্রম স্থগিত হাইকোর্টের।
- ১০০ কোটি টাকার দরপত্রের নিয়ন্ত্রণ নিয়ে রাজধানীতে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা অধিদপ্তরে ছাত্রলীগ ও যুবলীগের মধ্যে সংঘর্ষ। ৫ জন আহত।
- হিটস্ট্রোকে চুয়াডাঙ্গার জীবননগরে দুজনের মৃত্যু।
- বিরোধী দল দমনে বাংলাদেশ পুলিশ ও আওয়ামী লীগ জোট একসাথে কাজ করছে বলে ব্রাসেলসভিত্তিক সংস্থা 'ইন্টারন্যাশনাল ক্রাইসিস গ্রুপ'-এর মন্তব্য।
- শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের নিরাপত্তাব্যবস্থা উন্নয়নের জন্য নেওয়া পদক্ষেপে সন্তুষ্টি প্রকাশ ব্রিটিশ প্রধানমন্ত্রী ডেভিড ক্যামেরনের।
- বিদ্যুতের তারে স্পৃষ্ট হয়ে ভারতের আসাম রাজ্যে ১১ জনের মৃত্যু।



- ভারতের কেরালা মন্দিরে অগ্নিকাণ্ডে প্রাণহানির ঘটনায় মন্দিরের পাঁচ কর্মী আটক।
- লিবিয়ার ওপর হামলা করা তার মেয়াদের সবচেয়ে বড় ভুল: মার্কিন প্রেসিডেন্ট বারাক ওবামা।

**১২ এপ্রিল**

- জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির এক সভায় (একনেক) জামালপুর অর্থনৈতিক অঞ্চলসহ ৮টি প্রকল্পের অনুমোদন।
- পয়লা বৈশাখে ইলিশ না খাওয়ার আহ্বান প্রধানমন্ত্রী শেখ হাসিনার।
- ভারতের রাষ্ট্রপতি প্রণব মুখার্জির সঙ্গে দিল্লিতে সফররত স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম এবং পরিবেশ ও বনমন্ত্রী আনোয়ার হোসেন মঞ্জুর সাক্ষাৎ।
- বায়োমেট্রিক (আঙুলের ছাপ) পদ্ধতিতে সিম নিবন্ধনের বৈধতা চ্যালেঞ্জ হাইকোর্টের।
- ইউনিয়ন পরিষদ নির্বাচনের প্রচারণা নিয়ে নারায়ণগঞ্জের রূপগঞ্জে আওয়ামী লীগ ও বিদ্রোহী প্রার্থীর সমর্থকদের মধ্যে সংঘর্ষ। ১ জন নিহত। মুন্সীগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া ও চাঁদপুরে ৪১ জন আহত।
- নিখোঁজ হওয়ার ১৬ দিন পর অক্ষত অবস্থায় মায়ের কোলে ফিরলেন সোহাগী জাহান তনুর ছোট ভাইয়ের বন্ধু মিজানুর রহমান সোহাগ।
- ক্রিকেট খেলাকে কেন্দ্র করে শিক্ষার্থীদের দুই পক্ষের সংঘর্ষের ঘটনায় চট্টগ্রাম ভেটেরিনারি ও অ্যানিমেল সায়েন্স বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা।
- নাইজেরিয়ার বোকোহারামে শিশু বোমা হামলাকারীর সংখ্যা আগের তুলনায় অনেক বেশি। ইউনেস্কোর দেওয়া তথ্য।
- জাতিসংঘ মহাসচিব নির্বাচন প্রক্রিয়া শুরু।

**১৩ এপ্রিল**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে বাংলাদেশে সফররত চীনের পররাষ্ট্র বিষয়ক সহকারী মন্ত্রী কংজুয়ানইউর সাক্ষাৎ।
- শক্তিশালী ভূমিকম্পের আঘাতে কেঁপে উঠল রাজধানী ঢাকাসহ দেশের বিভিন্ন এলাকা।

- দুর্নীতির মামলায় সাবেক পাঁচ মন্ত্রীসহ আটজনের নিম্ন আদালতের সাজার বিরুদ্ধে আপিল বিভাগে সাক্ষ্য-প্রমাণের ভিত্তিতে নিষ্পত্তির নির্দেশ বহাল সুপ্রিম কোর্টের আপিল বিভাগের।
- বাঘ সংরক্ষণে সমন্বিত উদ্যোগ চায় ঢাকা: নয়াদিল্লিতে অনুষ্ঠিত এক সম্মেলনে পরিবেশ ও বনমন্ত্রী আনোয়ার হোসেন মঞ্জু।
- অপহৃত দুই শিবির নেতার গুলিবিদ্ধ লাশ যশোর সদর উপজেলার একটি শ্মশান থেকে উদ্ধার।
- অপহরণের ৩৬ ঘণ্টা পর শিশু আত্নাহী আল রশিদের গলাকাটা বস্তাবন্দি লাশ দিনাজপুরের হাকিমপুর উপজেলা এলাকা থেকে উদ্ধার।
- ঢাকায় অনুষ্ঠিত স্বাধীনতা কাপ ফুটবল টুর্নামেন্টে চট্টগ্রাম আবাহনী ৩-০ গোলে ব্রাদার্স ইউনিয়নকে পরাজিত করে এবং খেলার দ্বিতীয় ম্যাচে শেখ রাসেল ও ফেনী সকার গোল শূন্য ড্র করে।
- ৬.৯ মাত্রার শক্তিশালী ভূকম্পনের আঘাতে কেঁপে উঠল মিয়ানমার।
- সেনাসদস্যের হাতে স্কুলছাত্রী লাঞ্ছিত হওয়ার অভিযোগে ভারতের জম্মু-কাশ্মীর রাজ্যে নিরাপত্তা বাহিনীর সঙ্গে বিক্ষোভকারীদের সংঘর্ষ। ৪ জন নিহত।
- সুশীলা কারকি নেপালের সুপ্রিম কোর্টের প্রথম নারী প্রধান বিচারপতি নিযুক্ত।

**১৪ এপ্রিল**

- বাংলা নববর্ষ ১৪২৩-এর প্রথম দিনে গণভবনে আওয়ামী লীগ নেতা-কর্মীদের সঙ্গে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নববর্ষের শুভেচ্ছা বিনিময়।
- নতুন বছরে গণতন্ত্র ফিরে আসবে। বাংলা নববর্ষ উপলক্ষ্যে নয়াপল্টনের সামনে বিএনপি আয়োজিত আলোচনা সভায় খালেদা জিয়া।
- বাংলা নববর্ষ বরণ উপলক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদ থেকে বের হয় ঐতিহ্যবাহী মঙ্গল শোভাযাত্রা।
- পয়লা বৈশাখে স্বামী বেড়াতে না নেওয়ায় ঢাকার উত্তরায় হোসেন আরা বেগম শিলা (৩৬) নামের এক মহিলার গলায় ফাঁস লাগিয়ে আত্মহত্যা।



- জঙ্গি হামলার কথা জেনেও কার্যকর ব্যবস্থা না নেওয়ার অভিযোগে বেলজিয়ামের পরিবহনমন্ত্রী জ্যাকুলিন গ্যালান্টারের পদত্যাগ।

**১৫ এপ্রিল**

- তুরস্কের ইস্তাম্বুলে ওআইসির ১৩তম শীর্ষ সম্মেলনে দেওয়া এক বিবৃতিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, মুসলিম উম্মাহর বৃহত্তর ঐক্য এবং ভ্রাতৃত্ব ন্যায়বিচার ও সাম্যের জন্য ইসলামিক মূল্যবোধ অনুসরণ করতে হবে।
- বাংলাদেশে ইসলামিক স্টেটের কোনো অস্তিত্ব নেই, এমনকি কোনো ঘাঁটিও করতে দেওয়া হবে না। ঢাকায় সাংবাদিকদের স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল।
- গাজীপুর সিটি করপোরেশনের মেয়র অধ্যাপক এমএ মান্নান গ্রেপ্তার।
- ইউনিয়ন পরিষদ নির্বাচনকে কেন্দ্র করে দেশের বিভিন্ন স্থানে হামলা, গুলি ও বোমা বিস্ফোরণে ১২৭ জন আহত।
- সাভার উপজেলার আশুলিয়ায় একটি সিএনজি ফিলিং স্টেশনে গ্যাস নেওয়ার সময় একটি প্রাইভেট কারের গ্যাস সিলিন্ডার বিস্ফোরণ : ২ জন নিহত।
- কান্নার শব্দে বিরক্ত হয়ে বরিশালের বানারীপাড়ায় বাড়িওয়ালার স্ত্রী ৩ বছরের শিশুকে আছাড় মেরে হত্যা করেছে বলে অভিযোগ।
- বাংলাদেশ-যুক্তরাজ্যের বাণিজ্যদূত মনোনীত হলেন বাংলাদেশি বংশোদ্ভূত ব্রিটিশ এমপি রুশনারা আলী।
- নির্বাচনী বিধিভঙ্গের অভিযোগে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিকে নির্বাচন কমিশনের শোকজ।
- পানামা পেপারস কেলেঙ্কারিতে জড়িয়ে স্পেনের শিল্পমন্ত্রী হোসে মানুয়েল সোরিয়ার পদত্যাগ।

**১৬ এপ্রিল**

- সিলেট সদরে অর্থমন্ত্রীর সংবর্ধনা শেষে ছাত্রলীগের দুই গ্রুপের মধ্যে সংঘর্ষ : ওসি ও এসআই আহত।
- প্রধানমন্ত্রীর ছেলে তথ্যপ্রযুক্তিবিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়কে অপহরণ ও হত্যার ষড়যন্ত্রের অভিযোগে প্রবীণ সাংবাদিক শফিক রেহমান গ্রেপ্তার।

- বিশিষ্ট সাংবাদিক শফিক রেহমানের গ্রেপ্তারের নিন্দা জানিয়ে বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার বিবৃতি।
- ইংরেজি দৈনিক দ্য ডেইলি স্টার সম্পাদক মাহফুজ আনামের বিরুদ্ধে দেশের বিভিন্ন স্থানে দায়ের করা রাষ্ট্রদ্রোহ ও মানহানির মামলার ঘটনায় ভারতের 'এডিটর গিল্ড'-এর উদ্বেগ প্রকাশ।
- পুলিশের পিটুনিতে রংপুরের কাউনিয়ায় এক যুবকের মৃত্যু।
- বজ্রপাতে হবিগঞ্জ সদর থানায় ৩ জন নিহত। আহত ৫।
- বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ চুরির ঘটনায় বাংলাদেশ কেন্দ্রীয় ব্যাংকের গাফিলতি ছিল বলে ওয়াশিংটনে শ্রীলংকার অর্থমন্ত্রী রবি করুনা নায়েকের অভিযোগ।
- ভূমিকম্পে জাপানে নিহত ৪১, আহত এক হাজারের বেশি।
- ভারতের আগ্রার তাজমহল পরিদর্শনে ব্রিটিশ রাজদম্পতি প্রিন্স উইলিয়াম এবং প্রিন্সেস কেট।
- ভারতীয় অভিনেতা দিলীপ কুমার হাসপাতালে ভর্তি।

**১৭ এপ্রিল**

- ঐতিহাসিক মুজিবনগর দিবস উপলক্ষ্যে ধানমন্ডির ৩২ নম্বর সড়কে জাতির জনক বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানান প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- ঐতিহাসিক মুজিবনগর দিবস উপলক্ষ্যে মেহেরপুরের আম্রকাননে এক সমাবেশে সৈয়দ আশরাফুল ইসলাম বলেন, মুজিবনগর সরকারই বাংলাদেশের প্রথম সরকার।
- ফেসবুক পেজে দেওয়া এক স্ট্যাটাসে প্রধানমন্ত্রী শেখ হাসিনার তথ্যপ্রযুক্তিবিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়ের আহ্বান : সাংবাদিক শফিক রেহমানের পক্ষ নেওয়ায় গণজাগরণ মঞ্চের মুখপাত্র ডা. ইমরান এইচ সরকারকে ফেসবুকে আনফ্রেন্ড করুন।
- প্রধানমন্ত্রীর পুত্র সজীব ওয়াজেদ জয় হত্যার পরিকল্পনার সঙ্গে 'আমার দেশ' সম্পাদক কারাবন্দি মাহমুদুর রহমান ও মার্কিন প্রবাসী বাংলাদেশো নাগরিক মিলটন ভূঁইয়া জড়িত। রিমান্ডের প্রথম দিনে শফিক রেহমানের কাছ থেকে তথ্য প্রাপ্তি।



- মাদক কেনার জন্য টাকা চেয়ে না পেয়ে ঢাকার কেরানীগঞ্জ উপজেলায় ছেলের গুলিতে পিতা নিহত।
- রংপুরের কাউনিয়ায় আইপিএল ক্রিকেট খেলার জুয়ার আসরে পুলিশের অভিযান। আতঙ্কিত হয়ে আজিজুল ইসলাম নামের এক যুবকের মৃত্যু। এ ঘটনায় পুলিশ ফাঁড়িতে বিক্ষুব্ধ জনতার হামলা ও সংঘর্ষ, ৩০ জন আহত।
- ইউনিয়ন পরিষদ নির্বাচনকে কেন্দ্র করে সাত জেলায় হামলা, ভাঙচুর, গুলি ও অগ্নিসংযোগের ঘটনায় ৪৬ জন আহত।
- ভর্তিতে অতিরিক্ত ফি আদায়ের ঘটনায় ১২ স্কুল ও কলেজের প্রধান ও সভাপতিকে শিক্ষা মন্ত্রণালয়ে তলব।
- ইকুয়েডরের উপকূলীয় অঞ্চলে শক্তিশালী ভূমিকম্পে নিহত ২৩৫, আহত দেড় হাজারের বেশি।

**১৮ এপ্রিল**

- সজীব ওয়াজেদ জয়কে অপহরণ ও হত্যার ষড়যন্ত্রের সঙ্গে বিএনপি জড়িত।
- মুজিবনগর দিবস উপলক্ষ্যে ঢাকায় আওয়ামী লীগ আয়োজিত এক আলোচনা সভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ থেকে অর্থ চুরির সঙ্গে জড়িত বিদেশি অন্তত ২০ নাগরিককে শনাক্ত সিআইডির।
- রাজধানীর উত্তরখানে নিজ শিশুসন্তানকে ছুরিকাঘাতে হত্যার পর মা মুক্তির আত্মহত্যার চেষ্টা।
- নোয়াখালীর কোম্পানীগঞ্জ উপজেলায় মো. শাকের (২৫) নামের এক যুবদল নেতাকে গুলি করে হত্যা।
- নিখোঁজের দুদিন পর রাজবাড়ীর পাংশা উপজেলা এলাকা থেকে ফাহাদ (৭) নামের এক শিশুর ক্ষতবিক্ষত লাশ উদ্ধার।
- তিন দিন আগে অপহৃত তিন গরু ব্যবসায়ীর লাশ বান্দরবানের আলীকদম-থানচি সড়কের পাশ থেকে উদ্ধার। ঘটনার সঙ্গে জড়িত সন্দেহে চারজন আটক।
- বিএসএফের গুলিতে কুড়িগ্রামের রৌমারী সীমান্তে এক বাংলাদেশি নিহত।

- রাজউকের দুর্নীতিবাজ প্রকল্প পরিচালক একেএম শফিকুর রহমানের এক দিনের রিমান্ড মঞ্জুর।
- শ্রেণিকক্ষে পড়া না পারায় ব্রাহ্মণবাড়িয়ার বাঞ্ছারামপুর উপজেলায় পাঁচ ছাত্রীকে পিটিয়ে হাসপাতালে পাঠালেন এক শিক্ষক।
- ইউরোপে যাওয়ার পথে ভূমধ্যসাগরে নৌকাডুবি : ১৬৯ অভিবাসন-প্রত্যাশীর মৃত্যু।

**১৯ এপ্রিল**

- ঢাকায় কৃষক লীগের ৪৪তম প্রতিষ্ঠাবার্ষিকী উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- সাংবাদিক শফিক রেহমানকে সঙ্গে নিয়ে তাঁর ইস্কাটনের বাসায় গোয়েন্দা পুলিশের তল্লাশি। কাগজপত্র ও ২টি পাসপোর্ট জব্দ।
- দাম্পত্য কলহের জের ধরে রাজধানীর বনশ্রীতে মা ফাহমিদা মীরের বিরুদ্ধে তাঁর দেড় বছরের শিশুকে হত্যার অভিযোগ।
- গাজীপুর সিটি করপোরেশনের নির্বাচিত মেয়র এমএ মান্নানকে সাময়িকভাবে বরখাস্ত।
- চট্টগ্রামের বোয়ালখালী উপজেলায় নিজ বাড়িতে মা ও মেয়ের লাশ উদ্ধার।
- চলমান ইউনিয়ন পরিষদ নির্বাচনে এই পর্যন্ত চার ধাপে ১৪৬ জন বিনা ভোটে চেয়ারম্যান নির্বাচিত।
- রাজধানীর কদমতলী থানার মোহাম্মদবাগে ছয়তলা ভবনের ওপর হেলে পড়ল চারতলা ভবন।
- ঢাকায় অনুষ্ঠিত স্বাধীনতা কাপ ফুটবল টুর্নামেন্টে শেখ জামাল ৩-১ গোলে মুক্তিযোদ্ধা দলকে পরাজিত করে।
- আত্মঘাতী বোমা হামলায় আফগানিস্তানের রাজধানী কাবুলে ৩০ জন নিহত, আহত ৩২৯ জন।
- মিয়ানমারের রাখাইন উপকূলে নৌকাডুবিঃ ২১ জনের মৃত্যু।

**২০ এপ্রিল**

- প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট তহবিলের উপদেষ্টা পরিষদের বৈঠকে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।



- দুর্বৃত্তদের হামলায় গাজীপুরের শ্রীপুর উপজেলার প্রহলোদপুর ইউনিয়নে মেম্বার প্রার্থী আক্তার হোসেন খন্দকার নিহত।
- সন্ত্রাসীদের হামলায় রাজধানীর মুগদায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সাবেক উপপরিচালক আবদুস শুকুর মোল্লা (৬৫) নিহত।
- একসঙ্গে পাঁচ সন্তানের মা হলেন গাইবান্ধার সাদুল্যাপুর উপজেলার আরজিনা বেগম (৩০)।
- ইউনিয়ন পরিষদ নির্বাচনে সহিংসতার জন্য রাজশাহী অঞ্চলের বিভিন্ন সীমান্ত দিয়ে ঢুকছে অবৈধ অস্ত্র ও বিস্ফোরক।
- রংপুরের তারাগঞ্জ উপজেলার ১৩ মাইল এলাকায় দুটি বাসের মধ্যে সংঘর্ষ। ১২ জন নিহত, আহত ৪৯।
- শফিক রেহমানের রিমান্ড বাতিল ও মুক্তির দাবিতে জাতীয় প্রেসক্লাবে আয়োজিত সংহতি অনুষ্ঠানে স্ত্রী তালেয়া রেহমানের আহ্বানঃ গ্রেপ্তার হওয়া সাংবাদিক শফিক রেহমানকে নিঃশর্ত মুক্তি দিন।
- ঝিনাইদহের কালীগঞ্জ থেকে নিখোঁজের ১০ দিন পর কলেজছাত্র সোহানুর রহমানের গুলিবিদ্ধ লাশ উদ্ধার।
- সিরাজগঞ্জের রায়গঞ্জে একটি চালের কলে বয়লার বিস্ফোরণঃ দুই শ্রমিক নিহত, আহত ৩।
- পুরান ঢাকার ঝব্বু খানম মসজিদের মুয়াজ্জিন খুন।
- ঢাকায় অনুষ্ঠিত স্বাধীনতা কাপ ফুটবল টুর্নামেন্টে ব্রাদার্স ইউনিয়ন ও রহমতগঞ্জের খেলা ২-২ গোলে ড্র।
- ভারতের সাবেক প্রধানমন্ত্রী রাজীব গান্ধীর সাত হত্যাকারীকে মুক্তি দেওয়ার অনুরোধ কেন্দ্রীয় সরকারের খারিজ।
- ভারতে ৩৩ কোটি মানুষ খরায় আক্রান্ত।
- দ্বিপাক্ষিক উত্তেজনা হ্রাস করতে সৌদি সফরে মার্কিন প্রেসিডেন্ট বারাক ওবামা।

**২১ এপ্রিল**

- কিশোরগঞ্জের হাওরের তিনটি উপজেলা সংযুক্তকারী একটি সড়ক ও ১০টি সেতুর নির্মাণকাজের উদ্বোধন করেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ।

- বেতন-ভাতা বাড়ানোসহ ১৫ দফা দাবিতে নৌযানশ্রমিকদের ধর্মঘট শুরু।
- নওগাঁর বদলগাছী উপজেলায় চুনাপাথরের বিশাল মজুদের সন্ধান মিলেছে ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের অনুসন্ধানে দলের।
- আদালতে মামলার মধ্য দিয়ে ফিলিপাইনকে বাংলাদেশের রিজার্ভ চুরির অর্থ ফেরত দেওয়ার প্রক্রিয়া শুরু।
- বোমা তৈরি করতে গিয়ে চাঁদপুরের হাইমচরে বিস্ফোরণে একজনের হাতের কব্জি বিচ্ছিন্ন।
- দেশের বিভিন্ন স্থানে ইউপি নির্বাচন নিয়ে সংঘর্ষ। ২৮ জন আহত।
- গাজীপুরের পুলিশ সুপারসহ জেলার শ্রীপুর ও কাপাসিয়া থানার ওসিকে প্রত্যাহারের সুপারিশ নির্বাচন কমিশনের।
- ঢাকায় অনুষ্ঠিত স্বাধীনতা কাপ ফুটবল টুর্নামেন্টে ব্রাদার্স ইউনিয়ন ৩–২ গোলে মোহামেডানকে পরাজিত করে।
- যৌনদাসী হতে অস্বীকৃতি জানানোয় উত্তর ইরাকের মসুল শহরে আড়াইশ নারীর শিরশ্ছেদ করল আইএস জঙ্গিরা।
- দুর্নীতির দায়ে পাকিস্তানে ১২ সেনা কর্মকর্তা বরখাস্ত।
- মেক্সিকোর একটি তেল কারখানায় বিস্ফোরণ। ১৩ নিহত।
- পশ্চিমবঙ্গের বিধানসভা নির্বাচনে সহিংসতায় সিপিএমের এক পোলিং এজেন্ট নিহত।

**২২ এপ্রিল**

- জাতিসংঘের পানিবিষয়ক উচ্চপর্যায়ের একটি প্যানেলে সদস্য হিসেবে প্রধানমন্ত্রী শেখ হাসিনা মনোনীত।
- প্রধানমন্ত্রীর ছেলে সজীব ওয়াজেদ জয়কে অপহরণ ও হত্যার ষড়যন্ত্রের মামলায় প্রবীণ সাংবাদিক শফিক রেহমানকে দ্বিতীয় দফায় পাঁচ দিনের রিমান্ড মঞ্জুর।
- রাজশাহী নগরীর সাহেববাজার এলাকার একটি আবাসিক হোটেল কক্ষ থেকে এক তরুণ ও তরুণীর লাশ উদ্ধার।
- ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নবজাতক সন্তানকে রেখে পালিয়ে গেলেন গর্ভধারিণী মা।
- বাসচাপায় রাজধানীর বংশাল এলাকায় এক যুবকের মৃত্যু।



- মজুরি বাড়ানোসহ ১৫ দফা দাবিতে নৌযানশ্রমিকদের ডাকা অনির্দিষ্টকালের যাত্রীবাহী লঞ্চ ধর্মঘট স্থগিত। বন্ধ থাকবে তেল ও পণ্যবাহী নৌযান চলাচল।
- ২৫ এপ্রিলের মধ্যে বকেয়া বেতন পরিশোধ করা হবে। সরকারের এরূপ আশ্বাসের পরিপ্রেক্ষিতে আন্দোলন কর্মসূচি প্রত্যাহারের ঘোষণা খুলনা ও যশোর অঞ্চলের রাষ্ট্রায়ত্ত পাটকল শ্রমিক নেতৃবৃন্দের।
- বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ চুরির অর্থ ফেরত আনতে সরকারের উচ্চপর্যায়ের সাত সদস্যের টাস্কফোর্স গঠন।
- ঢাকায় অনুষ্ঠিত স্বাধীনতা কাপ ফুটবল টুর্নামেন্টে শেখ জামাল ও চট্টগ্রাম আবাহনীর খেলা ১-১ গোলে ড্র।
- ভারী বৃষ্টিপাতের ফলে ভূমিধসে ভারতের অরুণাচল রাজ্যে ১৬ জনের মৃত্যু।
- ভোট-পরবর্তী সহিংসতায় ভারতের পশ্চিমবঙ্গে সিপিএমের দুই কর্মী নিহত।
- ভারতের আসাম রাজ্য থেকে জামাআতুল মুজাহিদীন বাংলাদেশের (জেএমবি) সাত সদস্য গ্রেপ্তার।
- প্যারিস জলবায়ু চুক্তিতে বিশ্বের ১৭৫টি দেশের স্বাক্ষর।

**২৩ এপ্রিল**

- রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের অধ্যাপক এএফএম রেজাউল করিম সিদ্দিকীকে কুপিয়ে হত্যা।
- ২০১৪ সালের আইএফআইসি ব্যাংক পুরস্কার পেলেন সাবেক কূটনীতিক ফারুক চৌধুরী ও সাহিত্যে লেখক শাহীন আখতার।
- তৃতীয় দফায় দেশব্যাপী ইউনিয়ন পরিষদ নির্বাচনে আইনশৃঙ্খলা বাহিনীর গুলিতে ১ জন নিহত। আহত ৩শ।
- ঢাকায় 'ধ্বংসস্তূপ থেকে জীবনের পথে' শীর্ষক এক অনুষ্ঠানে মার্কিন রাষ্ট্রদূত মার্শা বার্নিকাট বলেন, পোশাকশ্রমিকদের জোরালো ও শক্তিশালী মতামত দিতে শিখতে হবে, যেখানে তাঁরা বলতে পারেন তাঁরা ফেটে যাওয়া ভবনে কাজ করবেন না।

- দুর্বৃত্তের গুলিতে যুক্তরাষ্ট্রের ওহাইও এবং জর্জিয়া রাজ্যে ১৩ জন নিহত।
- তালেবান জঙ্গিদের গুলিতে পাকিস্তানের পেশোয়ারে এক সংখ্যালঘু মন্ত্রী নিহত।

**২৪ এপ্রিল**

- রাজধানীর আগারগাঁওয়ে পাসপোর্ট সেবা সপ্তাহ এবং বিভাগীয় ও আঞ্চলিক ১০টি পাসপোর্ট ও ভিসা কার্যালয়ের নবনির্মিত ভবন উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- পদ্মা সেতুর ৩৩ ভাগ নির্মাণকাজ সম্পন্ন। সংসদে ওবায়দুল কাদের।
- রওশন এরশাদের সংবাদ সম্মেলন।
- রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের অধ্যাপক ড. এ এফ এম রেজাউল করিম সিদ্দিকীর হত্যাকাণ্ডের বিচারের দাবিতে উত্তাল ক্যাম্পাস।
- তৃতীয় ধাপের ইউনিয়ন পরিষদ নির্বাচন-পরবর্তী সহিংসতায় ফরিদপুর ও গাজীপুরে ২ জন নিহত। দেশের আরও ২০ জেলায় ৪ শতাধিক আহত।
- বিশ্ববাজারে তেলের দাম কমায় সরকার অকটেন, পেট্রললে দশ টাকা, ডিজেল, কেরোসিনে কমাল তিন টাকা।
- পুলিশের সঙ্গে সমঝোতা করে অথবা পুলিশের চোখ ফাঁকি দিয়ে রাতের আঁধারে ঢাকার হাজারীবাগে কাঁচা চামড়া ঢুকছে বলে অভিযোগ।
- চলতি বোরো মৌসুমে কৃষকের কাছ থেকে সাত লাখ টন ধান ও ছয় লাখ টন চাল কিনবে সরকার। এবার প্রতি কেজি ধান ২৩ টাকা ও চালের দাম ৩২ টাকা নির্ধারণ।
- দুর্বৃত্তের গুলিতে রাজশাহী জেলা আওয়ামী লীগের কোষাধ্যক্ষ জিয়াউল হক নিজ ব্যবসায়িক কার্যালয়ে নিহত।
- সাগরে ভাসমান সাবমেরিন থেকে ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ছুড়ল উত্তর কোরিয়া।
- বাশার আল-আসাদ সরকারকে উৎখাত করার লক্ষ্যে সিরিয়ায় যুক্তরাষ্ট্র কিংবা যুক্তরাজ্যের স্থলসেনা পাঠানো ভুল হবে। বিবিসিকে দেওয়া এক সাক্ষাৎকারে বারাক ওবামা।



**২৫ এপ্রিল**

- গণভবনে পৌরসভা ও ইউনিয়ন পরিষদ নির্বাচনে আওয়ামী লীগ মনোনয়ন বোর্ডের সভায় ভাষণদান করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- সুপ্রিম কোর্টের অভিযুক্ত বিচারকের বিরুদ্ধে অসদাচরণ বা অসামর্থ্য সম্পর্কিত আইনের খসড়া নীতিগতভাবে মন্ত্রিসভায় অনুমোদন।
- সংবাদ সম্মেলনে তালেয়া রেহমান বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার ছেলে সজীব ওয়াজেদ জয়কে নিয়ে কোনো ষড়যন্ত্রে শফিক রেহমান জড়িত ছিলেন না।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার ছেলে সজীব ওয়াজেদ জয়কে অপহরণ ও হত্যার ষড়যন্ত্রের মামলায় 'আমার দেশ' পত্রিকার ভারপ্রাপ্ত সম্পাদক মাহমুদুর রহমানের পাঁচ দিনের রিমান্ড মঞ্জুর।
- দুর্বৃত্তের গুলিতে গাজীপুরের কাশিমপুরের কেন্দ্রীয় কারাগারের কাছে অবসরপ্রাপ্ত কারারক্ষী রুস্তম আলী হাওলাদার নিহত।
- ঢাকার কলাবাগানে মার্কিন রাষ্ট্রদূতের সাবেক প্রটোকল কর্মকর্তাসহ দুজনকে কুপিয়ে হত্যা।
- মৃত শিশুকে নিবিড় পর্যবেক্ষণ কেন্দ্রে চিকিৎসার নাম করে অর্থ আদায়ের অভিযোগে রাজধানীর পদ্মা জেনারেল হাসপাতালের বিরুদ্ধে মামলা।
- ইউনিয়ন পরিষদ নির্বাচনকে কেন্দ্র করে সহিংসতায় গাজীপুরের শ্রীপুর ও মাগুরার শ্রীপুর উপজেলায় দুজন নিহত। বিভিন্ন স্থানে দেড় শতাধিক আহত।
- ইসলামিক স্টেটকে (আইএস) মোকাবিলায় সিরিয়ায় ২৫০ জন সেনা পাঠানোর ঘোষণা ওবামার।
- সামরিক অভিযানে ইয়েমেনে আল-কায়েদার আট শতাধিক জঙ্গি নিহত।
- কনসার্ট চলাকালেই মঞ্চে মারা গেলেন কঙ্গোর জনপ্রিয় সংগীত তারকা পাপা ওয়েম্বা।

**২৬ এপ্রিল**

- একনেকের সভায় ইন্ডিয়ান প্রিমিয়ার লিগে (আইপিএল) বাংলাদেশের ক্রিকেটার মুস্তাফিজুর রহমানের পারফরম্যান্সের ভূয়সী প্রশংসা করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

- কয়লাভিত্তিক বিদ্যুৎ প্রকল্প বাতিল করে ইপিজেডসহ শিল্পকারখানা গড়ে তুলুন। চট্টগ্রামের বাঁশখালীর এক সমাবেশে বসতভিটা ও গোরস্থান রক্ষা কমিটির নেতৃবৃন্দ।
- সুপ্রিম কোর্ট মাজার শরিফে হজরত শরফউদ্দীন চিশতির (র.) দুই দিনব্যাপী বার্ষিক ওরস মোবারক উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা বলেন, বিভিন্ন ধর্মাবলম্বীরা বাংলাদেশে নিষ্ঠার সঙ্গে ধর্মীয় আবহে তাঁদের ধর্মকর্ম পালন করেন। তাই এটি এদেশের ঐতিহ্য ও গর্ব।
- কাতারের সীমান্তবর্তী দুখান এলাকায় সড়ক দুর্ঘটনায় চার বাংলাদেশি নিহত, আহত ৪।
- রাজধানীর কল্যাণপুরে ক্ষুদ্র নৃ–গোষ্ঠীর এক যুবক খুন।
- ইভটিজিংয়ে বাধা দেয়ায় ছুরিকাঘাতে খুন হলেন কুষ্টিয়ার ভেড়ামারা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক মজিবর রহমান।
- রাজধানীর কলাবাগানে জোড়া খুনের ঘটনায় আনসারুল্লাহ বাংলা টিমের সাত সদস্য শনাক্ত। ঘটনাস্থল পরিদর্শন শেষে সাংবাদিকদের পুলিশের মহাপরিদর্শক একেএম শহীদুল হক।
- রাজধানীর শেরেবাংলা নগর থানা এলাকার এক বাসা থেকে হুমায়রা জাহান সুখী (৩৫) নামের এক বিমানবালার লাশ উদ্ধার।
- বিদ্যুতের তার ছিঁড়ে সুনামগঞ্জের ধরমপাশা উপজেলায় একই পরিবারের চারজনের মৃত্যু।
- নয়াদিল্লিতে ভারতের পররাষ্ট্রসচিব এস জয়শঙ্কর ও পাকিস্তানের পররাষ্ট্রসচিব আইতজাজ আহমেদ চৌধুরীর সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠকে সন্ত্রাসবাদ ও কাশ্মীর ইস্যু নিয়ে গুরুত্বারোপ।
- ফিলিপাইনে ইসলামি জঙ্গিরা অপহৃত কানাডীয় জিম্মিকে হত্যা করেছে বলে অভিযোগ।
- চব্বিশ পরগনায় নির্বাচনী জনসভায় বক্তৃতা করেন কংগ্রেস সভাপতি সোনিয়া গান্ধী।
- **২৭ এপ্রিল**
- আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী তৎপর থাকায় দেশে সন্ত্রাসবাদ ও জঙ্গিবাদ নিয়ন্ত্রণ করা সম্ভব হয়েছে। সংসদে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।



- সেনাবাহিনী প্রধানের পদবি 'কমান্ডার ইন চিফ'-এর বদলে 'চিফ অব আর্মি স্টাফ' প্রতিস্থাপন (সংশোধন) বিল জাতীয় সংসদে পাস।
- প্রধানমন্ত্রীর ছেলে সজীব ওয়াজেদ জয়কে অপহরণ ও হত্যা পরিকল্পনার অভিযোগে গ্রেপ্তারকৃত সাংবাদিক শফিক রেহমান দ্বিতীয় দফা রিমান্ড শেষে কারাগারে।
- বাংলাদেশে অপরাধ করে পার পাওয়ার পরিবেশ তৈরি হয়েছে। সিএনএনকে দেওয়া এক সাক্ষাৎকারে বাংলাদেশে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত মার্শা বার্নিকাট।
- ইউএসএআইডি কর্মী জুলহাজ মান্নান ও নাট্যকর্মী মাহবুব তনয় হত্যাকাণ্ডের নিন্দা জানিয়ে ইউরোপীয় ইউনিয়নের বিবৃতি।
- গণপিটুনিতে চট্টগ্রামের উত্তর কাট্টলী এলাকায় তিন ডাকাত নিহত।
- রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. একেএম শফিউল ইসলাম মিলন হত্যা মামলার চার্জশিটভুক্ত প্রধান আসামি আনোয়ার হোসেন উজ্জ্বলের আদালতে আত্মসমর্পণ।
- রাজধানী ঢাকাসহ সারা দেশে লোডশেডিং।
- প্যারিস হামলার প্রধান সন্দেহভাজন সালাহ আবদেল সালামকে ফ্রান্সের কাছে বেলজিয়ামের হস্তান্তর।

**২৮ এপ্রিল**

- ন্যাশনাল প্রফেশনাল হেলথ অ্যান্ড সেফটি ডে পালন উপলক্ষ্যে ঢাকায় আয়োজিত এক অনুষ্ঠানে ভাষণ দেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ।
- বিনা বিচারে দীর্ঘদিন ধরে কারাগারে বন্দি থাকা দরিদ্র অসহায় মানুষের তালিকা করে আইনি সহায়তা দিতে সংশ্লিষ্টদের প্রতি প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশ। জাতীয় আইনগত সহায়তা দিবস উপলক্ষ্যে এক অনুষ্ঠানে তিনি এ নির্দেশ দেন।
- রাজধানীর কলাবাগানে জোড়া খুনের ঘটনায় উদ্বেগ প্রকাশ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে মার্কিন পররাষ্ট্রমন্ত্রী জন কেরির ফোন।
- সাবেক ব্রিটিশ হাইকমিশনার আনোয়ার চৌধুরীর ওপর গ্রেনেড হামলার ঘটনায় মুফতি হান্নানসহ তিন জঙ্গির ফাঁসি বহালের পূর্ণাঙ্গ রায় প্রকাশ।

- রাজধানীর যাত্রাবাড়ীতে বাসে পেট্রলবোমা মারার অভিযোগে বিএনপির স্থায়ী কমিটির সদস্য ব্যারিস্টার রফিকুল ইসলাম মিয়াসহ পলাতক ৩৬ জনের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি।
- কুষ্টিয়ায় ইউনিয়ন পরিষদ নির্বাচনে সহিংসতায় একজন নিহত ও ১০ জন আহত। এ ছাড়া যশোর, মাগুরা, মুন্সীগঞ্জ, নোয়াখালী ও রাজবাড়ীতে আহত ৩৭।
- এএফসি অনূর্ধ্ব-১৪ আঞ্চলিক চ্যাম্পিয়নশিপে বাংলাদেশ ৯−০ গোলে নেপালকে পরাজিত করে।
- পাকিস্তানের সঙ্গে পাঞ্জাবের আন্তর্জাতিক সীমান্তে আটটি লেজার দেয়াল চালু করল ভারত।
- বিমান হামলায় সিরিয়ার একটি হাসপাতালে ২৭ জন নিহত।

**২৯ এপ্রিল**

- রাজধানীর কলাবাগানে চাঞ্চল্যকর জোড়া খুনের ঘটনায় তিন সন্দেহভাজন আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর হেফাজতে।
- ভেজাল খাবার তৈরি এবং কোম্পানির নির্ধারিত মূল্যের চেয়ে বেশি দামে পানির বোতল বিক্রির দায়ে ঢাকার বনানীর চারটি খাবারের প্রতিষ্ঠানকে এক লাখ আশি হাজার টাকা জরিমানা।
- দুর্বৃত্তের গুলিতে লক্ষ্মীপুর সদর উপজেলায় দুইজন নিহত।
- কালবৈশাখী ঝড়ে ঘরচাপায় সুনামগঞ্জের কুড়িগ্রামে এক কিশোরী নিহত। আহত অর্ধশতাধিক।
- বাংলাদেশে জঙ্গিবাদের উত্থান ঘটতে পারে বলে যুক্তরাষ্ট্রের আশঙ্কা।
- যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়ায় রিপাবলিকান মনোনয়নপ্রত্যাশী ডোনাল্ড ট্রাম্পের নির্বাচনী সমাবেশে পুলিশের সঙ্গে ট্রাম্পবিরোধীদের সংঘর্ষ। ২০ জন আটক।
- নরওয়ে যাত্রীবাহী একটি হেলিকপ্টার বিধ্বস্ত: ১৩ জন নিহত।

**৩০ এপ্রিল**

- গোপালগঞ্জ সদরে শেখ ফজিলাতুন্নেছা মুজিব চক্ষু হাসপাতাল ও প্রশিক্ষণ কেন্দ্রের উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- ঢাকায় গণতান্ত্রিক পার্টির ৩৬তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়া।



- বন্ধকি সম্পত্তি অতি মূল্যায়ন করে ৭০ কোটি টাকা আত্মসাৎ মামলায় বেসিক ব্যাংক থেকে ঋণ গ্রহণকারী প্রতিষ্ঠানের দুই পরিচালক গ্রেপ্তার।
- হিটস্ট্রোকে রাজধানীতে একজনের মৃত্যু।
- দুর্বৃত্তদের হাতে টাঙ্গাইলের গোপালপুর উপজেলায় নিখিল চন্দ্র জোয়ারদার (৫০) নামের এক দর্জি নিহত।
- ফেনীর ছাগলনাইয়ায় ইউনিয়ন পরিষদ নির্বাচনে বিদ্রোহী ও স্বতন্ত্র প্রার্থীর নেতাকর্মীদের ওপর গুলির নির্দেশ উপজেলা চেয়ারম্যান মেজবাউল হায়দার চৌধুরী সোহেলের।
- বাংলাদেশ ফুটবল ফেডারেশনের (বাফুফে) সভাপতি পদে কাজী সালাউদ্দীন নির্বাচিত।
- আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাজধানীতে বিশেষ অভিযান শুরু।
- বায়োমেট্রিক পদ্ধতিতে মোবাইল ফোনের সিম নিবন্ধনের সময় বাড়ল আরও এক মাস। আগামী ৩১ মে রাত ১২টা পর্যন্ত সিম পুনর্নিবন্ধন করা যাবে।
- গাজীপুরে আওয়ামী লীগ নেতা ও পাবনার ঈশ্বরদীতে যুবলীগ কর্মী খুন।
- তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে জয়পুরহাটের কালাইপুর উপজেলায় দুই পক্ষের মধ্যে সংঘর্ষ, এক ব্যক্তি নিহত।
- দুর্বৃত্তদের হামলায় শরীয়তপুর শহরের হরিসভার কেন্দ্রীয় মন্দিরে ১৫টি প্রতিমা ভাঙচুর ১২ জন আটক।
- জুলহাজ মান্নানসহ সাম্প্রতিক সময়ে কয়েকটি হত্যাকাণ্ড এবং তা আইএস ও আল-কায়েদার দায় স্বীকারের প্রেক্ষাপটে বাংলাদেশের পরিস্থিতি 'বেশ জটিল' বলে মনে করে যুক্তরাষ্ট্র।
- ভবন ধসে ভারতের মুম্বাইয়ে ছয়জন নিহত।
- আত্মঘাতী গাড়িবোমা হামলায় বাগদাদে ১৯ জন নিহত।
- ইউরোপে যাওয়ার পথে লিবিয়ার উপকূলে নৌকাডুবি। ২৬ অভিবাসন-প্রত্যাশী উদ্ধার।

## মে

### ১ মে

- সারাদেশে মহান মে দিবস পালিত।
- উৎপাদন বৃদ্ধি এবং পণ্যের গুণগতমান নিশ্চিত করার জন্য শিল্পকারখানায় শ্রমিক–মালিক সম্পর্ক বজায় রাখুন। রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে মহান মে দিবস উপলক্ষ্যে আয়োজিত আলোচনা সভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- মে দিবস উপলক্ষ্যে রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে আয়োজিত সমাবেশে প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়া।

### ২ মে

- প্রেস কাউন্সিলের রায় বা আদেশ অমান্য করলে কোনো সংবাদপত্র বা সংবাদ সংস্থার প্রকাশনা সর্বোচ্চ তিন দিন বন্ধ অথবা পাঁচ লাখ টাকা জরিমানা করা যাবে: সুপ্রিম কোর্টের রায়।
- স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিমের আশ্বাসে আমরণ অনশন কর্মসূচি প্রত্যাহার করলেন আন্দোলনরত বেকার নার্সরা।
- খুলনা বিশ্ববিদ্যালয়ের ভিসির কাছে শিক্ষা মন্ত্রণালয়ের সাত সদস্যের একটি পরিদর্শক দলের বিরুদ্ধে ১০ লাখ টাকা ঘুষের অভিযোগ।
- দুর্বৃত্তের হামলায় রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের শিক্ষক অধ্যাপক ড. রেজাউল করিম সিদ্দিকীর হত্যাকাণ্ডের প্রতিবাদ ও শাস্তির দাবিতে দেশের ৩৭টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের ৩৭ ঘণ্টা কর্মবিরতি পালন।
- ঢাকার কারওয়ান বাজারে হাসিনা মার্কেটে ভয়াবহ অগ্নিকাণ্ড, দুইশ দোকান ভস্মীভূত।
- টাঙ্গাইলের গোপালপুরে দর্জি নিখিল চন্দ্র জোয়ার্দার হত্যার ঘটনায় গ্রেপ্তারকৃত তিনজনের ৬ দিনের রিমান্ড মঞ্জুর।
- ট্রাকচাপায় ঢাকার যাত্রাবাড়ীতে এক ট্রাফিক পুলিশ নিহত।
- তাজিকিস্তানে এএফসি অনূর্ধ্ব-১৪ মেয়েদের ফুটবলে বাংলাদেশ ৪ গোলে ভারতকে পরাজিত করে।



- ভয়াবহ দাবানলে উত্তর ভারতে ২ জনের মৃত্যু।
- আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জের কাছে চীনা সাবমেরিনের আনাগোনা, ভারত উদ্বিগ্ন।
- গণতন্ত্র কেবল সেখানেই বিকশিত হতে পারে, যেখানে গণমাধ্যম স্বাধীনভাবে কাজ করতে পারে। বাংলাদেশে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত মার্শা বার্নিকাট।
- বাণিজ্যের মাধ্যমে চীন যুক্তরাষ্ট্রকে 'ধর্ষণ' করছে। যুক্তরাষ্ট্রের নির্বাচনী জনসভায় ভাষণদানকালে প্রেসিডেন্ট পদে রিপাবলিকান দলের মনোনয়নপ্রত্যাশী ডোনাল্ড ট্রাম্প।
- সরকার ও বিরোধীদলীয় এমপিদের মধ্যে তুরস্কের পার্লামেন্টে সংঘর্ষ, আসবাবপত্র ভাঙচুর।

### ৩ মে

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার আমন্ত্রণে তিনদিনের সরকারি সফরে ঢাকায় পৌঁছেছেন কুয়েতের প্রধানমন্ত্রী শেখ জাবের আল মোবারক আল হামাদ আল সাবাহ।
- সরকার গণমাধ্যমের মৌলিক স্বাধীনতায় ও গণমাধ্যমে মতপ্রকাশের স্বাধীনতায় বিশ্বাস করে। বিশ্ব মুক্ত গণমাধ্যম দিবস উপলক্ষ্যে ঢাকায় আয়োজিত এক অনুষ্ঠানে তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু।
- রাজধানীর পল্টন থানায় একটি নাশকতার মামলায় বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরসহ দলের ৪৩ নেতাকর্মীর বিরুদ্ধে ২টি চার্জশিট দাখিল।
- গুপ্তহত্যাসহ সন্ত্রাসী হামলার ষড়যন্ত্রে জড়িত থাকার অভিযোগে সিঙ্গাপুরে আট বাংলাদেশি আটক।
- নিম্নমানের গমভর্তি জাহাজ ফেরত পাঠানোর নির্দেশ খাদ্য অধিদপ্তরের।
- একাত্তরের মানবতাবিরোধী অপরাধের দায়ে কিশোরগঞ্জের করিমগঞ্জের দুই সহোদর শামসুদ্দিন ও নাসিরউদ্দীনসহ চার রাজাকারের ফাঁসির আদেশ আদালতের।
- খুলনা বিশ্ববিদ্যালয়ের উন্নয়নের কাজ পরিদর্শনে গিয়ে ঘুষ চাওয়ার অভিযোগে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের দুই কর্মকর্তাকে বাধ্যতামূলক ছুটি।

- ইহুদিবিদ্বেষী মন্তব্যের জের ধরে ব্রিটেনের লেবার পার্টিতে বিরোধ। দুজনকে বহিষ্কার।
- বোমা হামলায় সিরিয়ার এক হাসপাতালে ৩ জন নিহত, আহত ১৭।
- যুক্তরাষ্ট্রে ২০০১ সালের ১১ সেপ্টেম্বর সন্ত্রাসী হামলার নেপথ্যে সৌদি আরবের হাত ছিল এমন কোনো প্রমাণ পাওয়া যায়নি। মার্কিন টেলিভিশন চ্যানেল এনবিসিকে দেওয়া এক সাক্ষাৎকারে সিআইএর প্রধান জন ব্রানান।

**৪ মে**

- জাতীয় সংসদে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বেতন-ভাতা ও সুবিধাদির দুটি বিল পাস।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সফররত কুয়েতের প্রধানমন্ত্রী শেখ জাবের আল মুবারক আল হামাদ আল সাবাহর বৈঠক। চারটি চুক্তি স্বাক্ষর।
- মহাকাশে বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণের কার্যক্রম শুরু।
- এগারো কোটি টাকা শুল্ক ফাঁকির অভিযোগে বনানীর একটি গ্যারেজ থেকে বিলাসবহুল ৮টি গাড়ি জব্দ।
- ছাত্রীদের যৌন হয়রানির অভিযোগে আহছানউল্লাহ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক মোহাম্মদ মাহফুজুর রশীদ ফেরদৌস গ্রেপ্তার।
- ঢাকা মহানগরে সড়কের উল্টোপথে গাড়ি চলাচল বন্ধে কেন নির্দেশ দেওয়া হবে না মর্মে রুল জারি হাইকোর্টের।
- রূপালী ব্যাংক লিমিটেড নোয়াখালীর সোনাইমুড়ীর একটি শাখা থেকে ৪ কোটি টাকা নিয়ে ম্যানেজার উধাও।
- জঙ্গি-সংশ্লিষ্টতার অভিযোগে সিঙ্গাপুরফেরত ৫ বাংলাদেশির ৭ দিনের রিমান্ড মঞ্জুর।
- ফতুল্লায় অনুষ্ঠিত প্রিমিয়ার ক্রিকেট লিগে আবাহনী ৯ রানে ভিক্টোরিয়াকে পরাজিত করে।
- বাংলাদেশের সাম্প্রতিক নৃশংস হত্যার ঘটনার কার্যকর ও দ্রুত তদন্ত করে জড়িত ব্যক্তিদের বিচারের আওতায় আনার জন্য যুক্তরাষ্ট্রের দক্ষিণ ও মধ্য এশিয়া বিষয়ক সহকারী পররাষ্ট্রমন্ত্রী নিশা দেশাইর আহ্বান।



- যুক্তরাষ্ট্র ও তার মিত্ররা হুমকি বন্ধ না করলে কৌশলগত হরমুজ প্রণালি বন্ধ করে দেবে বলে ইরানের হুঁশিয়ারি।

**৫ মে**

- স্পিকার ও ডেপুটি স্পিকারসহ মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপমন্ত্রী এবং সংসদ সদস্যদের বেতন-ভাতা বৃদ্ধির বিল সংসদে পাস।
- এদেশে সন্ত্রাসবাদ নিয়ে কাউকে খেলতে দেব না। সংসদে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে যুক্তরাষ্ট্রের দক্ষিণ ও মধ্য এশিয়াবিষয়ক সহকারী পররাষ্ট্রমন্ত্রী নিশা দেশাই বিসওয়ালের সাক্ষাৎ।
- সুপ্রিম কোর্টে নিষ্পত্তি হওয়া ১৬৮টি মামলার পুনঃশুনানির সিদ্ধান্ত থেকে সরে এসেছেন প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা।
- সুপ্রিম কোর্টের বিচারক অপসারণের ক্ষমতা জাতীয় সংসদের হাতে ফিরিয়ে দেওয়া সংবিধানের ষোড়শ সংশোধনীকে অবৈধ ও সংবিধানের পরিপন্থী বলে হাইকোর্টের ঘোষণা।
- জামায়াতের আমির মতিউর রহমান নিজামীর রিভিউ আবেদন খারিজ করে ফাঁসির আদেশ বহাল রাখলো সুপ্রিম কোর্টের আপিল বিভাগ।
- রাজধানীর মিরপুরের পাইকপাড়া এলাকায় স্ত্রীকে গলা কেটে হত্যা।
- ময়মনসিংহে ট্রাক–সিএনজি এবং টাঙ্গাইলে ট্রেন–ট্রাক সংঘর্ষ, ১০ জন নিহত।
- প্রেসিডেন্টের সঙ্গে দ্বন্দ্বের কারণে তুরস্কের প্রধানমন্ত্রী আহমেদ দাভুতোগলুর পদত্যাগ।
- বিমান হামলায় সিরিয়ার শরণার্থী শিবিরে ২৮ জন নিহত, আহত ৫০।
- বিমান হামলায় ইরাকে আইএসের ঊর্ধ্বতন নেতা নীল প্রকাশ নিহত।

**৬ মে**

- সব আইনি প্রক্রিয়া শেষ করেই যুদ্ধাপরাধী জামায়াত নেতা মতিউর রহমান নিজামীর ফাঁসি কার্যকর করা হবে। সাংবাদিকদের স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল।
- বিচারকদের অপসারণ ক্ষমতা সংসদের হাতে ন্যস্ত করে আনা ষোড়শ সংশোধনী অবৈধ ঘোষণার হাইকোর্টের রায়কে সাধুবাদ বিএনপির।

- সরকারদলীয় নেতাকর্মীদের হাতে ফেনীর পরশুরাম উপজেলা নির্বাহী অফিসার এ এইচ এম রাকিব হায়দার প্রহৃত।
- মানবতাবিরোধী অপরাধের দায়ে মৃত্যুদণ্ডাদেশপ্রাপ্ত জামায়াতে ইসলামীর আমির মতিউর রহমান নিজামীর সঙ্গে কাশিমপুর কারাগারে পরিবারের সদস্যদের সাক্ষাৎ।
- চুয়াডাঙ্গার দর্শনায় রডের পরিবর্তে বাঁশ দিয়ে ভবন নির্মাণে জড়িত ঠিকাদার মনি সিং (৪৫) ঢাকা থেকে গ্রেফতার।
- হত্যার হুমকির পরিপ্রেক্ষিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মনোবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. আজিজুর রহমানের সার্বক্ষণিক নিরাপত্তায় পুলিশের পাঁচ সদস্য।
- ঢাকার মিরপুরে অনুষ্ঠিত প্রিমিয়ার ক্রিকেট লিগে গাজী গ্রুপ ৭ উইকেটে মোহামেডানকে পরাজিত করে।
- বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ চুরির ঘটনায় জড়িয়ে যাওয়া ফিলিপাইনের রিজাল কমার্শিয়াল ব্যাংকিং করপোরেশনের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা লরেন্‌জা তানের পদত্যাগ।
- সোনিয়া গান্ধী ও মনমোহন সিংয়ের নেতৃত্বে পার্লামেন্টের অভিমুখে 'গণতন্ত্র বাঁচাও' পদযাত্রার সময় কংগ্রেসের শীর্ষ নেতাদের গ্রেপ্তার, পরে মুক্তি।

**৭ মে**

- রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন বাংলাদেশের (আইইবি) ৬৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উদ্বোধন করেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ।
- রাজশাহীর পবা উপজেলায় পীর মোহাম্মদ শহীদুল্লাহকে (৬০) গলা কেটে হত্যা।
- চতুর্থ দফা ইউনিয়ন পরিষদ নির্বাচনকে কেন্দ্র করে সহিংস ঘটনায় ৬ জন নিহত, আহত কয়েকশ।
- দুর্বৃত্তদের হামলায় রাজধানীর গুলিস্তানে পুলিশের এএসআই আনিসুর রহমান আনিস আহত।
- চট্টগ্রামে অনুষ্ঠিত ফুটবল টুর্নামেন্টে চট্টগ্রাম আবাহনী ২–০ গোলে ঢাকা আবাহনীকে পরাজিত করে।



- কাতারের কাছে গোপন তথ্য ফাঁস করার অভিযোগে মিসরে আল-জাজিরার দুই সাংবাদিকসহ ছয়জনের মৃত্যুদণ্ড।
- একাত্তরের মানবতাবিরোধী অপরাধের দায়ে মৃত্যুদণ্ডাদেশপ্রাপ্ত জামায়েতের আমির মতিউর রহমান নিজামীর করা রায় পুনর্বিবেচনার আবেদন সুপ্রিম কোর্টের আপিল বিভাগে খারিজ হয়ে যাওয়ায় পাকিস্তানের উদ্বেগ প্রকাশ।
- ভারতে নিযুক্ত নেপালের রাষ্ট্রদূত দীপু কুমার উপাধ্যায়কে প্রত্যাহার।

**৮ মে**

- রাজধানীতে পার্বত্য চট্টগ্রাম কমপ্লেক্সের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- রাজধানীর মিরপুরে হরতালবিরোধী মিছিলকে কেন্দ্র করে সরকারি দলের দুই সংসদ সদস্যের সমর্থকদের মধ্যে সংঘর্ষ। ১৫ জন গুলিবিদ্ধসহ আহত ৩০।
- মানবতাবিরোধী অপরাধের মামলায় মৃত্যুদণ্ডপ্রাপ্ত জামায়াতে ইসলামীর আমির মতিউর রহমান নিজামীকে গাজীপুরের কাশিমপুর কারাগার থেকে ঢাকা কেন্দ্রীয় কারাগারে স্থানান্তর।
- রাজধানীর একটি ছয়তলা ভবনের ছাদ থেকে পড়ে পুলিশের ডিআইজি মল্লিক ফখরুল ইসলামের স্ত্রী জেসমিন আহম্মেদ মল্লিকের মৃত্যু।
- চতুর্থ ধাপে ইউনিয়ন পরিষদ নির্বাচনের সহিংসতায় ঠাকুরগাঁও, চাঁদপুর ও গাইবান্ধার সাদুল্যাপুরে ৩ জন নিহত।
- বাংলাদেশের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ না করতে পাকিস্তানের প্রতি বাংলাদেশের আহ্বান।
- রেট কম দেওয়ার প্রতিবাদে গাজীপুর বিসিক শিল্পনগরীর একটি সোয়েটার কারখানায় শ্রমিক ও মালিক পক্ষের মধ্যে সংঘর্ষ, ১০ জন আহত।
- দুর্বৃত্তের গুলিতে পাকিস্তানের করাচিতে এক মানবাধিকারকর্মী নিহত।
- তুর্কি বাহিনীর গোলার আঘাতে উত্তর সিরিয়ায় ৫৫ আইএস জঙ্গি নিহত।

- বাংলাদেশের সাম্প্রতিক হত্যাকাণ্ডসহ ইউএসএআইডির কর্মকর্তা জুলহাজ মান্নান ও মাহবুব রাব্বী তনয়ের খুনিদের দ্রুত গ্রেপ্তারে বাংলাদেশকে চাপ দিতে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী জন কেরিকে কংগ্রেসের ৮ সদস্যের চিঠি।
- ভয়াবহ দাবানলে কানাডায় ১ হাজার ৬০০টি বাড়ি ভস্মীভূত।
- শুধু আক্রান্ত হলেই পরমাণু অস্ত্র ব্যবহার করব। ওয়ার্কার্স পার্টির চলমান কংগ্রেসে উত্তর কোরিয়ার নেতা কিম জং উন।
- বাস দুর্ঘটনায় আফগানিস্তানে ৭ জন নিহত।

**৯ মে**

- সংক্রামক রোগ প্রতিরোধ, নিয়ন্ত্রণ ও নির্মূল আইন এবং ক্যাডেট কলেজ আইন ২০১৬ মন্ত্রিসভায় অনুমোদন।
- ফাঁসির পূর্ণাঙ্গ রায় কারাগারে পৌঁছানোর পর পড়ে শোনানো হলো মানবতাবিরোধী অপরাধের দায়ে মৃত্যুদণ্ডপ্রাপ্ত জামায়াতে ইসলামীর আমির মতিউর রহমান নিজামীকে।
- মানবতাবিরোধী অপরাধের দায়ে মৃত্যুদণ্ডপ্রাপ্ত জামায়াত নেতা মতিউর রহমান নিজামীর রায় নিয়ে উদ্বেগ প্রকাশ করে পাকিস্তানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের বিবৃতির কড়া প্রতিবাদ বাংলাদেশের।
- হবিগঞ্জে ২২ বছর আগে জিয়াউল হক নামে এক শিশু হত্যা মামলায় সৎভাইসহ ৫ জনের ফাঁসির আদেশ আদালতের।
- সেপটিক ট্যাংকে বিষক্রিয়ায় আক্রান্ত হয়ে নারায়ণগঞ্জের সদর উপজেলায় মোল্লা সুপার সল্ট কারখানায় তিন শ্রমিকের মৃত্যু ও অসুস্থ ৫।
- ইউনিয়ন পরিষদ নির্বাচনে মনোনয়নপত্র ছিনতাইকে কেন্দ্র করে ঢাকার সাভারে আওয়ামী লীগের দুই গ্রুপের মধ্যে সংঘর্ষ ৫ জন আহত।
- ফতুল্লায় অনুষ্ঠিত প্রিমিয়ার ক্রিকেট লীগে দোলেশ্বর ৫৯ রানে ভিক্টোরিয়াকে পরাজিত করে।
- উগ্রবাদ মোকাবিলায় বাংলাদেশ, ভারত ও যুক্তরাষ্ট্রের অবস্থান অভিন্ন। ঢাকায় নিযুক্ত যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত মার্শা বার্নিকাট।
- ঢাকা থেকে আকাশপথে সরাসরি পণ্য পরিবহনে নিষেধাজ্ঞা শিথিল করল অস্ট্রেলিয়া।



**১০ মে**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সুইডেনের বিচার ও অভিবাসনবিষয়ক মন্ত্রী মরগান জেহানসনের সাক্ষাৎ।
- পণ্য আমদানির নামে ২৯টি এলসি খুলে বাংলাদেশ কমার্স ব্যাংকের ৯৩ কোটি ৩৬ লাখ টাকা আত্মসাতের অভিযোগে নীলফামারীর-৪ আসনের এমপি শওকত চৌধুরীসহ ৯ জনের বিরুদ্ধে মামলা।
- একাত্তরের আলবদর বাহিনীর নেতা ও জামায়াতে ইসলামীর আমির মতিউর রহমান নিজামীর ফাঁসি কার্যকর।
- হবিগঞ্জের বাহুবলে ৪ শিশু হত্যা মামলায় পাঁচ আসামির জামিন আবেদন নামঞ্জুর।
- চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার কৃষি সম্প্রসারণ ভবন নির্মাণে রডের বদলে বাঁশ ব্যবহারের ঘটনায় দুদকের তদন্ত  শুরু।
- কুমিল্লায় কলেজছাত্রী ও নাট্যকর্মী সোহাগী জাহান তনু হত্যায় দুই সেনাসদস্য জড়িত। সংবাদ সম্মেলনে তনুর মা আনোয়ারা বেগম।
- ফতুল্লায় অনুষ্ঠিত প্রিমিয়ার ক্রিকেট লিগে মোহামেডান ৪ উইকেটে কলাবাগানকে পরাজিত করে।
- বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ চুরির ঘটনায় ব্যাংকের ভেতরকার ব্যক্তিদের হস্তক্ষেপ ও যোগসাজশ রয়েছে বলে যুক্তরাষ্ট্রের কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থা এফবিআইয়ের ধারণা।
- ছুরিকাঘাতে জার্মানির একটি রেলস্টেশনে ১ জন নিহত, ৩ জন আহত।
- রদ্রিগো দুতার্তে ফিলিপাইনের নতুন প্রেসিডেন্ট নির্বাচিত।
- পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী ইউসুফ রাজা গিলানির অপহৃত ছোট ছেলে আলি হায়দার গিলানিকে তিন বছর পর আফগানিস্তান থেকে উদ্ধার।

**১১ মে**

- দর্শকরা ছবি দেখে যাতে কিছু শিখতে পারে সে দিকটি খেয়াল রেখে ছবি নির্মাণ করতে হবে। বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ২০১৪ সালের জাতীয় চলচ্চিত্র পুরস্কার প্রদান অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

- সরকার শিক্ষাক্ষেত্রে অনেক সুযোগ সৃষ্টি করেছে। একটু মনোযোগ দিয়ে পড়লেই পরীক্ষায় ভালো করা সম্ভব। গণভবনে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার ফলাফল হস্তান্তর অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- অবরোধের সময় রাজধানীতে বাসে আগুন দেওয়ার ঘটনায় বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়াসহ ২৭ জনের বিরুদ্ধে অভিযোগপত্র দাখিল।
- জামায়াতে ইসলামীর আমির একাত্তরের আলবদর বাহিনীর প্রধান মতিউর রহমান নিজামীকে তাঁর নিজের গ্রাম পাবনার সাঁথিয়ায় দাফন।
- এসএসসির ফল প্রকাশের মাত্র ৩ ঘণ্টা আগে ঢাকার মিরপুরে বন্ধুর ব্যাটের আঘাতে বাবুল শিকদার হৃদয় (১৭) নামের এক মেধাবী ছাত্রের মৃত্যু।
- মেয়াদোত্তীর্ণ ও পচা খাদ্যপণ্য রাখার দায়ে ঢাকার আগোরা, মীনাবাজার ও কুপার্সের ৮ লাখ টাকা জরিমানা।
- ঢাকায় অনুষ্ঠিত জাতীয় মহিলা কাবাডিতে ১৩-১২ পয়েন্টে বাংলাদেশ আনসারকে পরাজিত করে বিজেএমসি।
- যুদ্ধাপরাধের দায়ে জামায়াতে ইসলামীর আমির মতিউর রহমান নিজামীর ফাঁসি কার্যকর হওয়ায় পাকিস্তানের পার্লামেন্টে নিন্দা প্রস্তাব পাস।
- গাড়িবোমা হামলায় ইরাকের রাজধানী বাগদাদে ৯৪ জন নিহত।
- পানামা পেপারস কেলেঙ্কারির জেরে নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রী জনকিকে পার্লামেন্ট থেকে বহিষ্কার।

**১২ মে**

- বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ইনস্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স বাংলাদেশের ২১তম জাতীয় সম্মেলন উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- শাসকগোষ্ঠী দেশকে অসভ্যতার অন্ধকারে ডুবিয়ে দিচ্ছে। বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার বিবৃতি।
- একাত্তরের মানবতাবিরোধী অপরাধী ও আলবদর নেতা মতিউর রহমান নিজামীর ফাঁসি কার্যকর হওয়ায় একের পর এক ধৃষ্টতা দেখিয়ে যাচ্ছে পাকিস্তান। সংসদে নিন্দা প্রস্তাব পাসের পর ইসলামাবাদে বাংলাদেশের ভারপ্রাপ্ত হাইকমিশনার মো. নাজমুল হুদাকে তলব করেছে তারা। প্রতিবাদে পাকিস্তানের হাইকমিশনার সুজা আলমকে পাল্টা তলব করে ঢাকা।



- মতিউর রহমান নিজামীর ফাঁসি কার্যকরের ঘটনায় ঢাকায় নিযুক্ত রাষ্ট্রদূতকে প্রত্যাহার করল তুরস্ক।
- বজ্রপাতে রাজধানী ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে শিক্ষক-শিক্ষার্থী এবং নারী-শিশুসহ ৪০ জন নিহত।
- রাজধানীর খিলগাঁও ও কমলাপুর থেকে জামাআতুল মুজাহিদীন বাংলাদেশ (জেএমবি) ঢাকা জেলার ভারপ্রাপ্ত আমিরসহ চারজন গ্রেপ্তার।
- বান্দরবানের আলীকদমে বিজিবি ক্যাম্পকে লক্ষ্য করে মিয়ানমারের ৬টি মর্টার শেল নিক্ষেপ।
- ঢাকার মিরপুরে অনুষ্ঠিত প্রিমিয়ার ক্রিকেট লিগে মোহামেডান ৮ উইকেটে আবাহনীকে পরাজিত করে।
- আঞ্চলিক সন্ত্রাসবাদ ও চরমপন্থীদের দমনে একসঙ্গে কাজ করবে বাংলাদেশ ও ভারত। ঢাকায় অনুষ্ঠিত দ্বিপক্ষীয় বৈঠক শেষে যৌথ ব্রিফিংয়ে দুই দেশের পররাষ্ট্রসচিব।
- বাংলাদেশি বংশোদ্ভূত নাদিয়ার শাহ লন্ডনের ক্যামডেন কাউন্সিলের প্রথম মুসলিম মেয়র নির্বাচিত।
- ব্রাজিলের প্রেসিডেন্ট দিলমা রুসেফকে সাময়িক বরখাস্ত।

**১৩ মে**

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঘনিষ্ঠ সহযোগী প্রয়াত আলহাজ আকতার সরদারের পরিবারের সঙ্গে মগবাজারের বাসায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাক্ষাৎ।
- সন্ত্রাস ও সহিংস জঙ্গিবাদ দমনে বাংলাদেশের প্রচেষ্টার ক্ষেত্রে সমর্থন ও সহায়তা রাখার অঙ্গীকার পুনর্ব্যক্ত করল যুক্তরাষ্ট্র। মার্কিন পররাষ্ট্র দপ্তর প্রেস ব্রিফিংয়ে এ কথা জানায়।
- টেকনাফে রোহিঙ্গা শরণার্থী ক্যাম্পের আনসার ব্যারাকে কমান্ডারকে হত্যা করে ১১টি অস্ত্র ও ৬৭০ রাউন্ড গুলি লুট।

- দেশের তিনটি বাণিজ্যিক ব্যাংক সাইবার হামলার শিকার। এগুলো হচ্ছে ডাচ্-বাংলা ব্যাংক, সিটি ব্যাংক এবং ট্রাস্ট ব্যাংক।
- ইউনিয়ন পরিষদ নির্বাচনকে কেন্দ্র করে ঢাকার ধামরাইয়ে আওয়ামী লীগ ও বিএনপির মধ্যে সংঘর্ষ, আহত ৫০।
- দুর্নীতি প্রতিরোধে সরকারের গুরুত্বপূর্ণ পাঁচ প্রতিষ্ঠানে দুদকের নজরদারি বৃদ্ধি।
- কুমিল্লার সদর উপজেলায় ওলামা দলের আহ্বায়ক একেএম রফিব উদ্দিনকে গুলি করে হত্যা।
- বোমা বিস্ফোরণে সিরিয়ায় শীর্ষ হিজবুল্লাহ নেতা মোস্তফা আমিন নিহত।
- জার্মানির উটেনবার্গ প্রদেশের মুহতেরাম আরাস নামের প্রথম মুসলিম নারী পার্লামেন্টে স্পিকার নির্বাচিত।

**১৪ মে**

- জাতীয় সংসদ নির্বাচনের পদ্ধতিতে পরিবর্তন আনুন। ঢাকায় জাতীয় পার্টির অষ্টম জাতীয় কাউন্সিল সম্মেলনে হুসেইন মুহম্মদ এরশাদ।
- ঢাকার সাভারের একটি ডেইরি ফার্মে তিন ভাইয়ের রহস্যজনক মৃত্যু।
- বান্দরবানের নাইক্ষ্যংছড়ি উপজেলায় এক বৌদ্ধ ভিক্ষুকে গলা কেটে হত্যা।
- গ্যাস-সংকটের কারণে বিজিএমইএভুক্ত ১৯৭টি কারখানায় উৎপাদন বন্ধ।
- ফতুল্লা স্টেডিয়ামে অনুষ্ঠিত প্রিমিয়ার ক্রিকেট লিগে গাজী গ্রুপ ৮ উইকেটে কলাবাগান ক্রিকেট একাডেমিকে পরাজিত করে।
- জঙ্গি হামলায় সিরিয়ার এক হাসপাতালে ২০ সরকারি সেনা নিহত।
- ভারতের বিহার ও ঝাড়খন্ডে ২ সাংবাদিককে গুলি করে হত্যা।
- দক্ষিণ চীন সাগরে ৩২০০০ একর জমি দখল করল চীন।

**১৫ মে**

- বুলগেরিয়ায় একটি সম্মেলনে যাওয়ার পথে দুদিনের ব্যক্তিগত সফরে যুক্তরাজ্যে পৌঁছেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- জিয়া চ্যারিটেবল ট্রাস্ট মামলার তদন্তকারী কর্মকর্তার পুনরায় সাক্ষ্য ও জেরা এবং তদন্তের নথি তলবের জন্য বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার দুটি আবেদনই হাইকোর্টে খারিজ।



- সরকার উৎখাতের ষড়যন্ত্রে জড়িত থাকার অভিযোগে বিএনপি নেতা আসলাম চৌধুরী গ্রেপ্তার।
- রাজধানীর নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে দোয়া মাহফিল শেষে শ্রমিক দলের দুই গ্রুপের সংঘর্ষ। বাবুল সর্দার (৪৫) নামের এক নেতা নিহত।
- রাজধানীর কলাবাগানে জুলহাজ মান্নান ও মাহবুব রাব্বী তনয় হত্যাকাণ্ডে অস্ত্র সরবরাহকারী জঙ্গি সংগঠন আনসারুল্লাহ বাংলা টিমের সদস্য শরিফুল ইসলাম শিহাব (৩৭) গ্রেপ্তার।
- সিলেটে জালিয়াতির মাধ্যমে রাগীব আলীর দখল করা হাজার কোটি টাকার দেবোত্তর সম্পত্তি উদ্ধার।
- আইএসের আত্মঘাতী হামলায় বাগদাদের একটি গ্যাস স্থাপনায় ১৪ জন নিহত।
- আত্মঘাতী বোমা হামলায় ইয়েমেনে ২৯ জন নিহত।

**১৬ মে**

- বুলগেরিয়ায় একটি সম্মেলনে যোগ দেওয়ার পথে লন্ডনে দুই দিনের ব্যক্তিগত সফরে রয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- সরকারের কারণে জঙ্গিগোষ্ঠী উৎসাহিত হচ্ছে। ঢাকার নয়াপল্টনে এক দলীয় সভায় বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়া।
- বাংলাদেশ ও ভারতের সীমান্তরক্ষী বাহিনী বিজিবি ও বিএসএফ সীমান্ত হত্যাকাণ্ডের যৌথ তদন্তে সম্মত। দুই দেশের সীমান্তরক্ষী বাহিনীর মহাপরিচালক পর্যায়ের ছয় দিনের সম্মেলন শেষে রাজধানীর পিলখানায় সংবাদ সম্মেলনে তাঁরা এ সম্মতি জানান।
- কর্ম ও নেতৃত্বের গুণেই প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিশ্বনন্দিত নেতায় পরিণত হয়েছেন। শেখ হাসিনার স্বদেশ প্রত্যাবর্তনের ৩৫ বছর পূর্তি উপলক্ষ্যে ঢাকায় আয়োজিত এক আলোচনা সভায় বিশিষ্ট নাগরিকবৃন্দ।
- ঢাকা-রাজশাহী চলাচলকারী বেসরকারি বিমানের একটি ফ্লাইটে যান্ত্রিক ত্রুটি। অল্পের জন্য প্রাণে রক্ষা পেল ৭২ জন যাত্রী।

- হত্যার আগে কুমিল্লা ভিক্টোরিয়া কলেজের ছাত্রী ও নাট্যকর্মী সোহাগী জাহান তনু গণধর্ষণের শিকার। পুলিশের অপরাধ তদন্ত বিভগের (সিআইডি) তথ্য।
- ঢাকায় দুই দেশের মহাপরিচালক পর্যায়ে বৈঠকে সিদ্ধান্ত। সীমান্তে হত্যাসহ বিভিন্ন অপরাধে যৌথভাবে তদন্ত করবে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) ও ভারতের বর্ডার সিকিউরিটি ফোর্স (বিএসএফ)।
- ফেনীর পরশুরাম উপজেলা নির্বাহী কর্মকর্তা রাকিব হায়দারের ওপর হামলার ঘটনায় আটজনকে আসামি করে অভিযোগপত্র দাখিল।
- নেপালে সংবিধানবিরোধীদের সঙ্গে পুলিশের সংঘর্ষ, ১০ জন আহত।
- ভারত সীমান্তে চীনের সামরিক শক্তি বৃদ্ধি।

**১৭ মে**

- শেখ হাসিনার স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষ্যে ঢাকায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আওয়ামী লীগের আলোচনা সভা।
- টাঙ্গাইলের আওয়ামী লীগ নেতা মুক্তিযোদ্ধা ফারুক আহমেদ হত্যা মামলায় সংসদ সদস্য আমানুর রহমান খান রানা ও তাঁর তিন ভাইসহ পলাতক ১০ আসামির সম্পত্তি জব্দের নির্দেশ।
- নারায়ণগঞ্জের বন্দরে পিয়ার সাত্তার লতিফ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক শ্যামল কান্তি ভক্তকে কান ধরে উঠবস করানো এবং সাময়িক বরখাস্তের বিরুদ্ধে দেশজুড়ে নিন্দা ও প্রতিবাদ।
- অস্ত্র মামলার আসামিকে আটকের ২৮ ঘণ্টার মধ্যে আদালতে হাজির না করায় পুলিশের এক কর্মকর্তার কাছে এ বিষয়ে লিখিত ব্যাখ্যা তলব হাইকোর্টের।
- বজ্রপাতে হতাহতের ঘটনাকে জাতীয় দুর্যোগ হিসেবে ঘোষণা করল দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ট্রেনের ধাক্কায় রাজধানীর নাখালপাড়ায় এক শিক্ষার্থীর মৃত্যু।
- মাছরাঙা টেলিভিশনের সংবাদ উপস্থাপিকা সাবিনা নিপা (২৫) রাজধানীর গুলশান এলাকা থেকে নিখোঁজ।



- ইউনিয়ন পরিষদ নির্বাচনকে কেন্দ্র করে দেশের ৮টি জেলায় সংঘর্ষ, অগ্নিসংযোগ ও গুলিবিদ্ধ হয়ে আটজন আহত।
- সিরিজ আত্মঘাতী বোমা হামলায় ইরাকে ৬০ জন নিহত, আহত শতাধিক।
- নতুন সংবিধান বাতিলের দাবিতে নেপালে বিক্ষোভ। একজন নিহত।

**১৮ মে**

- নারী ও বালিকাদের জন্য নিরাপদ পরিবেশ সৃষ্টি এবং তাদের ক্ষমতায়নে একসঙ্গে কাজ করার জন্য বিশ্বনেতাদের প্রতি প্রধানমন্ত্রী শেখ হাসিনার আহ্বান। বুলগেরিয়ায় গ্লোবাল উইমেন্স লিডার্স ফোরামের উদ্বোধনী অনুষ্ঠানে ভাষণদানকালে তিনি এ আহ্বান জানান।
- লন্ডনে অবস্থানকালে যুক্তরাজ্য আওয়ামী লীগ আয়োজিত এক আলোচনা সভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, বিএনপি-জামায়াত জোট বর্তমান সরকারকে উৎখাতের জন্য ইসরায়েলের সঙ্গে হাত মিলিয়েছে।
- বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার সঙ্গে ব্রিটিশ হাইকমিশনারের সৌজন্য সাক্ষাৎ।
- বিস্ফোরক আইনে করা একটি মামলায় বিএনপি নেতা জয়নুল আবদীন ফারুকসহ ২৮ জনের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি।
- কার্ড জালিয়াতি করে রাজধানীর এলিফ্যান্ট রোডের একটি বেসরকারি ব্যাংকের বুথ থেকে টাকা তোলার সময় এক চীনা নাগরিক আটক।
- ফতুল্লা স্টেডিয়ামে অনুষ্ঠিত ক্রিকেট লিগে সিসিএস ৫৩ রানে ভিক্টোরিয়াকে পরাজিত করে।
- নিজামীর মৃত্যুদণ্ড কার্যকর বাংলাদেশের বিরাট ভুল। দিল্লিতে নিযুক্ত তুরস্কের রাষ্ট্রদূত ড. বুরাক আকাচাপার মন্তব্য।
- প্রবল বন্যা ও ভূমিধসে শ্রীলঙ্কায় ৪০০ লোকের প্রাণহানির আশঙ্কা।
- নিউইয়র্কের ‘টুইন টাওয়ার’ হামলায় ক্ষতিগ্রস্ত পরিবারগুলো সৌদি আরবের কাছে ক্ষতিপূরণ চেয়ে মামলা করতে পারবে এমন অনুমোদন দেওয়ার প্রস্তাবিত একটি আইন পাস মার্কিন সিনেটে।
- মিয়ানমারের ওপর থেকে কয়েকটি অর্থনৈতিক নিষেধাজ্ঞা তুলে নিল যুক্তরাষ্ট্র।

**১৯ মে**

- সোফিয়ায় বুলগেরিয়ার প্রেসিডেন্ট রোজেন প্লেননিলিয়েভের সঙ্গে প্রধানমন্ত্রী শেখ হাসিনার বৈঠক। শিক্ষা ও তথ্য প্রযুক্তিসহ অন্যান্য খাতে একযোগে কাজ করার ওপর গুরুত্বারোপ।
- সোফিয়ায় বুলগেরীয় চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজের প্রতিনিধিদের প্রতি প্রধানমন্ত্রী শেখ হাসিনার আহ্বান। কৃষি, জ্বালানি, আইসিটি, সমুদ্র ও পর্যটনসহ বিভিন্ন খাতে বাংলাদেশে বিনিয়োগ করুন।
- রাজধানীর  নয়াপল্টনে ঢাকা মহানগর বিএনপি আয়োজিত মিলাদ মাহফিল।
- নারায়ণগঞ্জের পিয়ার সাত্তার উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক শ্যামল কান্তিকে লাঞ্ছনার ঘটনায় সেলিম ওসমানের সংসদ সদস্য পদ বাতিল ও তাঁকে গ্রেপ্তারের দাবিতে দেশের ৩৭টি বিশ্ববিদ্যালয়ে একযোগে মানববন্ধন পালিত।
- শিক্ষা মন্ত্রণালয় নারায়ণগঞ্জের পিয়ার সাত্তার লতিফ উচ্চবিদ্যালয়ের নির্যাতিত প্রধান শিক্ষক শ্যামল কান্তি ভক্তকে পুনর্বহাল করেছে।
- ইউনিয়ন পরিষদ নির্বাচন নিয়ে বিরোধের জের। ব্রাহ্মণবাড়িয়ার সরাইলে দুপক্ষের মধ্যে সংঘর্ষ, একজন নিহত ও আহত ১০।
- ব্লগার, প্রগতিশীল লেখক ও প্রকাশক হত্যাকাণ্ডে জড়িত আনসারুল্লাহ বাংলা টিমের শীর্ষ ছয় সদস্যকে ধরিয়ে দিতে পুরস্কার ঘোষণা ঢাকা মেট্রোপলিটন পুলিশের।
- রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইংরেজির অধ্যাপক ড. এএফএম রেজাউল করিম হত্যা মামলায় গ্রেপ্তার শিবির নেতা হাফিজুর রহমানের মৃত্যু।
- ঢাকার মিরপুরে অনুষ্ঠিত ক্রিকেট লিগে শেখ জামাল ৪ রানে গাজী গ্রুপকে পরাজিত করে।
- দীর্ঘদিন বন্ধ থাকার পর সৌদি আরবে পুরুষ কর্মী পাঠানো শুরু।
- মিসরের একটি বিমান প্যারিস থেকে কায়রো যাওয়ার পথে বিধ্বস্ত। ৬৬ আরোহীর সবাই নিহত।
- পশ্চিমবঙ্গের বিধানসভা নির্বাচনে ২৯৪ আসনের মধ্যে ২১১টিতে তৃণমূল কংগ্রেসের জয়।



**২০ মে**

- সোফিয়ায় বুলগেরিয়ার প্রধানমন্ত্রী বোইকো ভরিসভের সঙ্গে প্রধানমন্ত্রী শেখ হাসিনার বৈঠক। অর্থনৈতিক সহযোগিতা জোরদার করার লক্ষ্যে একটি রোডম্যাপ প্রণয়ন করতে দুই প্রধানমন্ত্রীর ঐকমত্য।
- দেশের রাজনৈতিক স্থিতিশীলতা থাকায় অর্থনৈতিক অগ্রগতি হচ্ছে। চট্টগ্রাম জেলা আওয়ামী লীগের সম্মেলন উদ্বোধনী অনুষ্ঠানে বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ।
- পিস্তল, গুলি ও তিন তরুণীসহ আটক সাতক্ষীরার সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্যের ছেলে সাফায়াত সারোয়ার রুমনের বিরুদ্ধে মামলা দায়ের।
- ইউরোপে অবৈধভাবে বসবাসরত নাগরিকদের দেশে ফেরানোর প্রক্রিয়া শুরু।
- কুষ্টিয়ায় বাউল অনুসারী হোমিও চিকিৎসক মীর সানাউর রহমানকে কুপিয়ে হত্যা।
- টাঙ্গাইলে মুক্তিযোদ্ধা ফারুক হত্যা মামলার পলাতক আসামি এমপি রানাসহ চার ভাইয়ের টাঙ্গাইল শহরের বাসা থেকে মালামাল জব্দ।
- রাজশাহী অঞ্চলে জামাআতুল মুজাহিদীন বাংলাদেশের (জেএমবি) তৎপরতা শুরু হওয়ায় কড়া নজরদারিতে রাজশাহীর কারাবন্দি ৩১ জেএমবি।
- সর্বকালের রেকর্ড ভঙ্গ করে ভারতের তাপমাত্রা ৫১ ডিগ্রি সেলসিয়াসে পৌঁছেছে।

**২১ মে**

- বুদ্ধ পূর্ণিমা উপলক্ষ্যে বঙ্গভবনে বৌদ্ধ সম্প্রদায়ের সদস্যদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন রাষ্ট্রপতি আবদুল হামিদ।
- বুলগেরিয়ায় অনুষ্ঠিত 'গ্লোবাল উইমেন লিডার ফোরামে' যোগদান শেষে প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেশে প্রত্যাবর্তন।
- আগামী ২৭ মে দ্বিতীয়বারের মতো পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী হিসেবে মমতা বন্দ্যোপাধ্যায়ের শপথ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আমন্ত্রণ।

- শুধু সরকার উৎখাত নয়, মধ্যবর্তী নির্বাচন নিয়েও ইসরায়েলের ক্ষমতাসীন দল লিকুদ পার্টির নেতা মেন্দি এন সাফাদির সঙ্গে বিএনপি নেতা আসলাম চৌধুরীর আলোচনা হয় বলে গোয়েন্দা পুলিশের অভিযোগ।
- ঘূর্ণিঝড় রোয়ানুর আঘাত থেকে জীবন বাঁচাতে দেশের উপকূলীয় অঞ্চলের ১১ লাখ মানুষ আশ্রয় নিল সাইক্লোন সেন্টারে।
- ঘূর্ণিঝড় রোয়ানুর আঘাতে উপকূলীয় অঞ্চলে নারী ও শিশুসহ নিহত ২৪।
- ঢাকার বাবুবাজার এলাকায় একটি মার্কেটে র‌্যাবের ভ্রাম্যমাণ আদালতের অভিযান। নিষিদ্ধ ওষুধ বিক্রির অভিযোগে ৬ জনকে বিভিন্ন মেয়াদে কারাদণ্ড ও জরিমানা আদায়।
- নরসিংদী সদর উপজেলায় পাকিজা গ্রুপের 'মম টেক্সটাইল মিলে' অগ্নিকাণ্ড, ৩ জন নিহত ও ১০ জন আহত।
- পচা মাছ-মাংস বিক্রির অভিযোগে রাজধানীর গুলশানে ঢালী সুপার শপে ৮ লাখ টাকা জরিমানা করলেন র‌্যাবের ভ্রাম্যমাণ আদালত।
- ছিনতাইকারীর হামলায় রাজধানীর কাঁটাবন মসজিদের সামনে প্রিয়াঙ্কা দত্ত প্রিয়া (২২) নামের এক তরুণী নিহত।
- ভারতের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করল ইসলামিক স্টেট (আইএস)। ২২ মিনিটের ভিডিও কনফারেন্সের মাধ্যমে যুদ্ধ ঘোষণার কথা বলে তারা।
- ভারতের হিমাচল প্রদেশে দুটি পৃথক সড়ক দুর্ঘটনায় ৩০ জন নিহত, আহত ২৩।
- পুলিশের সঙ্গে বন্দুকযুদ্ধে পাকিস্তানে আল-কায়েদার প্রধান তাইয়াব নওয়াজ নিহত।
- বন্যাকবলিত শ্রীলংকায় বিদেশি ত্রাণ পৌঁছতে শুরু।

**২২ মে**

- সারাদেশে পবিত্র শবেবরাত পালিত।
- শবেবরাত উপলক্ষ্যে প্রয়াত স্বামী রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও ছোট ছেলে আরাফাত রহমান কোকোর কবর জিয়ারত করলেন বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়া।



- মাদক ব্যবসায় বাধা দেওয়ায় ঝিনাইদহের কালীগঞ্জে শহরের আটপাড়া গ্রামের আবদুল আজিজের দুই হাত কেটে নেওয়ার পর এবার দু'পা কুপিয়ে জখম করলো সন্ত্রাসীরা।
- পঞ্চগড়ের তেঁতুলিয়া সীমান্তে বিএসএফের গুলিতে সুজন হোসেন নামে এক বাংলাদেশী যুবক নিহত।
- ফেনীর ফুলগাজী সীমান্ত থেকে ধরে নেয়া তিন বাংলাদেশী শিশুকে ফেরত দিল বিএসএফ। উপজেলার গিতবাড়িয়ার দক্ষিণ কামল্লা সীমান্তে বিজিবির মাধ্যমে পরিবারের সদস্যদের কাছে শিশু তিনটিকে হস্তান্তর করা হয়।

**২৩ মে**

- রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে 'সৃজনশীল মেধা অন্বেষণ' প্রতিযোগিতা ২০১৫ ও ২০১৬ সালের বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- সাপ্তাহিক 'বেগম' পত্রিকার সম্পাদক নূরজাহান বেগম আর নেই। রাজধানীর স্কয়ার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি ইন্তেকাল করেন। তাঁর বয়স হয়েছিল ৯১ বছর।
- বিচারকাজে অনিয়ম ও দুর্নীতির অভিযোগে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় চুয়াডাঙ্গার জেলা ও দায়রা জজ বেগম শিরীন কবিতা আখতার এবং ঢাকার অতিরিক্ত জেলা ও দায়রা জজ জুয়েল রানার বিরুদ্ধে বিভাগীয় মামলা দায়ের।
- ভিয়েতনামের ওপর থেকে অস্ত্র নিষেধাজ্ঞা প্রত্যাহার করল যুক্তরাষ্ট্র। দীর্ঘ ৫০ বছর ধরে ভিয়েতনামের ওপর যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞা জারি ছিল।
- থাইল্যান্ডের একটি স্কুল হোস্টেলে অগ্নিকাণ্ড। ১৭ শিক্ষার্থীর মৃত্যু।
- সিরিজ বোমা হামলায় সিরিয়া ও ইয়েমেনে নিহত ১৮৯, আহত শতাধিক।

**২৪ মে**

- বেসরকারি চিকিৎসাসেবা আইনের খসড়া মন্ত্রিসভায় অনুমোদন।
- সাংবাদিক শফিক রেহমানের জন্য কনস্যুলার সুবিধা চেয়ে পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলীর কাছে ব্রিটিশ প্রতিমন্ত্রীর চিঠি।

- ভুয়া কোম্পানি ও ব্যাংক হিসাব খুলে জালিয়াতির মাধ্যমে অগ্রণী ব্যাংক পুরানা পল্টন ও তেজগাঁও করপোরেট শাখার ৩০০ কোটি টাকা আত্মসাৎ।
- সোনালী ব্যাংক থেকে হলমার্কের চাঞ্চল্যকর ঋণ জালিয়াতির একটি মামলায় হোটেল রূপসী বাংলা শাখার এজিএম ও প্যারাগন নিটের দুই পরিচালকের যাবজ্জীবন কারাদণ্ড।
- ইউনিয়ন পরিষদ নির্বাচনকে কেন্দ্র করে পাবনা, চট্টগ্রাম, মুন্সীগঞ্জ, নরসিংদী ও সিলেটে সহিংস ঘটনায় ৫ জন নিহত। আহত ৬৭।
- বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের প্রথম নারী উপাচার্য অধ্যাপক খালেদা একরামের ইন্তেকাল। তাঁর বয়স হয়েছিল ৬৬ বছর।
- জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের পুকুরে ডুবে এক শিক্ষার্থীর মৃত্যু।
- সৌদি আরবে পাঠানো ৪০ হাজার গৃহকর্মীর দেশে ফেরত পাঠানোর প্রক্রিয়া শুরু।
- পচা ও বাসি খাবার রাখার দায়ে যুক্তরাজ্যে মোহাম্মদ জামান নামের বাংলাদেশি বংশোদ্ভূত এক রেস্তোরাঁর মালিকের ছয় বছরের কারাদণ্ড।
- পাকিস্তানের করাচির একটি ডকইয়ার্ডে হামলার সাথে জড়িত থাকার অভিযোগে নৌবাহিনীর পাঁচ কর্মকর্তার মৃত্যুদণ্ড।

**২৫ মে**

- যাত্রাবাড়ীতে বাসে পেট্রলবোমা হামলার ঘটনায় করা মামলায় বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়াসহ বিএনপির ৩৮ নেতা-কর্মীর নামে চার্জশিট গ্রহণ আদালতের।
- রাষ্ট্রের চতুর্থ স্তম্ভ হিসেবে সংবাদপত্র সরকার ও বিরোধী দলের পথনির্দেশনা তৈরি করে। 'প্রতিদিনের সংবাদ' নামের একটি দৈনিকের নবযাত্রা উপলক্ষ্যে ঢাকায় আয়োজিত অনুষ্ঠানে প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা।
- রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে বিএনপির আলোচনা সভা। মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর উপস্থিত ছিলেন।
- হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের নিরাপত্তা নিয়ে সরকারের তিনজন সচিব ও সাতজন বিদেশি রাষ্ট্রদূতের সঙ্গে পররাষ্ট্র মন্ত্রণালয়ের বৈঠক।



- আন্তর্জাতিক আদালতে কানাডিয়ান কোম্পানি নাইকোর বিরুদ্ধে প্রায় সোয়া নয় হাজার কোটি টাকা ক্ষতিপূরণ চেয়ে বাপেক্সের মামলা।
- লক্ষ্মীপুর সদর উপজেলায় আওয়ামী লীগের দুজন কর্মীকে গুলি করে হত্যা।
- তুরস্কে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত আল্লামা সিদ্দিকীকে ঢাকায় ডেকে পাঠিয়েছে বাংলাদেশ। সম্প্রতি ঢাকা থেকে তুরস্কের রাষ্ট্রদূতকে আঙ্কারায় ডেকে নেওয়ার পর বাংলাদেশ এ পাল্টা ব্যবস্থা গ্রহণ করল।
- গাইবান্ধার গোবিন্দগঞ্জ উপজেলায় ব্যবসায়ী দেবেশচন্দ্র প্রামাণিককে (৬৮) জবাই করে হত্যা।
- লিবিয়ার উপকূলে শরণার্থীবোঝাই একটি নৌকাডুবি, ৭ জনের মৃত্যু।
- পাকিস্তানে যুক্তরাষ্ট্রের ড্রোন হামলা।

**২৬ মে**

- বঙ্গভবনে রাষ্ট্রপতি আবদুল হামিদের সঙ্গে বাংলাদেশ আইন কমিশনের পাঁচ সদস্যের একটি প্রতিনিধিদলের সাক্ষাৎ।
- ভারতের পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের জন্য ২০ কেজি ইলিশ উপহার পাঠালেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- জি-৭ আউটরিচ সিটিংয়ে যোগ দিতে জাপানে পৌঁছানোর পর প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বিমানবন্দরে লালগালিচা সংবর্ধনা।
- নাশকতার ঘটনায় রাজধানীর দারুস সালাম থানায় দায়ের করা বিশেষ ক্ষমতা আইনের মামলায় বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়াসহ ২৬ জনের বিরুদ্ধে আদালতে চার্জশিট দাখিল।
- বিএনপির চেয়ারপারসন বেগম খালেদা জিয়াকে গ্রেপ্তার করা হলে এর পরিণাম ভালো হবে না। প্রেস ব্রিফিংয়ে বিএনপি নেতা মির্জা আব্বাস।
- নারায়ণগঞ্জে পিয়ার লতিফ সাত্তার উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক শ্যামল কান্তি ভক্তকে লাঞ্ছিত করার ঘটনায় নারায়ণগঞ্জ-৫ আসনের সংসদ সদস্য সেলিম ওসমানের দুঃখ প্রকাশ।
- দেশে অরাজকতা সৃষ্টি, সরকারকে অজনপ্রিয় করা ও দেশবিরোধী ষড়যন্ত্রের অভিযোগে বিএনপির যুগ্ম মহাসচিব আসলাম চৌধুরীর বিরুদ্ধে রাষ্ট্রদ্রোহ মামলা দায়ের।
- ভোলায় আসামি ধরাকে কেন্দ্র করে পুলিশের সঙ্গে এলাকাবাসীর সংঘর্ষ। একজন নিহত ও ১৫ জন আহত।

- দেশের মাধ্যমিক শিক্ষাব্যবস্থা: প্রচলিত গাইড বই ও কোচিং সেন্টার বন্ধের সুপারিশ বিশিষ্ট শিক্ষাবিদদের।
- বিকেএসপিতে অনুষ্ঠিত ক্রিকেট লিগে শেখ জামাল ১১ রানে ব্রাদার্স ইউনিয়নকে পরাজিত করে।
- বাংলাদেশে জাতীয় নির্বাচন না হওয়া পর্যন্ত অবরোধ আরোপ করার প্রস্তাব ব্রিটিশ পার্লামেন্টে।
- প্রশান্ত মহাসাগরে চীনের পারমাণবিক ক্ষেপণাস্ত্রবাহী ডুবোজাহাজ মোতায়েন।

**২৭ মে**

- টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার চ্যালেঞ্জ উত্তরণে প্রযুক্তি হস্তান্তর সম্পদের সুষম বন্টন এবং দরিদ্র দেশগুলোর সামর্থ্য বৃদ্ধির ব্যাপারে আরও তৎপর হওয়ার জন্য উন্নত দেশগুলোর প্রতি প্রধানমন্ত্রী শেখ হাসিনার আহ্বান। জাপানের নাগোয়ায় জি-৭ আউটরিচ বৈঠকে ভাষণদানকালে তিনি এ আহ্বান জানান।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে বন্যা ও ভূমিধসে ক্ষতিগ্রস্ত শ্রীলংকার দুর্গতদের জন্য বিভিন্ন ধরনের ৯ টন ত্রাণসামগ্রী প্রেরণ।
- চাঁপাইনবাবগঞ্জের সদর উপজেলায় এক স্কুলছাত্রীকে কুপিয়ে হত্যা। এ ঘটনায় আরও তিন ছাত্রী আহত।
- সেতুর রেলিং ভেঙে ঢাকা-বরিশাল মহাসড়কের মাদারীপুরে যাত্রীবাহী বাস খাদে। ৯ জন নিহত, আহত ৪০।
- সাভার উপজেলার আশুলিয়ার একটি বাড়ি থেকে দুই নারী গার্মেন্টস শ্রমিকের ঝুলন্ত লাশ উদ্ধার।
- যৌতুকের জন্য চাঁদপুর শহরে শ্বশুরবাড়িতে দুসন্তানের জননী সখিনা বেগমকে (২৭) আগুনে পুড়িয়ে হত্যা।
- প্রতিপক্ষের হামলায় বরিশাল পলিটেকনিক ইনস্টিটিউট এলাকায় ছাত্রলীগের এক নেতা নিহত।
- জঙ্গি অর্থায়নের অভিযোগে সিঙ্গাপুরে আটক আট বাংলাদেশির মধ্যে ছয়জনের বিরুদ্ধে চার্জ গঠন।
- রাঙামাটির কাপ্তাইয়ে সড়ক দুর্ঘটনায় ২ জন নিহত।
- জাপানের টোকিও বিমানবন্দরে কোরিয়ান এয়ারের একটি বিমানে আগুন।



**২৮ মে**

- আন্তর্জাতিক জাতিসংঘ শান্তিরক্ষী দিবস পালন উপলক্ষ্যে জাতিসংঘ মহাসচিব বান কি মুন, রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার বাণী প্রদান।
- সরকারের ভিশন ২০৪১ অনুযায়ী বাংলাদেশকে সমৃদ্ধশালী করতে জ্ঞান ও দক্ষতার মাধ্যমে নিজেদের গড়ে তুলতে হবে। ঢাকায় আয়োজিত জাতীয় শিক্ষা সপ্তাহ-২০১৬ এর সমাপনী অনুষ্ঠানে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ।
- জাপানে প্রধানমন্ত্রী শিনজো আবের সঙ্গে প্রধানমন্ত্রী শেখ হাসিনার বৈঠক। ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে মধ্যম আয়ের দেশে উন্নীত করতে এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার রূপকল্প-২০২১ বাস্তবায়নে ৬শ কোটি ডলার সাহায্য দেবে জাপান।
- নয়াপল্টনে বিএনপির দলীয় আলোচনা সভা অনুষ্ঠিত।
- পঞ্চম ধাপের ইউনিয়ন পরিষদ নির্বাচনে বিভিন্ন স্থানে সহিংসতায় একজন চেয়ারম্যান প্রার্থী এবং একজন মেম্বার প্রার্থীসহ ১২ জন নিহত।
- বিকেএসপিতে অনুষ্ঠিত ক্রিকেট টুর্নামেন্টে আবাহনী ৩ উইকেটে প্রাইম দোলেশ্বরকে পরাজিত করে।
- কেনাকাটায় দুর্নীতির অভিযোগে ১০টি উন্নয়ন প্রকল্প থেকে প্রায় সাড়ে সাত কোটি টাকা ফেরত চাইল বিশ্বব্যাংক।
- যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়া অঙ্গরাজ্যে রিপাবলিকান দলের প্রেসিডেন্ট পদে মনোনয়নপ্রত্যাশী ডোনাল্ড ট্রাম্পের সমাবেশ, সংঘর্ষ, ৩৫ জন আটক।
- দুর্নীতির অভিযোগে আর্জেন্টিনার সাবেক একনায়ক রেইনালদো বিগনোনেসহ ১৫ সেনা কর্মকর্তার কারাদণ্ড।
- যুক্তরাষ্ট্রের নেতৃত্বাধীন জোট বাহিনীর হামলায় ইরাকের ফালুজায় আইএসের ৭০ জঙ্গি নিহত।

**২৯ মে**

- জাতিসংঘ শান্তিরক্ষী দিবস পালন উপলক্ষ্যে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আয়োজিত অনুষ্ঠানে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেন, বাংলাদেশ জাতিসংঘ নিরাপত্তা পরিষদের অধীনে বিশ্বের যে কোনো প্রান্তে শান্তি প্রতিষ্ঠায় সর্বদা প্রস্তুত।

- বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে চীনের প্রতিরক্ষামন্ত্রী জেনারেল চাং ওয়ানকুয়ানের সাক্ষাৎ।
- জাপানে আওয়ামী লীগ আয়োজিত অনুষ্ঠানে প্রবাসীদের উদ্দেশে বক্তব্য রাখেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- টোকিওতে জাপানি ব্যবসায়ী নেতাদের সঙ্গে প্রাতঃরাশ বৈঠক করেন জাপান সফররত প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- নারায়ণগঞ্জের শিক্ষক শ্যামল কান্তি ভক্তকে লাঞ্ছনার ঘটনায় স্থানীয় প্রশাসনের দেওয়া প্রতিবেদনকে 'দায়সারা' গোছের বলে হাইকোর্টের মন্তব্য।
- বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়াসহ বিএনপির ৫১ নেতাকর্মীর বিরুদ্ধে রাজধানীর দারুস সালাম থানায় করা পৃথক দুটি নাশকতার মামলায় আদালতে চার্জশিট দাখিল।
- বিএনপিকে ধ্বংস করার ষড়যন্ত্র করা হচ্ছে। সংবাদ সম্মেলনে বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।
- সারাদেশে পাঁচ দফায় ইউনিয়ন পরিষদ নির্বাচনে নিহতের সংখ্যা ১১৭ ও আহত ৯ হাজার।
- নরসিংদী শহরে একটি পোশাক কারখানায় অগ্নিকাণ্ড, ৩ জন নিহত।
- কিশোরগঞ্জের মিঠামইনে ইউনিয়ন পরিষদ নির্বাচনের দায়িত্ব পালন শেষে বাড়ি ফেরার সময় নৌকাডুবি। ৫ নারী আনসার সদস্যের মৃত্যু।
- লিবিয়ার উপকূলে ভূমধ্যসাগরে গত কয়েক দিনে একের পর এক শরণার্থীবোঝাই নৌকাডুবি। ৭০০ জনের মৃত্যুর আশঙ্কা।
- ভারতের চিন্নাস্বামী স্টেডিয়ামে অনুষ্ঠিত আইপিএল খেলায় সানরাইজার্স হায়দরাবাদ ৮ উইকেটে বেঙ্গালুরুকে পরাজিত করে।
- দিল্লিতে আফ্রিকার বিভিন্ন দেশের ছয়জন নাগরিকের ওপর দুষ্কৃতকারীদের হামলা।

**৩০ মে**

- মালয়েশিয়ার সঙ্গে বিদ্যুৎকেন্দ্র, সৌদি আরবের সঙ্গে সাংস্কৃতিক এবং কুয়েতের সঙ্গে ভিসা ও সামরিক বিষয়ে চারটি চুক্তির খসড়া মন্ত্রিসভায় অনুমোদন।



- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে চীনের প্রতিরক্ষামন্ত্রী জেনারেল চ্যাং ওয়ানকুয়ানের সৌজন্য সাক্ষাৎ। দুই দেশের মধ্যে প্রতিরক্ষা খাতসহ বিভিন্ন বিষয়ে পারস্পরিক সহযোগিতার ওপর গুরুত্বারোপ।
- বিশিষ্ট আইনজীবী শামসুল হক চৌধুরীর ১১তম মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে ঢাকায় আয়োজিত আলোচনা সভায় বক্তৃতা করেন প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা।
- বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার সঙ্গে সাক্ষাৎ করতে 'প্রটোকল' সমস্যা হচ্ছে বলে ঢাকায় দায়িত্বরত বিভিন্ন দেশের কূটনীতিকদের অভিযোগ।
- আইপিএল জয় করে ঢাকায় ফিরলেন ক্রিকেটার মুস্তাফিজুর রহমান। বিমানবন্দরে ফুল দিয়ে বরণ করে নিলেন ক্রীড়া উপমন্ত্রী আরিফ খান।
- শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের জন্য রাডার কেনার জন্য আন্তর্জাতিক দরপত্র আহ্বান বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের।
- বিকেএসপিতে অনুষ্ঠিত ক্রিকেট লিগে গাজী গ্রুপ ৪৩ রানে ব্রাদার্স ইউনিয়নকে পরাজিত করে।
- পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. মো. শামসুদ্দিনের বিরুদ্ধে অনিয়ম ও দুর্নীতির অভিযোগ।
- পুলিশের হেফাজতে জামালপুরের সরিষাবাড়ীতে মো. হোসেন (২৫) নামের এক হত্যা মামলার আসামির মৃত্যু।
- সন্তান হত্যার দায়ে রংপুরের মিঠাপুকুর উপজেলায় মা ও বাবার ফাঁসির আদেশ আদালতের।
- বজ্রপাতে গাজীপুর, ঝিনাইদহ ও টাঙ্গাইলে ৭ জনের মৃত্যু।
- মানবতাবিরোধী অপরাধের দায়ে চাদের সাবেক স্বৈরশাসক হাইসেন হাবিবের যাবজ্জীবন কারাদণ্ড।
- মিসরের মুসলিম ব্রাদারহুডের ৩৫ জনের যাবজ্জীবন কারাদণ্ড।

**৩১ মে**

- জাতীয় দলের ক্রিকেটার মুস্তাফিজুর রহমানকে আরও সতর্ক হয়ে খেলার পরামর্শ দিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। রাজধানীর শেরেবাংলা নগরে অনুষ্ঠিত একনেকের সভায় তিনি এ পরামর্শ দেন।
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মা সায়েরা খাতুনের ৪১তম মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে বঙ্গবন্ধু ভবনে আয়োজিত মিলাদ মাহফিলে প্রধানমন্ত্রী শেখ হাসিনার অংশগ্রহণ।
- রাষ্ট্রদ্রোহের মামলায় বিএনপির যুগ্ম মহাসচিব আসলাম চৌধুরীর সাত দিনের রিমান্ড মঞ্জুর।
- ২১ আগস্ট গ্রেনেড হামলার ঘটনায় করা মামলার পলাতক আসামি বিএনপির সাবেক সাংসদ কাজী শাহ মোফাজ্জল হোসাইন কায়কোবাদকে দেশে ফেরত পাঠানোর প্রস্তাব বাতিল সংযুক্ত আরব আমিরাতের।
- নাগরিক ঐক্যের আহ্বায়ক মাহমুদুর রহমান মান্নাকে চিকিৎসার জন্য ইব্রাহিম কার্ডিয়াক হাসপাতালে ভর্তির নির্দেশ হাইকোর্টের।
- সাভারের আশুলিয়ায় বাংলাদেশ কমার্স ব্যাংকে আটজনকে হত্যাসহ ডাকাতির দায়ে জঙ্গি সংগঠন আনসারুল্লাহ বাংলা টিমের ছয়জনের মৃত্যুদণ্ডাদেশ আদালতের।
- সুন্দরবনের কুখ্যাত বনদস্যু মাস্টার বাহিনীর ১০ সদস্যের আত্মসমর্পণ।
- সিঙ্গাপুরের আদালতে অভ্যন্তরীণ নিরাপত্তা আইনে গ্রেপ্তার চার প্রবাসী বাংলাদেশি জঙ্গি অর্থায়নের অভিযোগে দোষী সাব্যস্ত।
- ভারতের একটি সামরিক অস্ত্রের গুদামে ভয়াবহ অগ্নিকাণ্ডে ২০ সেনা নিহত।
- চার পরাজিত মন্ত্রীকে গুরুত্বপূর্ণ পদে বসালেন ভারতের পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।
- সামাজিক যোগাযোগের মাধ্যমে তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোয়ানকে নিয়ে একটি ব্যঙ্গ কবিতা লেখায় সাবেক বিউটি কুইন মার্ভি বুয়কুসারাককে ১৪ মাসের কারাদণ্ড দিল আদালত।



## জুন

**১ জুন**

- বর্তমান সরকার জঙ্গিবাদ, সন্ত্রাসবাদসহ যে কোনো ধরনের অরাজকতা রোধ করতে দৃঢ়প্রতিজ্ঞ। জাতীয় সংসদে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- সরকার দেশের পরিকল্পিত উন্নয়নের লক্ষ্যে জিও ডেটা (ভূমিবিষয়ক উপাত্ত) সংগ্রহ এবং ডিজিটাল ম্যাপিংয়ের জন্য শিগগিরই ন্যাশনাল স্পেশাল ডেটা ইনফ্রাস্ট্রাকচার গড়ে তুলবে। ঢাকায় আয়োজিত 'ন্যাশনাল স্পেশাল ডেটা ইনফ্রাস্ট্রাকচার' শীর্ষক সেমিনারের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- পছন্দমতো নির্বাচন কর্মকর্তা নিয়োগ না দেওয়ায় চট্টগ্রামের বাঁশখালী উপজেলায় নির্বাচন কর্মকর্তা স্থানীয় সংসদ সদস্য মোস্তাফিজুর রহমান চৌধুরীর হাতে প্রহৃত।
- ঢাকার ধানমন্ডিতে আন্দোলনরত বেকার নার্সদের সঙ্গে পুলিশের সংঘর্ষ, ৫০ জন আহত।
- ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজ পরিচালনার বিশেষ কমিটি হাইকোর্টের অবৈধ ঘোষণা।
- মানবতাবিরোধী অপরাধের দায়ে হবিগঞ্জের মহিবুর রহমানকে (৬৫) মৃত্যুদণ্ড এবং তার সহোদর মুজিবুর রহমান (৬০) ও চাচাতো ভাই আবদুর রাজ্জাককে (৬৩) আমৃত্যু কারাদণ্ড যুদ্ধাপরাধ ট্রাইব্যুনালের।
- সারাদেশে বাসাবাড়িতে পাইপলাইনে গ্যাস ব্যবহারে সরকারের নিষেধাজ্ঞা।
- ঢাকা প্রিমিয়ার ক্রিকেট লিগে আবাহনী ৫ উইকেটে প্রাইম ব্যাংককে পরাজিত করে।
- মানবতাবিরোধী অপরাধের দায়ে জামায়াতের আমির মতিউর রহমান নিজামীর ফাঁসি নিয়ে পাকিস্তানের অবস্থান নিয়ে ভারত উদ্বিগ্ন।
- জঙ্গি হামলার আশঙ্কায় মার্কিন নাগরিকদের ইউরোপ ভ্রমণের ওপর সতর্কতা জারি যুক্তরাষ্ট্রের।

- বন্দুকধারীদের গুলিতে যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ২ জন নিহত।
- আত্মঘাতী বোমা হামলায় সোমালিয়ায় ১০ জন নিহত, আহত ৪০।

**২ জুন**

- ২০১৬-১৭ অর্থবছরের প্রস্তাবিত বাজেটকে অবৈধ সরকারের অবৈধ বাজেট বলে প্রত্যাখ্যান বিএনপির। ঢাকার নয়াপল্টনে দলের কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে রুহুল কবির রিজভী।
- জমির স্বত্ব না থাকা এবং জলাধার আইন লঙ্ঘন করে নির্মিত বিজিএমইএ ভবন ভাঙতে পাঁচ বছর আগে হাইকোর্টের যে রায়, তা বহাল সর্বোচ্চ আদালতে।
- কয়েক মাসের ব্যবধানেই ফের মোবাইলে কথা বলার খরচ বাড়ল।
- ইউনিয়ন পরিষদ নির্বাচনকে কেন্দ্র করে নড়াইলের লোহাগড়া উপজেলায় প্রতিপক্ষের ছোড়া গুলিতে একজন নিহত ও সাতজন গুলিবিদ্ধ।
- দেশের বিভিন্ন স্থানে সড়ক দুর্ঘটনায় ১৮ জন নিহত, আহত ২৮।
- মার্কিন সাহায্য সংস্থা ইউএসএআইডি কর্মকর্তা জুলহাজ মান্নানের পরিবারের কাছে শোক ও সমবেদনা জানিয়ে মার্কিন প্রেসিডেন্ট বারাক ওবামার চিঠি।
- ১৪ বছর আগে ভারতের গুজরাটে গণহত্যা মামলায় ২৪ জনের যাবজ্জীবন কারাদণ্ড ও ৩৬ জনের বেকসুর খালাস।
- ইরাক ও সিরিয়ায় ইসলামিক স্টেট (আইএস) নিয়ন্ত্রিত এলাকায় না খেয়ে আটকা পড়ে আছে হাজার হাজার মানুষ।

**৩ জুন**

- পাঁচ দিনের সরকারি সফরে সৌদি আরবের উদ্দেশে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঢাকা ত্যাগ।
- রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে বাজেটোত্তর সংবাদ সম্মেলন করেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত।
- চট্টগ্রামের বাঁশখালী উপজেলা নির্বাচন কর্মকর্তাকে মারধরের ঘটনায় স্থানীয় সংসদ সদস্য মোস্তাফিজুর রহমানের বিরুদ্ধে নির্বাচন কমিশনারের মামলা।



- বিশ্বজুড়ে হামলার সংখ্যা কমে গেলেও বাংলাদেশে জঙ্গি হামলা বেড়েছে। মার্কিন পররাষ্ট্র দপ্তরের প্রতিবেদনে তথ্য প্রকাশ।
- অপহরণের ১৭ দিন পরও মাছরাঙা টেলিভিশন চ্যানেলের সংবাদ পাঠিকা নিপা আফরোজাকে পুলিশ উদ্ধার করতে পারেনি।
- বগুড়ার শেরপুরে যাত্রীবাহী বাস ও ট্রাকের মুখোমুখি সংঘর্ষ, ১০ জন নিহত ও আহত ২৫।
- বাংলাদেশ-আসাম সীমান্ত পুরোপুরি সিল করার নির্দেশ দিলেন ভারতের কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী রাজনাথ সিং।
- উচ্ছেদ অভিযানকে কেন্দ্র করে ভারতের উত্তর প্রদেশের মথুরা শহরে জনতা-পুলিশ সংঘর্ষ। দুই পুলিশসহ নিহত ২৪, আহত অর্ধশতাধিক।
- ভূ-মধ্যসাগরের গ্রিস উপকূলে ৭০০ অভিবাসীবাহী নৌকাডুবি। ৩৪০ জনের মৃত্যুর আশঙ্কা।
- বোমা হামলার পরিকল্পনার অভিযোগে জার্মানিতে তিন সিরীয় শরণার্থী গ্রেপ্তার।

**৪ জুন**

- বিচারকগণের প্রতি গণতন্ত্র, দেশ ও জনগণের স্বার্থে সর্বোচ্চ নিরপেক্ষতা বজায় রেখে আন্তরিকতার সাথে দায়িত্ব পালনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের আহ্বান। আইন কমিশনের ২০ বছর পূর্তি উপলক্ষ্যে ঢাকায় আয়োজিত এক অনুষ্ঠানে তিনি এ আহ্বান জানান।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার পবিত্র ওমরাহ পালন।
- কিছু অনিয়ম, অভিযোগ থাকলেও অতীতের যেকোনো বারের চেয়ে এবারের ইউনিয়ন পরিষদ নির্বাচন ভালো হয়েছে। সাংবাদিকদের প্রধান নির্বাচন কমিশনার কাজী রকিবউদ্দীন।
- সবচেয়ে বেশি প্রাণহানি ও বিনা ভোটে জয়ের রেকর্ড গড়ার মধ্য দিয়ে ছয় ধাপে ৪ হাজার ৮৯টি ইউনিয়ন পরিষদের নির্বাচন সম্পন্ন।
- সিলেটে এম এ জি ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দরে এক যাত্রীর কাছ থেকে ১৫০টি শটগানের গুলি উদ্ধার।
- ঢাকায় অনুষ্ঠিত প্রিমিয়ার ক্রিকেট লিগে কলাবাগান ক্রীড়াচক্র ৬ উইকেটে মোহামেডানকে পরাজিত করে।
- কিংবদন্তি মুষ্টিযোদ্ধা মোহাম্মদ আলীর মৃত্যু।

- পাকিস্তানে আশ্রয় নেওয়া মাফিয়া ডন দাউদ ইব্রাহিমের সঙ্গে যোগসাজশের অভিযোগে বিজেপি মন্ত্রী একনাথ ঘাড়সেকেকে মন্ত্রিসভা থেকে বরখাস্ত।

**৫ জুন**

- জেদ্দায় সৌদি আরবের বাদশাহ সালমান বিন আবদুল আজিজ আল সৌদের সঙ্গে প্রধানমন্ত্রী শেখ হাসিনার দ্বিপাক্ষিক বৈঠক। বাংলাদেশ ও সৌদি আরব বিশ্ব শান্তি উন্নয়ন এবং মুসলিম উম্মাহর কল্যাণে একযোগে কাজ করার অঙ্গীকার।
- সাংবাদিকদের প্রশ্নের জবাবে প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা বলেন, বিচার বিভাগের সঙ্গে নির্বাহী বিভাগের সম্পর্ক ভালো।
- বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট (পিআইবি) ও দুর্নীতি দমন কমিশনের (দুদক) যৌথ উদ্যোগে 'দুর্নীতি প্রতিরোধে গণমাধ্যম' শীর্ষক পুরস্কার বিতরণ। পুরস্কারপ্রাপ্তরা হলেন : ১. কুন্তল রায়, প্রথম আলো ২. শাহ সোহেল আহমেদ, দৈনিক সিলেটের ডাক ৩. মো. মাহবুবুল আলম, চ্যানেল টোয়েন্টিফোর ৪. কাজল হাজরা, দৈনিক সমকালের সিনিয়র ফটোসাংবাদিক ও ৫. ওয়াহিদুজ্জামান, এনটিভি।
- চট্টগ্রামের পুলিশ সুপার বাবুল আক্তারের স্ত্রী মাহমুদা খানম খুন।
- রাজধানীর উত্তরায় সেনাবাহিনীর কর্মকর্তা কর্নেল খালেদ বিন ইউছুফের মাকে গলা কেটে হত্যা।
- হংকংয়ের স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংকে বিএনপির ভাইস চেয়ারম্যান সাবেক পররাষ্ট্রমন্ত্রী এম মোর্শেদ খানের ব্যাংক হিসাব দশ দিন জব্দ রাখার জন্য হাইকোর্টের নির্দেশ।
- বোমা বিস্ফোরণে আফগানিস্তানে পার্লামেন্টের এক সদস্য নিহত।
- দক্ষিণ চীন সাগর ইস্যুতে চীন মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে বাগযুদ্ধ শুরু।
- সিরিয়ায় সরকারি বাহিনী ও আইএস জঙ্গিদের মধ্যে সংঘর্ষ। ২৬ জঙ্গি ও ৯ সিরীয় সেনা নিহত।

**৬ জুন**

- বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে বাংলাদেশে নিযুক্ত ভারতের হাইকমিশনার হর্ষ বর্ধন শ্রিংলার সৌজন্য সাক্ষাৎ।



- সৌদির শ্রমমন্ত্রী ড. মুফরেজ বিন সাদ আল হাকবানির সঙ্গে প্রধানমন্ত্রী শেখ হাসিনার বৈঠক। বাংলাদেশ থেকে আরও ৫ লাখ শ্রমিক নেওয়ার ব্যাপারে সৌদি আরবের আগ্রহ প্রকাশ।
- বিশ্বের ক্ষমতাধর ১০০ নারীর তালিকায় ৩৬তম অবস্থানে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। শীর্ষে রয়েছেন জার্মানির চ্যান্সেলর অ্যাঙ্গেলা মেরকেল। যুক্তরাষ্ট্রভিত্তিক ফোর্বস সাময়িকীর তথ্য।
- মদিনায় মহানবী (সা.)-এর রওজা জিয়ারত করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সঙ্গে ছিলেন ছোট বোন শেখ রেহানা।
- নাশকতার চার মামলায় বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার বিরুদ্ধে অভিযোগপত্র দাখিল।
- একাত্তরের গুপ্তঘাতক আলবদর বাহিনীর নেতা ও জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় নির্বাহী পরিষদের সদস্য মীর কাসেম আলীর মৃত্যুদণ্ডের পরোয়ানা জারি আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের।
- যশোরের বাঘারপাড়া উপজেলার একটি ফিলিং স্টেশনে দু'জনকে কুপিয়ে হত্যা।
- কক্সবাজার, রাজবাড়ী, ময়মনসিংহ ও কুমিল্লায় সড়ক দুর্ঘটনায় ২৭ জন নিহত ও ২৪ জন আহত।
- চট্টগ্রামে পুলিশ সুপার বাবুল আক্তারের স্ত্রী মাহমুদা আক্তার ও নাটোরের ব্যবসায়ী সুনীল গোমেজ হত্যায় মার্কিন রাষ্ট্রদূত মার্শা বার্নিকাটের শোক।
- শ্রীলংকার গোলাবারুদের ভাণ্ডারে বিস্ফোরণ। একটি হাসপাতালসহ শত শত ঘরবাড়ি ভস্মীভূত।
- সন্ত্রাসী হামলায় জর্ডানে ৫ গোয়েন্দা কর্মকর্তা নিহত।

**৭ জুন**

- মদিনায় প্রবাসী বাংলাদেশিদের সঙ্গে মতবিনিময় করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান খাতের কিছু কিছু ক্ষেত্রে লুটপাট হয়েছে। সংসদে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত।
- রাজধানীর পল্লবী ও রাজশাহীর গোদাগাড়ীতে পুলিশের সঙ্গে 'বন্দুকযুদ্ধে, জামা'আতুল মুজাহিদীন বাংলাদেশের ৩ সদস্য নিহত।

- ঝিনাইদহ সদরের সোনাইখালী গ্রামে গোপাল গাঙ্গুলী (৭০) নামের এক বর্ষীয়ান পুরোহিতকে জবাই করে হত্যা।
- রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের অধ্যাপক রেজাউল করিম সিদ্দিকী হত্যা মামলার অন্যতম আসামি ওসমানসহ তিন যুবক পুলিশের সঙ্গে 'বন্দুকযুদ্ধে' নিহত।
- মানসম্মত ওষুধ প্রস্তুত না করায় বিশেষজ্ঞ কমিটির চিহ্নিত ২০টি কোম্পানিকে সব ধরনের ওষুধ উৎপাদন বন্ধে হাইকোর্টের নির্দেশ।
- ঢাকায় অনুষ্ঠিত এশিয়ান কাপ ফুটবল টুর্নামেন্টে তাজিকিস্তানের কাছে বাংলাদেশের ১-০ গোলে হার।
- প্রয়োজনীয় সংখ্যক ডেলিগেটের সমর্থন পাওয়ায় যুক্তরাষ্ট্রের আসন্ন প্রেসিডেন্ট নির্বাচনে ডেমোক্রেটিক দল থেকে হিলারি ক্লিনটনের প্রার্থিতা নিশ্চিত।
- ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি তিনদিনের সরকারি সফরে যুক্তরাষ্ট্রে পৌঁছেছেন।
- তুরস্কে বাসে বোমা হামলায় ১১ জন নিহত।

**৮ জুন**

- গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সংবাদ সম্মেলন।
- হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের রানওয়ের ক্লিয়ারেন্স না পাওয়ায় প্রধানমন্ত্রীকে বহনকারী বিমানকে ঢাকার আকাশে উড়তে হলো বাড়তি ৩৭ মিনিট।
- ঝিনাইদহে দুর্বৃত্তদের হাতে খুন হওয়া পুরোহিত গোপাল গাঙ্গুলীর বাড়ি পরিদর্শনে ভারতীয় হাইকমিশনের দুই কর্মকর্তা।
- দেওয়ানগঞ্জের পাহাড়ি সীমান্ত এলাকায় বন্যহাতির আক্রমণে ২ জন নিহত, ইউএনওসহ ১০ জন আহত।
- ঢাকায় অনুষ্ঠিত প্রিমিয়ার ক্রিকেট লিগে মোহামেডান ৬ উইকেটে শেখ জামাল ধানমন্ডিকে পরাজিত করে।
- মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনে নিজের মনোনয়নকে নারীর জন্য ঐতিহাসিক মাইলফলক বলে উল্লেখ করলেন সাবেক পররাষ্ট্রমন্ত্রী হিলারি ক্লিনটন।



- হোয়াইট হাউসে প্রেসিডেন্ট বারাক ওবামার সঙ্গে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বৈঠক। পরমাণু সমঝোতার ওপর গুরুত্বারোপ।
- যারা সন্ত্রাসকে প্রশ্রয় দেয় তাদের বিচ্ছিন্ন করা উচিত। মার্কিন কংগ্রেসের যৌথ অধিবেশনে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির মন্তব্য।
- সাম্প্রতিক ধারাবাহিক হত্যাকাণ্ডে উদ্বেগ প্রকাশ করে বাংলাদেশ বিপজ্জনক পরিস্থিতির দিকে এগিয়ে যাচ্ছে বলে ইউরোপীয় পার্লামেন্টের হুঁশিয়ারি।

**৯ জুন**

- বীরশ্রেষ্ঠদের পরিবার, যুদ্ধাহত মুক্তিযোদ্ধা, আলেম-ওলামা, এতিম এবং বঙ্গভবনের কর্মকর্তা-কর্মচারীদের সম্মানে বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের ইফতার।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে যুক্তরাষ্ট্রভিত্তিক ডেমোক্রেসি ইন্টারন্যাশনালের একটি প্রতিনিধিদলের সাক্ষাৎ।
- কিছু অনিয়ম, অভিযোগ থাকলেও অতীতের যেকোনো বারের চেয়ে এবারের ইউনিয়ন পরিষদ নির্বাচন ভালো হয়েছে। সাংবাদিকদের প্রধান নির্বাচন কমিশনার কাজী রকিবউদ্দীন।
- প্রধানমন্ত্রীকে বহনকারী বিমান ৩৭ মিনিট বিলম্বে অবতরণ করার ঘটনায় বাংলাদেশ এয়ারলাইন্সের দুই প্রকৌশলীকে সাময়িক বরখাস্ত।
- ইসরায়েলের গোয়েন্দা সংস্থা মোসাদের সঙ্গে সংশ্লিষ্টতার কথা স্বীকার করলেন বিএনপির যুগ্ম মহাসচিব আসলাম চৌধুরী। সাংবাদিকদের প্রশ্নের জবাবে ডিএমপি কর্মকর্তা মনিরুল ইসলাম।
- জঙ্গি ও সন্ত্রাসীদের বিরুদ্ধে দেশব্যাপী পুলিশের সাঁড়াশি অভিযান শুরু।
- গুলিস্তানে দোকান বসানোকে কেন্দ্র করে ঢাকা ট্রেড সেন্টারের ব্যবসায়ী ও ফুটপাতের হকারদের মধ্যে সংঘর্ষ, ধাওয়া-পাল্টা ধাওয়া।
- র‍্যাবের সঙ্গে বন্দুকযুদ্ধে রাজধানীতে দু'জন নিহত।
- ঢাকায় শিয়া সম্প্রদায়ের তাজিয়া মিছিলের প্রস্তুতির সময় হোসেনি দালানে বোমা হামলা মামলায় জেএমবির ১০ সদস্যের বিরুদ্ধে অভিযোগপত্র দাখিল।

- ঢাকায় অনুষ্ঠিত ক্রিকেট লিগে ভিক্টোরিয়া ২৮ রানে গাজী গ্রুপকে পরাজিত করে।
- রাজনৈতিক দলগুলোকে সংলাপে বসার জন্য ইউরোপীয় পার্লামেন্টের আহ্বান, আওয়ামী লীগের নাকচ।
- যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচনে ডেমোক্রেটিক পার্টির প্রার্থী হিসেবে হিলারি ক্লিনটনকে স্বীকৃতি দিলেন প্রেসিডেন্ট ওবামা।
- নেপালে ধর্মঘট পালনকালে মাওবাদী দলের ১৬২ জন গ্রেপ্তার।
- বন্দুকধারীদের হামলায় তেল আবিবে চার ইসরায়েলি নিহত।

**১০ জুন**

- গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে আওয়ামী লীগের কার্যনির্বাহী সংসদের সভা।
- অভিযানের নামে সাধারণ মানুষ আর বিরোধী রাজনৈতিক দলের নেতাকর্মীদের গ্রেপ্তার করা হচ্ছে। সংবাদ সম্মেলনে বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।
- জঙ্গি ও সন্ত্রাসীদের দমনে সারা দেশে পুলিশের সাঁড়াশি অভিযানের প্রথম দিনে এক হাজারের বেশি গ্রেপ্তার।
- রাজধানীর গুলিস্তানে ট্রেড সেন্টারের সামনে ফুটপাতে দোকান বসানো নিয়ে হকার ও ব্যবসায়ীদের মধ্যে সংঘর্ষ। পুলিশের উপকমিশনারসহ ২৫ জন আহত, আটক ২ শতাধিক।
- পাবনার হেমায়েতপুরে হিন্দু তীর্থস্থান অনুকূল চন্দ্র আশ্রমের এক সেবককে কুপিয়ে হত্যা।
- ঢাকায় অনুষ্ঠিত ফেডারেশন কাপ ম্যাচে মোহামেডান ও রহমতগঞ্জের ম্যাচ ২-২ গোলে ড্র।
- কোটি কোটি শোকার্ত মানুষের বিনম্র শ্রদ্ধায় নিজ শহর লুইভিলে শেষকৃত্য অনুষ্ঠান শেষে সমাহিত হলেন কিংবদন্তি মুষ্টিযোদ্ধা মোহাম্মদ আলি।
- ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির যুক্তরাষ্ট্র সফরে মার্কিনিরা মুগ্ধ। দক্ষিণ ও মধ্য এশিয়াবিষয়ক সহকারী মার্কিন পররাষ্ট্রমন্ত্রী নিশা দেশাই বিসওয়ালের মন্তব্য।



- পাকিস্তানি ভূখণ্ডে যুক্তরাষ্ট্র কোনো ধরনের ড্রোন হামলা করলে দুই দেশের সম্পর্ক ক্ষতি হবে বলে প্রধানমন্ত্রীর পররাষ্ট্র বিষয়ক উপদেষ্টা সারতাজ আজিজের হুঁশিয়ারি।
- মার্কিন যৌথ বাহিনীর বিমান হামলায় ইরাকে ইসলামিক স্টেটের (আইএস) প্রধান আবু বকর বাগদাদি আহত।
- ভারতের বিমানবাহী রণতরি আইএনএস বিক্রমাদিত্যে দুর্ঘটনায় ২ জন নিহত।

**১১ জুন**

- ঢাকায় আওয়ামী লীগের ২০তম জাতীয় কাউন্সিল প্রস্তুতি কমিটির সভা। উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার ইফতার মাহফিলে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার অংশগ্রহণ।
- চট্টগ্রামে এসপি-পত্নী মাহমুদা আক্তার মিতু, নাটোরের খ্রিস্টান ব্যবসায়ী সুনীল গোমেজ, ঝিনাইদহের পুরোহিত আনন্দ গোপাল গাঙ্গুলী ও পাবনার হেমায়েতপুরে নিত্যরঞ্জন পাণ্ডেসহ সকল হত্যাকাণ্ডের নিন্দা ও প্রতিবাদে সারাদেশে মানববন্ধন ও বিক্ষোভ কর্মসূচি পালিত।
- জঙ্গি দমনে দেশব্যাপী পুলিশের সাঁড়াশি অভিযানে গত ২৪ ঘণ্টায় ৩৭ জঙ্গিসহ ৩ হাজার ১৯২ জন গ্রেপ্তার।
- চট্টগ্রামের খুলশী থানায় আশ্রাফ নামের (৩০) স্বেচ্ছাসেবক দলের এক নেতাকে অপহরণের পর হত্যা।
- মুন্সীগঞ্জ সদরে জনি (১৭) নামের এক আওয়ামী লীগ কর্মীকে গুলি করে হত্যা।
- ঢাকায় অনুষ্ঠিত স্বাধীনতা কাপ ফুটবল টুর্নামেন্টে শেখ জামাল ৬-২ গোলে বারিধারাকে পরাজিত করে।
- সিরিয়ায় জিহাদিদের কাছে সামরিক সরঞ্জাম পাঠিয়ে দেশটির ওপর আরোপিত নিষেধাজ্ঞা লঙ্ঘন করায় যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়ায় সিরীয় বংশোদ্ভূত মার্কিন নাগরিক আমিন আলবারউদির (৫০) ৩২ মাস কারাদণ্ড।
- থাইল্যান্ডে একটি বাসের চাকা বিস্ফোরিত হয়ে প্রাথমিক বিদ্যালয়ের ১১ শিক্ষার্থী নিহত।

**১২ জুন**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে মিসরের রাষ্ট্রদূত মাহমুদ ইজ্জতের বিদায়ী সাক্ষাৎ।
- যুক্তরাষ্ট্রের ফ্লোরিডায় সন্ত্রাসী হামলার নিন্দা জানিয়ে মার্কিন প্রেসিডেন্ট বারাক ওবামার কাছে প্রধানমন্ত্রী শেখ হাসিনার চিঠি।
- কাফনের কাপড় পাঠিয়ে টেলিফোনে জাসদ সভাপতি ও তথ্যমন্ত্রী হাসানুল হক ইনুকে প্রাণনাশের হুমকি।
- দেশের বেসরকারি স্কুল ও কলেজের গভর্নিংবডির সভাপতি পদে জাতীয় সংসদ সদস্যগণের নিয়োগসংক্রান্ত ধারা অবৈধ ঘোষণা করে দেওয়া হাইকোর্টের রায় বহাল রাখলেন সুপ্রিম কোর্টের আপিল বিভাগ।
- বাংলাদেশের সংখ্যালঘুদের ওপর বর্তমানে হামলা ও হত্যাকাণ্ড বৃদ্ধি পাওয়ায় শঙ্কা প্রকাশ করে এ বিষয়ে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির হস্তক্ষেপ কামনা করল বাংলাদেশ হিন্দু-বৌদ্ধ-খ্রিস্টান ঐক্য পরিষদ।
- চট্টগ্রামে এসপি-পত্নী মাহমুদা খানম মিতু হত্যার পেছনে দেশি-বিদেশি ষড়যন্ত্র রয়েছে বলে পুলিশ মহাপরিদর্শক একেএম শহীদুল হকের মন্তব্য।
- পুলিশের জঙ্গিবিরোধী বিশেষ অভিযানে দুই দিনে সারা দেশে সাড়ে পাঁচ হাজার গ্রেপ্তার।
- বজ্রপাতে বিভিন্ন জেলায় ৮ জন নিহত, আহত ৬।
- ঢাকায় অনুষ্ঠিত ফেডারেশন কাপ ফুটবল টুর্নামেন্টে রহমতগঞ্জ ও বিজেএমসির খেলা ১-১ গোলে ড্র।
- বন্দুকধারীদের গুলিতে যুক্তরাষ্ট্রের ফ্লোরিডার অরল্যান্ডের একটি নাইট ক্লাবে ৫০ জন নিহত ও অর্ধশতাধিক আহত।
- চীনের সাংহাইয়ের পুদং আন্তর্জাতিক বিমানবন্দরে বিস্ফোরণ, ৩ জন আহত।

**১৩ জুন**

- বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে সৈয়দ মোদাচ্ছের আলীর নেতৃত্বে সাত সদস্যের একটি প্রতিনিধিদলের সাক্ষাৎ।



- মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে সিদ্ধান্ত। কাবা শরিফ ও মসজিদে নববী রক্ষায় প্রয়োজনে বাংলাদেশ সেনা পাঠাবে।
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসিতে ছাত্রলীগের ২ দিনব্যাপী এক বর্ধিত সভায় জনপ্রশাসনমন্ত্রী সৈয়দ আশরাফুল ইসলাম বলেন, বঙ্গবন্ধু হত্যাকাণ্ডের সব প্রেক্ষাপট তৈরির জন্য জাসদ দায়ী।
- বাংলাদেশের সংখ্যালঘুদের নিরাপত্তা নিশ্চিত করার জন্য অন্য কোনো দেশের সহায়তা চাওয়ার প্রয়োজন নেই। তাদের নিরাপত্তার জন্য আমাদের সরকার যথেষ্ট। ঢাকায় সাংবাদিকদের তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু।
- ঢাকায় নিযুক্ত বিভিন্ন দেশের কূটনীতিক ও মিশন প্রধানদের সম্মানে খালেদা জিয়ার ইফতার।
- সারা দেশে আইনশৃঙ্খলা বাহিনীর সাঁড়াশি অভিযানে গত তিন দিনে ১১৯ জঙ্গিসহ গ্রেপ্তার ৮৫৩২ জন।
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি প্রফেসর ড. মনিরুজ্জামান মিঞার ইন্তেকাল।
- ঢাকায় অনুষ্ঠিত ফেডারেশন কাপ ফুটবল টুর্নামেন্টে মুক্তিযোদ্ধা দল ১-০ গোলে চট্টগ্রাম আবাহনীকে এবং দ্বিতীয় ম্যাচে ব্রাদার্স ইউনিয়ন ১-০ গোলে বারিধারাকে পরাজিত করে।
- বাংলাদেশে সাম্প্রতিক কালে বিভিন্ন হত্যাকাণ্ডে জাতিসংঘের মানবাধিকারবিষয়ক হাইকমিশনারের গভীর উদ্বেগ প্রকাশ।
- বন্দুকধারীদের গুলিতে মেক্সিকোয় ২ জন নিহত, আহত ১১

**১৪ জুন**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে রাজধানীর শেরেবাংলা নগরে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভা।
- সরকার আইনজীবীদের সুযোগ-সুবিধা বৃদ্ধির জন্য লক্ষ্য নির্ধারণ করে পদক্ষেপ নিচ্ছে। সুপ্রিম কোর্ট চত্বরে সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতি আয়োজিত ইফতার মাহফিলে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- দেশজুড়ে অবনতিশীল আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশের জঙ্গিবিরোধী সাঁড়াশি অভিযানে নিরীহ মানুষ যাতে হয়রানির শিকার না হয় সেই দিকে খেয়াল রাখতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশ।

- জাসদকে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সৈয়দ আশরাফুল ইসলামের সাম্প্রতিক বক্তব্যকে অনভিপ্রেত, দুঃখজনক ও অপ্রাসঙ্গিক হিসেবে অভিহিত করলেন তথ্যমন্ত্রী ও জাসদের সভাপতি হাসানুল হক ইনু। ইত্তেফাককে দেওয়া এক সাক্ষাৎকারে তিনি একথা বলেন।
- দেশব্যাপী চলমান জঙ্গিবিরোধী সাঁড়াশি অভিযানের পঞ্চম দিনে ১৮৮৮ জন গ্রেপ্তার।
- হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের রানওয়েতে পড়ে থাকা ধাতব বস্তুর আঘাতে দুটি এয়ারক্রাফট ক্ষতিগ্রস্ত।
- ঢাকায় অনুষ্ঠিত ফেডারেশন কাপ ফুটবল টুর্নামেন্টে আবাহনী ১-০ গোলে ফেনী সকারকে এবং বিজেএমসি ২-১ গোলে মোহামেডানকে পরাজিত করে।
- দুর্বৃত্তদের হামলায় ফ্রান্সের রাজধানী প্যারিসে পুলিশ কর্মকর্তা ও তার স্ত্রী নিহত।

**১৫ জুন**

- জাপানে সম্প্রতি জি-সেভেন আউটরিচ বৈঠকে বিশ্বনেতাদের কাছে জঙ্গিবাদের বিরুদ্ধে বাংলাদেশের কঠোর অবস্থানের কথা তুলে ধরা হয়েছে। সংসদকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- গণভবনে বাংলাদেশ কৃষক লীগ আয়োজিত বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- ঢাকার সেনানিবাসে সশস্ত্র বাহিনীর সম্মিলিত ইফতার পার্টিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার অংশগ্রহণ।
- চলমান সাঁড়াশি অভিযানে সুনির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে গ্রেপ্তার করা হচ্ছে, নিরপরাধ কাউকে ধরা হয়নি। সাংবাদিকদের স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল।
- আওয়ামী লীগ নেতা ও সাবেক এমপি আহসান উল্লাহ মাস্টার হত্যা মামলার ছয় আসামির মৃত্যুদণ্ড বহাল হাইকোর্টে।
- দেশজুড়ে সাঁড়াশি অভিযানের ষষ্ঠ দিনে ২১ জঙ্গিসহ গ্রেপ্তার ৩৪১২ জন।



- দুর্বৃত্তের হামলায় মাদারীপুর সরকারি নাজিমউদ্দিন বিশ্ববিদ্যালয় কলেজের প্রভাষক রিপন চক্রবর্তী আহত।
- এ বছর সর্বনিম্ন ফিতরা জনপ্রতি ৬৫ টাকা এবং সর্বোচ্চ ১ হাজার ৬৫০ টাকা।
- ঢাকায় অনুষ্ঠিত প্রিমিয়ার ক্রিকেট লিগে আবাহনী ২৬০ রানে মোহামেডানকে পরাজিত করে।
- বাস দুর্ঘটনায় ভারতের মেঘালয় রাজ্যে ৩০ জন নিহত, আহত ১০।
- ভূখণ্ডে অবৈধভাবে ঢুকে পড়ায় অরুণাচল সীমান্তে ভারত ও চীনের সেনাদের মধ্যে হাতাহাতি।
- পোল্যান্ড সীমান্তে ন্যাটোর চার হাজার বহুজাতিক সেনা মোতায়েন করায় রুশ সীমান্তে উত্তেজনা।

**১৬ জুন**

- প্রধানমন্ত্রী, স্পিকার, প্রধান বিচারপতি, মন্ত্রিসভার সদস্য, বিদেশি কূটনীতিক, বিশিষ্ট নাগরিক এবং পদস্থ বেসামরিক ও সামরিক কর্মকর্তাদের সম্মানে বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের ইফতার মাহফিল।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে বাংলাদেশে নবনিযুক্ত মালয়েশিয়ার রাষ্ট্রদূত মোহাম্মদ তায়েবের সাক্ষাৎ।
- ঢাকায় লিবারেল ডেমোক্রেটিক পার্টি আয়োজিত ইফতার মাহফিল। উপস্থিত ছিলেন খালেদা জিয়া।
- রাজধানীর হাজারীবাগে থাকা ১৫৪টি ট্যানারি সাভারে না সরানো পর্যন্ত পরিবেশদূষণের ক্ষতিপূরণ হিসেবে প্রত্যেক ট্যানারি মালিককে প্রতিদিন ৫০ হাজার টাকা করে রাষ্ট্রীয় কোষাগারে জমা দিতে হাইকোর্টের নির্দেশ।
- ইসরায়েলি গোয়েন্দা সংস্থা মোসাদের নির্দেশনা অনুযায়ী ছাত্রশিবিরের কর্মীরা সারাদেশে একের পর এক টার্গেট কিলিং ঘটাচ্ছে বলে পুলিশের কাউন্টার টেরোরিজম অ্যান্ড ট্রান্স ন্যাশনাল ক্রাইম ইউনিটের দাবি।
- দেশজুড়ে সপ্তাহব্যাপী জঙ্গিবিরোধী সাঁড়াশি অভিযানে গ্রেপ্তার ১৩ হাজার।

- র‍্যাবের সঙ্গে বন্দুকযুদ্ধে রাজধানীর শেরেবাংলা নগরে এক যুবক নিহত।
- ব্রিটেনের উত্তর ইংল্যান্ডে নিজের নির্বাচনী এলাকায় জো বক্স নামের এক মহিলা এমপিকে কুপিয়ে হত্যা।
- নাইজারের সাহারা মরুভূমি থেকে ৩৪ অভিবাসীর লাশ উদ্ধার।
- যুক্তরাষ্ট্রের অরল্যান্ডের নাইট ক্লাবে হত্যাকাণ্ডের পর মুসলিমদের বিরুদ্ধে সব ধরনের হুমকি–ধমকি বন্ধ করতে ওবামা প্রশাসনের হুঁশিয়ারি।

**১৭ জুন**

- ব্রিটেনের লেবার পার্টির এমপি জো বক্সের মর্মান্তিক হত্যাকাণ্ডের ঘটনায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার শোক।
- ঢাকার রামকৃষ্ণ মিশনের সহ–সম্পাদক স্বামী সেবানন্দকে চিঠি পাঠিয়ে হত্যার হুমকিতে গভীর উদ্বেগ প্রকাশ ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির।
- সপ্তাহব্যাপী জঙ্গিবিরোধী সাঁড়াশি অভিযানে মোট ১৫ হাজার ৫৭৬ জন অপরাধী গ্রেপ্তার।
- নোয়াখালীর সোনাইমুড়ী উপজেলায় আসিফউদ্দীন নামে এক কলেজ ছাত্রকে গুলি করে হত্যা।
- ঢাকায় অনুষ্ঠিত ফেডারেশন কাপ ফুটবল টুর্নামেন্টে আবাহনী ও শেখ জামাল ম্যাচ ২-২ গোলে ড্র।
- বাংলাদেশে অপরাধের সুনির্দিষ্ট তথ্য-প্রমাণ ছাড়াই গণগ্রেফতার বন্ধের আহ্বান যুক্তরাষ্ট্রভিত্তিক আন্তর্জাতিক মানবাধিকার সংগঠন হিউম্যান রাইটস ওয়াচের।
- ভারতের গুজরাটের আহমেদাবাদ শহরে ২০০২ সালে মুসলমানবিরোধী দাঙ্গায় ৬৯ জন মুসলিমকে আগুনে পুড়িয়ে হত্যার ঘটনায় ভারতের একটি বিশেষ আদালত যে ২৪ জনকে দোষী সাব্যস্ত করেছিল, তার মধ্যে ১১ জনের আমৃত্যু কারাদণ্ড প্রদান।
- দ্বিতীয় বিশ্বযুদ্ধ চলাকালে নাৎসি বাহিনীর রক্ষী রেইনহোল্ড হ্যানিংকে যুদ্ধাপরাধের দায়ে পাঁচ বছরের কারাদণ্ড।



- পৃথিবীতে শান্তি ফিরিয়ে আনতে মুসলিম সম্প্রদায়কে মঙ্গল গ্রহে পাঠিয়ে দেওয়া উচিত। নির্বাচনী জনসভায় মার্কিন রিপাবলিকান দলের মনোনীত প্রার্থী ডোনাল্ড ট্রাম্প।

**১৮ জুন**

- জাতীয় প্রেসক্লাবে বিএফইউজে ও ডিইউজে আয়োজিত ইফতার অনুষ্ঠান। উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সফররত ভারতীয় লোকসভার সদস্য অভিজিত মুখার্জির সাক্ষাৎ।
- ঢাকায় জাতীয় গণতান্ত্রিক পার্টি আয়োজিত ইফতার মাহফিল। উপস্থিত ছিলেন বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়া।
- সাংবাদিক পরিচয়ে মোবাইল ফোনে কারা মহাপরিদর্শক ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ ইফতেখার উদ্দিনকে হত্যার হুমকি।
- মাদারীপুরে শিক্ষক রিপন চক্রবর্তীর ওপর হামলার সময় হাতেনাতে গ্রেপ্তার জঙ্গি গোলাম ফায়জুল্লাহ ফাহিম পুলিশের সঙ্গে বন্দুকযুদ্ধে নিহত।
- রাজধানীর আশুলিয়া বেড়িবাঁধসংলগ্ন খাল থেকে বিপুল পরিমাণ অস্ত্র ও গুলি উদ্ধার।
- ঢাকার মিরপুর স্টেডিয়ামে অনুষ্ঠিত প্রিমিয়ার ক্রিকেট লিগে আবাহনী ৬ উইকেটে ভিক্টোরিয়াকে পরাজিত করে।
- সন্ত্রাসবিরোধী অভিযানে বেলজিয়ামে ১২ জন আটক।
- গ্যাস সিলিন্ডার বিস্ফোরণে লিবিয়ায় ৪ বাংলাদেশি নিহত।

**১৯ জুন**

- বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে ভারতের লোকসভার সদস্য অভিজিত মুখার্জির সাক্ষাৎ।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে এফবিসিসিআই ও বিজিএমইএ নেতাদের বৈঠক। পোশাক খাতের উৎস কর হার হ্রাস এবং নতুন ভ্যাট আইন সংশোধনে প্রধানমন্ত্রীর আশ্বাস।
- গুপ্তহত্যা ও জঙ্গি হামলার প্রতিবাদে রাজধানীসহ সারাদেশে আওয়ামী লীগের নেতৃত্বাধীন ১৪ দলের মানববন্ধন কর্মসূচি পালিত।

- বাংলাদেশের যুদ্ধাপরাধীদের পক্ষে অবস্থান নিয়ে পাকিস্তানের বিবৃতি একাত্তরের গণহত্যার দায়দায়িত্ব স্বীকার করে নেওয়ার শামিল। সংসদে পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী।
- বিচারবহির্ভূত হত্যাকাণ্ডের বিচার বিভাগীয় তদন্ত করুন। সংবাদ সম্মেলনে বিএনপির মহাসচিব মির্জা ফখরুল।
- 'বন্দুকযুদ্ধে' রাজধানীর খিলগাঁওয়ে নিষিদ্ধঘোষিত জঙ্গি সংগঠন আনসারুল্লাহ বাংলা টিমের সদস্য শরিফুল ওরফে সাকিব ওরফে সালেহ নিহত।
- ঢাকায় অনুষ্ঠিত ফেডারেশন কাপ ফুটবল টুর্নামেন্টে আবাহনী ২-১ গোলে ব্রাদার্সকে পরাজিত করে।
- বাংলাদেশের নৌ ও সড়কপথ ব্যবহার করে ভারতের প্রথম চালান গেল ত্রিপুরায়।
- বন্দুকধারীদের গুলিতে পাকিস্তানের পাঞ্জাবে স্বামী-স্ত্রী নিহত।

**২০ জুন**

- কৃষিবিদ দিবস উপলক্ষ্যে রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে আয়োজিত আলোচনা সভা। প্রধান অতিথি ছিলেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ।
- জরিমানার সঙ্গে কারাদণ্ডের বিধান রেখে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ আইনের চূড়ান্ত অনুমোদন মন্ত্রিসভায়।
- ঢাকার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতের হাজতখানার সার্বিক চিত্র দেখে মর্মাহত হলেন প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা।
- জিয়াউর রহমান ফাউন্ডেশন অসহায়, পঙ্গু নেতাকর্মীদের সহযোগিতা করে যাচ্ছে। ভবিষ্যতেও এ সহযোগিতা অব্যাহত থাকবে। রাজধানীর লেডিস ক্লাব মিলনায়তনে জিয়াউর রহমান ফাউন্ডেশনের উদ্যোগে আয়োজিত ইফতার মাহফিলে বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়া।
- একাত্তরের মানবতাবিরোধী অপরাধের দায়ে মৃত্যুদণ্ডাদেশপ্রাপ্ত জামায়াত নেতা মীর কাসেম আলীকে গাজীপুরের কাশিমপুর কারাগার থেকে ঢাকা কেন্দ্রীয় কারাগারে স্থানান্তর।
- অগ্রণী ব্যাংকের প্রিন্সিপাল শাখার কয়েকজন কর্মকর্তার বিরুদ্ধে ১৫৬ কোটি টাকার ঋণ জালিয়াতির অভিযোগ।



- বিএসএফের গুলিতে চাঁপাইনবাবগঞ্জের গোমস্তাপুর সীমান্তে ২ বাংলাদেশি নিহত।
- বিকেএসপিতে অনুষ্ঠিত প্রিমিয়ার ক্রিকেট লিগে আবাহনী ৬০ রানে রূপগঞ্জকে পরাজিত করে।
- আফগানিস্তানে ২টি পৃথক বোমা হামলায় ২২ জন নিহত।
- এমওএসের প্রার্থী ভার্জিনিয়া রেগি (৩৭) রোমের প্রথম নারী মেয়র নির্বাচিত।
- **২১ জুন**
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতে ত্রাণ তহবিলের জন্য ১৫ কোটি টাকার চেক তুলে দিলেন ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেডের চেয়ারম্যান মোস্তাফা আনোয়ার।
- পূর্ণ মন্ত্রীর পদমর্যাদা পেলেন ঢাকার উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হক ও দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র সাঈদ খোকন। পাশাপাশি নারায়ণগঞ্জ সিটি করপোরেশনের মেয়র সেলিনা হায়াৎ আইভী পেলেন উপমন্ত্রীর পদমর্যাদা।
- জঙ্গিবাদ প্রতিরোধে দেশের সব রাজনৈতিক দলকে নিয়ে জাতীয় কনভেনশন ডাকুন। ঢাকায় ছাত্রদল আয়োজিত এক আলোচনা সভায় মির্জা ফখরুল।
- কোনো সভ্য দেশে বিচারবহির্ভূত হত্যাকাণ্ড চলতে পারে না। সমকালকে দেওয়া এক সাক্ষাৎকারে জাতীয় মানবাধিকার কমিশনের বিদায়ী চেয়ারম্যান ড. মিজানুর রহমান।
- খুনের মামলায় গ্রেপ্তারি পরোয়ানা ও হুলিয়া মাথায় নিয়ে আওয়ামী লীগের সংসদ সদস্য আমানুর রহমান খান রানার গোপনে সংসদে হাজিরা খাতায় স্বাক্ষর।
- দীর্ঘ ১১ ঘণ্টা শ্রমিক ধর্মঘটের পর সায়েদাবাদ আন্তঃজেলা বাস টার্মিনাল থেকে দূরপাল্লার বাস চলাচল শুরু।
- ধারণক্ষমতার অতিরিক্ত পণ্য নিতে পারবে না রপ্তানি পণ্যবাহী কনটেইনার জাহাজ। সমুদ্রের নাবিকদের জীবনের নিরাপত্তা নিশ্চিত করতে এমন সিদ্ধান্ত ইন্টারন্যাশনাল মেরিটাইম অর্গানাইজেশনের।

- রূপালী ব্যাংকের অডিট আপত্তির ২ হাজার ৮৭০ কোটি টাকা এখনো অনাদায়ী।
- যুদ্ধাপরাধ এবং যৌন সহিংসতার দায়ে কঙ্গো প্রজাতন্ত্রের সাবেক ভাইস প্রেসিডেন্ট জন পিয়েরে বেমবারের ১৮ বছর কারাদণ্ড।
- যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচনে সম্ভাব্য রিপাবলিকান প্রার্থী ডোনাল্ড ট্রাম্পকে হত্যাচেষ্টার অভিযোগে ব্রিটিশ নাগরিক মাইকেল স্টিভেন স্যানফোর্ডির বিরুদ্ধে আদালতে অভিযোগ।

**২২ জুন**

- সন্ত্রাস ও জঙ্গিবাদের বিরুদ্ধে আমাদের দৃঢ় অবস্থান সব সময় ছিল এবং ভবিষ্যতেও থাকবে। সংসদে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে দেশব্যাপী পল্লী সঞ্চয় ব্যাংকের ১০০ শাখা উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- ডক্টরস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ড্যাব) আয়োজিত ইফতার মাহফিল। উপস্থিত ছিলেন বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়া।
- বিশ্বের শক্তিধর দেশ এবং দেশীয় ষড়যন্ত্রকারীরা বাংলাদেশে জঙ্গি তৎপরতা চালিয়ে গুপ্তহত্যায় মেতে উঠেছে। সংসদে কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী।
- বাংলাদেশের মানুষের গড় আয়ু ৭০.৯ বছর। জনসংখ্যা দাঁড়িয়েছে ১৫ কোটি ৮৯ লাখ। সূত্র: বিবিএসের প্রতিবেদন।
- সারাদেশে টার্গেট কিলিংয়ে জড়িত জঙ্গি সংগঠনের 'স্লিপার সেলের' ৩০ জন কিলারকে নজরদারির মধ্যে রেখেছে পুলিশের কাউন্টার টেররিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল সাইবার ক্রাইম ইউনিট।
- বাজেটে উচ্চমাত্রায় রাজস্ব আয়ের লক্ষ্য নির্ধারণ করা হলেও তা পূরণ না হওয়া পর্যন্ত আস্থাহীনতা বাড়বে বলে মনে করে বিশ্বব্যাংক।
- কোপা আমেরিকার সেমিফাইনালে আর্জেন্টিনা স্বাগতিক যুক্তরাষ্ট্রকে ৪-০ গোলে পরাজিত করে।
- বন্দুকধারীদের গুলিতে পাকিস্তানের কাওয়ালি গায়ক আমজাদ সাবরি নিহত।
- নিজ দেহরক্ষীর গুলিতে সোমালিয়ার নিরাপত্তা বাহিনীর প্রধান আবদিওয়েলি ইব্রাহিম মোহাম্মদ নিহত।



- বজ্রপাতে ভারতে ৭৯ জনের মৃত্যু।
- মাঝারি পাল্লার ২টি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র উৎক্ষেপণ করল উত্তর কোরিয়া।

**২৩ জুন**

- বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে দলের ৬৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- ২০ দলের শরিক দল লিবারেল ডেমোক্রেটিক পার্টি আয়োজিত ইফতার মাহফিল। উপস্থিত ছিলেন বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়া।
- কুমিল্লা জেলা আইনজীবী সমিতি আয়োজিত সভায় মতবিনিময় করেন প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা।
- ট্রেনের ধাক্কায় যশোর সদর উপজেলার মানিকদিহী লেভেল ক্রসিংয়ে প্রাইভেট কারের পাঁচ আরোহী নিহত।
- নগরবাসীর জানমালের নিরাপত্তায় চুরি, ছিনতাই ও চাঁদাবাজি ঠেকাতে প্রয়োজনে পুলিশকে গুলি করার নির্দেশ দিল ঢাকা মেট্রোপলিটন পুলিশ।
- রাজধানীর হাজারীবাগে এক এনজিও কর্মকর্তাকে গুলি করে ৫ লাখ টাকা ছিনতাই।
- ঢাকায় অনুষ্ঠিত ফেডারেশন কাপ ফুটবল টুর্নামেন্টে আরামবাগ বিজেএমসিকে ৩-১ গোলে পরাজিত করে।
- যুক্তরাষ্ট্রে লাখ লাখ অবৈধ অভিবাসীকে বৈধতাদানে প্রেসিডেন্ট বারাক ওবামার নির্বাহী ক্ষমতা বলে নেওয়া অভিবাসন পরিকল্পনা আটকে দিল সুপ্রিম কোর্ট।
- ইউরোপে যাওয়ার পথে ভূমধ্যসাগরের লিবিয়ার উপকূল থেকে চার হাজার ৫০০ অভিবাসনপ্রত্যাশীকে উদ্ধার।

**২৪ জুন**

- ইচ্ছাকৃতভাবে বন্দুকযুদ্ধের ঘটনা ঘটে না। আত্মরক্ষার্থে এই ধরনের ঘটনা ঘটে। ঢাকায় সাংবাদিকদের প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল।
- রানওয়ের একটি লাইটের বিটুমিন সরে যাওয়ায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে ১ ঘণ্টা ফ্লাইট ওঠানামা বন্ধ।

- রাজধানীর উত্তরায় ট্রপিক্যাল আলাউদ্দীন টাওয়ারে লিফট ছিঁড়ে আগুন। ৬ জন নিহত, আহত অর্ধশতাধিক।
- নাশকতার আশঙ্কায় দেশের কারাগারগুলোয় রেড অ্যালার্ট জারি।
- ঢাকায় অনুষ্ঠিত ফেডারেশন কাপ ফুটবল টুর্নামেন্টে আবাহনী শেখ রাসেলকে ২-১ গোলে পরাজিত করে।
- নরসিংদীর শিবপুরে ট্রাক ও মাইক্রোবাসের মধ্যে সংঘর্ষ, ৩ জন নিহত।
- পুলিশের সাথে বন্দুকযুদ্ধে বরিশালের বানারীপাড়ায় এক ডাকাত নিহত।
- ইউরোপীয় ইউনিয়ন (ইইউ) থেকে ব্রিটেন বেরিয়ে এলো গণভোটের রায়ে।
- ব্রিটেনের প্রধানমন্ত্রীর পদ ছেড়ে দিলেন ডেভিড ক্যামেরন।
- মিয়ানমারে মসজিদে উগ্র বৌদ্ধ ধর্মাবলম্বীদের হামলা।

**২৫ জুন**

- গণভবনে বিভিন্ন রাজনৈতিক দলের নেতাদের সম্মানে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ইফতার।
- উন্নত বিশ্বের মতো বাংলাদেশেও পাতাল ও বুলেট ট্রেন চালুর প্রক্রিয়া চলছে। ঢাকা–চট্টগ্রাম রুটে সোনার বাংলা এক্সপ্রেসের উদ্বোধনকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- নিজের স্ত্রী মাহমুদা খানম মিতু হত্যা মামলায় পুলিশ সুপার বাবুল আক্তারকে ডিবি কার্যালয়ে নিয়ে ১৫ ঘণ্টা জিজ্ঞাসাবাদ।
- জঙ্গি একটি দানবীয় শক্তি। ইসলামকে ব্যবহার করে এই অপশক্তি হত্যা, খুন ও জঘন্য সন্ত্রাস চালাচ্ছে। 'জঙ্গি ও সন্ত্রাসবাদ বর্তমান প্রেক্ষাপট' শীর্ষক এক গোলটেবিল বৈঠকে বক্তাদের মন্তব্য।
- দেশে বিনিয়োগ সুবিধার অভাবে অর্থ পাচার বাড়ছে। সিপিডির আলোচনা সভায় বক্তারা।
- ঈদের আগে বেতন-বোনাসের দাবিতে রাজধানীর এলিফ্যান্ট রোডে গার্মেন্টস শ্রমিকদের অবরোধ।
- দুর্নীতি, চাঁদাবাজ আর ফাইল আটকে ঘুষ বাণিজ্যের অভিযোগে বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের পরিচালকসহ দুই প্রকৌশলীকে দুদকের জিজ্ঞাসাবাদ।



- বাংলাদেশের সঙ্গে যৌথ অংশীদারিত্বে যুক্তরাষ্ট্র গর্বিত। সামনের দিনগুলোয় আঞ্চলিক ও আন্তর্জাতিক বিভিন্ন ইস্যুতে সহযোগিতার সম্পর্ক আরও নিবিড় করতে চায় দেশটি। পঞ্চম অংশীদারিত্ব সংলাপের শেষ দিনে যুক্তরাষ্ট্রের পক্ষে পররাষ্ট্র দপ্তরের আন্ডার সেক্রেটারি থমাস শ্যানন এ কথা জানান।
- ভয়াবহ বন্যায় যুক্তরাষ্ট্রের ওয়েস্ট ভার্জিনা অঙ্গরাজ্যে ২৩ জনের মৃত্যু।
- জঙ্গি হামলায় সোমালিয়ায় ১৫ জন নিহত।
- জঙ্গি হামলায় জম্মু কাশ্মীরে ভারতীয় ৮ সেনা নিহত।

**২৬ জুন**

- বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে ডেনমার্কের রাষ্ট্রদূত হান ফুগল এসকজায়ের সৌজন্য সাক্ষাৎ।
- বঙ্গভবনে আত্মীয়স্বজন ও শুভাকাঙ্ক্ষীদের জন্য রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের ইফতার পার্টি।
- বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বাংলাদেশে প্রথম মেট্রোরেলের নির্মাণকাজ উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- জাতিসংঘের নিরাপত্তা পরিষদের অস্থায়ী সদস্যপদে ২০১৭-২০১৮ মেয়াদের জন্য নিজেদের প্রার্থিতার পক্ষে বাংলাদেশের সমর্থন চেয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে সুইডিশ প্রধানমন্ত্রীর ফোন।
- বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়ন ও ঢাকা সাংবাদিক ইউনিয়ন আয়োজিত ইফতার মাহফিল। উপস্থিত ছিলেন বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়া।
- গাজীপুরের কাশিমপুর কেন্দ্রীয় কারাগার পরিদর্শনের সময় আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা বলেন, যাবজ্জীবন কারাদণ্ড মানে আমৃত্যু কারাদণ্ড।
- তদন্তের স্বার্থে আইন মেনেই বাবুল আক্তারকে জিজ্ঞাসাবাদ করা হয়েছে। সাংবাদিকদের ঢাকা মহানগর পুলিশ কমিশনার আছাদুজ্জামান মিয়া।
- পুলিশ কর্মকর্তা বাবুল আক্তারের স্ত্রী মাহমুদা খানম মিতু হত্যাকাণ্ডে জড়িত থাকার অভিযোগে গ্রেপ্তারকৃত দুই আসামির স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান।

- ইউরোপীয় ইউনিয়ন থেকে ব্রিটেন বের হয়ে যাওয়ায় লেবার পার্টিতে বিদ্রোহ। ৯ ছায়ামন্ত্রী ও অ্যাটর্নি জেনারেলের পদত্যাগ।
- ভারতের কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে বিক্ষোভ মিছিল করায় আম আদমি পার্টির ৫২ জন বিধায়ককে আটক, পরে মুক্তি।

**২৭ জুন**

- বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের কাছে চেক প্রজাতন্ত্র, মালি, মঙ্গোলিয়া ও পর্তুগালের রাষ্ট্রদূতের পরিচয়পত্র পেশ।
- গণভবনে বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ব্যাংকস এবং বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয় থেকে প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিলে অনুদানের চেক গ্রহণ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- রাজধানীর ইস্কাটনে লেডিস ক্লাব আয়োজিত ইফতার মাহফিলে বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়া বলেন, সরকার জোর করে ক্ষমতায় টিকে আছে।
- পুলিশের ধাওয়া খেয়ে ব্রাহ্মণবাড়িয়ার সরাইলে ট্রাকচাপায় মোটরসাইকেলের ৩ আরোহী নিহত।
- বালু উত্তোলন ও আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে নারায়ণগঞ্জের আড়াইহাজার উপজেলায় আওয়ামী লীগ ও যুবলীগের মধ্যে সংঘর্ষ। গুলিবিদ্ধসহ ১৫ জন আহত।
- ঢাকায় অনুষ্ঠিত ফেডারেশন কাপ ফুটবল টুর্নামেন্টে আবাহনী ১-০ গোলে আরামবাগকে পরাজিত করে।
- টাইব্রেকারে কোপা আমেরিকা ফাইনালে আর্জেন্টিনা ২-৪ গোলে চিলির কাছে পরাজিত।
- বিমানবন্দর ও উড্ডয়ন নিরাপত্তার ক্ষেত্রে বাংলাদেশকে 'উচ্চ ঝুঁকির' দেশ হিসেবে তালিকাভুক্ত করে পরিবহন বন্ধ করে দিল জার্মানি।
- যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়ায় নব্য নাৎসি সমাবেশে সহিংস হামলায় ১০ জন আহত।
- ছয় বছর পর ইসরায়েল ও তুরস্কের মধ্যে কূটনৈতিক সম্পর্ক পুনঃস্থাপন।

**২৮ জুন**

- বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে রোটারি ইন্টারন্যাশনাল ডিস্ট্রিক্ট ৩২৮১-এর একটি প্রতিনিধিদলের সৌজন্য সাক্ষাৎ।



- ব্রেক্সিট পরিস্থিতি নিয়ে সতর্ক থাকুন। ঢাকায় একনেকের বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার পরামর্শ।
- পেশাজীবীদের সম্মানে গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ইফতার পার্টি।
- সংকট মোকাবিলায় জাতীয় সংলাপের আয়োজন করুন। সংসদে ২০১৬-১৭ অর্থবছরের প্রস্তাবিত বাজেট আলোচনায় সাবেক রাষ্ট্রপতি ও জাতীয় পার্টির চেয়ারম্যান হুসেইন মুহম্মদ এরশাদ।
- মিতু হত্যাকাণ্ডে পুলিশ সুপার বাবুল আক্তারকে দায়ী করা কিংবা তিনি জড়িত কি না সে প্রসঙ্গ এখনো আসেনি। ঢাকায় সাংবাদিকদের প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল।
- ঢাকা মহানগর বিএনপি আয়োজিত ইফতার মাহফিল। উপস্থিত ছিলেন বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়া।
- পাঁচ বছরের কম বয়সী শিশু মৃত্যুর হার কমিয়ে আনার ক্ষেত্রে সাম্প্রতিক সময়ে যথেষ্ট উন্নতি বাংলাদেশের। জাতিসংঘ শিশু উন্নয়ন তহবিল (ইউনিসেফ) বিশ্ব শিশু পরিস্থিতি প্রতিবেদন ২০১৬ এর তথ্য প্রকাশ।
- ১৫৪ ট্যানারি মালিকের প্রত্যেককে ক্ষতিপূরণ বাবদ প্রতিদিন ৫০ হাজার টাকা রাষ্ট্রীয় কোষাগারে জমা দেওয়ার হাইকোর্টের আদেশ ১৭ জুলাই পর্যন্ত স্থগিত।
- বায়োমেট্রিক পদ্ধতিতে মোবাইল ফোনের সিমকার্ড রেজিস্ট্রেশন জালিয়াতির অভিযোগে ঢাকার তেজগাঁও এলাকা থেকে ২২ জন গ্রেপ্তার।
- কুষ্টিয়ার দৌলতপুর সীমান্তে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনীর হাতে আটক পারভেজ নামের এক বাংলাদেশি তরুণকে কারাগারে পাঠাল ভারতীয় পুলিশ।
- ঢাকায় সাংবাদিকদের ইউরোপীয় ইউনিয়নের রাষ্ট্রদূত পিয়েরে মায়াদু বলেন, ইইউ থেকে ব্রিটেন বিচ্ছেদের প্রভাব গোটা বিশ্বের মতো বাংলাদেশের ওপরও পড়বে।
- বন্দুকধারীদের গুলিতে মার্কিন যুক্তরাষ্ট্রের পশ্চিম অরেগনের সালেমে ২ জন নিহত ও ২ জন আহত।
- সেনাবাহিনীকে নিয়ন্ত্রণে আনুন, শ্রীলঙ্কাকে জাতিসংঘের মানবাধিকার বিষয়ক সংস্থার বার্ষিক প্রতিবেদনে পরামর্শ।

- পাকিস্তানের পক্ষে যুদ্ধ করে কাশ্মীর জয় করা সম্ভব নয়। প্রতিবেশী ভারতের সঙ্গে পারস্পরিক আস্থার ভিত্তিতেই এই বিষয়ে অগ্রগতি অর্জন সম্ভব। জিও টেলিভিশনে দেওয়া এক সাক্ষাৎকারে পাকিস্তানের সাবেক পররাষ্ট্রমন্ত্রী হিনা রাব্বানি।

**২৯ জুন**

- বাজেট বাস্তবায়নে ইতোমধ্যে আমরা সক্ষমতা দেখিয়েছি। আমরা নিজের পায়ে দাঁড়িয়েছি। আমাদের আর পরনির্ভরশীলতা নেই। সংসদে বাজেট আলোচনায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- আন্দোলনে গুম-খুন হওয়া পরিবারের সদস্যদের সঙ্গে ঢাকায় ইফতার-পূর্ব আলোচনা সভায় খালেদা জিয়া বলেন, গুম-খুনের সঙ্গে র‍্যাব-পুলিশ জড়িত।
- রংপুর সিটি করপোরেশনের প্রথম নির্বাচিত মেয়র সরফুদ্দিন আহমেদ ঝন্টুকে প্রতিমন্ত্রীর মর্যাদা প্রদান করল সরকার।
- ঢাকার উত্তর বাড্ডায় প্রিমিয়ার প্লাজায় ভয়াবহ অগ্নিকাণ্ড। ৩০ জন আহত, তাৎক্ষণিকভাবে ১২৬ পরিবার আশ্রয়হীন।
- ফুটপাত দখলমুক্ত করাকে কেন্দ্র করে ঢাকার মিরপুরে পুলিশের সঙ্গে হকারদের সংঘর্ষ, যান চলাচল বন্ধ।
- আঙুলের ছাপ পদ্ধতি জালিয়াতির মাধ্যমে নিবন্ধন করে মুঠোফোনের সিমকার্ড বিক্রির অভিযোগে ঢাকার মোহাম্মদপুর ও আদাবর এলাকা থেকে ২১ জন আটক।
- ঢাকায় অনুষ্ঠিত ফেডারেশন কাপ ফুটবল টুর্নামেন্টে মোহামেডান ৫-৩ গোলে ঊষাকে পরাজিত করে।
- সন্ত্রাসী হামলায় তুরস্কের আতাতুর্ক আন্তর্জাতিক বিমানবন্দরে ৪২ জন নিহত ও ২৫০ জন আহত।
- গণতন্ত্র সংকুচিত হওয়ায় বাংলাদেশে জঙ্গিবাদের উত্থান বলে ব্রিটিশ পার্লামেন্টে উদ্বেগ।
- ভারতের কেন্দ্রীয় মন্ত্রিসভায় সরকারি কর্মচারী ও পেনশনভোগীদের বেতন-ভাতার বিল অনুমোদন।
- ভারতের হায়দরাবাদের বিভিন্ন স্থান থেকে পাঁচ জঙ্গি গ্রেপ্তার।



**৩০ জুন**

- জাতীয় সংসদে নতুন অর্থবছরের (২০১৬-২০১৭) বাজেট পাস।
- রাজধানীর আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অর্থমন্ত্রী আয়োজিত বাজেট-উত্তর ইফতার অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনার অংশগ্রহণ।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে বাংলাদেশে নিযুক্ত ডেনমার্কের বিদায়ী রাষ্ট্রদূত হানে ফুজাল এসকায়েরের সৌজন্য সাক্ষাৎ।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার শুভেচ্ছা বার্তা নিয়ে চার দিনের সফরে মিয়ানমারের উদ্দেশে পররাষ্ট্রসচিব শহীদুল হকের ঢাকা ত্যাগ।
- সাম্প্রতিক কালে ঘটে যাওয়া ব্যাংকিং খাতে লুটপাটের দায়িত্ব রাষ্ট্রের। সংসদে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত।
- মাদক ব্যবসায়ীরা বিশ্বের সর্বত্রই প্রভাবশালী। তারা বিপুল অর্থবিত্তের মালিক। অবৈধ অস্ত্রধারীদের পৃষ্ঠপোষক এবং আন্ডারওয়ার্ল্ডের নিয়ন্ত্রক। সংসদে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল।
- রাজধানীর বনানীতে বিএনপি আয়োজিত ইফতার মাহফিল। উপস্থিত ছিলেন বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়া।
- দুর্নীতি ও অসদাচরণের অভিযোগে ঢাকার অতিরিক্ত জেলা ও দায়রা জজ জুয়েল রানা সাময়িকভাবে বরখাস্ত।
- দুর্নীতির দায়ে কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. আবদুল হাকিম সরকারকে অব্যাহতি প্রদান।
- ঋণ জালিয়াতি, দুর্নীতি ও ক্ষমতার অপব্যবহারের অভিযোগে রাষ্ট্রায়ত্ত অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক সৈয়দ আবদুল হামিদকে অপসারণ।
- ২ হাজার ৫৬২ পিস ইয়াবাসহ বরিশালের ভান্ডারিয়া উপজেলার স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক জাকির ব্যাপারী র‍্যাবের হাতে গ্রেপ্তার।
- জোড়া খুনের দায়ে রংপুরের তারাগঞ্জে ১০ জনের ফাঁসির আদেশ আদালতের।
- ইউরোপীয় ইউনিয়ন থেকে যুক্তরাজ্যের বের হয়ে যাওয়া বিশ্বজুড়ে অর্থনৈতিক প্রবৃদ্ধিকে দীর্ঘমেয়াদে হুমকির মুখে ফেলতে পারে বলে মার্কিন প্রেসিডেন্ট বারাক ওবামার আশঙ্কা প্রকাশ।
- আফগানিস্তানের পুলিশের একটি ক্যাডেট বাসে জোড়া আত্মঘাতী বোমা হামলায় ৪০ জন নিহত ও শতাধিক আহত।

## জুলাই

### ১ জুলাই

- রাজধানীর গুলশানের হোলি আর্টিজান বেকারি ও রেস্তোরাঁয় জঙ্গি হামলা। ২০ জন দেশি-বিদেশি জিম্মি। জঙ্গি হামলা মোকাবিলার সময় পুলিশের এসি রবিউল এবং ওসি সালাউদ্দিন নিহত।
- গুলশানে জঙ্গি হামলার ঘটনায় দেশবাসীকে ধৈর্য ধরার আহ্বান জানালেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- গুলশানের হোলি আর্টিজান রেস্তোরাঁয় জঙ্গি হামলার ঘটনার পরিপ্রেক্ষিতে বাংলাদেশকে সহযোগিতার আশ্বাস একাধিক দেশের।
- জঙ্গি মোকাবিলায় বাংলাদেশকে সহযোগিতার আশ্বাস যুক্তরাষ্ট্র সরকারের। যুক্তরাষ্ট্রের স্টেট ডিপার্টমেন্টের বিবৃতি।
- জুমাতুল বিদা পালন।
- ভারতের উত্তর প্রদেশের কংগ্রেসের পক্ষ থেকে প্রচার অভিযানে নামলেন রাজীব-সোনিয়াকন্যা প্রিয়াংকা গান্ধী।
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্মরণিকায় দেশের প্রথম রাষ্ট্রপতি হিসেবে জিয়াউর রহমানের নাম প্রকাশের প্রতিবাদে ক্ষোভে উত্তাল ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকা।
- পাকিস্তানের সাবেক প্রেসিডেন্ট পারভেজ মোশাররফের বিরুদ্ধে পাকিস্তানের বেলুচিস্তানের একটি আদালতের গ্রেপ্তারি পরোয়ানা জারি।
- পাটুরিয়া শিমুলতলি ঘাটে প্রচণ্ড যানজট।
- সুপার সনিক যুদ্ধবিমান তৈরি করল ভারত।
- অস্ট্রেলিয়ার প্রেসিডেন্ট নির্বাচনের ফলাফল বাতিল ঘোষণা।
- ভারতে আশ্রয়গ্রহণকারী বাংলাদেশি লেখক-কবি তসলিমা নাসরিনকে হত্যার হুমকি আইএস নামধারী জঙ্গি সংগঠনের।
- কিউবার প্রেসিডেন্ট ফিদেল ক্যাস্ট্রোর প্রতি বিদায়ী শ্রদ্ধা জানাল বিশ্বের বিভিন্ন দেশের সরকারপ্রধান ও নেতৃবৃন্দ।



### ২ জুলাই

- ভুটানের রাজধানী থিম্পুতে রাজা খিগমে থেসার নামগিয়েল ওয়াংচুকের সাথে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের বৈঠক। চারদিনের সফরে রাষ্ট্রপতি ভুটানে রয়েছেন।
- কোনো ষড়যন্ত্রই টিকবে না। এ দেশকে জঙ্গিমুক্ত করা হবে। এ জন্য দরকার ধৈর্য ও জনগণের সহযোগিতা। জাতির উদ্দেশে দেওয়া ভাষণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- গুলশানের হোলি আর্টিজানে অপারেশন থান্ডারবোল্টের যৌথ অভিযান। বিদেশিসহ ২০ জনের মৃতদেহ ও ১৩ জন জিম্মিকে উদ্ধার। ৬ জঙ্গি নিহত, একজন গ্রেপ্তার।
- জঙ্গি হামলা মোকাবিলায় সহযোগিতার আশ্বাস জানিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ভারতের রাষ্ট্রপতি প্রণব মুখার্জি, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং কংগ্রেস নেত্রী সোনিয়া গান্ধীর টেলিফোন।
- বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে ঢাকা-চট্টগ্রাম, জয়দেবপুর-ময়মনসিংহের চার লেন সড়কপথের কার্যক্রম উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- দেশের উগ্রবাদ নির্মূলে সর্বদলীয় সহযোগিতার আহ্বান জানালেন বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়া। তিনি হোলি আর্টিজানে নিহতদের পরিবারের প্রতি সমবেদনা জানান।

### ৩ জুলাই

- দলমত নির্বিশেষে সন্ত্রাসবিরোধী ঐক্য গড়ে তুলুন। ঢাকায় সংবাদ সম্মেলনে বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়া।
- গুলশানের হোলি আর্টিজান বেকারি ও রেস্টুরেন্টে জঙ্গি হামলায় পাকিস্তান জড়িত থাকতে পারে বলে এনটিভিকে দেওয়া এক সাক্ষাৎকারে প্রধানমন্ত্রীর উপদেষ্টা এইচটি ইমাম।
- গুলশানের ৭৯ নম্বর সড়কের হোলি আর্টিজান বেকারি ও রেস্তোরাঁর সামনে ফুল আর মোমবাতি জ্বালিয়ে নিহতদের স্মরণ করল প্রিয়জনেরা।

- গুলশান ট্রাজেডির হামলাকারীরা প্রভাবশালী ও শিক্ষিত পরিবারের সন্তান। পুলিশ রিপোর্ট।
- গুলশান হামলায় নিজেদের দেশের নাগরিক নিহত হওয়ায় ইতালি ও জাপানে শোকের ছায়া।
- ইরাকের রাজধানী বাগদাদে ইসলামিক স্টেটের (আইএস) গাড়িবোমা হামলায় ১২৫ জন নিহত এবং ২০০ জন আহত।
- রাজধানীর গুলশান হোলি আর্টিজানে সন্ত্রাসী হামলার ঘটনায় বাংলাদেশি জঙ্গিরা জড়িত থাকলেও আন্তর্জাতিক ইসলামি জঙ্গিদের সম্ভাব্য সংযুক্তি থাকার বিষয়টি প্রমাণিত। বার্তা সংস্থা রয়টার্সের রিপোর্ট।

**৪ জুলাই**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গুলশানের সন্ত্রাসী হামলার পর উদ্ভূত পরিস্থিতিতে ন্যাশনাল সিকিউরিটি কাউন্সিলের বৈঠক অনুষ্ঠিত। ঢাকায় এই বৈঠকে এ ধরনের হামলার পুনরাবৃত্তি যাতে না হয় সে ব্যাপারে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত।
- গুলশানে সন্ত্রাসী হামলায় নিহতদের কফিনে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- গুলশান হত্যাকাণ্ডের সাথে জড়িত সন্দেহে নর্থ সাউথ ইউনিভার্সিটির সাবেক শিক্ষক হাসনাত রেজা করিমের বাসায় পুলিশের অভিযান। কম্পিউটার ও ল্যাপটপ জব্দ।
- গুলশানের জঙ্গি হামলার ঘটনার পর পবিত্র ঈদুল ফিতরের ছুটিতে সরকারের গুরুত্বপূর্ণ দায়িত্বে থাকা কর্মকর্তাদের কর্মস্থলে থাকার নির্দেশ।
- উগ্রবাদ ও সন্ত্রাস মোকাবেলায় জাতীয় ঐক্য গড়তে সরকার আগ্রহী নয়। বনানীর আর্মি স্টেডিয়ামে জঙ্গি হামলায় নিহতদের প্রতি শ্রদ্ধা নিবেদনের সময় মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

**৫ জুলাই**

- চট্টগ্রাম ক্লাবের এক অনুষ্ঠানে ভাষণদানকালে নোবেল জয়ী ড. মুহাম্মদ ইউনূস বলেন, জঙ্গি তৎপরতা দেশে বিপজ্জনক পরিস্থিতি সৃষ্টি করবে।



- গুলশান হত্যাকাণ্ডের সঙ্গে জড়িত ৪ জঙ্গির লাশের ময়নাতদন্ত শুরু।
- যুক্তরাষ্ট্রের ডালাসে বন্দুকধারীদের গুলিতে ৫ পুলিশের মৃত্যু।
- কাশ্মীরে সহিংতা : ২১ জনের মৃত্যু।
- ভারতের বীরভুমে আইএস জঙ্গি সন্দেহে এক বাংলাদেশি গ্রেফতার।
- ভারতে জাকির নায়েকের বিরুদ্ধে তদন্ত শুরু।

**৬ জুলাই**

- সন্তান নিখোঁজ হলে শুধু জিডি নয় ছবিসহ তথ্য প্রকাশ করুন। ঢাকায় জনগণের সঙ্গে পবিত্র ঈদুল ফিতরের শুভেচ্ছা বিনিময় শেষে সাংবাদিকদের উদ্দেশে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- জঙ্গি হামলায় কিশোরগঞ্জের শোলাকিয়ায় ঈদ জামাতের মাঠে দুই পুলিশ কনস্টেবল, এক নারী ও এক জঙ্গি নিহত এবং আহত ১৬।
- সূত্রাপুরে যুবলীগ নেতা রাজিব সন্ত্রাসী হামলায় নিহত।
- গুলশানের হোলি আর্টিজানে জঙ্গি হামলার ঘটনায় বাংলাদেশে সমন্বিত কূটনৈতিক ও যৌথ গোয়েন্দা তৎপরতা চালানোর আগ্রহ প্রকাশ করেছে ইতালি ও জাপান। দুদেশের পররাষ্ট্রমন্ত্রীর মধ্যে আলোচনার পর বাংলাদেশ সরকারের কাছে আনুষ্ঠানিক প্রস্তাব।
- বরিশালের কীর্তনখোলা নদীতে স্টিমার পিতম মাহমুদের সঙ্গে সুরভী ৭ লঞ্চের মুখোমুখি সংঘর্ষ। ৫ জন নিহত এবং ১০ জন আহত।
- আত্মঘাতী বোমা হামলায় মদিনায় মসজিদে নববীর কাছে ৫ জন নিহত।
- পুলিশ সুপার বাবুল আক্তারের স্ত্রী মাহমুদা খানম মিতু হত্যা মামলার সন্দেহভাজন আসামি রাশেদ গ্রেপ্তার।
- দুর্বৃত্তের গুলিতে গুরুতর আহত বগুড়ার গাবতলী উপজেলার সোনারায় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও আওয়ামী লীগ নেতা তাজুল ইসলাম নিহত।

**৭ জুলাই**

- দেশের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের ৭৭ তরুণ নিখোঁজ। সারা দেশে অর্ধশত জিডি। পুলিশ সদর দপ্তরের গোয়েন্দা শাখার রিপোর্ট।

- টাঙ্গাইল থেকে জেএমবির সুইসাইড স্কোয়াডের ৩ নারী সদস্য আটক।
- খুলনা কারাগারের ভেতরে বোমা বিস্ফোরণ। কারাগারে রেড অ্যালার্ট জারি।
- আরও ১৫৪টি কলেজ সরকারি করার ব্যাপারে সরকারের নীতিগত সিদ্ধান্ত।
- যুক্তরাষ্ট্রের ডালাসে কৃষ্ণাঙ্গদের বিক্ষোভ চলাকালে ৫ শ্বেতাঙ্গ পুলিশ খুন।
- সাবেক কংগ্রেস নেতা এস জে আকবরকে মন্ত্রী হিসেবে নিয়োগ দিলেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি।
- সন্ত্রাসের সাথে ধর্মের সম্পর্ক নেই। বলিউড অভিনেতা আমির খানের বিবৃতি ।

**৮ জুলাই**

- হামলাকারীদের শিকড় খুঁজে বের করতে চায় জাপান। ঢাকায় জাপানি পররাষ্ট্র প্রতিমন্ত্রী সেই জি কিহারা প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে এ কথা বলেন।
- বাংলাদেশে সন্ত্রাসী হামলার নিন্দা ও হতাহতদের পরিবারের প্রতি সহানুভূতি জানিয়ে মার্কিন প্রেসিডেন্ট বারাক ওবামার প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে ফোন।
- মসজিদে নববীতে হামলা। ১২ পাকিস্তানিকে গ্রেপ্তার।
- ইন্দোনেশিয়ার জাভা দ্বীপে ট্রাফিক জ্যামে ১২ জনের মৃত্যু।
- সেনাবাহিনীর গুলিতে দক্ষিণ কাশ্মীরের হিজুকল কমান্ডার বুরহান মুজাফ্ফর ওয়ালীর মৃত্যু।
- রাশিয়াকে ঠেকাতে পূর্ব ইউরোপের সীমায় ন্যাটো থেকে চার ব্যাটালিয়ন সেনা মোতায়েন।

**৯ জুলাই**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সাথে বঙ্গভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঈদ শুভেচ্ছা বিনিময়।



- সিদ্ধিরগঞ্জ থেকে আন্তর্জাতিক অপরাধ চক্রের ৩ সদস্য গ্রেপ্তার।
- ঢাকার বিনোদন কেন্দ্রগুলোয় উপচে পড়া ভিড়।
- ডালাসে বন্দুকধারীদের হামলা, ৫ পুলিশ নিহত।
- বাংলাদেশের ৩ যুবকের ছবি নিয়ে আইএসের নতুন ভিডিও ।
- জাকির নায়েকের অর্থের উৎস অনুসন্ধানের তদন্তে সম্মত সৌদি সরকার।
- রাশিয়া থেকে দুই মার্কিন কূটনীতিক বহিষ্কার।

**১০ জুলাই**

- জঙ্গিবাদ নির্মূলে অতি কঠোর ব্যবস্থা নেওয়া হবে। ঢাকায় সরকারি কর্মকর্তাদের সঙ্গে ঈদের শুভেচ্ছা বিনিময়কালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- ঢাকার গুলশানে জঙ্গি হামলার ঘটনায় দেশের গোয়েন্দা সংস্থা ব্যর্থ বলে রংপুরে সাংবাদিকদের কাছে জাতীয় পার্টির চেয়ারম্যান এইচ এম এরশাদের অভিযোগ।
- জঙ্গি তৎপরতা রোধে পুলিশসহ বিভিন্ন সংস্থার সমন্বয়ে একটি বিশেষায়িত ইউনিট গঠনের সিদ্ধান্ত গৃহীত।
- নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের অনিয়মিত ও দু'বছর ধরে অনুপস্থিত শিক্ষার্থীর তালিকা চেয়েছে সরকার।
- ঢাকায় পররাষ্ট্রমন্ত্রী মাহমুদ আলীর সঙ্গে মার্কিন সহকারী পররাষ্ট্রমন্ত্রী নিশা দেশাই বিসওয়ালের বৈঠক। সন্ত্রাস দমনে বিশেষজ্ঞ ও কারিগরি সহায়তা দেওয়ার আশ্বাস যুক্তরাষ্ট্রের।
- ঢাকায় সফররত ভারতীয় হাইকমিশনার হর্ষ বর্ধন শ্রিংলার সাথে যুক্তরাষ্ট্রের দক্ষিণ ও মধ্য এশিয়াবিষয়ক সহকারী পররাষ্ট্রমন্ত্রী নিশা দেশাই বিসওয়ালের বৈঠক। বাংলাদেশের নিরাপত্তা ইস্যুতে ভারত ও যুক্তরাষ্ট্রের দৃষ্টিভঙ্গি নিয়ে আলোচনা।

**১১ জুলাই**

- সরকার সন্ত্রাসের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি গ্রহণ করেছে। ঢাকায় যুক্তরাষ্ট্রের দক্ষিণ ও মধ্য এশিয়াবিষয়ক সহকারী পররাষ্ট্রমন্ত্রী নিশা দেশাই বিসওয়ালের সঙ্গে সাক্ষাৎকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

- গুলশানে হোলি আর্টিজান রেস্তোরাঁয় জঙ্গি হামলার প্রতিবাদে কেন্দ্রীয় শহীদ মিনারে ১৪ দলের সমাবেশে বক্তাদের অভিযোগ: বিএনপি-জামায়াতের নির্দেশেই দেশে জঙ্গি হামলা হচ্ছে।
- গুলশান হামলার ঘটনায় গোপনে তথ্য সংগ্রহ করছে জাপান, অস্ট্রেলিয়া, ভারত, ইতালি, যুক্তরাষ্ট্রসহ দেশের কর্মকর্তারা।
- কিশোরগঞ্জের শোলাকিয়া ঈদগাহ ময়দানের পাশে কর্তব্যরত পুলিশের ওপর জঙ্গি হামলার ঘটনায় গ্রেপ্তার জাহিদুল হক ওরফে তানিমের ১০ দিনের রিমান্ড।
- গুলশানের হামলা একটা ধাক্কা, তবে এতে বিদেশি বিনিয়োগে নেতিবাচক প্রভাব পড়বে না বলে ঢাকায় সাংবাদিকদের প্রশ্নের উত্তরে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের মন্তব্য।
- ভারতশাসিত কাশ্মীরে হিজবুল মুজাহিদিনের নেতা বুরহান ওয়ানি এনকাউন্টারে নিহত হওয়ায় গোটা উপত্যকাজুড়ে উত্তেজনা। নিহতের সংখ্যা ৩০।
- ইসলামি চিন্তাবিদ, বক্তা ও ভারতীয় নাগরিক জাকির নায়েক প্রতিষ্ঠিত পিস টিভির সম্প্রচার বাংলাদেশে বন্ধ করে দেওয়া হলো।

**১২ জুলাই**

- ছেলেমেয়েরা কোথায় যায় তা অভিভাবকদের নজর রাখতে হবে। ঢাকায় ভিডিও কনফারেন্সে জেলা প্রশাসক ও মাঠপর্যায়ে আইন-শৃঙ্খলা বাহিনীর সাথে মতবিনিময়কালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- রাজনৈতিক দলগুলো নিয়ে সরকারের আলোচনায় বসা উচিত। ঠাকুরগাঁওয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে সাবেক রাষ্ট্রপতি ও জাতীয় পার্টির চেয়ারম্যান হুসেইন মুহম্মদ এরশাদ।
- সন্ত্রাসী হামলার ঘটনার সঙ্গে শিক্ষার্থীদের নাম আসায় নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের বিষয়ে সরকার সচেতন আছে বলে ঢাকায় সাংবাদিকদের শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ।
- জঙ্গি অর্থায়নের দায়ে সিঙ্গাপুরে চার বাংলাদেশির বিভিন্ন মেয়াদে কারাদণ্ড।
- বাগেরহাটের রামপালে বাংলাদেশ-ভারত মৈত্রী তাপবিদ্যুৎ কেন্দ্রের নির্মাণ চুক্তি স্বাক্ষর।



- দক্ষিণ ভারতের কেরালা থেকে গত দুমাসে ২১ জন নারী-পুরুষ নিখোঁজ। এরা ইসলামিক স্টেটে (আইএস) যোগ দিয়েছেন বলে রাজ্যের মুখ্যমন্ত্রী পিন্নারি বিজয়নের আশাঙ্কা।
- বন্দুকধারীর গুলিতে যুক্তরাষ্ট্রের মিশিগান অঙ্গরাজ্যের আদালত চত্বরে ৩ জন নিহত এবং ২ জন আহত।
- প্রধানমন্ত্রিত্ব ছাড়ার আগেই ডাউনিং স্ট্রিটের বাড়ি ছাড়লেন ব্রিটিশ প্রধানমন্ত্রী ডেভিড ক্যামেরন।

**১৩ জুলাই**

- জঙ্গি ও সন্ত্রাসীরা দেশে আরও হামলার পরিকল্পনা করছে জানিয়ে আইনশৃঙ্খলা বাহিনীসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে সতর্ক থাকার পরামর্শ দিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- গুলশান হামলায় একটি বৃহৎ রাষ্ট্রের একজন দায়িত্বশীল কর্মকর্তা এ দেশে সেনা পাঠানোর প্রস্তাব দিয়েছিলেন। খুলনায় আওয়ামী লীগের সমাবেশে যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুব-উল আলম হানিফ।
- দেশের বর্তমান সংকট মোকাবিলায় একটি সমন্বিত উদ্যোগ নেওয়া জরুরি বলে সম্পাদক পরিষদের বিবৃতি।
- ক্যামেরনের বিদায়। ব্রিটেনে নতুন প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব নিয়েছেন কনজারভেটিভ পার্টির নেত্রী থেরেসা মে।
- একাত্তরে যুদ্ধাপরাধের দায়ে অভিযুক্তদের নামে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের (রাজউক) বরাদ্দকৃত প্লট বাতিল বলে জানিয়েছেন গৃহায়ণ ও গণপূর্তমন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন।

**১৪ জুলাই**

- ১১তম এশিয়া-ইউরোপ শীর্ষ সম্মেলনে (আসেম) যোগদানের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনা মঙ্গোলিয়ায় পৌঁছেছেন।
- দেশের কয়েকটি স্থানে সাম্প্রতিক জঙ্গি হামলার ঘটনায় আদালতের সার্বিক নিরাপত্তা নিয়ে উদ্বেগ প্রকাশ প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার।
- গুলশান ও শোলাকিয়ায় জঙ্গি হামলার পরে জোটসঙ্গী স্বাধীনতাবিরোধী জামায়াত ছাড়াই ঐক্য গড়তে চায় বিএনপি। ঢাকায় জোটের শীর্ষ নেতাদের বৈঠকে এই সিদ্ধান্ত গৃহীত।

- নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের কাছে জঙ্গিবাদে জড়িত সন্দেহভাজন শিক্ষক–শিক্ষার্থীর তালিকা চেয়েছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন।
- আধিপত্য বিস্তারের জের ধরে মুন্সীগঞ্জের গজারিয়া উপজেলায় আওয়ামী লীগের দু'গ্রুপের মধ্যে বন্দুকযুদ্ধ। দুই জন নিহত ও সাতজন গুলিবিদ্ধসহ ১৫ জন আহত।
- রাজধানীর মহাখালীতে খোলা ড্রেনে পড়ে ছয় বছরের শিশু সানজিদার মৃত্যু।
- রাজধানীসহ দেশের বিভিন্ন স্থানে জঙ্গি সন্দেহে ৮ জন আটক, অস্ত্র ও গুলি উদ্ধার।

**১৫ জুলাই**

- সব দেশ ও সমাজে শান্তি স্থিতিশীলতা ও সমৃদ্ধি নিশ্চিত করতে নিরাপদ যোগাযোগব্যবস্থাকে কাজে লাগাতে হবে। মঙ্গোলিয়ায় ১১তম আসেম শীর্ষ সম্মেলনে বক্তৃতাকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- যমুনা টিভির মধ্যস্থতায় সুন্দরবনের মজনু ও ইলিয়াস বাহিনীর দুই প্রধানসহ ১১ সহযোগীর আত্মসমর্পণ।
- ভুয়া প্রকল্প দেখিয়ে সাড়ে ২১ লাখ টাকা আত্মসাতের মামলায় ঢাকা জেলা পরিষদের হিসাবরক্ষক গোলাম মোস্তফা গ্রেপ্তার।
- মালয়েশিয়ার মোনাশ বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত বাংলাদেশি ১২ শিক্ষার্থী গোয়েন্দাদের সন্দেহভাজন জঙ্গি তালিকায়।
- সারা দেশের মসজিদে জুমার নামাজের সময় আত্মঘাতী জঙ্গি, সন্ত্রাসী হামলা ও বর্বরতার বিরুদ্ধে ইমামদের বয়ান।
- বাস্তিল দিবস উপলক্ষ্যে ফ্রান্সের নিস শহরে উৎসবে জড়ো হওয়া মানুষের ওপর ট্রাক হামলা। নিহত ৮৪ এবং আহত শতাধিক।

**১৬ জুলাই**

- মঙ্গোলিয়ায় ৩ দিনব্যাপী ১১তম এশিয়া-ইউরোপ সম্মেলন (আসেম) শেষে প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেশে প্রত্যাবর্তন।
- বিনিয়োগ বিরোধ নিষ্পত্তিসংক্রান্ত আন্তর্জাতিক আদালত ইকসিডে খালেদা জিয়াসহ ২৬ জনের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ দাখিল করেছে সরকার।



- রাজধানীর গুলশান হোলি আর্টিজান রেস্টুরেন্ট ও শোলাকিয়াসহ সব সন্ত্রাসী হামলার ঘটনায় জড়িত ও মদদদাতারা চিহ্নিত। ঢাকায় সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল।
- জঙ্গি সংশ্লিষ্টতায় নর্থ সাউথের প্রো-ভাইস চ্যান্সেলর গিয়াসউদ্দীন আহসানসহ তিনজন গ্রেপ্তার।
- তুরস্কে ব্যর্থ অভ্যুত্থান। নিহত ২৬৫।

**১৭ জুলাই**

- দেশের সম্মানজনক ভাবমূর্তি ক্ষুণ্ন করতেই গুলশান হামলা। গণভবনে সংবাদ সম্মেলনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- শিক্ষাঙ্গন জঙ্গিমুক্ত করতে পুলিশের ১১ দফা প্রস্তাব।
- গুলশানের হোলি আর্টিজানে হামলাকারীদের বাড়ি ভাড়া দেওয়ার তথ্য গোপনের অভিযোগে রাজধানীর বসুন্ধরা ও শেওড়াপাড়া থেকে গ্রেপ্তারকৃত চারজনের ৮ দিনের রিমান্ড মঞ্জুর।
- দুর্বৃত্তদের হামলায় চুয়াডাঙ্গার জীবননগর উপজেলায় বাউল মতাদর্শী এক সাধুর আস্তানায় দুই নারীসহ তিনজন আহত।
- বন্দুকধারীদের গুলিতে যুক্তরাষ্ট্রের লুইজিয়ানা রাজ্যে তিন পুলিশ কর্মকর্তা নিহত এবং ৩ জন আহত।
- ব্যর্থ অভ্যুত্থানে যুক্তরাষ্ট্রের হাত ছিল বলে তুরস্কের অভিযোগ।

**১৮ জুলাই**

- সচিবালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিসভার বৈঠকে বাংলাদেশ-ভারতের বহিঃসম্পর্ক চুক্তি সংশোধনের প্রস্তাব অনুমোদন।
- পূর্ণাঙ্গ মহাসচিব হওয়ায় লন্ডনে বিএনপি ও অঙ্গসংগঠনের পক্ষ থেকে মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে অভিনন্দন।
- গুলশানে হোলি আর্টিজান রেস্টুরেন্টে জঙ্গি হামলার ঘটনায় গ্রেপ্তার নর্থ সাউথ ইউনিভার্সিটির অধ্যাপক এসএম গিয়াসউদ্দিন আহসানকে সাসপেন্ড করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।
- ১৫৪ ট্যানারি মালিকের প্রত্যেককে ক্ষতিপূরণ বাবদ প্রতিদিন ১০ হাজার টাকা করে রাষ্ট্রীয় কোষাগারে জমা দিতে আপিল বিভাগের আদেশ।

- মানবতাবিরোধী অপরাধের দায়ে জামালপুরের আলবদর বাহিনীর তিন উদ্যোক্তাকে মৃত্যুদণ্ড এবং পাঁচজনকে আমৃত্যু কারাদণ্ড দিয়েছে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল।
- টর্নেডোর আঘাতে বরিশালের গৌরনদী উপজেলার ৫টি গ্রামের অর্ধশত ঘর বিধ্বস্ত ও ৫ জন আহত।
- প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার উদ্যোগে যাবজ্জীবন দণ্ডপ্রাপ্ত শতবর্ষী অহিদুন্নেছার সাজার রায় বাতিল করল আপিল বিভাগ।

**১৯ জুলাই**

- গুলশান, শোলাকিয়া, পবিত্র মদিনা ও ফ্রান্সে সন্ত্রাসী ও জঙ্গি হামলার ঘটনায় নিন্দা জানিয়ে সর্বসম্মতিক্রমে জাতীয় সংসদে প্রস্তাব গৃহীত।
- সব বাহিনীকে আধুনিক প্রযুক্তি ব্যবহারে দক্ষতা অর্জন করতে হবে। স্পেশাল সিকিউরিটি ফোর্সের (এসএসএফ) ৩০তম প্রতিষ্ঠাবার্ষিকীতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- চুরির অভিযোগে কুষ্টিয়া-১ আসনের এমপি রেজাউল হক চৌধুরীর ভাই মিন্টু চৌধুরী ও সমর্থকদের পিটুনিতে হাসান চৌধুরী (২৩) নিহত।
- জঙ্গি ধরতে সারাদেশে যৌথ বাহিনীর সাঁড়াশি অভিযানে শতাধিক গ্রেপ্তার।
- ভারতের পশ্চিমবঙ্গে চাঁদাবাজির বিরুদ্ধে অভিযান। গ্রেপ্তার **১১** হাজার।
- চীন সীমান্তের পূর্বাঞ্চলে ভারতের ১০০ ট্যাংক মোতায়েন, একই সঙ্গে বাড়ছে সেনা উপস্থিতি।

**২০ জুলাই**

- গুলশান ও শোলাকিয়ায় হামলার ঘটনার মদদদাতা যেই হোক তাদের খুঁজে বের করা সময়ের ব্যাপার মাত্র। সংসদে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- যত্নবান হলে মৎস্য উৎপাদনে বিশ্বে প্রথম হবে বাংলাদেশ। ঢাকায় জাতীয় মৎস্য সপ্তাহের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।



- রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে এক রোগীর শরীরে উপর্যুপরি ৮০টি ইনজেকশন পুশ করায় রোগীর মৃত্যু হয়েছে বলে অভিযোগ।
- রাজধানীর সদরঘাটে পটুয়াখালীগামী একটি লঞ্চের কেবিন থেকে এক কিশোরীর গলাকাটা লাশ উদ্ধার।
- যুক্তরাষ্ট্রের রিপাবলিকান দলের প্রেসিডেন্ট পদে ডোনাল্ড ট্রাম্পের মনোনয়ন চূড়ান্ত।
- ব্যর্থ অভ্যুত্থানচেষ্টায় জড়িত থাকার অভিযোগে তুরস্কে ৫০ হাজার আটক।

**২১ জুলাই**

- ভিডিও কনফারেন্সের মাধ্যমে বেনাপোল ও পেট্রাপোল সমন্বিত চেকপোস্টের উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- মুদ্রা পাচার মামলায় নিম্ন আদালতের খালাসের রায় বাতিল করে বিএনপির সিনিয়র ভাইস চেয়ারম্যান তারেক রহমানের সাত বছরের কারাদণ্ড ও ২০ কোটি টাকার অর্থদণ্ড দিয়েছে হাইকোর্ট।
- দলের সিনিয়র ভাইস চেয়ারম্যান তারেক রহমানের বিরুদ্ধে উচ্চ আদালতের রায় ঘোষণার পরিপ্রেক্ষিতে দলের সিনিয়র নেতাদের সঙ্গে খালেদা জিয়ার বৈঠক। সপ্তাহব্যাপী প্রতিবাদ কর্মসূচি পালনের সিদ্ধান্ত।
- পুলিশ সুপার বাবুল আক্তারের চাকরি এখনো আছে। তিনি বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত– চট্টগ্রামে সাংবাদিকদের প্রশ্নের জবাবে আইজিপি।
- টঙ্গীর আউচপাড়া মোক্তারবাড়ি রোডের একটি বাড়িতে র‍্যাবের অভিযান, জামাআতুল মুজাহিদীন বাংলাদেশের (জেএমবি) আমিরসহ ৪ সদস্য গ্রেপ্তার।
- প্রবল বর্ষণ ও পাহাড়ি ঢলে সিলেট, রংপুর অঞ্চলে বন্যা পরিস্থিতির অবনতি।
- কাশ্মীরে কয়েক দিন ধরে চলা সহিংসতায় পাকিস্তানের বিরুদ্ধে উসকানির অভিযোগ ভারতের।

**২২ জুলাই**

- যুক্তরাজ্যের দলীয় কার্যালয়ে বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের সংবাদ সম্মেলন।
- রাজধানীর গুলশানের হোলি আর্টিজান রেস্টুরেন্টে নিহত ছয় জঙ্গির ডিএনএ নমুনা পরীক্ষার জন্য যুক্তরাষ্ট্রের কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থা ফেডারেল ব্যুরো অব ইনভেস্টিগেশনের কাছে হস্তান্তর।
- মিরপুর কমার্স কলেজের স্যুয়ারেজ লাইন থেকে শিশু জুনায়েদ হোসেন সাব্বিরের লাশ উদ্ধার।
- বন্দুকধারীদের গুলিতে জার্মানির মিউনিখের অলিম্পিক স্টেডিয়ামের কাছে একটি শপিং মলে ৬ জন নিহত ও ১০ জন আহত।
- ভারতের একটি সামরিক বিমান ২৯ জন আরোহী নিয়ে নিখোঁজ।
- মুসলমানরা সবসময় আমেরিকার একটি অংশ। হোয়াইট হাউসে ঈদ-পরবর্তী একটি অনুষ্ঠানে প্রেসিডেন্ট বারাক ওবামা।

**২৩ জুলাই**

- রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে জনপ্রশাসন পদক ২০১৬ বিতরণ করেন প্রধানমন্ত্রী।
- জঙ্গিদের অর্থদাতা ও মদদদাতা যত ক্ষমতাশালীই হোক না কেন তাদের শাস্তি পেতেই হবে। আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদের বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- আত্মঘাতী বোমা হামলায় আফগানিস্তানের রাজধানী কাবুলে ৮০ জন নিহত। আহত ২৭০।
- গুলশান হত্যাকাণ্ডের কারণে গুলশান, বনানীতে শপিংমল ও রেস্টুরেন্ট ক্রেতাশূন্য।
- মার্কিন নির্বাচনে হিলারির রানিংমেট নির্বাচিত হলেন টিম কেইন।
- মার্কিন নির্বাচনে প্রেসিডেন্ট প্রার্থী ডোনাল্ড ট্রাম্পের মনোনয়ন ভাষণ।
- রাজধানীর কল্যাণপুরের জঙ্গি আস্তানা থেকে উদ্ধার পেনড্রাইভে কালো পোশাক পরা জঙ্গিদের ছবি পাওয়া গেছে। পুলিশ রিপোর্ট।
- ঢাকার বনশ্রীতে রাজউকের অভিযান।
- দুবাইয়ে বাংলাদেশি খুনের সাথে জড়িত সন্দেহে ৩ পাকিস্তানি গ্রেপ্তার।
- চীন সাগরে বেইজিং-মস্কোর যৌথ মহড়া ঘোষণা।



**২৪ জুলাই**

- সেনাবাহিনীর নেতৃত্বে থাকবে মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসীরা। ঢাকা সেনানিবাসে সেনা সদর নির্বাচনী পর্ষদ ২০১৬-এ দেওয়া বক্তৃতায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- দরিদ্রের জন্য টেস্ট রিলিফ (টিআর) ও কাজের বিনিময়ে খাদ্য (কাবিখা) কর্মসূচির বরাদ্দের অর্ধেকই এমপিদের পকেটে যায় বলে তথ্যমন্ত্রী হাসানুল হক ইনুর মন্তব্য।
- ডাচ্-বাংলা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজের সভাপতি হাসান খালেদ ধানমন্ডির বাসা থেকে নিখোঁজ। অপহরণ হতে পারেন বলে পরিবারের সদস্যদের আশঙ্কা।
- পায়ুপথে বাতাস ঢুকিয়ে নারায়ণগঞ্জের রূপগঞ্জে সাগর বর্মণ (১০) নামে এক শিশুকে হত্যা করা হয়েছে বলে অভিযোগ।
- সিরাজগঞ্জ ও নীলফামারীতে জেএমবির চার নারী সদস্যসহ ৬ জঙ্গি আটক।
- উজান থেকে নেমে আসা পাহাড়ি ঢল আর প্রবল বর্ষণে দেশের বিভিন্ন এলাকায় বন্যা পরিস্থিতির চরম অবনতি।
- রাজধানীর মোহাম্মদপুর থেকে প্রকৌশলী রাহাত নিখোঁজ।
- নেপালের প্রধানমন্ত্রীর পদত্যাগ।
- আত্মঘাতী বোমা হামলায় বাগদাদের উত্তরাঞ্চলীয় একটি আবাসিক এলাকায় ২১ জন নিহত, আহত ৩৫।

**২৫ জুলাই**

- ঢাকায় ৪ দিনব্যাপী জেলা প্রশাসক সম্মেলন উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- রাজধানীর কল্যাণপুরে একটি জঙ্গি আস্তানায় পুলিশের অভিযান। এক পুলিশ সদস্য আহত।
- টিআর-কাবিখা নিয়ে বিতর্কিত বক্তব্যের জন্য মন্ত্রিসভায় দুঃখ প্রকাশ এবং সঙ্গে ক্ষমা চেয়েছেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু।
- আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে পিরোজপুরের মঠবাড়িয়ায় আওয়ামী লীগের দুই গ্রুপের মধ্যে সংঘর্ষ। ১ জন নিহত।
- নারায়ণগঞ্জের রূপগঞ্জে পায়ুপথে বাতাস ঢুকিয়ে সাগর বর্মণ (১০) নামে এক শিশু হত্যা মামলায় গ্রেপ্তার নাজমুলের ৭ দিনের রিমান্ড মঞ্জুর।

- বন্দুকধারীদের গুলিতে যুক্তরাষ্ট্রের ফ্লোরিডার নৈশক্লাবে ২ জন নিহত। আহত ১৪।
- আত্মঘাতী বোমা হামলায় জার্মানির বাভরিয়া রাজ্যে ১ জন নিহত। আহত ১২।
- অবৈধ হরিণ শিকার মামলায় খালাস পেলেন বলিউড অভিনেতা সালমান খান।
- যে কোনো পরিস্থিতিতে বাংলাদেশের পাশে থাকবে যুক্তরাষ্ট্র। সাংবাদিকদের মার্কিন রাষ্ট্রদূত মার্শা বার্নিকাট।
- রাজধানীর কল্যাণপুরে জঙ্গি আস্তানায় পুলিশের বিশেষ অভিযান অপারেশন স্টর্ম ২৬। নিহত ৯, আটক ৪২।
- গুলশানে অবৈধ স্থাপনা উচ্ছেদ অভিযান শুরু। ১০টি প্রতিষ্ঠান বন্ধ।
- নিখোঁজের ৩ দিন পর বুড়িগঙ্গা নদী থেকে উদ্ধার হলো ডাচ-বাংলা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজের সভাপতি হাসান খালেদের লাশ।
- বোমা সংযোজন করে যে কোনো নাশকতামূলক কর্মকাণ্ড ঘটানো যেতে পারে এমন একটি অত্যাধুনিক ড্রোন হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পোস্টাল পার্সেল শাখা থেকে উদ্ধার।
- জাপানের সাগামিহারা শহরে প্রতিবন্ধীদের একটি আবাসিক সেবাকেন্দ্রে হামলাকারীর ছুরিকাঘাতে ১৯ জন নিহত। আহত ২৬।

**২৬ জুলাই**

- রাজধানীর কল্যাণপুরে জঙ্গি আস্তানায় পুলিশের অভিযানে নিহত জঙ্গিদের নিয়ে বিএনপি নেতাদের আহাজারি প্রমাণ করে তারা জঙ্গিবাদের সমর্থক। সংসদে সমাপনী বক্তব্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- বিদ্যুৎকেন্দ্র, গ্যাসক্ষেত্র ও জ্বালানি তেল ডিপোর নিরাপত্তা নিশ্চিত করতে জেলা প্রশাসকদের প্রয়োজনীয় নির্দেশ। জেলা প্রশাসকদের সম্মেলনে বিদ্যুৎ প্রতিমন্ত্রী।
- রাজধানীর কল্যাণপুরে অপারেশন স্টর্ম ২৬-এ নিহত জঙ্গির মধ্যে ৭ জনের পরিচয় নিশ্চিত করেছে ঢাকা মহানগর পুলিশ।
- চলমান জঙ্গি ইস্যুতে সরকার ব্লেম গেম করছে বলে কূটনীতিকদের কাছে বিএনপির অভিযোগ।



- উত্তরাঞ্চলের জেলা কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, গাইবান্ধা, সিরাজগঞ্জ, পাবনা, জামালপুর ও ফরিদপুরের সার্বিক বন্যা পরিস্থিতির আরও অবনতি। নদ-নদীর পানি বিপদসীমার ওপর দিয়ে প্রবাহিত।
- নিরাপত্তাজনিত কারণে বাংলাদেশে সাময়িকভাবে ব্রিটিশ কাউন্সিলের অফিস বন্ধ।
- নোয়াখালীর চৌমুহনী এলাকায় সন্ত্রাসী সম্রাট গ্রুপ ও সুমন গ্রুপের মধ্যে গোলাগুলি: ১ জন নিহত ও দুই নারীসহ তিনজন আহত।
- দুর্বৃত্তের ছুরিকাঘাতে ফ্রান্সের একটি ক্যাথলিক গির্জায় ৩ জন নিহত।

**২৭ জুলাই**

- জাতীয় সংসদে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সমাপনী ভাষণ। সংসদ সদস্যদের নিজ নিজ এলাকায় গিয়ে কাজ করার নির্দেশ।
- যুদ্ধাপরাধী ১৯৫ জনের তথ্য সংগ্রহ করার কাজ চলছে। সংসদে আইনমন্ত্রী।
- অনুপ্রবেশের অভিযোগে ৪০ বাংলাদেশিকে ফেরত পাঠালো যুক্তরাষ্ট্র।
- ঢাকায় ব্রিটিশ কাউন্সিল আপাতত বন্ধ ঘোষণা।
- নাশকতামূলক কাজে যুক্ত থাকার অভিযোগের মামলায় বিএনপি নেত্রী সেলিমা রহমানসহ ৫৯ জনের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি।
- নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ৬০১ কোটি টাকার বাজেট ঘোষণা।

**২৮ জুলাই**

- সন্ত্রাসীদের প্রযুক্তির ব্যবহার রোধে সতর্ক থাকুন। ঢাকায় জনপ্রশাসন ২০১৬ শীর্ষক আন্তর্জাতিক সামিটের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী।
- বাগেরহাটের রামপালে কয়লা বিদ্যুৎকেন্দ্র নির্মাণ প্রকল্প বাতিলের দাবিতে প্রধানমন্ত্রীর কার্যালয় অভিমুখে যাত্রা করা মিছিলে পুলিশের বাধা।
- ৩০ হাজার শিক্ষাপ্রতিষ্ঠানে ই-লার্নিং ল্যাব তৈরি করেছে সরকার। ঢাকায় দুই দিনব্যাপী বিপিও সামিট ২০১৬ এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর তথ্য ও প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়।
- রাজধানীর কল্যাণপুরে জঙ্গিবিরোধী অভিযানের ঘটনায় ১০ জঙ্গিকে আসামি করে মিরপুর থানায় একটি মামলা।

- গাজীপুর আইনজীবী সমিতি মিলনায়তনে বোমা হামলা চালিয়ে আটজনকে হত্যার ঘটনায় ছয় জঙ্গির মৃত্যুদণ্ড বহাল রেখেছেন হাইকোর্ট।
- টানা বর্ষণ ও পাহাড়ি ঢলে উত্তরাঞ্চলে বন্যা পরিস্থিতির আরও অবনতি। কুড়িগ্রাম ও গাইবান্ধায় বন্যার পানিতে ২ শিশুসহ ৪ জনের মৃত্যু।
- জঙ্গি ও সন্ত্রাসবিরোধী লড়াইয়ে ভারত সব সময় বাংলাদেশের পাশে থাকবে। নয়াদিল্লিতে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালের সাক্ষাৎকালে তিনি এ কথা বলেন।
- উপমহাদেশের অন্যতম প্রধান বাঙালি সাহিত্যিক মহাশ্বেতা দেবীর মৃত্যু।

**২৯ জুলাই**

- ঢাকার কেন্দ্রীয় কারাগার নাজিমউদ্দিন রোড থেকে কেরানীগঞ্জে স্থানান্তর।
- বিপৎসীমার ওপরে ১৯টি নদ-নদীর পানি।
- বজ্রপাতে বিভিন্ন স্থানে ১২ জনের মৃত্যু।
- পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় কলকাতার কেওড়াতলা মহাশ্মশানে বিশিষ্ট কথাসাহিত্যিক মহাশ্বেতার শেষকৃত্য সম্পন্ন।
- মার্কিন যুক্তরাষ্ট্রের ডেমোক্র্যাট দলের প্রেসিডেন্ট প্রার্থী হিসেবে মনোনয়ন গ্রহণ করলেন হিলারি ক্লিনটন।
- বাংলাদেশ ব্যাংকের চুরি যাওয়া ৮১ মিলিয়ন ডলার উদ্ধারে সহযোগিতা করার অনুরোধ জানিয়ে ফিলিপাইনের কেন্দ্রীয় ব্যাংককে যুক্তরাষ্ট্রের ফেডারেল রিজার্ভ ব্যাংক অব নিউইয়র্কের চিঠি।
- নয়াদিল্লিতে বাংলাদেশ ও ভারতের স্বরাষ্ট্রমন্ত্রী পর্যায়ের বৈঠকে সিদ্ধান্ত গৃহীত: সন্ত্রাস দমনে তথ্য বিনিময়ে একমত।

**৩০ জুলাই**

- সবুজ অর্থনীতি গড়ার আহ্বান জানিয়ে জাতীয় পরিবেশ ও বৃক্ষমেলার উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- যারা গুপ্তহত্যা করে তারা বীর নয়, কাপুরুষ, কেন্দ্রীয় শহীদ মিনারে যুব সমাবেশে জনপ্রশাসনমন্ত্রী সৈয়দ আশরাফ।



- ডা. মোহাম্মদ ইব্রাহিম স্মৃতি স্বর্ণপদক পেলেন ডা. এ কে আজাদ খান ও সায়মা ওয়াজেদ হোসেন। বারডেম হাসপাতালে আয়োজিত এক অনুষ্ঠান তাঁদের এ পদক দেওয়া হয়।
- বন্যার পানি বৃদ্ধি পাওয়ায় পদ্মায় তীব্র স্রোত। ৩৫টি ফেরির মধ্যে ২১টি অচল।
- মো. শাহ আলমগীর আরও ২ বছরের জন্য পিআইবির মহাপরিচালক হিসেবে নিয়োগ পেলেন।
- গুলশান হামলার মূল হোতা তামিম চৌধুরীসহ জামাআতুল মুজাহিদীন বাংলাদেশের পাঁচ সদস্য ভারতে প্রবেশ করেছে বলে দেশটিকে জানিয়েছে বাংলাদেশ।
- শেরপুরে তিন ধর্ষকের যাবজ্জীবন কারাদণ্ড।
- ব্যর্থ সেনা অভ্যুত্থানে জড়িত থাকার অভিযোগে তুরস্কে ১৪০০ সেনা চাকরিচ্যুত।
- হিলারির আরও তথ্য ফাঁসের হুঁশিয়ারি দিলেন জুলিয়ান অ্যাসাঞ্জ।
- ইউরেকো কোইকে টোকিওর প্রথম নারী গভর্নর নির্বাচিত হলেন।
- যুক্তরাষ্ট্রের টেক্সাস শহরের বেলুনে আগুন। ১৬ জন আরোহীর মৃত্যু।
- বন্দুকধারীর গুলিতে যুক্তরাষ্ট্রের সিয়াটলে ৩ জন নিহত।

## আগস্ট

**১ আগস্ট**

- বিচারপতিদের বেতন বৃদ্ধিসহ ৬টি বিলে রাষ্ট্রপতির স্বাক্ষর।
- জাতীয় শোক দিবস উপলক্ষ্যে আওয়ামী লীগের রক্তদান কর্মসূচি উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- শিল্পকলা একাডেমিতে 'শিল্পের আলোয় বঙ্গবন্ধু' শীর্ষক মাসব্যাপী অনুষ্ঠান শুরু।
- কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের দুই গ্রুপের সংঘর্ষ। নিহত ১, আহত ২৫। বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা।
- জাইকার প্রেসিডেন্টের ঢাকা সফর স্থগিত।
- হাতিয়ার চানদি ইউনিয়ন থেকে বিপুল পরিমাণ অস্ত্র উদ্ধার।

- রাজধানীর ধানমন্ডি ও বনশ্রীতে অবৈধ দোকানপাট উচ্ছেদ অভিযান শুরু সিটি করপোরেশনের।
- দেশের বন্যা পরিস্থিতির অবনতি।

**২ আগস্ট**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে একনেকে ৭টি প্রকল্প অনুমোদন।
- রিও অলিম্পিকে উদ্বোধনী মশাল বহনের সম্মান পেলেন ড. ইউনূস।
- কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের সংঘর্ষের ঘটনায় ১৫০ জনের বিরুদ্ধে পুলিশের মামলা।
- শাজনীন হত্যা মামলার রায়। শহিদুলের ফাঁসি এবং ৪ জন খালাস।
- কাশ্মীরে শিক্ষামন্ত্রীর বাড়িতে পেট্রলবোমা হামলা।

**৩ আগস্ট**

- আশকোনায় হজ কার্যক্রম ২০১৬ উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- নতুন জঙ্গি সংগঠন আলি আনসারের সন্ধান লাভ।
- কুষ্টিয়ার ভেড়ামারায় জাসদের জনসভায় বক্তৃতা করেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু।
- জাতিগত বিদ্বেষ ছড়ানোর অভিযোগে লোহাগড়ার দৈনিক নয়াদেশের সম্পাদকের বিরুদ্ধে মামলা।
- ধানমন্ডি, গুলশান, বনশ্রীতে সিটি করপোরেশনের উচ্ছেদ কার্যক্রম অব্যাহত।
- পাটুরিয়া ফেরিঘাটে দীর্ঘ জানজট।
- পুষ্পকমল দাহাল প্রচণ্ড পুনরায় নেপালের প্রধানমন্ত্রী নির্বাচিত।
- জাপানের জলসীমায় উত্তর কোরিয়ার ক্ষেপণাস্ত্র মোতায়েন।

**৪ আগস্ট**

- ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদনা চুক্তি স্বাক্ষর করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- জেদ্দা পৌঁছাল প্রথম হজ ফ্লাইট।
- অলিম্পিক মশাল বহন করলেন ড. ইউনূস।



- তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইনে ফরিদপুরের সাংবাদিক প্রবীর সিকদারের বিরুদ্ধে আদালতের অভিযোগ গঠন।
- হাসনাত করিম ও তাহমিদ খান জঙ্গিদের সব ধরনের সহযোগিতা করতেন: পুলিশের তথ্য।
- ময়মনসিংহে পুলিশের সাথে সংঘর্ষে জঙ্গি শফিউল্লাহসহ ২ জন নিহত।
- ঢাকা ও দেশের দক্ষিণাঞ্চলে বন্যা পরিস্থিতির উন্নতি।

**৫ আগস্ট**

- বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ৭৫তম মৃত্যুবার্ষিকী পালন।
- বঙ্গবন্ধুর জ্যেষ্ঠ পুত্র ও ক্রীড়া সংগঠক শেখ কামালের জন্মদিন পালন।
- সাবেক অর্থমন্ত্রী শাহ এএমএস কিবরিয়া হত্যা মামলার সাক্ষ্য গ্রহণ শুরু।
- পঞ্চগড়ে শিশু ও গৃহকর্মী হত্যার ময়নাতদন্ত রিপোর্ট প্রকাশ।
- বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ চুরির ঘটনার সাথে ব্যাংকের কিছু কর্মকর্তা জড়িত। তদন্ত রিপোর্ট।
- মার্কিন অভিনেতা ডেভিড হ্যাভেনটোনের (৮৫) মৃত্যু।
- সিবিআই ব্যর্থ হলে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের নোবেল খুঁজে দেওয়ার অঙ্গীকার ব্যক্ত করলেন ভারতের পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায়।
- ইতালির পার্লামেন্টে খাবার অপচয়সংক্রান্ত বিল পাস।
- মিসরে বিমান হামলায় আইএস নেতা আবু দুরা আল আন সারা নিহত।
- যুক্তরাষ্ট্রের পেন্টাগনের শীর্ষ নেতাদের বৈঠক। যুক্তরাষ্ট্রে আইএস জঙ্গি রয়েছে বলে ধারণা ব্যক্ত।

**৬ আগস্ট**

- হোলি আর্টিজানে হামলার কাজে ৩০ লাখ টাকা দুবাই প্রবাসী এক পাকিস্তানি দিয়েছে। গোয়েন্দা রিপোর্ট।
- বাংলাদেশসহ এ অঞ্চলের বিভিন্ন দেশে জঙ্গি হামলা বাড়বে। ইউরোপোলের রিপোর্ট।

- বিএনপির সিনিয়র সহসভাপতির পদ থেকে পদত্যাগ করলেন মোসাদ্দেক হোসেন ফালু।
- পানামা পেপারস কেলেঙ্কারির কারণে সরকারের উপদেষ্টা স্টিগলিজের পদত্যাগ।
- রয়টার্সের মতামত জরিপ: আসন্ন মার্কিন নির্বাচনে ৩ পয়েন্টে হিলারি ট্রাম্পের চেয়ে এগিয়ে।
- রিওডি জেনেরিওতে অলিম্পিকের জমকালো উদ্বোধন। ২০৬টি দেশের ১০ হাজার ক্রীড়াবিদের অংশগ্রহণ। প্রথম দিনে মার্কিন শুটার থ্রামারের স্বর্ণপদক লাভ।
- বিএনপির পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা। নতুন মুখ ১১৩ জন।
- আলেপ্পোর গোলন্দাজ ঘাঁটিতে সিরীয় বিদ্রোহীদের হামলা।

**৭ আগস্ট**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে ভিয়েতনামের বিদায়ী রাষ্ট্রদূত নগুয়েন কুয়ানঘুর সাক্ষাৎ।
- সঠিক তথ্য ছাড়া জঙ্গিদের গ্রেপ্তার করা হচ্ছে না। পুলিশের অতিরিক্ত কমিশনার।
- পানামা পেপারস কেলেঙ্কারির সাথে জড়িত থাকার সন্দেহে ৩৯ বাংলাদেশির ব্যাংক হিসাব তলব।
- খালেদা জিয়া ও জন কেরির বৈঠক।
- জন কেরির বঙ্গবন্ধু জাদুঘর পরিদর্শন।
- লিবিয়ার উপকূল থেকে ইতালি কোস্টগার্ডের ৬৫০০ শরণার্থী উদ্ধার।
- রোহিঙ্গাদের নাগরিকত্ব চাইলেন বান কি মুন।
- পাটুরিয়া-দৌলতদিয়া নৌপথে প্রচণ্ড যানজট।
- মার্কিন নির্বাচনের জনমত জরিপ। হিলারি ৮ পয়েন্টে এগিয়ে।
- ৪১০০ মিটার রিলেতে এবং অলিম্পিক গেমসে মহিলাদের ৪০০ মিটার ফ্রি স্টাইলে অস্ট্রেলিয়ার স্বর্ণপদক লাভ।
- ১০ মিটার এয়ার পিস্তলে ভিয়েতনামের প্রথম স্বর্ণপদক লাভ।

**৮ আগস্ট**

- বঙ্গমাতা ফজিলাতুন্নেছা মুজিবের ৮৬তম জন্মদিন পালন।
- গণভবনে 'শ্রদ্ধা-ভালোবাসায় স্মরণীয় বঙ্গমাতা ফজিলাতুন্নেছা' গ্রন্থের মোড়ক উন্মোচন করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।



- ক্ষতিকর সংবাদ প্রকাশ থেকে বিরত থাকার আহ্বান স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালের। বৃহত্তর ঢাকা সাংবাদিক ফোরামের আলোচনা সভায় তিনি এই আহ্বান জানান।
- সিলেট সিটি করপোরেশনের ৩৮ কোটি ৫৪ লাখ টাকার বাজেট ঘোষণা।
- সাভারের রানা প্লাজার মালিক রানার বিরুদ্ধে দুদকের চার্জশিট।
- পাকিস্তানের বেলুচিস্তানের কোয়েটার একটি হাসপাতালে বোমা হামলা, নিহত ৭০। আইএসের দায় স্বীকার।
- ভারতে পরমাণু হামলার হুমকি হিজবুল মুজাহিদীনের।
- মিসরের আলেপ্পোয় সরকারি অবরোধ ভাঙল বিদ্রোহীরা।
- অলিম্পিক গেমসে ১০০ ফ্রি স্টাইলে মাইকেল ফেলপসের স্বর্ণপদক জয়।

**৯ আগস্ট**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে একনেকের বৈঠক অনুষ্ঠিত। ৬টি প্রকল্প অনুমোদন।
- এমপিওভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানের বেতন ৩০ শতাংশের বেশি বৃদ্ধি করা যাবে না। সরকারি পরিপত্র জারি।
- শহীদ মিনারে আদিবাসীদের সমাবেশ। তাদেরকে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী হিসেবে স্বীকৃতি দেওয়ার দাবি।
- হিলারি আইএসকে অর্থ সাহায্য করেছিলেন। জুলিয়ান অ্যাসাঞ্জের দাবি।
- ভারতে জাকির নায়েকের ফাউন্ডেশনের বিরুদ্ধে তদন্ত শুরু।
- রাজধানীর বিভিন্ন স্থান থেকে ৩৮ মাদকসেবীকে গ্রেপ্তার ডিএমপির।
- পুরুষ জুডোয় জাপানের শোহেই ওনোর স্বর্ণপদক লাভ।
- ১০০০ মিটার রিলেতে জ্যামাইকার উসাইন বোল্টের স্বর্ণপদক জয়।
- মহিলাদের ১০০ মিটার ব্রেস্টস্ট্রোকে হাঙ্গেরির কাটিন কা হেসেদের স্বর্ণপদক জয়।
- অলিম্পিকে ১৯টি স্বর্ণপদক নিয়ে এ পর্যন্ত শীর্ষে যুক্তরাষ্ট্র।

**১০ আগস্ট**

- প্রতিটি জেলা-উপজেলায় ইসলামি সাংস্কৃতিক কেন্দ্র হবে। জঙ্গিবাদবিরোধী ওলামা সম্মেলনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঘোষণা।
- টেলিফোনে লন্ডনে চিকিৎসাধীন ক্রিকেটার মুস্তাফিজের খোঁজ নিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- অটিজম মোকাবিলায় জাতীয় পরামর্শক কমিটির ৪৫টি লক্ষ্য নির্ধারণ।
- পাকিস্তানের ক্রিকেটার হানিফ মোহাম্মদের মৃত্যু (৮১)।
- ওবামা ও হিলারি আইএস জঙ্গির প্রতিষ্ঠাতা। ফ্লোরিডায় নির্বাচনী প্রচারণায় ডোনাল্ড ট্রাম্প অভিযোগ তোলেন।
- অলিম্পিক গেমসের সাঁতারে পুরুষদের ১০০ মিটার ফ্রি স্টাইলে অস্ট্রেলিয়ার ব্রাটল চালমার্সের স্বর্ণপদক লাভ।

**১১ আগস্ট**

- বঙ্গবন্ধুর শাহাদতবার্ষিকী উপলক্ষ্যে জনপ্রশাসনের রক্তদান কর্মসূচি উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- নাশকতার অভিযোগের ১০ মামলা থেকে বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার জামিন লাভ।
- দেশে কোনো আইএস জঙ্গি নেই। পোস্তগোলায় দলীয় সমাবেশে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালের দাবি।
- রাজধানীতে ওয়েবপেজের হার্ড ডিস্কসহ ৬ জঙ্গি গ্রেপ্তার।
- বাড়ি ছাড়লেন চট্টগ্রামের পুলিশ সুপার বাবুল আক্তার।
- নারায়ণগঞ্জে শিক্ষক শ্যামলকান্তি ভক্তকে কান ধরে ওঠবস করার ঘটনার বিচার বিভাগীয় তদন্ত কমিটি গঠন।
- মিসরের আলেপ্পোয় যুদ্ধবিরতির আহ্বান জাতিসংঘ মহাসচিবের।
- অলিম্পিক গেমসের ২০০ মিটার বাটারফ্লাইয়ে যুক্তরাষ্ট্রের মাইকেল ফেলপসের স্বর্ণপদক জয়।
- ২০০ মিটার ব্যক্তিগত মিডলে হাঙ্গেরীয় কাতিনক হসসুর স্বর্ণপদক জয়।



**১২ আগস্ট**

- ভিডিও কনফারেন্সের মাধ্যমে পায়রাবন্দর ও ৮ লেনবিশিষ্ট মহাসড়কের উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- রংপুরে সম্প্রীতি সম্মেলনে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেন, জঙ্গির অস্তিত্ব দেশে থাকবে না।
- অপারেশনের পর লন্ডনে আজ হাসপাতাল ত্যাগ করলেন ক্রিকেটার মুস্তাফিজুর রহমান।
- জেএমবির আত্মঘাতী দলের ৫ জন গ্রেপ্তার।
- সুন্দরবনে ১৭ জেলেসহ ট্রলারডুবি।
- সিরিয়ার মানবিজ শহর থেকে আইএস জঙ্গিদের হটিয়ে দিল কুর্দি ও আরবীয় যোদ্ধারা।
- দিল্লিতে ভারত-চীন পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ের বৈঠক।
- লস অ্যাঞ্জেলেস বিমানবন্দরে ভারতীয় চলচ্চিত্র তারকা শাহরুখ খানকে জিজ্ঞাসাবাদ।
- অলিম্পিক গেমসের ২০০ মিটার মিডলের চতুর্থ স্বর্ণপদক জয় করলেন যুক্তরাষ্ট্রের মাইকেল ফেলপস।
- মহিলাদের ২০০ ও ৪০০ মিটার ফ্রি স্টাইলে আমেরিকার কেটি লেবেকির স্বর্ণপদক জয়।

**১৩ আগস্ট**

- গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে পায়রাবন্দরসহ পাঁচটি প্রকল্প উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- গুলশানের হোলি আর্টিজান রেস্টুরেন্টে হত্যাকাণ্ডের সাথে জড়িত সন্দেহে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক হাসনাত রেজাউল করিম গ্রেপ্তার।
- নেতাকর্মীদের গ্রেপ্তার, নির্যাতন, দেশের বন্যা পরিস্থিতি ও জঙ্গি হামলার ঘটনার কারণে বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়া জন্মদিন পালন করবেন না বলে দলীয় সূত্রে জানানো হয়েছে।
- যুদ্ধাপরাধী সালাউদ্দিন কাদের চৌধুরীর বিচারের রায় আবার পেছাল।
- সোনালী ব্যাংকের ২৩ কোটি টাকা আত্মসাতের অভিযোগে ব্যাংকের সাবেক উপমহাপরিচালক গ্রেপ্তার।

- স্ত্রী হত্যাকাণ্ডের ৬৯ দিন পর ফেসবুকে চট্টগ্রামের পুলিশ সুপার বাবুল আক্তারের স্ত্রী-সন্তানদের নিয়ে স্ট্যাটাস প্রকাশ।
- ৭৩ দিন লড়াইয়ের পর সিরিয়ায় মানবেজ শহর আইএস জঙ্গিমুক্ত।
- নয়াদিল্লিতে চীনের পররাষ্ট্রমন্ত্রী ভয়াংই'র সাথে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বৈঠক।
- অলিম্পিকে মহিলাদের ৮০০ মিটার ফ্রি স্টাইলে যুক্তরাষ্ট্রের কেডি লিবিকির স্বর্ণপদক জয়।

**১৪ আগস্ট**

- গুলশান হত্যাকাণ্ডে হাসনাতের জড়িত থাকার প্রমাণ মিলেছে। ঢাকা মহানগর গোয়েন্দা সংস্থা।
- বঙ্গবন্ধু হত্যাকাণ্ড মামলার বাদী মহিতুল ইসলাম জীবন-মৃত্যুর সন্ধিক্ষণে।
- গাজীপুর থেকে ৪ শিবির নেতা গ্রেপ্তার।
- চট্টগ্রামে কুকুর লেলিয়ে হিমু হত্যার সাথে জড়িত থাকায় ৫ জনের মৃত্যুদণ্ডের রায় মহানগর দায়রা জজের।
- নিউইয়র্কে ইমামসহ ২ বাংলাদেশিকে গুলি করে হত্যা।
- ফিলিপিনের সাবেক প্রেসিডেন্ট কার্ডিনান্ড মার্টোসের দাফন নিয়ে ফিলিপাইনে বিক্ষোভ।
- ইয়েমেনে সৌদি জোটের বিমান হামলা। ১০ শিশু নিহত।

**১৫ আগস্ট**

- জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মৃত্যুবার্ষিকী পালন। দেশের বিভিন্ন সামাজিক, রাজনৈতিক ও সাংস্কৃতিক সংগঠনের অনুষ্ঠান।
- জাতীয় শোক দিবস উপলক্ষ্যে টুঙ্গিপাড়ায় জাতির জনকের মাজারে শ্রদ্ধা নিবেদন ও ফাতেহা পাঠ করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- জাতীয় শোক দিবস উপলক্ষ্যে সুপ্রিম কোর্টে স্বেচ্ছায় রক্তদান কর্মসূচির উদ্বোধন করলেন প্রধান বিচারপতি এস কে সিনহা।
- টেলিভিশনে দেয়া ভাষণে উত্তর কোরিয়াকে পারমাণবিক অস্ত্র পরিহারের আহ্বান দক্ষিণ কোরিয়ার প্রেসিডেন্ট পার্ক জিউন হাইয়ের।
- অলিম্পিক গেমসের ১০০ মিটার দৌড়ে জ্যামাইকার উসাইন বোল্টের স্বর্ণপদক জয়।



**১৬ আগস্ট**

- রাজধানীর খামারবাড়িতে আওয়ামী লীগ আয়োজিত জাতীয় শোক দিবসের অনুষ্ঠান। প্রধান অতিথি ছিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে একনেকের বৈঠকে প্রত্যেক হাসপাতালে আইসিইউ ও সিসিইউ প্রতিষ্ঠার নির্দেশ। ৬টি প্রকল্প পাস।
- ঢাকা থেকে জেএমবির ৪ নারী কর্মী গ্রেপ্তার।
- ভারতশাসিত কাশ্মীরে জনতা-পুলিশ সংঘর্ষ, নিহত ৫।
- দলিতদের নির্যাতনের বিরুদ্ধে গুজরাটে বিক্ষোভ।
- অলিম্পিক গেমসের পোলভল্টে ব্রাজিলের থিয়াসে ব্রাজভি সিলার স্বর্ণপদক লাভ।

**১৭ আগস্ট**

- ঢাকা ভেঙে নতুন বিভাগ করা হবে। ময়মনসিংহ উন্নয়ন পরিষদের সভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঘোষণা।
- দিল্লিতে তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু ও ভারতের সম্প্রচারমন্ত্রী ভেঙ্কাইয়া নাইডুর বৈঠক।
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের আরবি বিভাগের ৪৯ ছাত্র নিখোঁজ।
- বাংলাদেশ ব্যাংকের অর্থ পাচার ঘটনার সাথে জড়িত থাকার অভিযোগে ফিলিপাইনের রিজাল কমার্শিয়াল ব্যাংকের ব্যবস্থাপক মায়া সন্তোষ গ্রেপ্তার।
- যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়ায় দাবানল। ৯ হাজার একর জমি গ্রাস।
- দুর্নীতির অভিযোগে ইউনিটেককে ১৫ হাজার কোটি রুপি জরিমানা ভারতের সুপ্রিম কোর্টের।

**১৮ আগস্ট**

- উচ্চমাধ্যমিক পরীক্ষার ফলের রিপোর্ট প্রধানমন্ত্রীর কাছে হস্তান্তর করলেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ।
- গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে ওআইসির মহাসচিব ইয়াদমিন আমিন মাদানীর সাক্ষাৎ।
- দেশে উন্নত বিচারব্যবস্থা না থাকলে সুবিচার কমে যাবে। সুপ্রিম কোর্টের প্রয়াত আইনজীবীদের স্মরণে আয়োজিত অনুষ্ঠানে প্রধান বিচারপতি এস কে সিনহা।

- চট্টগ্রামের তিনটি ছাত্রী হল থেকে ১৫ বস্তা জিহাদি বই উদ্ধার।
- মিয়ানমারের নেত্রী অং সান সু চির চীন সফর।
- অলিম্পিক গেমসে মহিলাদের ২০০ মিটার দৌড়ে জ্যামাইকার থমসনের স্বর্ণপদক জয়। নারী বিচ বলে জার্মানির ও নারী টেবিল টেনিসে চীনের স্বর্ণপদক লাভ।

**১৯ আগস্ট**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের ধানমন্ডির ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য প্রদান এবং বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর পরিদর্শন।
- বৌদ্ধ ধর্মাবলম্বীদের কঠিন চীবরদান ও ধর্মদেশনা অনুষ্ঠিত।
- রামপাল বিদ্যুৎ প্রকল্প বন্ধে শহীদ মিনারে জাতীয় সম্পদ রক্ষা কমিটির সমাবেশ।
- অলিম্পিক গেমসে ২০০ মিটার দৌড়ে জ্যামাইকার উসাইন বোল্টের আরেকটি স্বর্ণপদক জয়। নারী বর্শা নিক্ষেপে ক্রোয়েশিয়ার সারা কোনাকের স্বর্ণপদক জয় ও মহিলাদের হার্ডলসে যুক্তরাষ্ট্রের হেরেন মারউলিসের স্বর্ণপদক লাভ।

**২০ আগস্ট**

- রিমান্ড শেষে গুলশান হত্যাকাণ্ডের সাথে জড়িত তাহমিদকে কারাগারে প্রেরণ।
- রাজধানীর মেরুল বাড্ডা থেকে ১৮ জামায়াতকর্মী গ্রেপ্তার।
- রয়টার্সের জনমত জরিপ। হিলারি ক্লিনটন ৮ পয়েন্টে এগিয়ে।
- তুরস্ক পার্লামেন্টে ইসরায়েলের সাথে চুক্তিসংক্রান্ত বিল পাস।
- পাকিস্তান সীমান্তে হামলা। পাকিস্তান ও আফগানিস্তানের সীমান্ত গেট চমন বন্ধ।
- চীনের প্রধানমন্ত্রীর সাথে জলবিদ্যুৎ নিয়ে সফররত অং সান সু চি'র বৈঠক।

**২১ আগস্ট**

- গুলশান হত্যাকাণ্ডের বেদিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ফুলেল শ্রদ্ধা নিবেদন।
- পররাষ্ট্র সচিবের সাথে ঢাকায় নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত মার্শা বার্নিকাটের সাক্ষাৎ।



- লেখক অভিজিৎ হত্যায় খুনিদের ৭টি ভিডিও প্রকাশ।
- বসুন্ধরা সিটির ষষ্ঠতলায় আগুন।
- ঘূর্ণিঝড়ে ফরিদপুরে নিহত ৮।
- তুরস্কের গাজিয়ানটেপ শহরে বিয়ের অনুষ্ঠানে বোমা হামলা। নিহত ৫০।
- ইরাকে ৩৬ আইএস জঙ্গির ফাঁসি কার্যকর।

**২২ আগস্ট**

- চট্টগ্রামে অ্যামোনিয়া গ্যাস লিকেজ। বহু লোক অসুস্থ।
- গোলাম আযমের ছেলে আজমী আটক।
- বঙ্গবন্ধু মেডিকেল কলেজ ও হাসপাতালে ৫টি নতুন বিভাগ চালু।
- ১৫ দফা দাবিতে নৌশ্রমিকদের কর্মবিরতির ডাক।
- অভিনেতা ফরিদ আলীর মৃত্যু (৭২)।
- শেষ হলো রিও অলিম্পিক।
- গাজায় ইসরায়েলের গোলাবর্ষণ।
- সাংবিধানিক কাঠামোর মধ্যেই পাকিস্তানের সমস্যা। জম্মু-কাশ্মীরের বিরোধী দলের নেতাদের সাথে আলাপকালে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি।
- ওবামার হিজড়া নীতির ওপর আদালতের নিষেধাজ্ঞা।
- ভারতের পররাষ্ট্রমন্ত্রী সুষমা স্বরাজের মিয়ানমার সফর। অং সান সু চিকে সহযোগিতার আশ্বাস।

**২৩ আগস্ট**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে একনেকের বৈঠক। ৫টি প্রকল্প অনুমোদন।
- শহীদদের তালিকা নিয়ে মন্তব্য করায় বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার বিরুদ্ধে দায়ের করা মামলায় গ্রেপ্তারি পরোয়ানা জারি।
- অপরাধ ট্রাইব্যুনাল সরিয়ে নিতে আইন মন্ত্রণালয়ে সুপ্রিম কোর্টের চিঠি।
- গুলশানে জঙ্গি হামলার ঘটনায় জঙ্গিদের সাথে পরিবারের ডিএনএর প্রমাণ মিলল।
- ১৫ দফা দাবিতে দেশজুড়ে নৌযান ধর্মঘট অব্যাহত।
- আকাশবাণী মৈত্রী রেডিওর উদ্বোধন করলেন রাষ্ট্রপতি প্রণব মুখার্জি।

**২৪ আগস্ট**

- সাংবাদিক কল্যাণ ট্রাস্টের চেক হস্তান্তর করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- শহীদদের নিয়ে ভুল তথ্য দেওয়ার মামলায় নড়াইলের আমলি আদালত কর্তৃক বিএনপির চেয়ারপারসনের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি।
- তুরস্কের উত্তরাঞ্চলকে আইএস জঙ্গিমুক্ত করতে সরকারের বর্ডার ক্লিন অভিযান শুরু।
- দিল্লি হাইকোর্টের রায়, পাসপোর্টে বাবার নাম আবশ্যক নয়।
- সারাদেশে ভূমিকম্প অনুভূত।
- আপিল বিভাগে মীর কাসেমের মৃত্যুদণ্ডের রায় বহাল।
- পুরস্কার-ঘোষিত জঙ্গি সিফাত গ্রেপ্তার।
- থাইল্যান্ডের পাতালশহরে বোমা হামলা, হতাহত ৩১।
- ভারতের মন্ত্রিসভায় গর্ভধারণ আইন অনুমোদিত।

**২৫ আগস্ট**

- গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সফররত সৌদি প্রতিরক্ষামন্ত্রী মোহাম্মদ বিন আবদুল্লাহর সাক্ষাৎ।
- নৌধর্মঘট অব্যাহত।
- মারা গেলেন বঙ্গবন্ধু হত্যা মামলার বাদী মহিতুল ইসলাম (৭২)।
- কাবুলের একটি বিশ্ববিদ্যালয়ে বোমা হামলা, নিহত ১৩।
- সংঘর্ষ বন্ধে কলম্বিয়া সরকার ও ফার্ক গেরিলাদের মধ্যে শান্তিচুক্তি স্বাক্ষর।
- ভারতের ৬২ জেলেকে ফিরিয়ে দিয়েছে বাংলাদেশ নৌবাহিনী।

**২৬ আগস্ট**

- জাপানের কাশিকো শিমার দ্বীপে অনুষ্ঠিত জি-৭ আউটরিচ মিটিংয়ে যোগদানের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঢাকা ত্যাগ।
- গুলশান হত্যাকাণ্ডের সাথে জড়িত জঙ্গি তামিমসহ ৩ জনের লাশ ঢাকা মেডিকেল কলেজে রাখা হয়েছে।
- বিএনপির নেতাকর্মীদের ডাটাবেজ তৈরির কাজ শুরু।
- রামপালে বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের বিরুদ্ধে তেল-গ্যাস খনিজসম্পদ রক্ষাকারী জাতীয় কমিটির প্রতিবাদ সমাবেশ।



- ভারতের হরিয়ানা রাজ্যের বিধানসভায় শিক্ষামন্ত্রীর আমন্ত্রণে নগ্ন জৈন ধর্মগুরু তরুণ সাগরের ভাষণ প্রদান। রাজ্যব্যাপী নেতিবাচক প্রতিক্রিয়া।
- দেশে বন্যা পরিস্থিতির অবনতি। ফারাক্কার সব বাঁধ খুলে দিল ভারত।
- জঙ্গিরা জামায়াতের সহযোগিতার কথা বলছে। স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল।
- চেক প্রজাতন্ত্রে জার্মান চ্যান্সেলর হত্যার চেষ্টা।

**২৭ আগস্ট**

- রামপাল বিদ্যুৎ প্রকল্প সুন্দরবনকে ক্ষতিগ্রস্ত করবে না। সংবাদ সম্মেলনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- শীর্ষ ব্যবসায়ীদের মধ্যে রপ্তানি ট্রফি প্রদান করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। নতুন বাজার খোঁজার নির্দেশ।
- নারায়ণগঞ্জের পাইকপাড়ায় জঙ্গি আস্তানায় অভিযান। তামিমসহ নিহত ৩।
- গুলশানের হোলি আর্টিজান হত্যাকাণ্ডে ব্যবহৃত অস্ত্র ভারতের বিহারে তৈরি। ঢাকা এসেছে দুবাই থেকে। তদন্তকারী কর্মকর্তাদের ধারণা।
- দুর্বৃত্তের ছুরিকাঘাতে আহত উইলস লিটল ফ্লাওয়ার স্কুলের ছাত্রী রিশার মৃত্যু।

**২৮ আগস্ট**

- কবি শহীদ কাদরীর মৃত্যু।
- জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীদের ওপর হামলা। আহত ২০।
- ফারাক্কার প্রভাবে বন্যা। ঝুঁকিতে রাজশাহী শহর।
- নারায়ণগঞ্জের পাইকপাড়ায় র‍্যাবের অপারেশন 'হিট স্ট্রং টোয়েন্টি সেভেন'-এ মাথায় গুলিতে ৩ জঙ্গির মৃত্যু। ময়নাতদন্ত রিপোর্ট।
- ফিলিপাইনের সারাউই শহরে জেল ভেঙে ৮ আইএস জঙ্গির পলায়ন।

**২৯ আগস্ট**

- গণভবনে মার্কিন পররাষ্ট্রমন্ত্রী জন কেরির সাথে প্রধানমন্ত্রী শেখ হাসিনার বৈঠক। সন্ত্রাসের বিরুদ্ধে পরস্পরকে সহযোগিতার আশ্বাস।
- গুলশানে রাজনৈতিক কার্যালয়ে জন কেরির সাথে বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার সাক্ষাৎ।

- জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে পুলিশের হামলা। আহত ৩০।
- বগুড়ায় বন্দুকযুদ্ধ। জেএমবির ক্যাডারসহ নিহত ২।
- ইরাকের কারবালায় বিয়ের অনুষ্ঠানে বোমা হামলা, নিহত ১৫।
- সিঙ্গাপুরে ৪১ জন জিকা ভাইরাসে আক্রান্ত।
- ইয়েমেনে বোমা হামলা, নিহত ১০০।

**৩০ আগস্ট**

- জাতীয় শোক দিবস উপলক্ষ্যে যুবলীগ আয়োজিত সভা। উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- দৌলতদিয়া-পাটুরিয়ায় প্রচণ্ড যানজট।
- প্রধানমন্ত্রীর সভাপতিত্বে একনেকে ৫টি প্রকল্প অনুমোদন।
- যুদ্ধাপরাধী মীর কাসেম আলীর রিভিউ খারিজ। যে কোনো সময় ফাঁসি।
- কলকাতা-খুলনা বাস চালু।

**৩১ আগস্ট**

- গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে নরওয়ের বিদায়ী রাষ্ট্রদূত লুলভেলেনের সাক্ষাৎ।
- রাজধানীতে ছাত্রলীগের জাতীয় শোক দিবসের আলোচনা সভা। প্রধান অতিথি প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- মেট্রোরেল প্রকল্পে নতুন ৭ পরামর্শক নিয়োগ।
- নদীদূষণ রোধে নৌবাহিনীর নেতৃত্বে স্টিয়ারিং কমিটি গঠন।
- শর্তসাপেক্ষে সাংবাদিক শফিক রেহমানের জামিন লাভ।
- উইলস লিটল ফ্লাওয়ার কলেজের ছাত্রী রিশার ঘাতক ওবায়দুল নিলফামারী থেকে গ্রেপ্তার।
- ভারতের ট্রেনে বোমা হামলার ঘটনায় অভিযুক্ত বাংলাদেশের হুজি নেতা ওবায়দুর রহমানের মৃত্যুদণ্ড কার্যকর।
- শহীদ মিনারে কবি শহীদ কাদরীকে শ্রদ্ধা জানানো শেষে বুদ্ধিজীবী গোরস্থানে দাফন।
- টাটার জন্য সিন্দুরে জমি অধিগ্রহণ অবৈধ। ভারতের সুপ্রিম কোর্টের রায়।



- যুক্তরাষ্ট্র ও কিউবার মধ্যে বিমান চলাচল শুরু।
- অভিশংসন ভোটে ব্রাজিলের প্রেসিডেন্ট দিলমা রুসেক পরাজিত।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা পরিবেশ ও বৃক্ষমেলার উদ্বোধন করেন।
- গুলশানের হলি আর্টিজান হত্যা মামলায় আরও ৪ জনের জবানবন্দি।
- হিলারির আরও তথ্য ফাঁসের হুঁশিয়ারি অ্যাসেঞ্জের।
- সাইবার হামলার শিকার রুশ সরকারি মিডিয়া।
- আস্থা ভোটে পরাজিত হলেন তিউনিসিয়ার প্রধানমন্ত্রী হাবিব ইসিদ।

## সেপ্টেম্বর

**১ সেপ্টেম্বর**

- বিজিবিকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঈদ উপহার সীমান্ত ব্যাংক। পিলখানায় অনুষ্ঠিত বিজিবির সমাবেশে প্রধানমন্ত্রীর সীমান্ত ব্যাংক খোলার ঘোষণা।
- আদালত অবমাননার পূর্ণাঙ্গ রায়। শপথ ভেঙেছেন দুই মন্ত্রী কামরুল ইসলাম ও আ ক ম মোজাম্মেল হক।
- সিরাজগঞ্জ এবং চট্টগ্রাম থেকে জেএমবি ও এবিটির ৫ সদস্য গ্রেপ্তার।
- চালু হলো রাজশাহী-কলকাতা বাস সার্ভিস।
- শিল্পী মুস্তফা মনোয়ারের ৮১তম জন্মদিন পালন চারুকলা সংসদের।
- নিউইয়র্কে বাংলাদেশি নারী নাজমা বেগম ঝর্না খুন।
- ব্রাজিলের নতুন প্রেসিডেন্ট মিচেল তেলেবের শপথগ্রহণ।

**২ সেপ্টেম্বর**

- জাপানে অনুষ্ঠিত বিশ্ব বাণিজ্য সম্মেলনে রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সাথে প্রধানমন্ত্রী শেখ হাসিনার বৈঠক।
- রাজধানীর রূপনগরে জঙ্গি আস্তানায় র‍্যাবের অভিযান। কমান্ডার মুরাদ নিহত।
- শাহজালাল বিশ্ববিদ্যালয়ে বিশৃঙ্খলার সাথে জড়িত ৩৬ জন ছাত্রকে শোকজ ও অর্থদণ্ড প্রক্টরিয়াল বডির।

- ক্যান্সার চিকিৎসার পর দেশে ফিরলেন সব্যসাচী লেখক সৈয়দ শামসুল হক।
- পাকিস্তানের পেশোয়ারে বোমা হামলা। নিহত ১৮।
- শ্রমনীতি বাতিলের প্রতিবাদে ভারতে ১৮ কোটি শ্রমিক-কর্মচারীর ধর্মঘট পালন।

**৩ সেপ্টেম্বর**

- যুদ্ধাপরাধী মীর কাসেম আলীর ফাঁসি কার্যকর। গণজাগরণ মঞ্চের উল্লাস প্রকাশ।
- কেএফসি অনূর্ধ্ব-১৬ 'উইমেন চ্যাম্পিয়নশিপ'-এ চূড়ান্ত পর্বে ওঠার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার অভিনন্দন।
- দেশের ৪০ হাজার শিক্ষাপ্রতিষ্ঠানে জঙ্গিবিরোধী সমাবেশ।
- পাক্ষিক অনন্যার উদ্যোগে দেশের ১০ নারীকে শীর্ষ ১০ সম্মাননা প্রদান।
- প্যারিস জলবায়ু চুক্তিতে চীন ও যুক্তরাষ্ট্রের সমর্থন।
- ভারতের অরুণাচল সীমান্তে চীনের মে-২০ স্টিলথ যুদ্ধবিমান বিধ্বস্ত।
- যুক্তরাষ্ট্রের ফ্লোরিডায় হ্যারিকেনের আঘাত। ৭০ বিলিয়ন ডলারের ক্ষয়ক্ষতি।

**৪ সেপ্টেম্বর**

- জাতীয় ক্রীড়া পুরস্কার প্রদান করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। শেখ কামালকে প্রদান করা হলো এই পুরস্কার।
- যুগান্তরের সাংবাদিক শিপন হাবিবের বিরুদ্ধে ৪টি মানহানির মামলা।
- ধর্ষণের অভিযোগে দিল্লির সাবেক মহিলা বিষয়ক প্রতিমন্ত্রী সন্দ্বীপ কুমার গ্রেপ্তার।
- কাশ্মীরের শান্তি রক্ষায় সর্বদলীয় প্রতিনিধিদলের বৈঠক। প্রত্যাখ্যান হিজবুল মুজাহিদীনের।
- মাদার তেরেসাকে 'সন্ত' ঘোষণা করলেন পোপ ফ্রান্সিস।
- চীনে অনুষ্ঠিত জি-২০ সম্মেলনে মার্কিন প্রেসিডেন্ট বারাক ওবামা ছাড়া অন্যদের সম্মাননা প্রদান।



**৫ সেপ্টেম্বর**

- বরিশালের জেলা প্রশাসকদের সাথে আলাপচারিতার মধ্য দিয়ে 'ইনস্ট্যান্ট মেসেজিং অ্যাপ' আলাপন উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- তত্ত্বাবধায়ক সরকারের নীতিনির্ধারণী কাজ ছিল সংবিধান পরিপন্থী, হাইকোর্টের রায়।
- কুমিল্লায় একটি মেসে বিস্ফোরণ। ছাত্রী নিশার মৃত্যু।
- সিডনিতে বাংলাদেশি নারীর লাশ উদ্ধার।
- ব্রাজিলে বিরোধী জোটের সরকারবিরোধী বিক্ষোভ শুরু।
- উত্তর কোরিয়ার উপকূলে ৩টি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্রের পরীক্ষা।
- চীনে জি-২০ সম্মেলনে যুদ্ধবিরতি নিয়ে ওবামা-পুতিনের আলোচনা ব্যর্থ।
- ভারতে পানির দামে ইন্টারনেট প্যাকজ। ৩৪৯ রুপিতে ৩০০ জিবি।

**৬ সেপ্টেম্বর**

- প্রধানমন্ত্রীর সভাপতিত্বে গণভবনে আওয়ামী লীগের যৌথ সভা। জঙ্গিদের বিরুদ্ধে জনমত গঠনে দলীয় নেতাদের প্রতি প্রধানমন্ত্রীর আহ্বান।
- অভিজিৎ ও দীপন হত্যার মূল হোতা মেজর জিয়া। পুলিশের চার্জশিট।
- রাষ্ট্রদ্রোহ মামলায় তারেক রহমানসহ ৪ জনের বিরুদ্ধে চার্জশিট।
- জামিনে মুক্তি পেলেন সাংবাদিক শফিক রেহমান।
- দৌলতদিয়ায় তীব্র যানজট।
- বিএনপি নেতা আ স ম হান্নান শাহ'র অবস্থা সংকটজনক। লাইফ সাপোর্টে।
- ভিয়েতনাম সফরে গেলেন মার্কিন প্রেসিডেন্ট বারাক ওবামা।

**৭ সেপ্টেম্বর**

- ১০ টাকা কেজির চাল বিতরণ প্রকল্প উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- নাশকতার তিন মামলায় খালেদা জিয়াসহ ৮ জনের বিরুদ্ধে অভিযোগপত্র আমলে নিল আদালত।
- মুক্তি পেলেন দৈনিক আমার দেশ পত্রিকার সম্পাদক মাহমুদুর রহমান।

- বাংলাদেশ শিল্পকলা একাডেমিতে দুদিনব্যাপী ভূপেন হাজারিকা সংগীত উৎসব শুরু।
- প্রেসিডেন্ট জিয়াউর রহমানের স্বাধীনতার পদক জাদুঘর থেকে সরিয়ে ফেলা হলো।
- রাজশাহী শিক্ষা বোর্ডের ভুলে অকৃতকার্য চার হাজার শিক্ষার্থী।
- বাধ্যতামূলক করারোপের প্রস্তাব অর্থমন্ত্রীর। এনবিআর-এর এক অনুষ্ঠানে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত এই প্রস্তাব দেন।
- হজের উদ্দেশ্যে সৌদি আরবে গেলেন বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়া।
- লন্ডনে সফররত মার্কিন প্রেসিডেন্ট বারাক ওবামা ভিয়েতনাম যুদ্ধকালে লাওসে মার্কিন বোমা হামলার তথ্য প্রকাশ করলেন।
- যুক্তরাষ্ট্রে প্রথম মুসলিম বিচারপতি হিসেবে নিয়োগ পেলেন আবিদ রিয়াদ কুরেশী।
- মালদ্বীপের প্রেসিডেন্ট আবদুল্লাহ ইয়ানন ও তাঁর কনিষ্ঠদের ১৫০ কোটি ডলারের দুর্নীতি ফাঁস।
- মীর কাসেম আলীর ফাঁসিতে পাকিস্তানের জাতীয় পরিষদে নিন্দা প্রস্তাব।

**৮ সেপ্টেম্বর**

- গণভবনে মেধাবী ছাত্রদের মধ্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনার পুরস্কার বিতরণ।
- '৭১-এর গেরিলা বাহিনীর সদস্যদের মুক্তিযোদ্ধা স্বীকৃতি বহাল। হাইকোর্টের রায়।
- সংবিধানের ষোড়শ সংশোধনী নিয়ে তৃতীয় বিচারকের রায় প্রকাশ।
- আইসিসির কাছে বোলিং অ্যাকশন পরীক্ষা তাসকিন ও সানির।
- কাশ্মীর পাকিস্তানের লাইফলাইন। সেনা প্রতিরক্ষা দিবস উপলক্ষ্যে দেওয়া ভাষণে পাকিস্তানের সেনাপ্রধান।
- লাওসে শুরু হলো ৪র্থ আসিয়ান-যুক্তরাষ্ট্র সম্মেলন।
- লাওসের রাজধানী ভিয়েনতিয়েনে নরেন্দ্র মোদি ও বারাক ওবামার একান্ত বৈঠক।



**৯ সেপ্টেম্বর**

- হজের আনুষ্ঠানিকতা শুরু।
- বঙ্গবন্ধু স্যাটেলাইট প্রকল্পের জন্য সাংহাই ব্যাংকিং করপোরেশনের সাথে সরকারের ১৪০০ কোটি টাকার ঋণ চুক্তি।
- রাজশাহী বিশ্ববিদ্যালয়ের জুবেরী ভবন থেকে গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের শিক্ষক আখতার জাহান জলির মৃতদেহ উদ্ধার।
- তুরস্কে কুর্দিদের বিরুদ্ধে সামরিক অভিযান, নিহত ২০০।
- বাঙালি মেয়ে প্রিয়াংকা ঘোষ মিস জাপান নির্বাচিত।
- জেনেভায় রুশ পররাষ্ট্রমন্ত্রী সের্গেই লাভরভ ও মার্কিন পররাষ্ট্রমন্ত্রী জন কেরির একান্ত বৈঠক।
- পঞ্চাশবারের মতো উত্তর কোরিয়া মহাশক্তিধর পরমাণুর পরীক্ষা চালাল।
- ২৬ বছর পর অযোধ্যায় সমাবেশ করলেন কংগ্রেসের সহসভাপতি রাহুল গান্ধী।

**১০ সেপ্টেম্বর**

- ঢাকার ইউনাইটেড হাসপাতালে চিকিৎসাধীন সৈয়দ শামসুল হককে দেখতে গেলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রধানমন্ত্রী তাঁর চিকিৎসার যাবতীয় দায়িত্ব নেওয়ার কথা জানান।
- টঙ্গীর টাম্পাকো ফয়েলস প্যাকেজিং কারখানায় আগুন। নিহত ২৬। তদন্ত কমিটি গঠন।
- আজিমপুরের জঙ্গি আস্তানায় র‍্যাবের অপারেশন। জেএমবি নেতা তৌহিদ করিম নিহত।
- কাশ্মীরের অনন্ত নাগা শহরে নিরাপত্তা বাহিনীর গুলিবর্ষণ। নিহত ২।
- সিরিয়ায় যুদ্ধ বন্ধে জেনেভায় মার্কিন পররাষ্ট্রমন্ত্রী জন কেরি ও রুশ পররাষ্ট্রমন্ত্রী সের্গেই লাভরভের মধ্যে চুক্তি স্বাক্ষর।
- ৯/১১ ঘটনায় সৌদিদের বিরুদ্ধে মামলা করার অনুমতিসংক্রান্ত বিল মার্কিন কংগ্রেসে অনুমোদন।

**১১ সেপ্টেম্বর**

- পবিত্র হজ্জ। আরাফাত ময়দানে জমায়েত।
- পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষ্যে বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সাথে প্রধানমন্ত্রীর সৌজন্য সাক্ষাৎ।
- টাঙ্গুয়ার হাওরে জল উৎসব শুরু।
- পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষ্যে মুসলমানদের শুভেচ্ছা জানালেন মার্কিন প্রেসিডেন্ট বারাক ওবামা।
- উত্তর কোরিয়ার রাজধানী গুঁড়িয়ে দেয়া হবে মর্মে দক্ষিণ কোরিয়ার হুঁশিয়ারি।
- ৯/১১ স্মরণ করল মার্কিন নাগরিকবৃন্দ।
- ইউএস ওপেনের শিরোপা জয় করলেন জার্মানির অ্যাঞ্জেলিক কারবার।

**১২ সেপ্টেম্বর**

- ঈদ উল আযহা উপলক্ষ্যে দেশের বিশিষ্ট নাগরিকদের সাথে বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের শুভেচ্ছা বিনিময়।
- ঈদ উল আযহা উপলক্ষ্যে দেশের বিশিষ্ট নাগরিকদের সাথে প্রধানমন্ত্রী শেখ হাসিনার শুভেচ্ছা বিনিময়।
- ঈদ উল আযহা উপলক্ষ্যে ইস্কাটন লেডিস ক্লাবে দলীয় নেতাকর্মী ও বিশিষ্ট নাগরিকদের সাথে বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার শুভেচ্ছা বিনিময়।
- অলরাউন্ডার সাকিব আল হাসান মাগুরায় এবং মুস্তাফিজ সাতক্ষীরায় ঈদ উদযাপন করলেন।
- জম্মু কাশ্মীরে বোমা হামলা। আহত ২৩। সান্ধ্য আইন জারি।

**১৩ সেপ্টেম্বর**

- টঙ্গীর টাম্পাকো কারখানা থেকে আরও ৪ শ্রমিকের লাশ উদ্ধার।
- ট্রাম্প ফাউন্ডেশনের তদন্তের নির্দেশ নিউইয়র্ক অ্যাটর্নি জেনারেলের।
- ইসরায়েলের সাথে যুক্তরাষ্ট্রের ৩৮০০ কোটি ডলারের সামরিক চুক্তি স্বাক্ষর।

**১৪ সেপ্টেম্বর**

- বাজিতপুরে বন্দুকযুদ্ধ। নিহত ১।
- টঙ্গীর টাম্পাকো কারখানায় এখনো আগুন জ্বলছে।
- আজিমপুরে জঙ্গি আস্তানায় পুলিশের অভিযান। ৩ জনের মৃত্যু।



- অস্ত্রবিরতির পরপরই সিরিয়ায় ব্যাপক হামলা। নিহত ২৬।
- ইয়েমেনে সৌদি মিত্রজোটের বিমান হামলা। নিহত ২৬।
- তানজানিয়ায় ভূমিকম্প। নিহত ১৪।
- লাওসে মার্কিন প্রেসিডেন্ট বারাক ওবামা এবং ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির একান্ত বৈঠক। পরস্পরকে সহযোগিতার আশ্বাস।
- ওয়াশিংটনের ওভাল হাউসে বারাক ওবামা ও অং সান সু চির বৈঠক। মিয়ানমারের ওপর থেকে নিষেধাজ্ঞা তুলে নেওয়ার আশ্বাস মার্কিন প্রেসিডেন্টের।

**১৫ সেপ্টেম্বর**

- চট্টগ্রামের পাহাড়তলীতে আন্তঃনগর গোধূলী ট্রেন দুর্ঘটনা। ১২ ঘণ্টা পর ট্রেন চলাচল শুরু।
- সালাউদ্দিন কাদের চৌধুরীর স্ত্রী ও ছেলেকে মামলা থেকে খালাস ঘোষণা বিশেষ ট্রাইব্যুনালের।
- চীনে দ্বিতীয় মহাকাশ স্টেশনের যাত্রা শুরু।
- গাজায় ফের ইসরায়েলের বিমান হামলা।
- চীনের দক্ষিণাঞ্চলে সুপার টাইফুন আঘাত।
- ভারতের এলাহাবাদে রোড শোতে অংশ নিলেন কংগ্রেস নেতা রাহুল গান্ধী।
- হুরিয়াত নেতাদের বিচ্ছিন্নতাবাদী বলা যাবে না। ভারতের সুপ্রিম কোর্টের রায়।
- সিরিয়ায় যুদ্ধবিরতির সময় ৪৮ ঘণ্টা বাড়ানো হলো।
- হিলারি সুস্থ। নির্বাচনে অংশ নিতে সক্ষম। চিকিৎসকের ছাড়পত্র প্রদান।

**১৬ সেপ্টেম্বর**

- চার দিনের সফরে প্রধানমন্ত্রী শেখ হাসিনা কানাডা পৌঁছেছেন।
- উখিয়ার ইনানী পর্যটন কেন্দ্রে সাকিব আল হাসানকে নামিয়ে দেওয়ার পর হেলিকপ্টারটি বিধ্বস্ত। নিহত ১।
- দেশের বিভিন্ন স্থানে সড়ক দুর্ঘটনা। নিহত ১৭।
- পাকিস্তানের উত্তর-পশ্চিমাঞ্চলের একটি মসজিদে বোমা হামলা। নিহত ২৫।
- যুক্তরাষ্ট্রের ওহাইওতে পুলিশের গুলি। ১ কৃষ্ণাঙ্গ বালক নিহত।
- নতুন শ্রম আইনের বিরুদ্ধে প্যারিসে বিক্ষোভ।

**১৭ সেপ্টেম্বর**

- মুক্তিযুদ্ধে সহযোগিতার জন্য কানাডার সাবেক প্রধানমন্ত্রী ইলিয়েট ট্রুডোর হাতে মুক্তিযুদ্ধ সম্মাননা তুলে দিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- গ্লোবাল ফান্ড সম্মেলনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভাষণ প্রদান।
- দৌলতদিয়ায় ১০ কিলোমিটার যানজট।
- হজ শেষে প্রথম দিনে দেশে ফিরলেন ১৪৭৭ জন হাজি।
- ব্রিটিশ পার্লামেন্ট থেকে ডেভিড ক্যামেরুনের পদত্যাগ।
- ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ৬৭তম জন্মদিনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার শুভেচ্ছা।
- মার্কিন নাট্যকার অ্যাডওয়ার্ড আলবি'র (৮৮) মৃত্যু।
- ইসরায়েলের ২০০ পরমাণু বোমা ইরানের দিকে তাক করা। সাবেক মার্কিন পররাষ্ট্রমন্ত্রী কলিন পাওয়েলের ফাঁস হওয়া ইমেইল তথ্য।

**১৮ সেপ্টেম্বর**

- বঙ্গবন্ধুর সব খুনিরই বিচার করা হবে। কানাডায় নাগরিক সংবর্ধনায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- যুক্তরাষ্ট্রের উদ্দেশ্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কানাডা ত্যাগ।
- টাম্পাকো ফয়েলস কারখানার অগ্নিকাণ্ডের ঘটনায় মালিকসহ ১০ জনের বিরুদ্ধে পুলিশের হত্যা মামলা দায়ের।
- মাদারীপুরের কালকিনির নবম শ্রেণির ছাত্রী নিতু মণ্ডল বখাটেদের ছুরিকাঘাতে প্রাণ হারালো।
- নিখোঁজের ১২ দিন পর বুড়িগঙ্গা থেকে শিশু ফারদিনের (১২) লাশ উদ্ধার।
- শিল্পী লতা মঙ্গেশকর বঙ্গবিভূষণ উপাধিতে ভূষিত।
- কাশ্মীরের উরি সেনা ঘাঁটিতে হামলা। ১৭ ভারতীয় সৈন্য নিহত।
- নিউইয়র্কের ফুটপাতে বিস্ফোরণ। আহত ২৯।

**১৯ সেপ্টেম্বর**

- নিউইয়র্কে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে স্থানীয় নেতাকর্মীদের সংবর্ধনা।
- নিউইয়র্কে মিয়ানমারের অং সান সু চির সাথে প্রধানমন্ত্রী শেখ হাসিনার বৈঠক।



- নিতু মণ্ডলের হত্যাকারীদের ছাড় দেওয়া হবে না। মাদারীপুরে নিতু মণ্ডলের বাড়িতে পরিবারকে সান্ত্বনা দিলেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ।
- লস অ্যাঞ্জেলসে সাউথ অব মিউজিকের তারকা চ্যাম্পিয়ন কাবের মৃত্যু (৭৩)।
- তুরস্কে আইএস সন্দেহে ৪০ জন বিদেশি গ্রেপ্তার।
- উত্তর কোরিয়ার বিরুদ্ধে ব্যবস্থা নিতে জাতিসংঘে সম্মেলন শুরুর পূর্বে জাপান, যুক্তরাষ্ট্র ও দক্ষিণ কোরিয়ার বৈঠক।

**২০ সেপ্টেম্বর**

- নিউইয়র্কে ব্যবসায়ীদের সাথে বৈঠকে বাংলাদেশের পোশাকশিল্পের জন্য যুক্তরাষ্ট্রের কাছে সুবিধা চাইলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির চিঠি। সব বিষয়ে বাংলাদেশের পাশে থাকার আশ্বাস।
- সজীব ওয়াজেদ জয়ের 'ডেভেলপমেন্ট অব আইসিটি' সম্মাননা লাভ। মা হিসেবে গর্বিত বলে জানালেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- অগ্রণী ব্যাংকে ৬৮০ কোটি টাকার অডিট আপত্তি।
- দেশের বিভিন্ন স্থানে বজ্রপাত। নারী, শিশুসহ ১৬ জনের মৃত্যু।
- বিশ্বের ১৭ জন যুবনেতার মধ্যে স্থান পেলেন বাংলাদেশের সওগাত নাজনিন।
- বোমা ও গানপাউডারসহ সিরাজগঞ্জের বিভিন্ন স্থান থেকে ৪ জেএমবি সদস্য গ্রেপ্তার।
- কলকাতার দমদম এয়ারপোর্ট গুঁড়িয়ে দেওয়ার হুমকি আইএস জঙ্গিদের।
- কাশ্মীরের উরিতে ভারত-পাকিস্তান গোলাগুলি। ১১ জন নিহত।

**২১ সেপ্টেম্বর**

- যুক্তরাষ্ট্রের শরণার্থীবিষয়ক সম্মেলনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভাষণ। শরণার্থী সমস্যা মোকাবিলায় সকল দেশকে এগিয়ে আসার আহ্বান।
- বরিশালের বানারীপাড়ায় সন্ধ্যা নদীতে লঞ্চডুবি। ১৩ লাশ উদ্ধার।
- ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বাড়ির ঠিকানা বদল।
- কাশ্মীর সমস্যা ইস্যু ছাড়া একটি সমস্যা। জাতিসংঘের ৭১তম সাধারণ পরিষদে ভাষণদানকালে পাকিস্তানের প্রধানমন্ত্রী নওয়াজ শরিফ।

**২২ সেপ্টেম্বর**

- বাংলাদেশে সন্ত্রাসবাদের মূলোৎপাটন হয়েছে। জাতিসংঘের সাধারণ পরিষদের ৭১তম অধিবেশনে দেওয়া ভাষণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্লানেট ৫০-৫০ চ্যাম্পিয়ন এবং এজেন্ট অব চেঞ্জ অ্যাওয়ার্ড লাভ।
- বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ চুরির ঘটনায় ব্যাংকের কর্মকর্তা জড়িত। প্রধান তদন্তকারী ফরাসউদ্দিন জানান এ কথা।
- গুলশানের হোলি আর্টিজানের ঘটনায় নিহত ৫ জঙ্গির লাশ জুরাইনে দাফন। আত্মীয়স্বজনরা লাশ নেয়নি।
- শিল্পী এস এম সুলতানের ৯২তম জন্মবার্ষিকী পালন।
- সৌদি আরবে সড়ক দুর্ঘটনা। ৬ বাংলাদেশি নিহত।
- সৌদি আরবে ১১৫ কোটি ডলারের অস্ত্র বিক্রির বিল মার্কিন সিনেটে পাস।
- ইয়েমেনের হোদিদা শহরে সৌদি জোটের হামলা। নিহত ২০।

**২৩ সেপ্টেম্বর**

- ওয়াশিংটনের স্থানীয় বাঙালিদের দেওয়া সংবর্ধনা অনুষ্ঠানে যোগ দিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- জাতিসংঘের সদর দপ্তরে দুই দেশের পররাষ্ট্রমন্ত্রীদ্বয়ের মধ্যে ঢাকা-মস্কো ভিসা চুক্তি ও ভ্রমণ চুক্তি সই।
- তাসকিন ও সানির বোলিং অ্যাকশন বৈধ। আইসিসির ঘোষণা।
- তামিলনাড়ুতে জয়ললিতার বিবাহ সহযোগী প্রকল্প চালু।
- ভারতে কর্মরত পাকিস্তানি চলচ্চিত্র তারকাদের ভারত ছাড়ার হুমকি ‘নব নির্মাণ সেনা’ সংগঠনের।
- ইয়াহুর ৬০ কোটি গ্রাহকের ব্যক্তিগত তথ্য চুরি।
- আলেপ্পোয় সিরিয়া ও রুশ বাহিনীর বিমান হামলা।

**২৪ সেপ্টেম্বর**

- জনগণই আমাদের শক্তি। ভয়েস অব আমেরিকাকে দেওয়া সাক্ষাৎকারে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- চট্টগ্রামের মিরসরাইয়ে সড়ক দুর্ঘটনা। নিহত ৫।
- যুব হকিতে বাংলাদেশের কাছে ৫-৪ গোলে ভারতের পরাজয়।



- আসন্ন মার্কিন নির্বাচনে হিলারিকে সমর্থন দেওয়ার ঘোষণা দিল নিউইয়র্ক টাইমস কর্তৃপক্ষ।
- যুক্তরাষ্ট্রের বার্লিংটন কেসকেইড শপিংমলে গুলিতে নিহত ৫।
- সাংবাদিকতা কখনো কখনো সন্ত্রাসবাদের শামিল। ইতালিতে পোপ ফ্রান্সিস।
- যুক্তরাষ্ট্রের নর্থ ক্যারোলিনায় কৃষ্ণাঙ্গ হত্যার ভিডিও প্রকাশ।

**২৫ সেপ্টেম্বর**

- জাতীয় সংসদের দ্বাদশ অধিবেশন শুরু।
- যুক্তরাষ্ট্রে বসে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৯টি জরুরি ফাইল অনুমোদন।
- আফগানিস্তানকে হারিয়ে বাংলাদেশের ৭ রানে জয়।
- নাজমুল কাওনাইনকে যুক্তরাষ্ট্রের নতুন হাইকমিশনার হিসেবে নিয়োগ।
- গাজীপুরে বিএনপি নেতা সাদেক হোসেন খোকার ৬৬ একর জমি বাজেয়াপ্ত।
- পদ্মা ও ব্রাইটন হাসপাতালকে ভ্রাম্যমাণ আদালতের ২২ লাখ টাকা জরিমানা।
- কুষ্টিয়া সদরে দুই পক্ষের সংঘর্ষ। নিহত ২।
- ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যাসোসিয়েশনের ৬৮তম বার্ষিকী উদ্‌যাপন।

**২৬ সেপ্টেম্বর**

- পায়রা নদীতে সেতু নির্মাণের দাবিতে প্রধানমন্ত্রীর কাছে লেখা শিশু শীর্ষেন্দুর চিঠি প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে হস্তান্তর।
- অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত টাম্পাকো ফয়েলস কারখানার মালিকের ব্যাংক হিসাব জব্দের নির্দেশ হাইকোর্টের।
- লস অ্যাঞ্জেলসে গুলিতে বাংলাদেশি যুবকের মৃত্যু।
- কলকাতায় ৬ বাংলাদেশি জঙ্গি আটক।
- পুরুষের একচ্ছত্র অভিভাবকত্বের অবসানে সৌদি আরবে নারীদের বিক্ষোভ।

**২৭ সেপ্টেম্বর**

- ঢাকায় ইউনাইটেড হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় সৈয়দ শামসুল হকের (৮১) মৃত্যু। তিনি ক্যান্সারে ভুগছিলেন।
- সৈয়দ শামসুল হকের মৃত্যুতে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার শোক প্রকাশ।
- প্রধানমন্ত্রীর ৭০তম জন্মদিন। সৈয়দ শামসুল হকের মৃত্যুতে সব আনুষ্ঠানিকতা বাতিল। তবে বিশেষ দোয়া মাহফিল অনুষ্ঠিত।
- সিঙ্গাপুরের র‍্যাফেল হার্ট হাসপাতালে চিকিৎসাধীন বিএনপি নেতা হান্নান শাহর মৃত্যু (৭৪)।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার জন্মদিনে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির শুভেচ্ছা।
- চেক জালিয়াতির অপরাধে খাদ্য বিভাগের দুই কর্মকর্তাকে গ্রেপ্তার দুদকের।
- হিযবুত তাহরিরের প্রধান সমন্বয়ক মহিউদ্দিনের বিচার শুরু।

**২৮ সেপ্টেম্বর**

- সৈয়দ শামসুল হককে শ্রদ্ধা জানাতে শহীদ মিনারে জনতার ঢল। কুড়িগ্রামে দাফন।
- বিএনপি নেতা আ স ম হান্নান শাহর লাশ ঢাকায় আনা হলো।
- ইসলামাবাদে অনুষ্ঠিতব্য সার্ক সম্মেলন বাতিল।
- বাংলাদেশকে হারিয়ে ২ উইকেটে পাকিস্তানের জয়লাভ।
- ৫ দশক পর কিউবায় মার্কিন রাষ্ট্রদূত হিসেবে কাজ শুরু করলেন জেফরি ভেলোবেরর্চিস।
- শিবসেনাদের হুমকির মুখে ভারত ত্যাগ করলেন পাকিস্তানের অভিনেতা কাওয়াদ খান।
- ইসরায়েলের সাবেক প্রেসিডেন্ট জেমস পেরেজের মৃত্যু।
- রাজস্থানের জয়সেলসে মেয়ের সীমান্তে পাকিস্তানের সেনা সমাবেশ।



**২৯ সেপ্টেম্বর**

- যুদ্ধাপরাধীদের সম্পদ বাজেয়াপ্ত করা নিয়ে সংসদে বিল উত্থাপন।
- জঙ্গিবাদের মদদদাতাদের বিচার হবে। ভার্জিনিয়ায় রিজ কার্লটন হোটেলে স্থানীয় আওয়ামী লীগের এক অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- বিএনপি নেতা আ স ম হান্নান শাহর লাশ কাপাসিয়ায় পারিবারিক কবরস্থানে দাফন।
- মাশরাফি বিন মুর্তজা স্মার্ট কার্ডের শুভেচ্ছা দূত।
- নিহত ২২ জঙ্গির ভিসেরা পরীক্ষা। তাদের রক্তে কোনো মাদকের উপস্থিতি পাওয়া যায়নি।
- ৪৮ ঘণ্টা পর ঝালকাঠিতে যান চলাচল শুরু।
- বিশ্বব্যাংক প্রেসিডেন্ট হিসেবে দ্বিতীয়বারের মতো নিয়োগ পেলেন প্রেসিডেন্ট জিম ইয়ং কিম।
- ইরানের সাংবাদিক নার্গিস মোহাম্মদীকে (৪৫) ১০ বছরের কারাদণ্ডের রায় দিল ইরানের আপিল আদালত।

**৩০ সেপ্টেম্বর**

- জাতিসংঘ কর্তৃক প্লানেট ৫০-৫০ চ্যাম্পিয়ন, এজেন্ট অব চেঞ্জ অ্যাওয়ার্ড অর্জন শেষে ১৭ দিন পর দেশে ফিরলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- তিনটি ওয়ানডে এবং দুটি টেস্ট ম্যাচ খেলতে ইংল্যান্ড ক্রিকেট দলের ঢাকায় আগমন।
- সাংবাদিক এবিএম মূসার স্মরণে স্মারণগ্রন্থ প্রকাশ।
- কাশ্মীর সীমান্তে পাক-ভারত যুদ্ধাবস্থা।
- আমস্টারডাম জাদুঘর থেকে চুরি হওয়া ভ্যানগগের দুটি চিত্র ইতালিতে উদ্ধার।
- মসুলে আইএস জঙ্গির বিরুদ্ধে ফ্রান্সের বিমান হামলা।

## অক্টোবর

**১ অক্টোবর**

- আফগানিস্তানকে ১৪১ রানে হারিয়ে তিন ম্যাচ সিরিজের ওয়ানডেতে বাংলাদেশের জয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনার অভিনন্দন।
- শহীদ মিনারে সব্যসাচী লেখক সৈয়দ শামসুল হকের স্মরণসভা।
- আমাদেরকে আরেকবার দেশ পরিচালনার সুযোগ দিন। সিলেটে জাতীয় পার্টির জনসভায় হুসেইন মুহম্মদ এরশাদ।
- মার্কিন নির্বাচনের এক জনমত জরিপে ডোনাল্ড ট্রাম্পের চেয়ে হিলারি ৫ পয়েন্টে এগিয়ে।
- যৌথ প্রতিরক্ষা কর্মসূচির ব্যাপারে দক্ষিণ কোরিয়া ও যুক্তরাষ্ট্রকে চীনের হুঁশিয়ারি।

**২ অক্টোবর**

- দেশকে সংঘাতের দিকে ঠেলে দেয়া যাবে না। গণভবনে সংবাদ সম্মেলনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- ওসমানী মিলনায়তনে স্মার্ট কার্ড বিতরণ কর্মসূচি উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- বেসিক ব্যাংক ঋণ জালিয়াতি। ২৭ কর্মকর্তা ও ৬৪টি প্রতিষ্ঠানের নাম প্রকাশ।
- ভারতনিয়ন্ত্রিত কাশ্মীরে সেনা ক্যাম্পে হামলা, নিহত ৩।
- ভারতের প্যারিস জলবায়ু চুক্তি অনুমোদন।
- ইথিওপিয়ায় একটি ধর্মীয় উৎসবে পদদলিত হয়ে ৫০ জনের মৃত্যু।
- ডোনাল্ড ট্রাম্পের বিরুদ্ধে ১৮ বছর ধরে কর ফাঁকি দেওয়ার অভিযোগ।

**৩ অক্টোবর**

- সংসদে অবসরপ্রাপ্ত বিচারপতিদের সুবিধা বাড়ানোসংক্রান্ত বিল পাস।
- বিশ্ব শিশু দিবস উপলক্ষ্যে শিশু সপ্তাহের উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি শিশুদের জন্য নিরাপদ পৃথিবী গড়ে তোলার আহ্বান জানান।



- প্রধানমন্ত্রীর সভাপতিত্বে মন্ত্রিপরিষদের বৈঠক অনুষ্ঠিত। জেলা পরিষদ আইন অনুমোদন।
- বেনাপোল বন্দরে আবারও আগুন। প্রায় ১শ কোটি টাকার ক্ষয়ক্ষতি।
- রংপুরের জনসভায় আগামী নির্বাচনে জাতীয় পার্টিকে ভোট দেওয়ার জন্য জাতীয় পার্টির চেয়ারম্যান হুসেইন মুহম্মদ এরশাদের আহ্বান।
- কলম্বিয়ায় ফার্কের সাথে শান্তি চুক্তি নিয়ে গণভোট অনুষ্ঠিত।
- জাপানের ইয়েশোনারি ওসুনি চিকিৎসায় এ বছর নোবেল পুরস্কার পেলেন।
- আলেপ্পো ছেড়ে দিতে বিদ্রোহীদের প্রতি মিসরের সেনাবাহিনীর আহ্বান।

**৪ অক্টোবর**

- জিয়াউর রহমান, হুসেইন মুহম্মদ এরশাদ ও মোশতাক আহমদ ছাড়া অন্যান্য প্রেসিডেন্ট অবসর ভাতা পাবেন। সংসদে বিল পাস।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে একনেকের সভা অনুষ্ঠিত।
- ইউএন উইমেন প্লানেট ৫০-৫০ চ্যাম্পিয়ন এবং এজেন্ট অব চেঞ্জ অ্যাওয়ার্ড বিজয়ের জন্য একনেক সভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন।
- দিল্লিতে বাংলাদেশের সাংবাদিকদের সাথে পিনাক রঞ্জনের বৈঠক।
- ওয়ানডে সিরিজে ৪ উইকেটে আফগানিস্তানের কাছে বাংলাদেশের পরাজয়।

**৫ অক্টোবর**

- ১০ টাকা কেজি দরে চাল বিক্রির অনিয়ম তদন্ত করা হবে। সংসদে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- বিদ্বেষমূলক বক্তব্য দিলে এনজিওর নিবন্ধন বাতিল। সংসদে বিল পাস।
- ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কাউন্সিলের চতুর্থ বৈঠকের শুরুতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা সবার আগে জনকল্যাণের কথা ভাবতে বলেন সবাইকে।
- ইসির নতুন সচিব হিসেবে নিয়োগ পেলেন মো. আবদুল্লাহ।

- গুলশানের হোলি আর্টিজান হত্যাকাণ্ডের সন্দেহভাজন হিসেবে অভিযুক্ত হাসনাত করিম ও তাহমিদকে ৫৪ ধারার অভিযোগ থেকে অব্যাহতি।
- গ্রাহকদের তথ্য এফবিআইয়ের হাতে তুলে দিচ্ছে ইয়াহু। রয়টার্সের রিপোর্ট।
- হুথি বিদ্রোহীদের হামলায় সংযুক্ত আরব আমিরাতের রণতরি ধ্বংস।

**৬ অক্টোবর**

- জাতীয় সংসদে জেলা পরিষদ বিল পাস। রাষ্ট্রপতির অনুমোদন নিয়ে বিতর্ক।
- অপরাধী যেই হোক তাকে শাস্তি পেতে হবে। জাতীয় সংসদে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- প্রধান বিচারপতি এস কে সিনহা মৌলভীবাজারের কমলগঞ্জের সার্কিট হাউসে সাংবাদিকদের নীতি ও নৈতিকতা নিয়ে আলোচনা করেন।
- সিলেট কারাগারে বঙ্গবন্ধুর বন্দি থাকার কক্ষ পরিদর্শন করলেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম।
- ক্যারিবীয় উপকূলে হ্যারিকেন ম্যাথিউর আঘাতে নিহত ২৬।
- তুরস্ক সংলগ্ন সিরিয়া সীমান্তে বোমা বিস্ফোরণ নিহত ২০।

**৭ অক্টোবর**

- বাংলা একাডেমিতে সব্যসাচী লেখক সৈয়দ শামসুল হকের স্মরণসভা অনুষ্ঠিত।
- শিশু সংগঠন কচিকাঁচার মেলার ৬০ বছর পূর্তি।
- চারুকলা ইনস্টিটিউটের বকুলতলায় ছায়ানটের শরৎ অঞ্জলি শুরু।
- ওয়ানডে সিরিজে ২১ রানে ইংল্যান্ডের কাছে বাংলাদেশের পরাজয়।
- শান্তিতে নোবেল পুরস্কার ২০১৬ পেলেন কলম্বিয়ার প্রেসিডেন্ট ডুয়োন ম্যানুয়েল সান্তোস।
- হ্যারিকেন ম্যাথিউর আঘাতে লন্ডভন্ড হাইতি। ৮৪২ জনের প্রাণহানি।

**৮ অক্টোবর**

- ঢাকেশ্বরী মন্দির পরিদর্শন করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- গাজীপুর, আশুলিয়া, টাঙ্গাইলের বিভিন্ন জঙ্গি আস্তানায় পুলিশের অভিযান।



- দেশকে স্থায়ীভাবে জঙ্গিমুক্ত করতে হবে। কুষ্টিয়ার মিরপুরে এক সড়ক উন্নয়ন কাজ পরিদর্শনকালে তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু এমপি।
- মিয়ানমারে বাণিজ্য নিষেধাজ্ঞা শিথিল করল যুক্তরাষ্ট্র সরকার।
- রাশিয়ার বিরুদ্ধে সাইবার হামলার অভিযোগ যুক্তরাষ্ট্রের।

**৯ অক্টোবর**

- বাংলাদেশ-ইংল্যান্ডের মধ্যকার দ্বিতীয় ম্যাচে ৩৪ রানে বাংলাদেশের বিজয়। ১-১ ম্যাচে সমতা। ভালো খেলার জন্য বাংলাদেশের খেলোয়াড়দের রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার অভিনন্দন।
- সাংবাদিক শাহরিয়ার শহীদের চিকিৎসার জন্য প্রধানমন্ত্রীর ৫ লাখ টাকার অনুদান।
- ২ হাজার ৩৬৭ জন গেরিলাকে মুক্তিযোদ্ধা হিসেবে স্বীকৃতি বহালের রায় স্থগিত। আপিল বিভাগের রায়।
- সব্যসাচী লেখক সৈয়দ শামসুল হক স্মরণে বেঙ্গল ফাউন্ডেশনের অনুষ্ঠান।
- মিয়ানমারের সীমান্তরক্ষী ক্যাম্পে হামলা।

**১০ অক্টোবর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিসভার বৈঠক। অ্যাক্রিডিটেশন কাউন্সিল আইন ২০১৬-এর খসড়া অনুমোদন।
- শিমুলিয়া-কাওড়াকান্দি ঘাটে ভয়াবহ যানজট।
- নব্য জেএমবিকে অর্থ প্রদানকারী ১২ জন শনাক্ত র‍্যাবের।
- টিউলিপ রেজওয়ানা সিদ্দিককে ব্রিটেনের লেবার পার্টির শিক্ষাবিষয়ক ছায়া প্রতিমন্ত্রীর দায়িত্ব প্রদান।
- যুক্তরাষ্ট্রের ওলিভার হার্ট এবং বেনগট হোলমোটস অর্থনীতিতে নোবেল পেলেন।
- পোলিশ চলচ্চিত্র পরিচালক অ্যান্দ্রেজের ওয়াজদার জীবনাবসান।
- যুক্তরাষ্ট্রের আসন্ন নির্বাচনে দ্বিতীয় বিতর্কে প্রেসিডেন্ট পদপ্রার্থী ট্রাম্পের পরাজয়। হিলারির পক্ষে ৫৭ শতাংশ ভোট।

**১১ অক্টোবর**

- প্রতিমা বিসর্জনের মধ্য দিয়ে শেষ হলো দুর্গোৎসব।
- বসরায় ইরাকের সাবেক প্রেসিডেন্ট সাদ্দাম হোসেনের প্রাসাদ দর্শনার্থীদের জন্য খুলে দেওয়া হলো।
- আইএসকে অর্থ জোগান দেয় সৌদি আরব ও কাতার। উইকিলিকসের তথ্য।
- মিয়ানমারে রাখাইনদের গণগ্রেপ্তারের অভিযোগ।
- প্রতি ৭ সেকেন্ডে বিয়ে হচ্ছে এক কন্যাশিশুর। সেভ দ্য চিলড্রেনের প্রতিবেদন।
- সোহরাওয়ার্দী কলেজের সাবেক অধ্যক্ষ আলী হোসেন আততায়ীর হামলায় নিহত।
- কাশ্মীরের সেনাসদরের কাছে গ্রেনেড হামলা।
- পাকিস্তানের সাংবাদিক সাইরিল আল সাইদিকে দেশত্যাগের নির্দেশ আদালতের।

**১২ অক্টোবর**

- বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সাথে বাংলাদেশ সেনাবাহিনীর প্রধান জেনারেল আবু বেলাল মোহাম্মদ শফিউল হকের সৌজন্য সাক্ষাৎ।
- চীন-বাংলাদেশ দ্বিপক্ষীয় সহযোগিতার নতুন দিগন্ত উন্মোচিত করতে চায় বর্তমান সরকার। চীনের বার্তা সংস্থা সিনহুয়াকে দেয়া সাক্ষাৎকারে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- চট্টগ্রামের শাহ আমানত বিমানবন্দর থেকে লিবিয়ায় পাচারের উদ্দেশ্যে আনা ৩৯ ব্যক্তিকে উদ্ধার করল র‍্যাব-৭।
- অস্বচ্ছতা ও দুর্নীতির কারণে লন্ডনের সোনালী ব্যাংক শাখাকে ৩০ কোটি টাকা জরিমানা করল দেশটির ফিন্যানসিয়াল কনডাক্ট অথরিটি।
- প্রেসিডেন্ট পদপ্রার্থী ট্রাম্পের বিরুদ্ধে নিউইয়র্ক টাইমসের দুই নারী সাংবাদিকের যৌন নির্যাতনের অভিযোগ।
- আসন্ন মার্কিন নির্বাচনে হিলারিকে সমর্থন জানালো ওয়াশিংটন পোস্ট।



**১৩ অক্টোবর**

- পবিত্র আশুরা পালিত।
- শ্রমিক লীগের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত সভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা দলীয় সংগঠনের সবাইকে ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানান।
- খাদিজার লাইফ সাপোর্ট খুলে নেওয়া হয়েছে। চিকিৎসকরা আশাবাদী।
- জাতিসংঘের নতুন মহাসচিব হিসেবে যোগ দিলেন আন্তনিও গুতেরেস।
- থাইল্যান্ডের রাজা ভূমিবলের মৃত্যু (৮৮)। দেশ জুড়ে শোকের ছায়া
- সাহিত্যে নোবেল পুরস্কার পেলেন সংগীতশিল্পী ও কবি বব ডিলান ।
- ইতালির নোবেল বিজয়ী নাট্যকার দারিও কোর মৃত্যু।
- ট্রাম্প দোকানের কাজের যোগ্যও নয়। নর্থ ক্যারোলিনার নির্বাচনী প্রচারে বারাক ওবামা।
- ইয়েমেনে ফের মার্কিন সেনাবাহিনীর হামলা।
- মালয়েশিয়ার জলসীমা থেকে ২০ বাংলাদেশি আটক।

**১৪ অক্টোবর**

- দুই দিনের রাষ্ট্রীয় সফরে বাংলাদেশে এলেন চীনের প্রেসিডেন্ট শি জিনপিং।
- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সাথে চীনের প্রেসিডেন্টের সাক্ষাৎ ও ভোজসভায় অংশগ্রহণ।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে চীনের প্রেসিডেন্ট শি জিনপিংয়ের বৈঠক। বৈঠক শেষে প্রধানমন্ত্রী শেখ হাসিনা জানান, দুই দেশের মধ্যে ২৭টি চুক্তি ও সমঝোতা স্বাক্ষর হয়েছে।
- বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার সাথে সফররত চীনের প্রেসিডেন্টের সাক্ষাৎ।
- রাশিয়া থেকে ৫০০ কোটি ডলারের অস্ত্র কিনলো ভারত।
- রাজা ভূমিবলের পুত্র বিজিরা লংকর্ন থাইল্যান্ডের নতুন রাজা নির্বাচিত।

**১৫ অক্টোবর**

- জাতীয় স্মৃতিসৌধে চীনের প্রেসিডেন্ট শি জিনপিংয়ের শ্রদ্ধা নিবেদন।
- চীনের প্রেসিডেন্টের ঢাকা ত্যাগ।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে আওয়ামী লীগের জাতীয় কমিটির বর্ধিত জরুরি বৈঠক। বিতর্কিত এমপি ও মন্ত্রীদের ব্যাপারে পদক্ষেপ নেওয়ার সিদ্ধান্ত।
- শাহজালাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও লেখক জাফর ইকবাল ও তাঁর স্ত্রীকে হত্যার হুমকি।
- ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল চত্বরে অ্যাম্বুলেন্সের চাপায় ৫ জনের মৃত্যু। তদন্ত কমিটি গঠন।
- জাতীয় জাদুঘরে সব্যসাচী লেখক সৈয়দ শামসুল হকের স্মরণসভা।
- বাংলাদেশসহ ১৬০টি দেশ প্যারিস জলবায়ু চুক্তি বাস্তবায়নে সম্মত।
- ভারতের বেনারসে পদদলিত হয়ে ২৪ তীর্থযাত্রীর মৃত্যু।
- সংবাদ সংস্থা রয়টার্সের জরিপ। হিলারি ৭ পয়েন্টে এগিয়ে।

**১৬ অক্টোবর**

- গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌদি রাষ্ট্রদূতের সাক্ষাৎ।
- ভারতের গোয়ায় অনুষ্ঠিত ব্রিকস বিম্সটেক আউটরিচ সম্মেলনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার যোগদান এবং ভাষণ প্রদান। তিনি তাঁর ভাষণে সন্ত্রাস দমনে এক হয়ে কাজ করার আহ্বান জানান।
- তিন দিনের সফরে ঢাকায় এলেন বিশ্বব্যাংকের প্রেসিডেন্ট জিম ইয়ং কিম।
- খুলনা কারাগারে জঙ্গি আরিফের মৃত্যুদণ্ড কার্যকর।
- দেশের ২৩টি কলেজ সরকারি করার সিদ্ধান্ত।
- হিলারির বিরুদ্ধে মাদক সেবনের অভিযোগ আনলেন ডোনাল্ড ট্রাম্প।
- আগামী নির্বাচনের জন্য কুয়েত পার্লামেন্ট ভেঙে দেওয়া হলো।
- পাকিস্তানকে যুদ্ধবিমান দিতে রাশিয়ার অস্বীকৃতি।



**১৭ অক্টোবর**

- দেশের উন্নয়নে আজ বিশ্বব্যাংক আমাদের পাশে দাঁড়িয়েছে। দারিদ্র্য দূরীকরণে আমাদের প্রয়াস তাদের দৃষ্টি খুলে দিয়েছে। আন্তর্জাতিক দারিদ্র্য বিমোচন দিবস উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- বিশ্বব্যাংকের প্রেসিডেন্ট জিম ইয়ং কিমের সাথে প্রধানমন্ত্রী শেখ হাসিনার বৈঠক। প্রবৃদ্ধির ধারা অব্যাহত রাখতে আরও বিনিয়োগ প্রয়োজন। যৌথ সংবাদ সম্মেলনে উন্নয়ন পরিকল্পনা নিয়ে আওয়ামী লীগের খসড়া ঘোষণাপত্র প্রকাশ।
- বাংলাদেশে সামরিক শাসন প্রয়োজন ছিল না। নিউইয়র্কে বাংলাদেশ সোসাইটি আয়োজিত অনুষ্ঠানে প্রধান বিচারপতি এসকে সিনহা।
- রাজশাহীতে শুরু হলো জঙ্গিবাদবিরোধী চলচ্চিত্র উৎসব। উদ্বোধন করলেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু এমপি।
- কমিউনিস্ট নেতা অজয় রায়ের মৃত্যু।

**১৮ অক্টোবর**

- শেখ রাসেলের জন্মদিন উপলক্ষ্যে শিশু-কিশোর পরিষদের অনুষ্ঠান উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- আইসিটি সেক্টরে বিশেষ অবদানের জন্য আইসিটি ফর ডেভেলপমেন্ট অ্যাওয়ার্ড লাভ করলেন সজীব ওয়াজেদ জয়।
- রংপুরে এক দলীয় সমাবেশে বর্তমান নির্বাচন কমিশন অযোগ্য ও ব্যর্থ বলে অভিযোগ করলেন জাতীয় পার্টির চেয়ারম্যান হুসেইন মুহম্মদ এরশাদ।
- আলেপ্পোয় ৮ ঘণ্টা যুদ্ধবিরতি ঘোষণা সরকারি বাহিনীর।

**১৯ অক্টোবর**

- বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সাথে বাংলাদেশে নিযুক্ত ডেনমার্কের নতুন রাষ্ট্রদূত মিকায়েল হ্যামনিটি উইনথারের সাক্ষাৎ।
- বসুন্ধরা কনভেনশন সেন্টারে ডিজিটাল মেলা উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। উদ্বোধনকালে তিনি ডিজিটাল অপরাধে না জড়াতে সকলকে আহ্বান জানান।

- আওয়ামী লীগের সংশোধিত গঠনতন্ত্র ও ঘোষণাপত্র অনুমোদন করলেন দলের সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- মিরপুরে দুই কলেজছাত্রীর ওপর সন্ত্রাসীদের হামলা। মিরপুর থানায় মামলা দায়ের।
- ফিলিপাইনে মার্কিনবিরোধী মিছিলে পুলিশের হামলা। বহুসংখ্যক হতাহত।
- ইরাকের মসুলে আইএসবিরোধী অভিযান শুরু। আইএস জঙ্গিরা ছুটছে সিরিয়ার দিকে।

**২০ অক্টোবর**

- জাতীয় প্রেসক্লাবের ৩১ তলাবিশিষ্ট বঙ্গবন্ধু মিডিয়া সেন্টারের ভিত্তিপ্রস্তর স্থাপন করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। উদ্বোধনী অনুষ্ঠানে ভাষণদানকালে তিনি সাংবাদিকদের আরও দায়িত্ববান হওয়ার আহ্বান জানান।

**২১ অক্টোবর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে ভারতীয় কংগ্রেসের সাধারণ সম্পাদক গোলাম নবী আজাদের সাক্ষাৎ।
- বরিশালে আওয়ামী লীগের পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা।
- ইংল্যান্ড-বাংলাদেশ টেস্টে প্রথম ইনিংসে ইংল্যান্ডের ২২৯ এবং বাংলাদেশের ২২১ রান সংগ্রহ।
- জেএমবির অর্থদাতা প্রকৌশলী হাফিজসহ ২ জন গ্রেপ্তার।
- গঙ্গা-যমুনা নাট্য উৎসব শুরু হলো বাংলাদেশ শিল্পকলা একাডেমিতে।
- কাশ্মীরে বিএসএফের গুলিবর্ষণ। ৭ পাকিস্তানি সৈন্য নিহত।
- ইরাকের কিরকুকে আইএসের হামলা। নিহত ১৮।
- নিউইয়র্কে চ্যাগির ডিনার। ট্রাম্প-হিলারি মুখোমুখি।

**২২ অক্টোবর**

- আওয়ামী লীগের ২০তম সম্মেলন উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি দলের সবাইকে ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানান।
- আমি আওয়ামী লীগের সন্তান। আওয়ামী লীগের সম্মেলনে সৈয়দ আশরাফ।



- ইংল্যান্ড-বাংলাদেশ টেস্টের তৃতীয় দিন শেষে ইংল্যান্ডের সংগ্রহ ৩২৭ রান। বাংলাদেশ ২৪৮ রান।
- বীর বিক্রম হেমায়েত উদ্দিনের মৃত্যু (৭৪)।
- ওবামার ইমেইল ফাঁস করে দিল উইকিলিকস।
- মিসরের সাবেক প্রেসিডেন্ট মুরসির ২০ বছরের কারাদণ্ড।
- মসুলে ৩০০ ইরাকির শিরশ্ছেদ করল আইএস।
- এভারেস্ট বিজয়ী প্রথম নারী জাপানের জুনকো তাবেইর মৃত্যু।
- ক্যামেরুনে ট্রেন লাইনচ্যুত। নিহত ৭৩।

**২৩ অক্টোবর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা আবারও আওয়ামী লীগের সভাপতি নির্বাচিত।
- আওয়ামী লীগ সভাপতি নির্বাচিত হওয়ার পর আগামী নির্বাচনের জন্য প্রস্তুতি নিতে দলীয় কর্মীদের প্রধানমন্ত্রীর নির্দেশ।
- আওয়ামী লীগের সভাপতি নির্বাচিত হওয়ায় শেখ হাসিনাকে বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার অভিনন্দন।
- কবি শামসুর রাহমানের ৮৮তম জন্মদিন।
- সাংবাদিক তিমির দত্তের মৃত্যু (৬৫)।
- হোয়াইট হাউসে ওবামা-মিশেল দম্পতির সম্মানে শেষ সংগীতসন্ধ্যা।
- ব্রেক্সিট সমঝোতার সমান ভাগ দাবি করলেন স্কটল্যান্ডের ফার্স্ট মিনিস্টার নিকালো রাজেন।

**২৪ অক্টোবর**

- আওয়ামী লীগের জেলা প্রতিনিধিদের সাথে প্রধানমন্ত্রী শেখ হাসিনার মতবিনিময়।
- জেলাভিত্তিক সম্মেলন করার নির্দেশ প্রধানমন্ত্রীর।
- ফের সভাপতি নির্বাচিত হওয়ায় গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আনুষ্ঠানিক শুভেচ্ছা জানালেন আওয়ামী লীগের নবনির্বাচিত সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের।
- দুর্নীতির অভিযোগে ঠাকুরগাঁওয়ের সাবেক দায়রা জজ মো. রুহুল আমিন এবং খুলনার অতিরিক্ত দায়রা জজ মঈনুল হক বরখাস্ত।

- ইংল্যান্ডের সাথে টেস্ট ক্রিকেটে বাংলাদেশের ২২ রানে পরাজয়।
- রাজশাহীতে নাগরিক সমাবেশ। গঙ্গা-ব্যারেজ দ্রুত বাস্তবায়নের দাবি।
- ভারতের অন্ধ্রপ্রদেশ ও উড়িষ্যায় পুলিশের গুলিতে ২১ মাওবাদী নিহত।
- তুরস্কের প্রেসিডেন্ট এরদোগান বুশরায় এক শিক্ষা সম্মেলনে মিসরের আলেপ্পোকে তুরস্কের অংশ হিসেবে দাবি করলেন।

**২৫ অক্টোবর**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের কাছে দুদকের বার্ষিক প্রতিবেদন হস্তান্তর।
- বিএনপির গুলশান কার্যালয় তৃণমূল কর্মীদের জন্য উন্মুক্ত করে দেওয়ার সিদ্ধান্ত।
- আওয়ামী লীগের কার্যনির্বাহী কমিটিতে ২২ জন নতুন কর্মকর্তার নাম ঘোষণা।
- ১৯৭০ সালে ব্রাজিলের বিশ্বকাপ বিজয়ী অধিনায়ক আলবার্তোর মৃত্যু।

**২৬ অক্টোবর**

- চিকিৎসকদের আরও আন্তরিক হওয়ার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার আহ্বান। কৃষিবিদ ইনস্টিটিউটে বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস অ্যান্ড সার্জন-এর সমাবর্তন অনুষ্ঠানে তিনি এই আহ্বান জানান।
- নারায়ণগঞ্জের শিক্ষক শ্যামল কান্তি ভক্তের ইস্যুতে বিচার বিভাগীয় তদন্ত শুরু।
- ৪ দফা দাবিতে সিলেটে পরিবহন ধর্মঘট শুরু।
- সাভারে কলেজশিক্ষক আসমা আরেফিন মিতুর মৃত্যু। স্বামী গ্রেপ্তার।
- রমনায় ছাত্রী ধর্ষণ। এক যুবক গ্রেপ্তার।
- জেন্ডার সমতা সূচকে দক্ষিণ এশিয়ায় শীর্ষে বাংলাদেশ। ওয়ার্ল্ড ইকোনমি ফোরামের রিপোর্ট।
- রাশিয়ার সীমান্তে ন্যাটোর সর্বাধিক সেনা মোতায়েন।
- মার্কিন লেখক পল বিটির ম্যান বুকার পুরস্কার লাভ।
- কাশ্মীরের চাপরার হারপাল সেক্টরে গুলি। ৩২ ভারতীয় সেনা নিহত।

**২৭ অক্টোবর**

- অনলাইনে 'শিশু সুরক্ষা হেল্প লাইন' উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।



- নির্দেশ অমান্যকারীদের ছাড় দেওয়া হবে না। আদালতে বেঞ্চ কর্মকর্তাদের উদ্দেশে প্রধান বিচারপতি এস কে সিনহা।
- ১৫ আগস্টের শহীদদের প্রতি আওয়ামী লীগের নবনির্বাচিত সাধারণ সম্পাদক ওবায়দুল কাদেরের শ্রদ্ধা নিবেদন।
- বাংলা একাডেমিতে নজরুল সংগীতশিল্পী পরিষদ আয়োজিত নজরুল মেলা শুরু।
- ওবায়দুল কাদেরের সাথে ভারতের হাইকমিশনার হর্ষ বর্ধন শ্রিংলার বৈঠক।
- সিএনএনের মতামত জরিপ। ৬ শতাংশ বেশি ভোট পাবেন হিলারি।
- কাশ্মীর সীমান্তে আবারও গুলিবর্ষণ। ১ পাকিস্তানি সৈন্য নিহত।

**২৮ অক্টোবর**

- আওয়ামী লীগের প্রেসিডিয়াম সভায় দলের নেতাকর্মীদের সরকারের উন্নয়নের কথা দেশবাসীকে জানানোর নির্দেশ দিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- গাজীপুর থেকে হুজির ৪ সদস্য গ্রেপ্তার।
- বগুড়ায় প্রেমিক যুগলসহ ৪ জনের আত্মহত্যা।
- উত্তর বাড্ডায় ধর্ষণের শিকার গারো তরুণী।
- পিরোজপুরের কাজী মোতাহার হোসেন গণিত উৎসব শুরু।
- লিবিয়ার উপকূলে নৌকাডুবি। ১ শ যাত্রীর মৃত্যু।
- চীনের প্রেসিডেন্টের নতুন উপাধি 'Core of the Chinese Communist Party' ঘোষণা।
- দুর্নীতির অভিযোগে টাওয়ার হ্যামলেটের কাউন্সিলর শাহেদ আলীর ৫ বছরের কারাদণ্ড।
- পাক-ভারত সীমান্তে আবারও গোলাগুলি।

**২৯ অক্টোবর**

- গুলশান হামলায় ব্যবহৃত অস্ত্র ভারতে তৈরি। ভারতের গোয়েন্দা সংস্থার উদ্ধৃতি দিয়ে টাইমস অব ইন্ডিয়ার খবর।
- সিটিসেল বন্ধ। দুর্ভোগে গ্রাহক।
- চট্টগ্রাম ও কুষ্টিয়ায় বন্দুকযুদ্ধ। নিহত ৫।

- শেষ হলো ৩ দিনের নজরুল মেলা।
- সিনেট ভবনে জলবায়ুবিষয়ক জাতীয় কর্মশালা অনুষ্ঠিত।
- নিউইয়র্কে 'নারী' পত্রিকার বর্ষপূর্তি। ৫ নারীকে সংবর্ধনা।
- ওয়াশিংটন পোস্টের জরিপ। ট্রাম্প ও হিলারির ব্যবধান ২ পয়েন্ট।
- দু'সপ্তাহ পর বব ডিলান নোবেল পুরস্কার গ্রহণ করলেন।

**৩০ অক্টোবর**

- ইংল্যান্ড-বাংলাদেশের মধ্যকার দ্বিতীয় টেস্টে ১০৮ রানে জয়ী হওয়ায় বাংলাদেশ ক্রিকেট দলকে অভিনন্দন জানালেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- যুক্তরাষ্ট্রে গবেষণারত বাংলাদেশের বিজ্ঞানী শফিকুল ইসলামের প্রিন্স সুলতান পদক লাভ।
- ছায়ানটে নারী শোষণের বিরুদ্ধে নারীনেত্রী কমলা ভাসিনের বক্তৃতা।
- জম্মু-কাশ্মীর সীমান্তের কেরাম সেক্টরে ৪টি পাকিস্তানি চৌকি গুঁড়িয়ে দিল ভারতের সৈন্যরা।
- সন্ত্রাসের সঙ্গে জড়িত থাকার অভিযোগে ১০ হাজার কর্মচারীকে বরখাস্ত তুরস্ক সরকারের।

**৩১ অক্টোবর**

- সংবিধানের ১১৬ অনুচ্ছেদের কারণে ধীরগতিতে চলছে বিচার বিভাগ। বিচার বিভাগ পৃথকীকরণের নয় বছর পূর্তি উপলক্ষ্যে দেওয়া বক্তৃতায় প্রধান বিচারপতি এসকে সিনহা এ কথা বলেন।
- ৭১ বছরে পা দিলেন সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর। জন্মদিন উপলক্ষ্যে বিভিন্ন সংগঠনের শুভেচ্ছা।
- ঢাকায় কর্মরত রাজশাহী বিভাগ সাংবাদিক সমিতির নির্বাচন। খায়রুজ্জামান কামাল সভাপতি। আলমগীর হোসেন সাধারণ সম্পাদক নির্বাচিত।
- যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচনে হিলারির জয়ের সম্ভাবনা ৯০ শতাংশ। 'দ্যা নিউইয়র্ক টাইম'সের জরিপের ফলাফল।
- ব্যর্থ সেনা অভ্যুত্থানের ঘটনায় জড়িত সন্দেহে তুরস্কে সম্পাদকসহ ১৩ সাংবাদিক গ্রেফতার।



## নভেম্বর

**১ নভেম্বর**

- জঙ্গিবাদ কাউকে বেহেশতে নেবে না। এর বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে। ওসমানী মিলনায়তনে জাতীয় যুব দিবসের অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- জেএসসি ও জেডিসি পরীক্ষা শুরু।
- ৩৭তম বিসিএসে উত্তীর্ণ হলেন ৮৫২৩ জন।
- আমার দেশ পত্রিকার সম্পাদক মাহমুদুর রহমানের জামিন বহাল।
- হোয়াইট হাউসে দিপাবলি উৎসব পালন।
- কাশ্মীর সীমান্তে গোলাগুলি, নিহত ১০।
- ওআইসির মহাসচিবের পদ থেকে পদত্যাগ করলেন আইয়াদ মাদানী।
- সৌদি অর্থমন্ত্রী ইব্রাহিম আবদুল আজিজ বরখাস্ত।
- আইএস জঙ্গিদের আত্মসমর্পণের আহ্বান ইরাকের প্রেসিডেন্ট হায়দার আল আবাদীর।

**২ নভেম্বর**

- গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে নজরুল ইনস্টিটিউটের ৮ তলা ভবনের নকশা তুলে ধরনের সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর।
- ক্রিকেটার মেহেদী হাসান মিরাজের বাড়ি তৈরি করে দেওয়ার নির্দেশ দিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- মেজর জেনারেল আবুল হোসেনকে বিজিবির মহাপরিচালক হিসেবে নিয়োগ প্রদান।
- দুর্নীতির দায়ে কক্সবাজার-৪ আসনের এমপি আবদুর রহমান বদির ৩ বছরের জেল।
- মাদক পাচারের অভিযোগে চলচ্চিত্র প্রযোজক সুভাষ দুবীনিয়া গ্রেপ্তার।
- নারীরা যাজক হতে পারবে না। বোয়ানা ক্যাথলিক চার্চের পোপ ফ্রান্সিসের ঘোষণা।
- জিম্বাবুয়ের সাথে শততম টেস্টে শ্রীলংকার ২২৫ রানে জয়লাভ।

**৩ নভেম্বর**

- বঙ্গবন্ধু ও চার নেতা হত্যার সাথে জিয়া জড়িত ছিলেন। জেল হত্যা দিবস উপলক্ষ্যে কৃষিবিদ ইনস্টিটিউটে আওয়ামী লীগ আয়োজিত সভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- বানারীপাড়া ও ধুনটে মন্দিরে হামলা।
- গুলশান হত্যাকাণ্ডে অস্ত্র সরবরাহকারী ৪ জন গ্রেপ্তার।
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ১২ মেধাবী ছাত্রকে ল্যাপটপ প্রদান করলেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক।
- আফগানিস্তানে তালেবানবিরোধী অভিযান, নিহত ৮০।
- জাপানে মার্কিন নৌঘাঁটি সাময়িক বন্ধের পর খুলে দেওয়া হলো।
- লিবিয়া উপকূলে অভিবাসী নৌকাডুবি। ২৫০ জনের প্রাণহানি।

**৪ নভেম্বর**

- শিল্পকলা একাডেমিতে রবীন্দ্রসঙ্গীতশিল্পী সংস্থার উদ্যোগে কলিম শরাফী স্মরণ অনুষ্ঠান।
- বৃষ্টির কারণে পরিত্যক্ত হলো বিপিএলের কুমিল্লা ভিক্টোরিয়ানস ও রাজশাহী কিংসের মধ্যকার খেলা।
- হিলারি এখনো ৩ পয়েন্ট এগিয়ে। আবার সিএনএন মতামত জরিপের ফলাফল।
- কোরআন অবমাননার অভিযোগে জাকার্তার গভর্নরের বিরুদ্ধে বিক্ষোভ।
- পাঠানকোটের জঙ্গি হামলার ঘটনা সরাসরি প্রচার করায় ভারতের এনটিভির সম্প্রচার এক দিনের জন্য বন্ধ।

**৫ নভেম্বর**

- বর্তমান সরকার ধনী-দরিদ্রের ব্যবধান কমিয়ে আনতে চলেছে। সমবায় দিবস উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- কেন্দ্রীয় কারাগারে বঙ্গবন্ধুর স্মৃতিবিজড়িত কক্ষ ও অন্যান্য স্থান পরিদর্শন করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও বোন শেখ রেহানা।



- জাতীয় অধ্যাপক ডা. এম আর খানের মৃত্যু।
- ব্রাহ্মণবাড়িয়ার নাসিরনগরে আগুন। তদন্ত কমিটি গঠন।
- সংগীতে অসামান্য অবদানের জন্য এবং সংগীত জীবনের ৫০ বছর পূর্তিতে রুনা লায়লাকে পুরস্কৃত করল সিটি ব্যাংক।
- বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ফরাসউদ্দিন আন্তর্জাতিক সিভিল সার্ভিস কমিটির সদস্য নির্বাচিত।
- ট্রাম্প ভালো লোক নয়। নর্থ ক্যারোলিনায় হিলারির পক্ষে ওবামার নির্বাচনী প্রচার।
- তুরস্কে ৮ সংবাদকর্মীকে পুলিশ হেফাজতে নেওয়া হলো।

**৬ নভেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে দেখা করতে ঢাকায় নিযুক্ত ভারতীয় হাইকমিশনারকে ভারতের পররাষ্ট্রমন্ত্রী সুষমা স্বরাজের চিঠি।
- নিম্ন আদালতের বিচারকদের চাকরি বিধিমালাসংক্রান্ত আইন চূড়ান্ত না হওয়ায় প্রধান বিচারপতি এসকে সিনহার ক্ষোভ প্রকাশ।
- সিরাজগঞ্জ ও ঝালকাঠিতে মন্দিরে হামলা।
- সাতক্ষীরায় পারিবারিক গোরস্থানে দাফন করা হলো জাতীয় অধ্যাপক ডা. এম আর খানকে।
- দেশের সার্বভৌমত্ব দুর্বল। বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার বিবৃতি।
- সিটিসেল পুনরায় চালু।
- ঝড়ো হাওয়ায় সাগরে ১১টি ট্রলার ও ৮ জেলে নিখোঁজ।

**৭ নভেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিপরিষদের বৈঠক। ৬৪ জেলায় ন্যাশনাল সার্ভিস করার সিদ্ধান্ত।
- সাংবাদিক কল্যাণ তহবিলে ইত্তেফাকের ৪ কোটি টাকার চেক গ্রহণ করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- নির্বাচন ছাড়া এমপিরা স্থানীয় স্কুল-কলেজের গভর্নিংবডির সদস্য হতে পারবে না। হাইকোর্টের রায় বহাল।

- সাবেক প্রেসিডেন্ট জিয়াউর রহমানের মাজারে বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার শ্রদ্ধা নিবেদন। ফাতেহা পাঠ।
- অর্থ পাচার মামলায় তারেক রহমানের বিরুদ্ধে বিশেষ জজ আদালতের গ্রেপ্তারি পরোয়ানা।
- শিল্পকলা একাডেমিতে নৃত্যের আসর।
- ভারতের গুলশান কুমার হত্যাকাণ্ডের মূল আসামি দাউদ মাধেও কারাগার থেকে পালিয়ে গেছেন।
- মরক্কোর মারাকাসে কপ-২২ জলবায়ু সম্মেলন শুরু।

**৮ নভেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে টুঙ্গিপাড়ায় আওয়ামী লীগের কার্যনির্বাহী কমিটির বৈঠক। ২০১৯ সালের নির্বাচনে দিকনির্দেশনা প্রধানমন্ত্রীর।
- হোটেল সোনারগাঁওয়ের পাশে হাতিরঝিলে নির্মিত বিজিএমইএ ভবন ভাঙার নির্দেশ সুপ্রিম কোর্টের আপিল বিভাগের।
- বিপিএলে চিটাগং ভাইকিংসের কাছে কুমিল্লা ভিক্টোরিয়ানসের হার।
- কুমিল্লার দাউদকান্দিতে উপজেলা চেয়ারম্যান মনির হোসেন সরদার ও তাঁর শ্যালককে প্রকাশ্যে কুপিয়ে হত্যা।
- গাইবান্ধায় পুলিশের সাথে সাঁওতালদের সংঘর্ষ, ৩ জন গুলিবিদ্ধ।
- ডিএনএ টেস্টে জঙ্গি তামিমের পরিচয় নিশ্চিত হয়েছে ঢাকা মহানগর পুলিশ।
- ভারতে ৫০০ ও ১০০০ টাকার নোট নিষিদ্ধ।
- মার্কিন নির্বাচনে ডোনাল্ড ট্রাম্পের জয়। ৫৩৮টি ইলেকটোরাল কলেজের ভোটের মধ্যে ২৯০টি পেয়ে তিনি জয়লাভ করেন। প্রতিপক্ষ হিলারি ক্লিনটন তাঁর পরাজয় মেনে ট্রাম্পকে অভিনন্দন জানান।

**৯ নভেম্বর**

- নবনির্বাচিত মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে অভিনন্দন জানান রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- নবনির্বাচিত মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার অভিনন্দন।



- দুদকের তদন্তের ভিত্তিতে আয়কর ফাঁকির মামলা নিষ্পত্তির নির্দেশ প্রধান বিচারপতি এস কে সিনহার।
- বিপিএলে খুলনা টাইটানস ৩ উইকেটে হারাল রাজশাহী কিংসকে।
- বিজয় ভাষণ দিলেন নবনির্বাচিত মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। ঐক্যবদ্ধভাবে যুক্তরাষ্ট্রকে বিশ্বের শীর্ষে রাখার আহ্বান।
- আমেরিকায় ডলারের দরপতন।

**১০ নভেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে একনেকের বৈঠক। ১২টি প্রকল্প অনুমোদন।
- শহীদ নূর হোসেন দিবস পালিত।
- সায়মা ওয়াজেদ ইউনেস্কোর জুরি বোর্ডের সভাপতি নির্বাচিত।
- সুপ্রিম কোর্টের আপিল বিভাগের রাষ্ট্রীয় মর্যাদা ক্রম নির্ধারণী রায়। প্রধান বিচারপতি স্পিকারের সমতুল্য।
- গ্রেফতার ও রিমান্ড প্রশ্নে ৫৪ ধারায় কাউকে গ্রেপ্তার করা যাবে না। ঘটনার ১২ ঘণ্টার মধ্যে স্বজনদের জানাতে হবে। সুপ্রিম কোর্টের রায়।
- ১৪ দলের প্রতিনিধিদের নাসিরনগর পরিদর্শন।
- মানিকগঞ্জ ও ফরিদপুরে পারিবারিক মন্দিরে হামলা।
- বেঙ্গল ফাউন্ডেশনের উদ্যোগে শুরু হলো আন্তর্জাতিক লোক উৎসব।
- বিপিএল। ৯ উইকেটে চিটাগং ভাইকিংসকে হারাল রংপুর রাইডার্স।
- হোয়াইট হাউসে ট্রাম্প-ওবামা বৈঠক।

**১১ নভেম্বর**

- আওয়ামী যুবলীগের ৪৪তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন।
- নাসিরনগরের ব্যাপারে তদন্ত চলছে। সংবাদ সম্মেলনে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল।
- পাটুরিয়া-দৌলতদিয়ায় দীর্ঘ যানজট।
- বিপিএল। ঢাকা ডায়নামাইটসকে ৬ উইকেটে হারাল রাজশাহী কিংস।
- ছাত্রদের দুই দলের সংঘর্ষ। রুয়েট বন্ধ ঘোষণা।
- হোয়াইট হাউসে চা-চক্রে মিলিত হলেন মিশেল ওবামা ও মেলানিয়া ট্রাম্প।
- যুক্তরাষ্ট্রের কলারাডোর ডেনভারে ট্রাম্পবিরোধী বিক্ষোভ।

**১২ নভেম্বর**

- প্রতিটি জেলা উপজেলায় সংখ্যালঘুদের নিরাপত্তা দিতে হবে। জেলা প্রশাসকদের উদ্দেশে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- ঢাকার নারিন্দার ভক্তি বিলাস তীর্থ ভবনের নির্মাণকাজ উদ্বোধন করলেন প্রধান বিচারপতি এস কে সিনহা।
- হুমায়ূন আহমেদের ৬৮তম জন্মদিন পালন।
- হুমায়ূন আহমেদ স্মৃতি পুরস্কারে ভূষিত হলেন হাসান আজিজুল হক ও স্বকৃত নোমান।
- বিপিএল। ৪ রানে চিটাগং ভাইকিংসকে হারালো খুলনা টাইটানস। অপর খেলায় ঢাকা ডায়নামাইটস ৭৮ রানে হারালো রংপুর রাইডার্সকে।
- শেষ হলো লোকসংগীত উৎসব।
- বিহারের সাসারামে এক সাংবাদিককে গুলি করে হত্যা।
- দক্ষিণ কোরিয়ার প্রেসিডেন্ট জিউন হাইয়ের বিরুদ্ধে মিউনে বিক্ষোভ।
- সৌদি বাদশাহ আবদুল আজিজের ইন্তেকাল।

**১৩ নভেম্বর**

- নাসিরনগরে হামলার ঘটনায় ৭৮ জন গ্রেপ্তার।
- গুলশানে হোলি আর্টিজান রেস্টুরেন্টটি মালিকের কাছে হস্তান্তর করা হলো।
- নরসিংদীর রায়পুর উপজেলায় ৪টি গ্রামে সংঘর্ষ। আহত ৫০।
- ধর্ষণ মামলায় আসামি রুবেলের আদালত থেকে পলায়ন।
- বিপিএল। খুলনা টাইটানসের কাছে কুমিল্লা ভিক্টোরিয়ান্স ১৩ রানে পরাজিত। অপর খেলায় রাজশাহী কিংসকে হারিয়ে বরিশাল বুলসের ৪ রানে জয়।
- আমাকে ওরা বাঁচতে দেবে না। টুইটারে নরেন্দ্র মোদি।
- ৫০০ ও ১০০০ টাকার নোট বাতিল করায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে অভিনন্দন জানালেন ঐশ্বরিয়া রায়।
- পরাজয়ের জন্য এফবিআইকে দুষলেন হিলারি ক্লিনটন।

**১৪ নভেম্বর**

- মরক্কোর মারাকাসে অনুষ্ঠিত জলবায়ু সম্মেলনে যোগ দিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঢাকা ত্যাগ।



- নাসিরনগরের ঘটনার মূল হোতাদের ধরিয়ে দিতে পুলিশের ৭ লাখ টাকা পুরস্কার ঘোষণা।
- চারুকলায় নবান্ন উৎসব শুরু।
- কঠিন চীবরদান উৎসব উদযাপন।
- বিপিএল। চিটাগং ভাইকিংসকে ৭ উইকেটে হারাল বরিশাল বুলস। অপর খেলায় কুমিল্লাকে ৩৩ রানে হারালো ঢাকা ডায়নামাইটস।
- জাতীয় কৃষি দিবস পালন।
- ভারতনিয়ন্ত্রিত কাশ্মীর সীমান্তে গুলি। ৭ পাকিস্তানি সৈন্য নিহত।
- তেহরানে বায়ুদূষণের জন্য স্কুল বন্ধ ঘোষণা।
- ভারতের কর্মকাণ্ড শান্তির জন্য হুমকি। পাকিস্তানের প্রধানমন্ত্রী নওয়াজ শরিফ ইসলামাবাদে এক সমাবেশে এ কথা বলেন।
- কলকাতায় আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব শুরু।

**১৫ নভেম্বর**

- বহুল আলোচিত বুশরা হত্যা মামলার প্রধান আসামিসহ অন্যরা খালাস।
- রংপুরে ১০ টাকা কেজির চাল ৬০ টাকায় বিক্রি করার অভিযোগে ৬ ডিলারের কার্ড বাতিল।
- বাংলাদেশ ব্যাংক থেকে চুরি যাওয়া টাকার মধ্য থেকে ১ কোটি ৪৬ লাখ ৩০ ডলার বাংলাদেশ ব্যাংকে জমা দেওয়া হলো।
- সামিট গ্রুপের একীভূত করার অভিযোগে ঢাকা স্টক এক্সচেঞ্জকে শোকজ করল বিএসইসি।
- নাসিরনগরের ঘটনায় আরও ৬ জন গ্রেপ্তার।
- ঢাকায় ২০টি প্রতিষ্ঠানের বিরুদ্ধে জঙ্গি তৎপরতার অভিযোগ। গোয়েন্দা রিপোর্ট।
- জাতীয় কৃষি দিবস পালন।

**১৬ নভেম্বর**

- বিশ্বব্যাপী অভিবাসী সমস্যা নিরসনে বৈশ্বিক উদ্যোগ নেওয়ার আহ্বান বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার। মারাকাসে অনুষ্ঠিত জাতিসংঘের জলবায়ু সংক্রান্ত কপ ২২ সম্মেলনে ভাষণদানকালে তিনি এই আহ্বান জানান।

- গাইবান্ধায় সাঁওতালরা অবশেষে ত্রাণসামগ্রী গ্রহণ করল।
- সাঁওতালদের ঘরবাড়ি নির্মাণ করে দেওয়া হবে। আন্তঃমন্ত্রণালয় বৈঠকে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল।
- মওলানা ভাসানীর ৪০তম মৃত্যুবার্ষিকী পালন।
- নরেন্দ্র মোদির নোট বাতিলের সিদ্ধান্তে ভারতের পার্লামেন্ট উত্তপ্ত।

**১৭ নভেম্বর**

- মারাকাসে জলবায়ু সম্মেলনে যোগদান শেষে দেশে ফিরলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- মুক্তিযোদ্ধাদের ব্যাপারে ভুল তথ্য দেওয়ায় খালেদা জিয়ার বিরুদ্ধে দায়ের করা মামলায় মহানগর হাকিমের গ্রেপ্তারি পরোয়ানা জারি।
- বঙ্গবন্ধু স্যাটেলাইট প্রকল্পের জন্য বাংলাদেশের 'আইটিইউ টেলিকম ওয়ার্ল্ড অ্যাওয়ার্ড ২০১৬' অর্জন। থাইল্যান্ডে আন্তর্জাতিক টেলিকমিউনিকেশন সংস্থার (আইটিইউ) সম্মেলনে ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী তারানা হালিম এই পুরস্কার গ্রহণ করেন।
- বিপিএল। চিটাগং ভাইকিংসকে পরাজিত করে ঢাকা ডায়নামাইটসের ১৯ রানে জয়। অপর খেলায় বরিশাল বুলসকে ১২ রানে পরাজিত করল রংপুর রাইডার্স।
- ঢাকায় লিটফেস্ট উৎসব শুরু।
- শিল্পকলা একাডেমিতে ৩ দিনের রাধারমন সংগীত উৎসব শুরু।
- প্রেসিডেন্ট হিসেবে শেষ সফরে জার্মানি গেলেন বারাক ওবামা।
- মার্কিন গোয়েন্দা সংস্থার কর্মকর্তা জেমস ক্লাপারসের পদত্যাগ।
- আলেপ্পোয় বিমান হামলায় নিহত ১০০।

**১৮ নভেম্বর**

- আসন্ন নারায়ণগঞ্জ সিটি নির্বাচনে নৌকা প্রতীক বরাদ্দ পেলেন সেলিনা হায়াৎ আইভী।
- গাইবান্ধার গোবিন্দগঞ্জে গভীর রাতে সাঁওতালদের নামে মামলা। ফের আতঙ্ক।
- ঐকমত্যের নির্বাচন কমিশন না হলে নির্বাচন নিরপেক্ষ হবে না। বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার বিবৃতি।
- খালেদা জিয়া জঙ্গিবাদের মদদদাতা। জাসদের প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু।



- বিপিএল। ১৯ রানে রাজশাহী কিংসের কাছে চিটাগং ভাইকিংসের পরাজয়।
- আলেপ্পোয় সরকারি বাহিনীর বোমাবর্ষণ। নিহত ৪৯।
- রাশিয়া সম্পর্কে ট্রাম্পকে সতর্ক করলেন ওবামা।
- নিউইয়র্কে জাপানের প্রধানমন্ত্রী শিনজো আবে ও মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বৈঠক। পরস্পরকে সহযোগিতার আশ্বাস।

**১৯ নভেম্বর**

- ভিডিও কনফারেন্সের মাধ্যমে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সুবর্ণজয়ন্তীর ডাকটিকিট অবমুক্ত করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- মেয়র আনিসুল হকের নেতৃত্বে প্রতিষ্ঠিত 'শিল্পীর জন্য ফাউন্ডেশন' নামের সংস্থা থেকে শিল্পী লাকী আখন্দ, আলাউদ্দিন আলী ও শাম্মী আখতারকে আর্থিক সাহায্য প্রদান।
- টেকনাফ থেকে ২৬ লাখ পিস ইয়াবা উদ্ধার।
- হাওর উন্নয়নে সরকারের মহাপরিকল্পনার কথা জানালেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। 'বৈচিত্র্যময় হাওর' গ্রন্থের প্রকাশনা উৎসবে তিনি এ কথা বলেন।
- বিপিএল। খুলনা টাইটানসকে হারিয়ে ৯ উইকেটে জয় পেল ঢাকা ডায়নামাইটস।
- বাণিজ্য চুক্তি বাতিলের সিদ্ধান্তে ট্রাম্পকে চীনের সতর্কতা।
- আজাদ কাশ্মীরে ভারতীয় বাহিনীর হামলা। নিহত ৪।
- নাজিব রাজাকের পদত্যাগের দাবিতে উত্তাল মালয়েশিয়া।
- আসামে উলফা হামলা। নিহত ৩।

**২০ নভেম্বর**

- 'সবার জন্য নিরাপদ পানি ও পয়ব্যবস্থা বাংলাদেশ প্রেক্ষিত কর্মশালার উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- নাইকো দুর্নীতি মামলা। হাইকোর্টের রায়ের বিরুদ্ধে খালেদা জিয়ার আপিল শুনানি শুরু।
- বেগম সুফিয়া কামালের ১৭তম মৃত্যুবার্ষিকী পালন।
- জাতীয় নির্বাচন কমিশন গঠনের দাবি হুসেইন মুহম্মদ এরশাদের। বিকল্পধারার শফিকুর রহমানের জাতীয় পার্টিতে যোগদান উপলক্ষ্যে আয়োজিত এক অনুষ্ঠানে তিনি এই দাবি জানান।

- বিপিএল। বরিশাল বুলসকে ২২ রানে হারিয়ে খুলনা টাইটানসের জয়লাভ।
- দেশে সোনার দাম কমল ভরিতে ৯৯২ টাকা।
- ভারতের উত্তর প্রদেশের ইন্দোরে ট্রেন দুর্ঘটনা। নিহত ১২০।

**২১ নভেম্বর**

- সশস্ত্র বাহিনী দিবস উপলক্ষ্যে সেনাকুঞ্জে অনুষ্ঠিত পার্টিতে যোগ দিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- সরকার-রাষ্ট্র-গণমাধ্যম পরস্পরের মধ্যে সম্পর্ক থাকতে হবে। বিশ্ব টেলিভিশন দিবস উপলক্ষ্যে আয়োজিত আলোচনা সভায় তথ্যমন্ত্রী।
- মিটফোর্ড এলাকা থেকে দুই ট্রাক ভেজাল ওষুধ উদ্ধার।
- মুন্সিগঞ্জে বিএনপির সমাবেশে পুলিশের লাঠিচার্জ।
- বিপিএল। কুমিল্লা ভিক্টোরিয়ানকে ৬ উইকেটে হারাল চিটাগং ভাইকিংস। অপর খেলায় ঢাকাকে হারিয়ে রাজশাহী কিংসের ৩ উইকেটে জয়।
- কাবুলে শিয়া মসজিদে বোমা হামলা, নিহত ২৭।
- ডোনাল্ড ট্রাম্পকে রাষ্ট্রীয় সফরে আমন্ত্রণ ব্রিটেনের।

**২২ নভেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে একনেকের বৈঠক। ১০ প্রকল্প অনুমোদন।
- গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে নারায়ণগঞ্জের মেয়র প্রার্থী সেলিনা হায়াৎ আইভী ও শামীম ওসমান এমপির সাক্ষাৎ। প্রধানমন্ত্রীর দিকনির্দেশনা।
- সেনাকুঞ্জের ফ্যালকন হলে খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা ও তাদের পরিবারকে সংবর্ধনা।
- আশুলিয়ার কন্টিনেন্টাল কারখানায় আগুন। হতাহত ৩০।
- নারায়ণগঞ্জের সিটি নির্বাচনে সেনা মোতায়েনের দাবি বিএনপির।
- বিপিএল। রংপুর রাইডার্স ৭ উইকেটে হারালো খুলনা টাইটানসকে।
- বাংলাদেশ ব্যাংকের অর্থ পাচার কেলেঙ্কারির সাথে জড়িত ফিলিপাইনের রিজাল ব্যাংকের ছয় কর্মকর্তার বিরুদ্ধে মামলা।
- কাশ্মীরের নিয়ন্ত্রণরেখায় ভারতীয় বাহিনীর গুলি, নিহত ৪।



**২৩ নভেম্বর**

- সিলেটের জালালাবাদে সেনাবাহিনীর ১৭ পদাতিক ডিভিশনের ১১তম পদাতিক ব্রিগেডের পতাকা উত্তোলন করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- ইসি প্রশ্নে আলোচনার জন্য রাষ্ট্রপতির সাক্ষাৎকার চেয়ে বিএনপির চিঠি।
- অনুমতি ছাড়াও অভিযুক্ত সরকারি লোকজনকে গ্রেপ্তার করতে পারবে দুদক। সরকারি কর্মচারী আইন ২০১৬ চূড়ান্ত।
- সিরিয়ায় বিমান হামলায় সিরিয়ার আল-কায়েদা নেতা আবু আফগান আল মাসুরি নিহত।
- নোট বাতিলের সিদ্ধান্তে ভারতের সংসদ ভবনে হট্টগোল।
- ২১ জন খেলোয়াড় ও তারকাকে পদক প্রদান করলেন মার্কিন প্রেসিডেন্ট বারাক ওবামা। প্রেসিডেন্ট হিসেবে এটা তাঁর শেষ পদক প্রদান অনুষ্ঠান।
- দক্ষিণ কোরিয়া ও জাপানের মধ্যে গোয়েন্দা চুক্তি স্বাক্ষর।

**২৪ নভেম্বর**

- গাজীপুরে ষষ্ঠ আর্মি অফিনেন্স কোরের পুনর্মিলনী অনুষ্ঠানে যোগ দিলেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিসভার বৈঠক। বাল্যবিবাহ নিরোধ আইন অনুমোদন।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে নারায়ণগঞ্জের আওয়ামী লীগের দলীয় নেতাকর্মীদের বৈঠক।
- নাইকো দুর্নীতি মামলায় খালেদা জিয়ার লিভ টু আপিল খারিজ।
- ঢাকায় শুরু হলো বেঙ্গল উচ্চাঙ্গ সংগীতের উৎসব।
- নোট বাতিল ইস্যু নিয়ে রাজ্যসভায় নরেন্দ্র মোদির সমালোচনা করলেন মনমোহন সিং।
- মোদির মন্ত্রিসভার জরুরি বৈঠক।
- বাগদাদে বোমা হামলা। নিহত ৮০।

**২৫ নভেম্বর**

- ঢাকায় অনুষ্ঠিত সাউথ এশিয়া ইভিশিয়ার কনফারেন্সে এনভায়রনমেন্ট অ্যান্ড ক্লাইমেট চেঞ্জ সেমিনারের উদ্বোধন করলেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ।

- জেলা পরিষদ নির্বাচনে আওয়ামী লীগের প্রার্থীদের নাম ঘোষণা।
- বিপিএল। রাজশাহী কিংসকে হারিয়ে ১২ রানে রংপুর রাইডার্সের বিজয়।
- দুই সপ্তাহ পর জ্ঞান ফিরল তামিলনাড়ুর মুখ্যমন্ত্রী জয়ললিতার।
- মিসরের সিনাইয়ে গাড়িবোমা হামলা। নিহত ১২।
- দিল্লিতে আতশবাজি নিষিদ্ধ। সুপ্রিম কোর্টের রায়।
- ব্রাজিলের প্রেসিডেন্ট মিশেল টেসারের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ।

**২৬ নভেম্বর**

- মারা গেলেন কিউবার অবিসংবাদিত নেতা ফিদেল ক্যাস্ত্রো।
- ফিদেল ক্যাস্ত্রোর মৃত্যুতে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার শোক।
- প্রশাসনে তিন স্তরে ৫৭১ জনকে পদোন্নতি।
- নির্বাচন কমিশন গঠনে এরশাদের ৫ দফা প্রস্তাব।
- রামপাল বিদ্যুৎ প্রকল্প প্রতিহত করতে হবে। জাতীয় কমিটির ঘোষণা।
- গোবিন্দগঞ্জে সাঁওতাল উচ্ছেদের ঘটনায় ৩৩ জনের নামে মামলা।
- স্থানীয় এমপি, ইউএনওসহ ৬০ জনের বিরুদ্ধে সাঁওতালদের এজাহার।
- বিপিএল। কুমিল্লা ভিক্টোরিয়ানসকে ৩২ রানে হারিয়ে জয়ী ঢাকা ডায়নামাইটস।
- পাকিস্তানের নতুন সেনাপ্রধান হিসেবে লে. জেনারেল কামার জাভেদ বাজওয়ার নিয়োগ লাভ।

**২৭ নভেম্বর**

- হাঙ্গেরিতে অনুষ্ঠিত ওয়াটার সামিটে যোগ দেওয়ার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঢাকা ত্যাগ।
- প্রধানমন্ত্রীকে বহনকারী বিমানে যান্ত্রিক ত্রুটি। তুর্কমেনিস্তানে জরুরি অবতরণ।
- শহীদ মিলন দিবস পালন।
- ড. ইউনূসের স্ত্রীর ব্যাংক হিসাব তলব বাংলাদেশ ব্যাংকের।
- গোবিন্দগঞ্জে সাঁওতালদের ১৪৪ বস্তা চাল বুঝিয়ে দিল স্থানীয় প্রশাসন।
- খাদিজা হাসপাতাল ছাড়লেন।



- বিপিএল। ৯ উইকেটে রংপুর রাইডার্সকে হারিয়ে চিটাগং ভাইকিংসের জয়। অপর খেলায় বরিশাল বুলসকে ৪ উইকেটে হারিয়ে ঢাকা ডায়নামাইটসের জয়।
- কিউবার নেতা ফিদেল ক্যাস্ত্রোকে শ্রদ্ধা জানাচ্ছে দেশবাসী।
- ভারতের কেন্দ্রীয় জেলে হামলা। কেএলএকে প্রধানসহ ৫ বন্দির পলায়ন।

**২৮ নভেম্বর**

- প্রধানমন্ত্রীকে বহনকারী উড়োজাহাজের যান্ত্রিক ত্রুটির ঘটনা অনুসন্ধানে তদন্ত কমিটি গঠন।
- মানিকগঞ্জের হবিগঞ্জ বাল্যবিবাহমুক্ত এলাকা হিসেবে ঘোষণা।
- বিপিএল। রংপুর রাইডার্সকে ৪৯ রানে হারাল রাজশাহী কিংস।
- এশিয়া কাপ ক্রিকেট। ৩৫ রানে থাইল্যান্ডকে হারিয়ে বাংলাদেশের জয়।

**২৯ নভেম্বর**

- বুদাপেস্টে অনুষ্ঠিত বিশ্ব পানি সম্মেলন ২০১৬ উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভাষণ। বৈশ্বিক উদ্যোগ নেওয়ার আহ্বান।
- সচিবালয়ে প্রশাসনে পদোন্নতিবঞ্চিতদের ক্ষোভ।
- খাদিজাকে সাভারের সিআরপিতে ভর্তি করা হলো। ৩ অক্টোবর সিলেটে তাঁর ওপর হামলা চালায় বদরুল নামের এক যুবক।
- হরিপ্রসাদ চৌরাসিয়ার বাঁশি ও পণ্ডিত শিব কুমার শর্মার পরিবেশনার মধ্য দিয়ে শেষ হলো বেঙ্গল উচ্চাঙ্গ সংগীত উৎসব।
- নোট বাতিলের প্রতিবাদে ভারতে ১০টি বিরোধী দলের আক্রোশ দিবস পালন।
- সিরিয়ার পূর্ব আলেপ্পোর ৬টি শহর সেনাবাহিনীর দখলে।

**৩০ নভেম্বর**

- হাঙ্গেরির প্রেসিডেন্ট হ্যানোম তাদের ও প্রধানমন্ত্রী ভিক্টোর ওরবানের সাথে প্রধানমন্ত্রী শেখ হাসিনার বৈঠক।
- হাঙ্গেরির বুদাপেস্টে অনুষ্ঠিত ওয়াটার ম্যানেজমেন্টের সেমিনারে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভাষণ।

- গুলশানে ২০ দলের নেতৃবৃন্দের সাথে বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার বৈঠক।
- বিদেশি চ্যানেলে বিজ্ঞাপন বন্ধে আইনি নোটিশ জারি।
- জম্মু কাশ্মীরের সেনাছাউনিতে হামলা। ৭ ভারতীয় সৈন্য নিহত।
- কিউবান নেতা ফিদেল ক্যাস্ত্রোকে শ্রদ্ধা জানাতে রেভুলেশন স্কয়ারে জনতার ভিড়।
- বিজেপির সব এমপির ব্যাংক হিসাব চাইলেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি।

## ডিসেম্বর

**১ ডিসেম্বর**

- গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে ভারতের প্রতিরক্ষামন্ত্রী মনোহর গোপালকৃষ্ণের সাক্ষাৎ। সন্ত্রাস জঙ্গিবাদ মোকাবিলায় ঐক্যবদ্ধ থাকার অঙ্গীকার ব্যক্ত।
- লুই কানের করা জাতীয় সংসদের মূল নকশা ফিরিয়ে আনা হলো।
- সিলেট ও চট্টগ্রামে হাইকোর্ট বেঞ্চ স্থাপনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগ্রহী। সিলেটে প্রধান বিচারপতি সুরেন্দ্রনাথ কুমার সিনহা।
- বিশেষ আদালতে জিয়া অরফানেজ ট্রাস্ট মামলায় নিজেকে নির্দোষ দাবি বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার।
- সামরিক জাদুঘরে বঙ্গবন্ধু ও স্বাধীনতাযুদ্ধের আলোকচিত্র প্রদর্শন শুরু।
- বিপিএল। রাজশাহী কিংসকে ১৭ রানে হারালো বরিশাল বুলস।
- উত্তরাঞ্চলের ১৬টি জেলায় পণ্য পরিবহন ধর্মঘট।
- নাফ নদীতে রোহিঙ্গাদের ওপর বিজিপির গুলিবর্ষণ।
- ভারতের কংগ্রেসের ওয়েবসাইট ও রাহুল গান্ধীর টুইটার অ্যাকাউন্ট হ্যাকড।
- ভাজিরালংকনকে থ্যাইল্যান্ডের নতুন রাজা ঘোষণা।
- মার্কিন প্রেসিডেন্ট ওবামার আমন্ত্রণে হোয়াইট হাউসে আসেননি নোবেল বিজয়ী বব ডিলান।



**২ ডিসেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে নিয়ে হাঙ্গেরি যাওয়ার পথে আফগানিস্তানে বিমানের জরুরি অবতরণ।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার জন্য দেশব্যাপী দোয়া মাহফিল অনুষ্ঠিত।
- দেশে আন্তর্জাতিক মানের ক্যান্সার হাসপাতাল প্রতিষ্ঠা করা হবে। আন্তর্জাতিক ক্যান্সার সম্মেলনে স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিমের ঘোষণা।
- দিনাজপুরের চিরিরবন্দরে বিরল প্রজাতির ৪টি শকুন উদ্ধার।
- বিপিএল। খুলনা টাইটানসকে ৫ উইকেটে হারাল কুমিল্লা।
- চীনের ইজহো শহরে বাস দুর্ঘটনায় ১৮ জনের মৃত্যু।
- ওহাইও সফরের মধ্য দিয়ে নবনির্বাচিত মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের ধন্যবাদ সফর শুরু।

**৩ ডিসেম্বর**

- ইসি গঠনে রাষ্ট্রপতি পদক্ষেপ নেবেন। হাঙ্গেরি ও মরক্কো সফর শেষে গণভবনে সাংবাদিক সম্মেলনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- প্রতিবন্ধীদের উন্নয়নে নতুন কর্মপরিকল্পনা হবে। জাতীয় প্রতিবন্ধী দিবসের অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ কথা বলেন।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার আহ্বানে ও আশ্বাসে মিডিয়া ইউনিটির আন্দোলন স্থগিত।
- গুলশানে দলীয় কার্যালয়ে সিনিয়র নেতাদের সাথে বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার বৈঠক।
- আখতার জাহান কামালের অনন্যা সাহিত্য পুরস্কার লাভ।
- ঢাকায় চলচ্চিত্র উৎসব শুরু।
- বিপিএল। ৬ উইকেটে রাজশাহী কিংসের কাছে চিটাগং ভাইকিংসের পরাজয়।
- চার দশকের রীতি ভেঙে তাইওয়ানের নেতা সাই ইংওয়াবের সাথে ডোনাল্ড ট্রাম্পের ফোনালাপ।
- সাইবার নিরাপত্তা বৃদ্ধি করল মার্কিন প্রেসিডেন্ট বারাক ওবামা।
- আইএএএফএর ঘোষণা। বর্ষসেরা পুরুষ অ্যাথলেট উসাইন বোল্ট এবং নারী অ্যাথলেট আয়ানা ইমুলিয়া।

**৪ ডিসেম্বর**

- জাতীয় সংসদের ত্রয়োদশ অধিবেশন শুরু। সংসদ নেতা, প্রধানমন্ত্রীর ভাষণ।
- প্রধানমন্ত্রী হাঙ্গেরি যাওয়ার বিমানটি ঝুঁকিপূর্ণ ছিল। তদন্ত কমিটির রিপোর্ট।
- বঙ্গবন্ধু বিমানবাহিনীকে ন্যাশনাল স্ট্যান্ডার্ড প্রদান করেছিলেন। বিমানবাহিনীর উদ্দেশে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- জাতীয় সংসদ নিয়ে লুই কানের মূল নকশা উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী।
- জেলা পরিষদ কেন বেআইনি নয় এ নিয়ে নির্বাচন কমিশনকে হাইকোর্টের রুল। ৪ নির্বাচন কমিশনারের নিঃশর্ত ক্ষমাপ্রার্থনা।
- শিডিউল বিপর্যয়ের কারণে শাহজালাল বিমানবন্দর আড়াই ঘণ্টা বন্ধ।
- ১৩টি ক্লাবে জুয়া খেলা যাবে না নির্দেশ দিয়ে হাইকোর্টের রুল।
- বিপিএল। ৬ উইকেটে ঢাকা ডায়নামাইটসকে হারিয়ে সেরা চার-এ খুলনা টাইটানস।
- কবি আসাদ চৌধুরীকে ঘাসফুলের সম্মাননা।
- এশিয়া কাপ নারী টি-২০-তে ১৭ রানে পাকিস্তানকে হারাল ভারত।
- ঢাকায় ওয়েস্ট ইন্ডিজ ক্রিকেট বোর্ড প্রধান ডেভ ক্যামেরুন।
- ভারতে ৫০০ ও ১০০০ টাকার নোট বাতিলের জের।
- অং সান সু চিকে রোহিঙ্গা গণহত্যা বন্ধের আহ্বান মালয়েশিয়ার প্রধানমন্ত্রী নাজিব রাজাকের। একটি জনসভায় ভাষণদানকালে তিনি এই আহ্বান জানান।
- সান্তিয়াগোর সান্তা হোকি গোনিয়া সমাধিতে চিরনিদ্রায় শায়িত হলো ফিদেল ক্যাস্ট্রো।

**৫ ডিসেম্বর**

- জমি অধিগ্রহণে ৩ গুণ দাম পাবে মালিক। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকের সিদ্ধান্ত।
- ঢাকা জেলার উন্নয়নে ২৭টি প্রকল্প হাতে নেওয়া হয়েছে। সংসদে পরিকল্পনামন্ত্রী।



- রোহিঙ্গা ইস্যুতে অধিকাংশ দেশ বাংলাদেশের পক্ষে। সংসদে পররাষ্ট্রমন্ত্রী।
- রিজার্ভ চুরির তদন্ত রিপোর্ট ফিলিপাইন দেবে। সংসদে আইনমন্ত্রী।
- জনপ্রশাসন সচিব হিসেবে সিনিয়র সচিব ড. মোজাম্মেল হোসেনকে নিয়োগ।
- আনোয়ার হোসেন মঞ্জু, তাসমিমা হোসেন, আনুশেহ হোসেন, নাজমুল হুদা ও সিগমা হুদার ব্যাংক হিসাব তলব বাংলাদেশ ব্যাংকের।
- নাটোরে নিখোঁজ ৩ যুবকের গুলিবিদ্ধ লাশ ঘোড়াঘাটে পুলিশের উদ্ধার।
- ভারতের তামিলনাড়ুর মুখ্যমন্ত্রী জয়ললিতার মৃত্যু। তিনদিনের রাষ্ট্রীয় শোক ঘোষণা।
- ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির মেয়ের বিয়েতে নাগপুরে ৫০টি বিমান ভাড়া করায় তীব্র সমালোচনা।
- টুইটারে চীনের সমালোচনা করলেন ডোনাল্ড ট্রাম্প।
- গণভোটে পরাজিত হলেন ইতালির প্রধানমন্ত্রী মাত্তিও রেমজি।
- কলকাতায় বিজয় উৎসব উদ্বোধন করলেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।
- টাইম ম্যাগাজিনের জরিপ। বর্ষসেরা আলোচিত ব্যক্তি ডোনাল্ড ট্রাম্প।

**৬ ডিসেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে একনেকের বৈঠক। রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্প অনুমোদন।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিশেষ সহকারী মাহবুবুল হক শাকিলের মৃত্যু। প্রধানমন্ত্রীর শোক।
- গণতন্ত্র মুক্তি দিবস উদযাপন।
- জ্ঞান ও সৃজনশীল প্রকাশনা সমিতির নতুন কমিটি। সভাপতি মাজহারুল ইসলাম, সাধারণ সম্পাদক কামরুল হাসান শায়ক।
- বিপিএল। ৫৪ রানে খুলনা টাইটানসকে হারিয়ে ফাইনালে ঢাকা ডায়নামাইটস।

- তামিলনাড়ুর প্রয়াত মুখ্যমন্ত্রী জয়ললিতার কফিনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির শ্রদ্ধা জ্ঞাপন।
- ভারতের রাষ্ট্রপতি প্রণব মুখার্জির সাথে ভারতে বাংলাদেশের ১০০ তরুণের সাক্ষাৎ।
- আফগানিস্তানে ১৮ তালেবানের আত্মসমর্পণ।

**৭ ডিসেম্বর**

- বসুন্ধরা কনভেনশন সেন্টারে বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- হাঙ্গেরি সফরকালে উড়োজাহাজের যে ত্রুটি ধরা পড়ে তা মনুষ্যসৃষ্ট। জাতীয় সংসদে প্রধানমন্ত্রী শেখ হাসিনার অভিযোগ।
- রোহিঙ্গাদের স্রোতের মতো আসতে দেওয়া যাবে না। জাতীয় সংসদে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- বাংলাদেশ-ভারত নৌসচিব পর্যায়ের চুক্তি। ভারত চট্টগ্রাম ও মোংলা পোর্ট ব্যবহার করতে পারবে।
- মুফতি হান্নানসহ তিন জঙ্গির ফাঁসি বহাল। সুপ্রিম কোর্টের রায়।
- চট্টগ্রাম থেকে অস্ত্রসহ জেএমবির ৫ কর্মী গ্রেপ্তার।
- বিপিএল। খুলনা টাইটানসকে ৭ উইকেটে হারাল রাজশাহী কিংস।
- পাকিস্তানের ইসলামাবাদের কাছে পিআইএর বিমান দুর্ঘটনা। নিহত ৪৮।
- ইন্দোনেশিয়ায় আচেহ প্রদেশে শক্তিশালী ভূমিকম্প। নিহত ৯৭।
- তামিলনাড়ুর মুখ্যমন্ত্রী প্রয়াত জয়ললিতার শোকে ৭৭ জনের মৃত্যু। মাথা ন্যাড়া করলেন অনেক ভক্ত।

**৮ ডিসেম্বর**

- জাতীয় সংসদে প্রধানমন্ত্রীর সমাপনী ভাষণ।
- রাষ্ট্রপতি যেভাবে চাইবেন সেভাবেই ইসি গঠন হবে। জাতীয় সংসদে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে ডেনমার্কের রাষ্ট্রদূত মিখাইল হেমনিদের সাক্ষাৎ।
- জাতীয় সংসদে বাল্যবিবাহ নিরোধ বিল উপস্থাপন।



- বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ চুরির তদন্ত প্রতিবেদন প্রকাশ। ব্যাংকের পাঁচ কর্মকর্তার অসতর্কতা দায়ী।
- আইন মন্ত্রণালয়ের দুই সচিবকে আপিল বিভাগে তলব।
- সোনালী ও অগ্রণী ব্যাংকের ঋণ জালিয়াতি অনুসন্ধানে তদন্ত কমিটি গঠন।
- লুই কানের তৈরি জাতীয় সংসদের মূল নকশা বিন্যস্তের কাজ শুরু।
- ঢাকার অভিজাত ১৩টি ক্লাবে জুয়া খেলার ওপর হাইকোর্টের নিষেধাজ্ঞা বহাল।
- হাতিরঝিলে আলোর উৎসব। উপচে পড়া ভিড়।
- কেরানীগঞ্জে বন্দুকযুদ্ধে ২ জন নিহত।
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা সমিতির নির্বাচনে সভাপতি ও সাধারণ সম্পাদকসহ বেশির ভাগ পদে আওয়ামী লীগের বিজয়।

**৯ ডিসেম্বর**

- বেগম নূরজাহান ও অ্যারোমা দত্তকে রোকেয়া পদক প্রদান করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- বেগম রোকেয়ার জন্ম ও মৃত্যুবার্ষিকী পালন।
- আন্তর্জাতিক মানবাধিকার দিবস পালন।
- লন্ডনে ভারতেশ্বরী হোমসের সাবেক অধ্যক্ষ জয়াপতির মৃত্যু।
- বিপিএলের ফাইনালে রাজশাহী কিংসকে ৫৬ রানে পরাজিত করল ঢাকা ডায়নামাইটস।
- বীর প্রতীক তারামন বিবি অসুস্থ।
- নারায়ণগঞ্জের মেয়র নির্বাচনে সেলিনা হায়াৎ আইভীকে সহযোগিতা করার আশ্বাস দিলেন স্থানীয় সংসদ সদস্য শামীম ওসমান।

**১০ ডিসেম্বর**

- অভিবাসীদের মর্যাদা, নিরাপত্তা নিশ্চিত করার ব্যাপারে অঙ্গীকার ব্যক্ত করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ঢাকায় অনুষ্ঠিত নবম 'গ্লোবাল ফোরাম অব মাইগ্রেশন অ্যা ডেভেলপমেন্ট' শীর্ষক সম্মেলনে প্রধান অতিথির ভাষণে তিনি এই আশ্বাস দেন।
- গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে ভারতের পররাষ্ট্রমন্ত্রী এ জে আকবরের সাক্ষাৎ।

- রাষ্ট্রপতির হাতে নিম্ন আদালতের বিচারকদের নিয়ন্ত্রণ সংক্রান্ত অনুচ্ছেদ সংবিধান থেকে বাদ দেওয়ার জন্য প্রধান বিচারপতি এস কে সিনহার সুপারিশ।
- বঙ্গোপসাগরে বাংলাদেশ নৌবাহিনীর চোখ ধাঁধানো মহড়া।
- নাইজেরিয়ায় আদাসান শহরে বোমা হামলা। নিহত ৪৫।
- নোবেল পুরস্কার প্রদান অনুষ্ঠানে অনুপস্থিত বব ডিলান।
- মার্কিন নির্বাচনে ট্রাম্পকে জেতাতে হস্তক্ষেপ করেছে রাশিয়া। সিআইএর গোপন প্রতিবেদন।
- ভারতের তামিলনাড়ুতে সদ্য প্রয়াত মুখ্যমন্ত্রী জয়ললিতার শোকে ২৮০ জনের মৃত্যু।
- আবর্জনা সরাতে মহাকাশে জাপানের পরীক্ষামূলক যান প্রেরণ।

**১১ ডিসেম্বর**

- বিচার বিভাগীয় কর্মকর্তাদের জন্য পৃথক আচরণ বিধিমালা, শৃঙ্খলা বিধিমালা ও বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস (সার্ভিস গঠন, সার্ভিস পদে নিয়োগ ও বরখাস্তকরণ, সাময়িক বরখাস্তকরণ ও অপসারণ) বিধিমালা ২০০৭ সংশোধনকল্পে সুপ্রিম কোর্টের প্রস্তাবিত খসড়া গেজেটে প্রকাশ করার প্রয়োজনীয়তা নেই মর্মে রাষ্ট্রপতি সিদ্ধান্ত দিয়েছেন। রাষ্ট্রপতির আদেশক্রমে আইন মন্ত্রণালয়ের চিঠিতে এই তথ্য জানানো হয়।
- শ্রমিকদের অধিকার নিশ্চিত করার আশ্বাস দিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। রাজধানীতে অনুষ্ঠিত 'ঢাকা সামিট অন স্কিলস এমপ্লয়াবিলিটি অ্যান্ড ডিসেন্ট ওয়ার্ক' শীর্ষক সম্মেলনে তিনি এ আশ্বাস দেন।
- রাজধানীতে সম্মিলিত সাংস্কৃতিক জোটের বিজয় উৎসব শুরু।
- ঢাকার ১৩ ক্লাবে হাউজি খেলার ওপর নিষেধাজ্ঞার আদেশ স্থগিত।
- ইয়েমেনে আইএস হামলা। নিহত ৪৮ সেনা।
- তুরস্কের ইস্তাম্বুলে বোমা হামলা। নিহত ৩৮।
- নাইজেরিয়ায় ভরো শহরে ছাদ ধসে ১৬০ জনের মৃত্যু।
- সোমালিয়ায় মোগাদিসুতে বোমা হামলা। নিহত ২৯।
- বেনিয়ার জ্বালানি ট্যাংক বিস্ফোরণ। নিহত ৩৯।



**১২ ডিসেম্বর**

- ইসি নির্বাচনে রাষ্ট্রপতির সংলাপের উদ্যোগ। প্রথমে বিএনপিসহ ৫ দলের সাথে বৈঠকের সিদ্ধান্ত।
- ৩ বাহিনীর প্রধানদের মেয়াদ ৪ বছর করা হলো। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিসভার বৈঠকে সিদ্ধান্ত।
- হাঙ্গেরি সফরকালে প্রধানমন্ত্রীকে বহনকারী বিমানে যান্ত্রিক ত্রুটি পাওয়ায় ৩ প্রকৌশলীকে বরখাস্ত।
- মন্ত্রী সভার বৈঠকে ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী তারানা হালিম আইটিইউ টেলিকম পুরস্কার প্রধানমন্ত্রীর কাছে হস্তান্তর করেন।
- বিল ইংলিশ নিউজিল্যান্ডের নতুন প্রধানমন্ত্রী নির্বাচিত।
- ফক্স নিউজের সাথে আলাপচারিতায় এক চীন নীতি বদলানোর সিদ্ধান্তের কথা জানালেন ট্রাম্প।
- পাকিস্তানের সামরিক গোয়েন্দা প্রধান লে. জেনারেল রেজোয়ান আখতার অপসারণ।
- তামিলনাড়ুর সদ্য প্রয়াত মুখ্যমন্ত্রী জয়ললিতার শোকে ৪৭০ ভক্তের মৃত্যু।
- পূর্ব আলেপ্পোর সেই সাইদ শহর আসাদ বাহিনীর নিয়ন্ত্রণে।
- মার্কিন নির্বাচনে রাশিয়ার হস্তক্ষেপ তদন্তের দাবি।

**১৩ ডিসেম্বর**

- ঈদে মিলাদুন্নবী পালিত।
- বঙ্গভবনে ঈদে মিলাদুন্নবী উপলক্ষ্যে আয়োজিত দোয়া মাহফিলে রাষ্ট্রপতি আবদুল হামিদের অংশগ্রহণ।
- ইন্টার্ন ডাক্তারের ওপর হামলার প্রতিবাদে রংপুর মেডিকেল কলেজে ডাক্তারদের কর্মবিরতি অব্যাহত।
- সিরিয়ার পূর্ব আলেপ্পোয় সংঘর্ষ। ৭ জনের মৃত্যু।
- প্রবীণ বিজেপি নেতা লালকৃষ্ণ আদভানিকে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির রাষ্ট্রপতি হওয়ার প্রস্তাব।
- মালয়েশিয়ায় বিরোধী দলের নেতা আনোয়ার ইব্রাহিমের ৫ বছরের সাজা বহাল আপিল বিভাগের।

- সোভিয়েত ইউনিয়ন ভাঙা ছিল বিশ্বাসঘাতকতার শামিল। বিবিসিকে দেওয়া সাক্ষাৎকারে অবিভক্ত সোভিয়েত ইউনিয়নের শেষ নেতা মিখাইল গর্বাচেভ।

**১৪ ডিসেম্বর**

- শহীদ বুদ্ধিজীবী দিবস পালন। মিরপুরে বুদ্ধিজীবী স্মৃতিসৌধে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার শ্রদ্ধা নিবেদন।
- আগুনে মানুষ পোড়ানোর মদদদাতাদেরও বিচার হবে। শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষ্যে আওয়ামী লীগ আয়োজিত সভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- বাংলাদেশ প্রেস ইনস্টিটিউটে শহীদ সাংবাদিক স্মৃতিফলক উদ্বোধন করলেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু এমপি।
- গাইবান্ধায় সাঁওতাল পল্লিতে আগুন দেওয়ার ঘটনায় আইনশৃঙ্খলা বাহিনীর সংশ্লিষ্টতা তদন্তের নির্দেশ হাইকোর্টের।
- ঢাকায় অজ্ঞান পার্টি ও জালচক্রের ২১ সদস্য গ্রেপ্তার।
- চট্টগ্রামের একটি মেস থেকে ২৭ শিবির কর্মী গ্রেপ্তার।

**১৫ ডিসেম্বর**

- জনগণের সেবক হওয়ার জন্য আমলাদের প্রতি প্রধানমন্ত্রী শেখ হাসিনার আহ্বান। আইন ও প্রশাসন ট্রেনিং কোর্সের সমাপনী দিনে প্রধান অতিথির ভাষণে তিনি এ আহ্বান জানান।
- ইসি গঠন বিষয়ে আলোচনার সময় চেয়ে রাষ্ট্রপতির কাছে বিকল্পধারার চিঠি।
- তামিমসহ তিন জঙ্গিকে বেওয়ারিশ হিসেবে জুরাইন গোরস্থানে দাফন।
- নতুন নিয়োগপ্রাপ্ত ৯ হাজার নার্সের কাজে যোগদান।
- যশোরে সন্ত্রাসীদের হামলায় চীনা নাগরিক চ্যাংহিং সং নিহত।
- কলকাতায় মুক্তিযুদ্ধ বিষয়ক প্রদর্শনী শুরু। উদ্বোধন করলেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি।



**১৬ ডিসেম্বর**

- বিজয় দিবস পালন। দিনের প্রথম প্রহরে সাভারে স্মৃতিসৌধে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার শ্রদ্ধাঞ্জলি।
- বিজয় দিবস উপলক্ষ্যে প্যারেড কুচকাওয়াজ। রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সালাম গ্রহণ। সেই সাথে সালাম গ্রহণ করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- বিজয় দিবস উপলক্ষ্যে ঢাকা মহানগর আওয়ামী লীগের বিজয় শোভাযাত্রা।
- মার্কিন নির্বাচনে হ্যাকিংয়ের সাথে রাশিয়ার প্রেসিডেন্ট পুতিন জড়িত। রাশিয়ায় ন্যাশনাল পাবলিক বোর্ডের রিপোর্ট।
- রাশিয়াকে হ্যাকিংয়ের সাথে যুক্ত থাকায় সমুচিত জবাব দেওয়ার কথা বললেন মার্কিন প্রেসিডেন্ট বারাক ওবামা।
- দক্ষিণ চীন সাগরে চীনা যুদ্ধজাহাজের মহড়া।
- অস্ট্রেলিয়ায় রাজতন্ত্রের বিরুদ্ধে অধিকাংশ পার্লামেন্ট সদস্য।

**১৭ ডিসেম্বর**

- পরাজিতদের কেউ ভোট দেবে না। বিজয় দিবস উপলক্ষ্যে কৃষিবিদ ইনস্টিটিউটে আওয়ামী লীগের আলোচনা সভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- রংপুরে জনসভায় জাতীয় পার্টির চেয়ারম্যান হুসেইন মুহম্মদ এরশাদের আগামী নির্বাচনে জাতীয় পার্টি থেকে ৩০০ আসনে নির্বাচনের ঘোষণা।
- ব্রিটিশ বাণিজ্য দূত রুশনারা আলীর ঢাকায় আগমন।
- ম্যানহাটনের এক অনুষ্ঠানে নির্বাচনে পরাজয়ের জন্য রাশিয়াকে দোষারোপ হিলারি ক্লিনটনের।
- সংবাদ প্রকাশে বাধা ও আইনবহির্ভূত বাজেট প্রণয়নের জন্য পোল্যান্ডের পার্লামেন্ট ঘেরাও সরকারবিরোধীদের।
- কাশ্মীরে সেনাবহরে হামলা। ৩ ভারতীয় সৈন্য নিহত।

**১৮ ডিসেম্বর**

- ইসি নির্বাচন নিয়ে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সাথে খালেদা জিয়া ও বিএনপির অন্যান্য নেতার বৈঠক।
- রাষ্ট্রপতির সাথে বৈঠকের ব্যাপারে আশাবাদী বিএনপি নেতৃবৃন্দ। সংবাদ সম্মেলনে দলের মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।
- প্রধানমন্ত্রীর হাঙ্গেরি সফরকালে বিমানে নাশকতার প্রমাণ মিলেছে। তদন্ত কমিটির প্রতিবেদন।
- সৈয়দ শাহেদ রেজা ঢাকা ক্লাবের প্রেসিডেন্ট নির্বাচিত।
- নাগরিক ঐক্যের আহ্বায়ক মাহমুদুর রহমান মান্নার জামিনে মুক্তি।
- কালীগঞ্জে সড়ক দুর্ঘটনা। নিহত ৪।
- ইয়েমেনে বোমা হামলা। নিহত ৪৯ সেনা।

**১৯ ডিসেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিসভার বৈঠক। ওষুধের দাম বেশি রাখলে জরিমানার নির্দেশ।
- বিজিবি বিশ্বের শ্রেষ্ঠ সীমান্তরক্ষী হবে। বিজিবি দিবস উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ চুরি মামলা। সাবেক গভর্নর ড. আতিউর রহমানের ব্যাংক হিসাব জব্দ করল সিআইডি।
- প্রবীণ সাংবাদিক ও দৈনিক সমকারের সম্পাদক গোলাম সারওয়ারকে আজীবন সম্মাননা জানাল কালচারাল সাংবাদিক ফোরাম।
- তুরস্কে রুশ রাষ্ট্রদূতকে গুলি করে হত্যা।
- সরকারি তহবিল অপব্যবহারের মামলায় দোষী সাব্যস্ত হলেন আইএমএফ প্রধান ক্রিস্টিনা লাগার্তে।
- পুয়েতোবিকার স্টেফানে দেস বিশ্বসুন্দরী নির্বাচিত।
- হাঙ্গেরি সফরকালে প্রধানমন্ত্রীর বিমানের ত্রুটি নাশকতামূলক। প্রাথমিক তদন্ত রিপোর্ট। অভিযুক্ত ৯ বিমানকর্মীকে সাসপেন্ড।
- হুজ হুর আজীবন সম্মাননা পেলেন আবদুল গাফ্‌ফার চৌধুরী।



**২০ ডিসেম্বর**

- সকল দলকে নির্বাচনের আগে সংলাপে বসতে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের আহ্বান। বঙ্গভবনে জাতীয় প্রতিনিধিদের সাথে আলোচনাকালে তিনি এই আহ্বান জানান।
- শ্রমিক অসন্তোষের কারণে আশুলিয়ার ৫৫টি গার্মেন্টস বন্ধের সিদ্ধান্ত বিজিএমইএর।
- দেশের ১০ হাজার নার্স নিয়োগপত্র পেলেন।
- বার্লিনের ক্রিসমাস মার্কেটে লরি হামলা। নিহত ১২।
- সুইজারল্যান্ডে মসজিদে হামলা। নিহত ৩।
- পুত্রসন্তানের মা হলেন বলিউড তারকা কারিনা কাপুর।
- তুরস্কে রুশ রাষ্ট্রদূতের হত্যাকারীর পরিচয় প্রকাশ।

**২১ ডিসেম্বর**

- গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে ব্রিটিশ বাণিজ্য দূত রুশনারা আলীর সাক্ষাৎ।
- বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সাথে এলডিপি ও কৃষক শ্রমিক লীগের সাক্ষাৎ।
- আশুলিয়ায় গার্মেন্টসে নিরাপত্তার জন্য বিজিবি মোতায়েন।
- বাংলাদেশ বিমান পরিচালনার নতুন পরিষদ গঠন।
- সিলেটের শাহজালাল বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের দুই পক্ষের সংঘর্ষ। ভিসি অবরুদ্ধ।
- জঙ্গি মোকাবিলায় বিদেশি ভার্সিটির স্টাডি সেন্টারগুলোয় বিশেষ নজরদারি।

**২২ ডিসেম্বর**

- বড়দিন উপলক্ষ্যে কৃষিবিদ ইনস্টিটিউটে কেক কাটলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ সময় খ্রিস্টান সম্প্রদায়ের উদ্দেশে তিনি বলেন, ধর্মকে রাজনৈতিক হাতিয়ার হিসেবে ব্যবহার করা যাবে না।
- প্রধানমন্ত্রীর হাঙ্গেরি সফরকালে বিমানে নাট-বল্টু ঢিলা ছিল। তদন্ত কমিটির রিপোর্ট। বিমানের ৭ কর্মকর্তা রিমান্ডে।

- চট্টগ্রামে মাসকাটগামী ৭৩৭-৮০০ বিমানের চাকায় ফাটল। অল্পের জন্য যাত্রীরা রক্ষা পেল।
- আইসিসির বর্ষসেরা উদীয়মান ক্রিকেটার নির্বাচিত হলেন বাংলাদেশের মোস্তাফিজুর রহমান।
- ঢাকায় দুই দিনব্যাপী রবীন্দ্রসংগীত সম্মেলন শুরু।
- বিএমএ নির্বাচনে মোস্তফা-দুলাল প্যানেলের বিজয়। মোস্তফা জালাল মহিউদ্দিন সভাপতি নির্বাচিত।
- ভারতে মোদি সরকারের ৫০০ ও ১০০০ টাকার নোট বাতিলের সিদ্ধান্তে উত্তাল সংসদ।
- মার্কিন নির্বাচনে ডোনাল্ড ট্রাম্পের চেয়ে ২৮ লাখ ৬৪ হাজার ভোট বেশি পেয়েছেন হিলারি। চূড়ান্ত ফলাফল ঘোষণা।
- যুক্তরাষ্ট্র পরমাণু অস্ত্রের শক্তি বাড়াবে। রাশিয়ায় প্রেসিডেন্ট পুতিনের মন্তব্য।

**২৩ ডিসেম্বর**

- গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে সাক্ষাৎ করলেন নারায়ণগঞ্জের নবনির্বাচিত মেয়র সেলিনা হায়াৎ আইভী।
- নারায়ণগঞ্জের মেয়র নির্বাচনে প্রতিদ্বন্দ্বী বিএনপি প্রার্থী অ্যাডভোকেট সাখাওয়াত হোসেনের বাড়িতে নারায়ণগঞ্জের নবনির্বাচিত মেয়র আইভী।
- নাগরিক ঐক্যের আহ্বায়ক মাহমুদুর রহমান মান্নাকে হাসপাতালে দেখতে যান আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের।
- চট্টগ্রামের কলেজিয়েট স্কুলের ১৮০ বছর পূর্তি উৎসব।
- মিরপুরের জাতীয় উদ্যানে পাখি মেলা শুরু।
- ৫০০ ও ১০০০ হাজার টাকার নোট বাতিলের অভিযোগে নরেন্দ্র মোদিকে ক্ষমতাচ্যুত করার ডাক দিলেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায়।
- লিবিয়ায় ছিনতাই হওয়া বিমানটির ১১৮ জন যাত্রী নিয়ে মাল্টায় অবতরণ।



**২৪ ডিসেম্বর**

- আশকোনার সূর্যভিলায় জঙ্গিবিরোধী ১৬ ঘণ্টার শ্বাসরুদ্ধকর অভিযান। নিহত ২ জঙ্গি।
- দুর্নীতির দায়ে রূপালী ব্যাংকের ৫ সিবিএ নেতা বহিষ্কৃত।
- দৈনিক ইত্তেফাকের ৬৪ বছরে পদার্পণ।
- হাতিরঝিলে ওয়াটার ট্যাক্সি চালু।
- তপন চৌধুরী টেক্সটাইল মিল অ্যাসোসিয়েশনের সভাপতি নির্বাচিত।
- শাহজালাল বিমানবন্দর থেকে পৌনে সাত কেজি স্বর্ণ উদ্ধার।
- কবি শঙ্খ ঘোষ জ্ঞানপীঠ সম্মাননায় ভূষিত।
- ভারতের সাথে ওবামা সরকারের ৬১৮ মিলিয়ন ডলারের প্রতিরক্ষা চুক্তি স্বাক্ষর।
- ফিলিস্তিনি ভূখণ্ডে ইসরায়েলি বসতি বন্ধে জাতিসংঘের নিরাপত্তা পরিষদে প্রস্তাব পাশ।
- ফোর্বস ইন্ডিয়ার জরিপ। ১০০ সেলিব্রেটির শীর্ষে সালমান খান।
- ভারতের উত্তর প্রদেশের ৪ সাংবাদিককে পুড়িয়ে মারার চেষ্টা।

**২৫ ডিসেম্বর**

- বড়দিন উপলক্ষ্যে খ্রিস্টান সম্প্রদায়ের প্রতি রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার শুভেচ্ছা।
- বড়দিন উপলক্ষ্যে গণভবনে খ্রিস্টান সম্প্রদায়ের নেতাদের সাথে প্রধানমন্ত্রীর শুভেচ্ছা বিনিময়।
- আদালতের পুরো সময় বিচারকাজে ব্যয় করতে হবে। বিচারপতিদের সম্মেলনে প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা।
- সন্ত্রাস ও জঙ্গি মোকাবিলায় সবাইকে এগিয়ে আসতে হবে। ভেড়ামারার গোলাপ নগরে এক জনসভায় তথ্যমন্ত্রী হাসানুল হক ইনুর আহ্বান।
- গ্রামীণ ব্যাংকের বাড়ি ছেড়ে ভাড়াবাড়িতে উঠলেন নোবেলজয়ী ড. মুহাম্মদ ইউনূস।
- যুক্তরাষ্ট্রে বিতর্কিত দরিদ্র প্রতিষ্ঠান বন্ধের সিদ্ধান্ত ডোনাল্ড ট্রাম্পের।

- জনগণকে বড়দিনের শুভেচ্ছা জানালেন মার্কিন প্রেসিডেন্ট বারাক ওবামা।
- কৃষ্ণসাগরে রুশ সামরিক বিমান বিধ্বস্ত। নিহত ৯২।
- ইসরায়েলি বসতি নিয়ে মার্কিন প্রেসিডেন্ট বারাক ওবামার সমালোচনা করলেন ইসরায়েলের প্রধানমন্ত্রী নেতানিয়াহু।

**২৬ ডিসেম্বর**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সাথে ইসি পুনর্গঠন নিয়ে জাসদের বৈঠক।
- গণতান্ত্রিক দেশের মতোই আগামী নির্বাচন হবে। মন্ত্রিসভার অনির্ধারিত আলোচনায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- প্রধানমন্ত্রীর নির্দেশে খুলে দেওয়া হলো আশুলিয়ায় ৫৯ কারখানা।
- আশকোনায় সূর্য মহলের জঙ্গি আস্তানায় আত্মসমর্পণকারী দুই নারী জঙ্গির ৭ দিনের রিমান্ড মঞ্জুর।
- ১৫০ জন মুক্তিযোদ্ধাকে সম্মাননা জানাল চট্টগ্রাম সিটি করপোরেশন।
- প্রথম ম্যাচে নিউজিল্যান্ড বাংলাদেশকে হারাল ৭৭ রানে।
- বিএনপি থেকে শিল্পপতি এম এ হাসেমের পদত্যাগ।
- কুয়াশার কারণে দৌলতদিয়া-পাটুরিয়া ঘাটে ৮ ঘণ্টা ফেরি চলাচল বন্ধ।
- প্রিমিয়ার ফুটবল লিগে আবাহনীর পঞ্চমবারের মতো শিরোপা জয়।
- ছায়ানটের কথক উৎসবে ভারতের বিরজু মহারাজের পরিবেশনায় মুগ্ধ দর্শক।
- ইসরায়েলে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূতকে তলব করলেন প্রধানমন্ত্রী নেতানিয়াহু।
- ভারতে ক্ষেপণাস্ত্র অগ্নি ৫-এর সফল উৎক্ষেপণ।
- ভারতের রাজ্যসভা থেকে অভিনেতা মিঠুন চক্রবর্তীর পদত্যাগ।
- ব্রিটিশ গায়ক জর্জ মাইকেলের মৃত্যু।

**২৭ ডিসেম্বর**

- গণভবনে কাতারের আমিরের উপদেষ্টা আবদুল আজিজ আল কাওয়ারির সাথে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাক্ষাৎ।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার মুখ্য সচিব পদে ড. কামাল আবদুল নাসের চৌধুরীকে এক বছরের জন্য নিয়োগ।



- দেশসেরা এয়ারলাইনস হিসেবে ইউএস-বাংলার স্বাধীনতা সংসদ পুরস্কার লাভ।
- প্রকাশকদের ধর্মঘট। ২৮ হাজার বইয়ের দোকান বন্ধ।
- জাতিসংঘ কিছু মানুষের বিনোদন ক্লাব। টুইট বার্তায় ডোনাল্ড ট্রাম্প।
- এক সংবাদ সম্মেলনে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির পদত্যাগ দাবি করলেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।
- গাইবান্ধার সাঁওতাল পল্লিতে হামলার ঘটনা তদন্তে বিচারিক হাকিম ও পিবিআইয়ের তদন্ত শুরু।
- জাতিসংঘের ১২ দেশের সঙ্গে কার্যক্রম সীমিত করার সিদ্ধান্তের কথা জানালেন ইসরাইলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু।
- ব্রাহ্মণবাড়িয়ার নাসিরনগরের তাণ্ডবের ঘটনায় আওয়ামী লীগ নেতা শেখ আবদুল আহাদ গ্রেপ্তার।

**২৮ ডিসেম্বর**

- গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে বাংলাদেশে নিযুক্ত নরওয়ের রাষ্ট্রদূত সিডসেন ব্রেকেনের সাক্ষাৎ।
- ৩৮টি জেলা পরিষদ নির্বাচনের বেশির ভাগ আসনে আওয়ামী লীগের বিদ্রোহী প্রার্থীদের বিজয়।
- ছাত্রলীগের দুই গ্রুপের সংঘর্ষ। কুমিল্লা মেডিকেল কলেজ বন্ধ।
- শিল্পচার্য জয়নুল আবেদিনের ১০২তম জন্মদিন পালন।
- ২০১৭ সালের ১ জানুয়ারি থেকে ভারতের টুরিস্ট ভিসার জন্য ই-টোকেন লাগবে না। ভারতের হাইকমিশনারের প্রেস বিজ্ঞপ্তি।
- ওবামার জন্য শপথ অনুষ্ঠান সুন্দর হবে না। টুইট বার্তায় ট্রাম্প।
- মার্কিন অভিনেত্রী ক্যারি ফিশারের মৃত্যু।
- ভারতে নোট বাতিলের সিদ্ধান্তে মাত্র ১ ভাগ মানুষ লাভবান হয়েছে। দিল্লিতে কংগ্রেসের ১৩২তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে দেওয়া ভাষণে রাহুল গান্ধী।
- যুক্তরাষ্ট্রের পার্ল হারবার দ্বীপ সফর করলেন জাপানের প্রধানমন্ত্রী শিনজো আবে।

**২৯ ডিসেম্বর**

- জেএসসি, জেডিসি এবং ইবতেদায়ি পরীক্ষার ফল প্রধানমন্ত্রীর কাছে হস্তান্তর করলেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। পাসের হারে প্রধানমন্ত্রীর সন্তোষ প্রকাশ।
- চট্টগ্রাম কাস্টমসের গোপন নথি জব্দ। শুল্ক গোয়েন্দা বিভাগের দাবি।
- বাংলাদেশ-নিউজিল্যান্ডের ক্রিকেট ম্যাচ। বাংলাদেশ ৬৭ রানে পরাজিত।
- সার্ক নারী ফুটবলে আফগানিস্তানকে ৬-০ গোলে পরাজিত করে সেমিফাইনালে বাংলাদেশ।
- ইরাকের মসুল থেকে আইএস জঙ্গি উৎখাতে ফের ইরাকি বাহিনীর হামলা।
- পানামা পেপারস নিয়ে বিরোধী জোটে যোগ দেওয়ার কথা জানালেন পাকিস্তানের তেহরিক-ই-ইনসাফ পার্টির প্রধান ইমরান খান।
- সিরিয়ায় যুদ্ধবিরতির ঘোষণা দিলেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন।

**৩০ ডিসেম্বর**

- প্রধানমন্ত্রীকে বহনকারী বিমানে নাশকতার অভিযোগে ৮ অভিযুক্তের ফের রিমান্ড।
- ঘন কুয়াশায় শিমুলিয়া-কাওড়াকান্দি রুটে ফেরি চলাচল বন্ধ।
- শীতলক্ষ্যায় নৌকাডুবি। ৩ জনের মৃত্যু।
- বাংলাদেশ চলচ্চিত্র পরিচালক সমিতির নির্বাচন। মুস্তাফিজুর রহমান গুলজার সভাপতি ও বদিউল আলম খোকন সাধারণ সম্পাদক নির্বাচিত।
- কণ্ঠশীলনের নরেন বিশ্বাস পদক পেলেন ফেরদৌসী মজুমদার।
- রেলের নিয়োগ পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ।
- যুক্তরাষ্ট্র থেকে ৩৫ রুশ কূটনীতিক বহিষ্কার।
- বেআইনি অর্থলগ্নি প্রতিষ্ঠানের সাথে জড়িত থাকার অভিযোগে পশ্চিমবঙ্গের চলচ্চিত্রাভিনেতা তাপস পাল গ্রেপ্তার।

**৩১ ডিসেম্বর**

- ২০১৭ সালের শিক্ষাবর্ষের বই বিতরণ কার্যক্রম উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। উদ্বোধনকালে তিনি শিক্ষার মান বৃদ্ধির নির্দেশ দেন।



- গণভবনে ডিডিও কনফারেন্সের মাধ্যমে বাংলাদেশ টেলিভিশনের চট্টগ্রাম কেন্দ্রের (বিটিভি) উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- ইংরেজি নতুন বছর ২০১৭ উপলক্ষ্যে দেশবাসীকে শুভেচ্ছা জানালেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ।
- ইংরেজি নতুন বছর ২০১৭ উপলক্ষ্যে দেশবাসীকে শুভেচ্ছা ও নতুনভাবে দেশ গড়ার আহ্বান জানান প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- দুর্বৃত্তদের হামলায় গাইবান্ধার সরকারদলীয় এমপি মনজুরুল ইসলাম লিটনের মৃত্যু। গাইবান্ধার বামনডাঙ্গা ইউনিয়নের শাহাবাজ এলাকায় এই হত্যাকাণ্ডের ঘটনা ঘটে। রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শোক প্রকাশ।
- মনজুরুল ইসলাম লিটন এমপির হত্যাকারীদের দৃষ্টান্তমূলক শাস্তি দেওয়ার কথা জানালেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- বাংলা একাডেমির ৩৯তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত। দেশের ৭ জন কৃতী সন্তান ফেলো নির্বাচিত। এরা হলেনঃ সাংবাদিক তোয়াব খান, শিল্পী রথীন্দ্রনাথ রায়, ব্যারিস্টার রফিক-উল হক, অধ্যাপক আলমগীর মোহাম্মদ সিরাজুদ্দীন, ড. এ. কে আজাদ চৌধুরী, বেগম মুশতারী শফী এবং শাইখ সিরাজ।
- শেষ হলো সখীপুরে চর্যাপদ প্রকাশের শতবর্ষ পূর্তির তিনদিনের অনুষ্ঠান।
- জাতীয় প্রেসক্লাবের নির্বাচনে শফিক-ফরিদা প্যানেলের নিরঙ্কুশ জয়। শফিকুর রহমান সভাপতি। ফরিদা ইয়াসমিন সাধারণ সম্পাদক নির্বাচিত।
- হেলথ রিপোর্টার্স ফোরামের নতুন কমিটি গঠিত। তৌফিক মারুফ সভাপতি এবং নিখিল মানকিন সাধারণ সম্পাদক পদে নির্বাচিত।
- খুলনায় আওয়ামী লীগ নেতা জেড এ মাহমুদকে লক্ষ্য করে গুলি। শিস্রাকুন্ডু নামে একজন নিহত।
- ৫০০ ও ১০০০ হাজার টাকা মূল্যমানের নোট বাতিলের সিদ্ধান্ত সফল। নতুন বছর উপলক্ষ্যে দেশবাসীর উদ্দেশে দেওয়া ভাষণে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি।
- রাশিয়া থেকে মার্কিন কূটনীতিকদের বহিষ্কার না করায় রাশিয়ার প্রেসিডেন্ট পুতিনের প্রশংসা করলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।
- নিউজিল্যান্ডের সাথে সিরিজের তৃতীয় দিনে ৮ উইকেটে বাংলাদেশের পরাজয়।

## ২০১৬ সালে যাঁদের হারিয়েছি

**সুরকার খন্দকার নূরুল আলম**

সুরকার খন্দকার নূরুল আলম মারা যান ২২ জানুয়ারি। সংগীত পরিচালনার জন্য তিনি একুশে পদক ও জাতীয় চলচ্চিত্র পুরস্কার পেয়েছেন। তিনি ছয় শতাধিক গানের সুর ও সংগীত পরিচালনা করেছেন। নূরুল আলমের জন্ম ১৯৩৯ সালের ১৭ আগস্ট ভারতের আসামে। ১২ বছর বয়সে তিনি বাংলাদেশে চলে আসেন। 'ইস ধরতি পার' ছায়াছবির মধ্য দিয়ে তার চলচ্চিত্রে সংগীত পরিচালনা শুরু। স্বাধীনতার পর প্রথম সংগীত পরিচালনা করেন 'ওরা ১১ জন' ছায়াছবিতে। 'চোখ যে মনের কথা বলে', 'তুমি এমনি জাল পেতেছ সংসারে', 'আমি চাঁদকে বলেছি আজ রাতে'সহ অনেক জনপ্রিয় গানের সুরস্রষ্টা তিনি।

**সুরকার রবীন ঘোষ**

প্রখ্যাত সংগীত পরিচালক রবীন ঘোষ পরলোকগমন করেন ১৩ ফেব্রুয়ারি। ইরাকের বাগদাদে তাঁর জন্ম হয়েছিল ১৯৩৯ সালে। তিনি ১৯৫০ সালে পূর্ব পাকিস্তান রেডিওতে সংগীত বিভাগে যোগ দেন। চলচ্চিত্রে সংগীত পরিচালক হিসেবে তাঁর অভিষেক প্রখ্যাত নির্মাতা এহতেশামের হাত ধরে। 'তোমারে লেগেছে এত যে ভালো (তালাত মাহমুদ)', 'আয়নাতে ওই মুখ দেখবে যখন', 'পিচঢালা এই পথটারে ভালোবেসেছি', 'ফুলের কানে ভ্রমর এসে', 'পেয়ার ভারে দোসর মিলনে ম্যায়' (মেহেদি হাসান)-সহ অনেক কালজয়ী গানের সুর করেছেন তিনি। সংগীত পরিচালক হিসেবে তাঁর প্রথম ছবি 'রাজধানীর বুকে'। উর্দু ছবিতে সেরা সংগীত পরিচালক হিসেবে তিনি পাঁচবার পাকিস্তানের 'নিগার' পুরস্কার পান। তাঁর সংগীত পরিচালনায় কয়েকটি বাংলা ছবি: তালাশ, পয়সা, চকোরী, পিচঢালা পথ, নাচের পুতুল।

**চিত্রশিল্পী ও চলচ্চিত্র নির্মাতা খালিদ মাহমুদ মিঠু**

৫ মার্চ রিকশার ওপর গাছ উপড়ে পড়ে ঢাকার ধানমন্ডিতে ৫৫ বছর বয়সে মারা যান চিত্রশিল্পী ও চলচ্চিত্র নির্মাতা খালিদ মাহমুদ মিঠু। ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদ থেকে ১৯৮৬ সালে এমএফএ করেন তিনি। 'গহীনে শব্দ' নামে নির্মিত প্রথম চলচ্চিত্রের জন্য তিনি ২০১০ সালে সেরা পরিচালক হিসেবে জাতীয় চলচ্চিত্র পুরস্কার পান। তিনি অনেকগুলো একক ও যৌথ শিল্পকর্ম প্রদর্শনী করেছিলেন।



**কবি রফিক আজাদ**

বিশিষ্ট কবি ও মুক্তিযোদ্ধা রফিক আজাদ মারা যান ১২ মার্চ। তাঁর বয়স হয়েছিল ৭৫ বছর। একুশে পদক ও বাংলা একাডেমি পুরস্কার, কবি আলাওল পুরস্কার, কবি আহসান হাবীব পুরস্কার, কবি হাসান হাফিজুর রহমান সম্মাননায় ভূষিত হয়েছেন তিনি। তাঁর জন্ম ১৯৪১ সালের ১৪ ফেব্রুয়ারি টাঙ্গাইল জেলায়। ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ১৯৬৭ সালে বাংলায় স্নাতকোত্তর। কর্মজীবনের শুরু শিক্ষকতা দিয়ে, পরে বাংলা একাডেমিতে। বাংলা একাডেমির পত্রিকা 'উত্তরাধিকার' ও সাপ্তাহিক রোববার সম্পাদনা করেছেন। অসম্ভবের পায়ে, সীমাবদ্ধ জলে, সীমিত সবুজে, নির্বাচিত কবিতা, চুনিয়া আমার আর্কেডিয়া তাঁর কয়েকটি কাব্যগ্রন্থ।

**চলচ্চিত্র অভিনেত্রী পারভীন সুলতানা দিতি**

চলচ্চিত্র অভিনেত্রী পারভীন সুলতানা দিতি মস্তিষ্কের ক্যানসারে ভুগে মারা যান ২০ মার্চ। নারায়ণগঞ্জের সোনারগাঁয়ে তাঁর জন্ম ১৯৬৫ সালে। তিনি প্রায় ২০০ চলচ্চিত্র ও অনেক টিভি নাটকে অভিনয় করেছেন। জাতীয় চলচ্চিত্র পুরস্কার পেয়েছেন। হীরামতি ও দুই জীবন তাঁর অভিনীত চলচ্চিত্রগুলোর মধ্যে উল্লেখযোগ্য।

**চলচ্চিত্র নির্মাতা শহিদুল ইসলাম খোকন**

চলচ্চিত্র নির্মাতা শহিদুল ইসলাম খোকন ৪ এপ্রিল মৃত্যুবরণ করেন। তাঁর প্রথম ছবি রক্তের নদী। পরিচালনা করেছেন প্রায় ৪০টি ছবি। পালাবি কোথায়, ঘাতক, লাল সবুজ, ম্যাডাম ফুলি ইত্যাদি তাঁর উল্লেখযোগ্য চলচ্চিত্র।

**সাংবাদিক সাদেক খান**

১৬ মে ৮৩ বছর বয়সে মৃত্যুবরণ করেন সাংবাদিক ও শিল্পসমালোচক সাদেক খান। তিনি বর্ণাঢ্য জীবনের অধিকারী ছিলেন। গত শতকের পঞ্চাশের দশকে সাংবাদিকতা শুরু করেন। তরুণ বয়সে চলচ্চিত্রেও অভিনয় করেছেন। ষাটের দশকে 'নদী ও নারী' নামে একটি চলচ্চিত্র পরিচালনা করেছেন তিনি। তাঁর বাবা বিচারপতি আবদুল জব্বার খান ষাটের দশকে পাকিস্তান গণপরিষদের স্পিকার ছিলেন। তিনি ছিলেন বাংলাদেশ প্রেস ইনস্টিটিউটের পরিচালনা বোর্ডের চেয়ারম্যান।

**বেগম পত্রিকার সম্পাদক নূরজাহান বেগম**

নারী সাংবাদিকতার পথিকৃৎ 'বেগম' পত্রিকার সম্পাদক নূরজাহান বেগম এ বছরের ২৩ মে ৯১ বছর বয়সে মৃত্যুবরণ করেন। তিনি ১৯৪২ সালে ম্যাট্রিক, ১৯৪৪ সালে আইএ ও ১৯৪৬ সালে বিএ পাস করেন। কলকাতা থেকে ১৯৪৭ সালের ২০ জুলাই 'বেগম' পত্রিকা প্রকাশিত হয়। প্রতিষ্ঠাতা সম্পাদক ছিলেন কবি বেগম সুফিয়া কামাল। পরে নূরজাহান 'বেগম' সম্পাদনার দায়িত্ব নেন। দেশ ভাগের পর ১৯৫০ সালে 'বেগম' ঢাকায় চলে আসে। 'বেগম' ছিল বাংলায় প্রথম সচিত্র নারী সাপ্তাহিক। নারীর উন্নয়নে অবদান রাখায় নূরজাহান বেগম বাংলাদেশ মহিলা পরিষদ পুরস্কার ও একুশে পদকে সম্মানিত হয়েছেন।

**সব্যসাচী লেখক সৈয়দ শামসুল হক**

উপন্যাস, গল্প, কবিতা, নাটক, প্রবন্ধ, শিশুতোষ রচনা, চলচ্চিত্রের চিত্রনাট্য, সংগীত রচনা, অনুবাদসহ সাহিত্যের বিভিন্ন শাখায় প্রতিভার অনন্য স্বাক্ষর রেখেছেন সৈয়দ শামসুল হক। ক্যানসারে আক্রান্ত হয়ে ২৭ সেপ্টেম্বর তিনি মৃত্যুবরণ করেন। 'সব্যসাচী' লেখক বলে খ্যাত সৈয়দ হকের জন্ম হয়েছিল ১৯৩৫ সালে কুড়িগ্রামে। পেশাগত জীবন শুরু করেছিলেন সাংবাদিক হিসেবে। বিবিসিতে কাজ করেছেন। তাঁর প্রকাশিত দুই শতাধিক বইয়ের মধ্যে উল্লেখযোগ্য উপন্যাস: খেলারাম খেলে যা, নিষিদ্ধ লোবান, সৃষ্টি ও বিদ্রোহীগণ, নাটক: পায়ের আওয়াজ পাওয়া যায়, নূরলদীনের সারাজীবন, কাব্যগ্রন্থ: পরানের গহিন ভেতর, বৈশাখে রচিত পঙ্‌ক্তিমালা। তিনি স্বাধীনতা পুরস্কার, একুশে পদক, বাংলা একাডেমি পুরস্কারসহ অনেক পুরস্কার ও সম্মাননায় ভূষিত হয়েছেন।

**কবি শহীদ কাদরী**

বাংলা ভাষায় অন্যতম প্রধান কবি শহীদ কাদরী ২৮ আগস্ট নিউইয়র্কে মৃত্যুবরণ করেন। কলকাতার পার্ক সার্কাসে ১৯৪২ সালের ১৪ আগস্ট তিনি জন্মগ্রহণ করেন। ১০ বছর বয়সে ঢাকায় চলে আসেন। ১৯৫৩ সালে মাত্র ১১ বছর বয়সেই 'পরিক্রমা' শিরোনামের একটি কবিতা লিখে ফেলেন, যেটি ছাপা হয় মহিউদ্দিন আহমদ সম্পাদিত 'স্পন্দন' পত্রিকায়। তার প্রথম কাব্যগ্রন্থ 'উত্তরাধিকার' বের হয় ১৯৬৭ সালে। একুশে পদকপ্রাপ্ত কবি শহীদ কাদরীর প্রকাশিত কাব্যগ্রন্থ চারটি, অনূদিত গ্রন্থ একটি। এ ছাড়াও তাঁর কিছু কবিতা ও বেশ কয়েকটি গদ্যরচনা পত্রপত্রিকায় প্রকাশিত হয়েছে।



**আবুল কালাম মোহাম্মদ যাকারিয়া**

বাংলাদেশে প্রত্নতত্ত্ব গবেষণার অন্যতম পুরোধা, পুঁথিসাহিত্য বিশারদ ও অনুবাদক আবুল কালাম মোহাম্মদ যাকারিয়া ২৪ ফেব্রুয়ারি ৯৭ বছর বয়সে মারা যান। একুশে পদকপ্রাপ্ত এই প্রত্নতাত্ত্বিক ১৯১৮ সালের অক্টোবর মাসে ব্রাহ্মণবাড়িয়ার বাঞ্ছারামপুর উপজেলার দড়িকান্দি গ্রামে জন্ম নেন। তাঁর প্রচেষ্টায় আবিষ্কৃত হয় সীতাকোট বিহার। রাজধানীর কলাবাগানের লেক সার্কাসে তাঁর নিজস্ব বাড়ির দোতলায় রয়েছে যাকারিয়া সংগ্রহশালা। ১৯৪৭ সালে প্রতিষ্ঠিত এই ব্যক্তিগত সংগ্রহশালায় দুষ্প্রাপ্য তালপাতার অনেক পুঁথি রয়েছে। দেশের তৃতীয় বৃহত্তম প্রাচীন নিদর্শনের সংগ্রহশালা দিনাজপুর মিউজিয়ামও প্রতিষ্ঠা করেন তিনি।

**জাতীয় অধ্যাপক ডা. এম আর খান**

জাতীয় অধ্যাপক ও শিশুরোগ বিশেষজ্ঞ ডা. এম আর (মোহাম্মদ রফি) খান ৫ নভেম্বর মৃত্যুবরণ করেন। তিনি এ দেশে শিশুচিকিৎসার পথিকৃৎ। তাঁর জন্ম ১৯২৮ সালের ১ আগস্ট সাতক্ষীরার রসুলপুরে। পেনশনের অর্থ দিয়ে তিনি গড়ে তোলেন ডা. এম আর খান আনোয়ারা ট্রাস্ট। জাতীয়-আন্তর্জাতিক বিভিন্ন জার্নালে তাঁর ৩৭টি গবেষণাধর্মী রচনা প্রকাশ পেয়েছে। প্রকাশিত হয়েছে শিশুরোগ সম্পর্কিত সাতটি গ্রন্থ। প্রতিষ্ঠানতুল্য এই মানুষটির জীবনীপঞ্জি স্থান পেয়েছে ক্যামব্রিজ বায়োগ্রাফিক্যাল সেন্টারের প্রকাশনায়। পেয়েছেন আন্তর্জাতিক ম্যানিলা অ্যাওয়ার্ড, একুশে পদকসহ অনেক পুরস্কার।

**সাবেক মন্ত্রী আ স ম হান্নান শাহ**

বিএনপির স্থায়ী কমিটির সদস্য এবং সাবেক পাট ও বস্ত্রমন্ত্রী ও সংসদ সদস্য আ স ম হান্নান শাহ ২৭ সেপ্টেম্বর সিঙ্গাপুরের একটি হাসপাতালে মারা যান। ১৯৬২ সালে তিনি পাকিস্তান মিলিটারি একাডেমি থেকে কমিশন লাভ করেন। এইচ এম এরশাদ সরকারের সময় বাংলাদেশ সেনাবাহিনী থেকে ব্রিগেডিয়ার জেনারেল পদে কর্মরত অবস্থায় তাঁকে বাংলাদেশ সেনাবাহিনী থেকে বাধ্যতামূলক অবসরে পাঠানো হয়। ১৯৮৩ সালে তিনি বিএনপিতে যোগ দেন।

**কবি কায়সুল হক**

বাংলা একাডেমি সাহিত্য পুরস্কারপ্রাপ্ত কবি কায়সুল হক ১৩ ফেব্রুয়ারি রাজধানীর একটি হাসপাতালে মারা যান। ১৯৩৩ সালের ২৯ মার্চ অবিভক্ত বাংলার মালদহে মাতুলালয়ে জন্মগ্রহণ করেন তিনি। ১৯৫০ সালে দৈনিক আজাদে তাঁর প্রথম কবিতা 'আজ' প্রকাশিত হয়। পঞ্চাশের দশকের বিউটি বোর্ডিং সাহিত্যচক্রের অন্যতম সক্রিয় সদস্য ছিলেন তিনি। 'অধুনা', 'সবার পত্রিকা', 'কালান্তর' ও 'শৈলী' পত্রিকার সম্পাদক ছিলেন তিনি।

**সাংবাদিক আলতাফ মাহমুদ**

বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়নের (বিএফইউজে) একাংশের সভাপতি আলতাফ মাহমুদ বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ২৪ জানুয়ারি মৃত্যুবরণ করেন। সত্তর দশকে সাংবাদিকতায় আসার পর তিনি বিভিন্ন ঐতিহাসিক ঘটনার সাক্ষী ও বিশ্লেষক হয়ে ওঠেন। তিনি ঢাকা সাংবাদিক ইউনিয়নের সভাপতি ও সাধারণ সম্পাদক পদে একাধিকবার নির্বাচিত হন।

**সাংবাদিক সৈয়দ ফাহিম মুনয়েম**

বেসরকারি টিভি চ্যানেল মাছরাঙা টেলিভিশনের প্রধান নির্বাহী ও প্রধান সম্পাদক সৈয়দ ফাহিম মুনয়েম ১ জুন রাজধানীর গুলশানে নিজ বাসভবনে হৃদরোগে আক্রান্ত হয়ে মারা যান। তিনি ঢাকায় ১৯৫৩ সালে জন্মগ্রহণ করেন। ১৯৮২ সালে দৈনিক সংবাদে যোগ দিয়ে সংবাদপত্রের জগতে প্রবেশ করেন তিনি। এরপর ডেইলি স্টার পত্রিকার নির্বাহী সম্পাদক ও ব্যবস্থাপনা সম্পাদকের দায়িত্বও পালন করেন। তিনি ২০০৭ সালে সাবেক তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টার প্রেস সচিব ছিলেন। স্কয়ার গ্রুপের প্রতিষ্ঠান মাছরাঙা টেলিভিশনে ২০১০ সালে যোগ দেন তিনি।

**অভিনেতা ফরিদ আলি**

অভিনেতা ফরিদ আলি মারা যান ২২ আগস্ট। তিনি মঞ্চ, টিভি ও চলচ্চিত্রে অভিনয়ের পাশাপাশি নাটকও লিখেছেন। তিনি কৌতুক অভিনেতা হিসেবে জনপ্রিয় ছিলেন।



**রূপসজ্জাশিল্পী মোহাম্মদ ফারুক**

রূপসজ্জাশিল্পী মোহাম্মদ ফারুক ছিলেন নেপথ্যের কর্মী। বাংলাদেশের নাটক ও চলচ্চিত্রের বিশিষ্ট রূপসজ্জাশিল্পী মোহাম্মদ ফারুক ইন্তেকাল করেন ২ অক্টোবর। বয়স হয়েছিল ৬৯ বছর। নানা জটিল রোগে ভুগছিলেন। তিনি পেশাদার রূপসজ্জাশিল্পী হিসেবে কাজ শুরু করেছিলেন ১৯৬৫ সাল থেকে। বহু বিখ্যাত চলচ্চিত্র ও নাটকে কাজ করেছেন তিনি।

**রাজনীতিবিদ অজয় রায়**

বামপন্থি রাজনীতিবিদ অজয় রায় ৮৮ বছর বয়সে মৃত্যুবরণ করেন ১৭ অক্টোবর। তিনি ১৯৯৩ সাল পর্যন্ত বাংলাদেশের কমিউনিস্ট পার্টির সঙ্গে যুক্ত ছিলেন। ব্রিটিশবিরোধী আন্দোলন ও স্বাধিকার আন্দোলনে তিনি বলিষ্ঠ ভূমিকা রেখেছেন। মহান মুক্তিযুদ্ধে তিনি সংগঠকের ভূমিকা পালন করেছেন। সামাজিক-সাংস্কৃতিক অঙ্গনে সক্রিয় থেকেছেন, সংবাদপত্রে কলাম ও রাজনীতি অর্থনীতি বিষয়ে গ্রন্থ রচনা করেছেন। সর্বশেষ সম্মিলিত সামাজিক আন্দোলনের সভাপতি এবং সাম্প্রদায়িকতা ও জঙ্গিবাদবিরোধী মঞ্চের সমন্বয়ক ছিলেন।

**গীতিকার-সুরকার গফুর হালি**

২১ ডিসেম্বর ৮৯ বছর বয়সে মারা যান চট্টগ্রামের আঞ্চলিক ও মাইজভান্ডারি গানের গীতিকার, সুরকার গফুর হালি। তিনি চট্টগ্রামের আঞ্চলিক গানের প্রধান গীতিকার ছিলেন। স্বতন্ত্র সংগীতধারা সৃষ্টি করেছিলেন। 'মনের বাগানে ফুটিল ফুল রে', 'সোনাবন্ধু তুই আমারে', 'পাঞ্জাবীওয়ালা', 'অ বানু, বানু রে', 'দেখে যারে মাইজভাণ্ডারে'সহ দুই হাজারের বেশি গান লিখেছেন। তাঁর লেখা ৭৬টি মাইজভান্ডারির গান জার্মান ভাষায় অনূদিত হয়েছে। জার্মানির হাইডেলবার্গ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক হান্স হার্ডর তাঁকে নিয়ে লিখেছেন দীর্ঘ গবেষণা প্রবন্ধ 'ডার ফেরুখট গফুর স্পিরখ'। স্বশিক্ষিত গফুর হালির প্রকাশিত গীতিকাব্য চারটি। গানের পাশাপাশি তিনি নাটকও রচনা করেছেন। নাটক সমগ্র নামে একটি গ্রন্থও প্রকাশিত হয়েছে।

২০১৬ সালে আমরা আরও যাঁদের হারিয়েছি তাদের মধ্যে আছেন– প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী কবি ও লেখক মাহবুবুল হক শাকিল, সমাজকল্যাণ প্রতিমন্ত্রী প্রমোদ মানকিন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি অধ্যাপক মনিরুজ্জামান মিঞা, এম এ আজিজ, সতীশ চন্দ্র বর্মণ, রাজনীতিবিদ সরদার আমজাদ হোসেন, মন্ত্রী এনামুল হক মোস্তফা শহীদ, হেমায়েত উদ্দিন বীর বিক্রম, নারী মুক্তিযোদ্ধা হীরামনি সাঁওতাল, লেখক ও সংস্কৃতি গবেষক ফজলুল আলম, ভাষাসংগ্রামী ড. ছদরুদ্দিন আহমদ চৌধুরী ও নাগিনা জোহা, সাবেক সচিব, ক্রীড়া লেখক ও সাহিত্যিক রণজিৎ কুমার বিশ্বাস, বাংলাদেশের প্রথম প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদের ঘনিষ্ঠ সহচর আবদুস শহিদ সিকদার, স্বাধীনতা পুরস্কারপ্রাপ্ত ইমেরিটাস অধ্যাপক রশিদ উদ্দিন, মঞ্জুর আহমেদ বীর প্রতীক, ভাস্কর মুকুল মুৎসুদ্দী, চাকমা রাজমাতা আরতি রায়, মুজিবুর রহমান ফকির, বিটিভির সাবেক সংবাদ পাঠক সেরাজুল মজিদ মামুন, মুকুল তালুকদার, এমএ মান্নান, সাংবাদিক সন্তোষ মণ্ডল, অধ্যাপক খোন্দকার সিরাজুল হক, কৃষি অর্থনীতি গবেষক মাহবুব হোসেন, বুয়েটের প্রথম নারী উপাচার্য খালেদা একরাম, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বোন ও স্ত্রীরোগ বিশেষজ্ঞ হোসনে আরা বেগম, সাবেক সংসদ সদস্য আলী রেজা রাজু, বাংলাদেশ সংবিধান প্রণয়ন কমিটির অন্যতম সদস্য এম আবদুর রশিদ, বঙ্গবন্ধু হত্যা মামলার বাদী ও মুক্তিযোদ্ধা এ এফ এম মোহিতুল ইসলাম, সাংবাদিক তিমির লাল দত্ত।

আন্তর্জাতিকভাবে সুপরিচিত মৃত্যুবরণকারী ব্যক্তির মধ্যে রয়েছেন কিউবা বিপ্লবের নায়ক ফিদেল ক্যাস্ত্রো, কথাসাহিত্যিক মহাশ্বেতা দেবী, একাত্তরে ঢাকায় পাকিস্তানি সেনাদের আত্মসমর্পণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালনকারী ভারতীয় সেনাবাহিনীর অবসরপ্রাপ্ত লে. জেনারেল জে আর জ্যাকব, একাত্তরের গণহত্যার সংবাদ বিশ্ববাসীর কাছে উন্মোচনকারী সিডনি শনবার্গ, ভারতের তামিলনাড়ুর মুখ্যমন্ত্রী জয়ললিতা প্রমুখ।

**ফিদেল ক্যাস্ত্রো**

কিউবা বিপ্লবের নেতা ফিদেল ক্যাস্ত্রো ৯০ বছর বয়সে মৃত্যুবরণ করেন ২৫ নভেম্বর। তিনি ১৯৫৯ সালের ফেব্রুয়ারি থেকে ২০০৮ সাল পর্যন্ত কিউবার



শাসনভার পরিচালনা করেন। তাঁর নেতৃত্বে কিউবায় বিনা খরচে সবার জন্য শিক্ষা, স্বাস্থ্য ও অন্যান্য মৌলিক সেবার ক্ষেত্রে প্রশংসনীয় উন্নতি ঘটে। লাতিন আমেরিকাসহ বিশ্বের জনগণের কাছে তিনি সাম্রাজ্যবাদের বিরুদ্ধে প্রতিবাদের প্রতীক হয়ে উঠেছিলেন। পুঁজিবাদী বিশ্বেও তাঁর জনপ্রিয়তা ছিল প্রবল। তাঁর মৃত্যুতে সারা পৃথিবীতে শোকের ছায়া নেমে আসে।

**মুষ্টিযোদ্ধা মোহাম্মদ আলী**

কিংবদন্তি মুষ্টিযোদ্ধা মোহাম্মদ আলী ৩ জুন ৭৪ বছর বয়সে মৃত্যুবরণ করেন। ১৯৫৪ সালে প্রথম অপেশাদার বক্সিং প্রতিযোগিতায় নামেন। মাত্র ২২ বছর বয়সে ১৯৬৪ সালে তৎকালীন বিশ্ব হেভিওয়েট চ্যাম্পিয়ন সনি লিস্টনকে হারিয়ে দিয়ে তিনি বক্সিং জগতে হইচই ফেলে দেন। ১৯৭৪ ও ১৯৭৮ সালে তিনি ফের বিশ্ব হেভিওয়েট চ্যাম্পিয়নশিপ লাভ করেন। তিনি নিজের ক্যারিয়ারে মোট ৬১ ম্যাচ খেলেন। এর মধ্যে জয়ী হন ৫৬টিতে। সর্বাধিক ৩৭ বার প্রতিপক্ষকে নক আউট করেন। ১৯৮১ সালে তিনি অবসরে যান।

**জয়ললিতা**

৫ ডিসেম্বর চেন্নাইয়ের অ্যাপোলো হাসপাতালে তামিলনাড়ুর মুখ্যমন্ত্রী জয়ললিতা মারা যান। তাঁর বয়স হয়েছিল ৬৮। ২২ সেপ্টেম্বর শ্বাসকষ্ট নিয়ে তিনি হাসপাতালে ভর্তি হন।

ভারতের রাজনৈতিক ইতিহাসে তিনি ছিলেন একজন গুরুত্বপূর্ণ নারী। প্রথম জীবনে ছিলেন চলচ্চিত্রাভিনেত্রী। ১৪০টি তামিল, তেলেগু এবং কন্নর ছবিতে তিনি অভিনয় করেন। তামিলনাড়ুর এআই এডিএমকের প্রধান এমজি রামাচন্দ্রের উৎসাহে ১৯৮২ সালে তিনি রাজনীতিতে যোগ দেন। ১৯৮৭ সালে রামাচন্দ্রের মৃত্যুর পর তিনি দলের নেতৃত্বে চলে আসেন। ১৯৯১ সালে তিনি মুখ্যমন্ত্রীর দায়িত্ব প্রথমবারের মতো গ্রহণ করেন। এরপর বেশ কয়েকবার তিনি এই দায়িত্ব পালন করেন।

তাঁর মৃত্যুতে তিন দিনের শোক ঘোষণা করে তামিল সরকার।

## ২০১৬ সালে দেশে-বিদেশে ঘটে যাওয়া উল্লেখযোগ্য ঘটনা

### গুলশান ও শোলাকিয়ায় জঙ্গি হামলা

১ জুলাই ২০১৬ ঢাকার গুলশানে অবস্থিত হোলি আর্টিজান বেকারি ও রেস্তোরাঁয় ঢুকে অস্ত্রধারী হামলাকারীরা অন্তত ৩৩ জনকে জিম্মি করে। তারা নয় ইতালীয়, সাত জাপানি ও এক ভারতীয়সহ ২০ জনকে হত্যা করে। সন্ত্রাসীদের হামলা ঠেকাতে গিয়ে বোমার স্প্লিন্টারে মারা যান দুই পুলিশ কর্মকর্তাও। ১২ ঘণ্টা পর কমান্ডো অভিযান অপারেশন থান্ডারবোল্টের মধ্য দিয়ে উদ্ভূত জিম্মি পরিস্থিতির রক্তাক্ত অবসান ঘটে। অন্যদিকে ৭ জুলাই ২০১৬ পবিত্র ঈদুল ফিতরের দিনে কিশোরগঞ্জের শোলাকিয়া ঈদগাহ ময়দানের অদূরে টহলরত পুলিশের ওপর সন্ত্রাসী হামলা চালানো হয়। এতে দুই পুলিশ ও এক নারীসহ নিহত হন চারজন। দুজন হামলাকারীর মধ্যে একজন গুলিতে নিহত হয়।

### বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ চুরি

যুক্তরাষ্ট্রের ফেডারেল রিজার্ভ ব্যাংকে গচ্ছিত বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রার রিজার্ভ থেকে ১০১ মিলিয়ন ডলার বা ১০ কোটি ১০ লাখ ডলার ৫ ফেব্রুয়ারি ২০১৬ হ্যাকিংয়ের মাধ্যমে চুরি হয়ে যাওয়ার ঘটনা ঘটে। বাংলাদেশি টাকায় এর পরিমাণ প্রায় ৮০০ কোটি টাকা। এ ঘটনার পর ২৯ ফেব্রুয়ারি ২০১৬ ফিলিপাইনের ইংরেজি দৈনিক Inquirer প্রথম এ সংক্রান্ত প্রতিবেদন প্রকাশ করে। বাংলাদেশ ব্যাংক আনুষ্ঠানিকভাবে ৭ মার্চ ২০১৬ গণমাধ্যমকে বৈদেশিক মুদ্রার রিজার্ভ চুরির ঘটনা জানায়। ফেডারেল রিজার্ভ ব্যাংক চারটি নির্দেশনার মাধ্যমে ৮ কোটি ১০ লাখ ডলার ফিলিপাইনে ও ২ কোটি ডলার শ্রীলঙ্কায় পাঠায়। চুরি যাওয়া টাকা উদ্ধারে ব্যাংক নানা প্রচেষ্টা চালিয়ে কিছু টাকা ফেরত আনতে সক্ষম হয়। এ ঘটনার পর বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আতিয়ার রহমান পদত্যাগ করেন।

### নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন নির্বাচন

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন নির্বাচন ছিল একটি আলোচিত নির্বাচন। ২২ ডিসেম্বরের অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ এই নির্বাচন নতুন করে আশা জাগিয়েছে জনগণের মনে। স্বস্তির বাতাস বইয়ে দিয়েছে জাতীয় রাজনীতিতেও।



এই নির্বাচনটি নিয়ে ভোটের আগেই শুধু নয়, ভোটের দিনেও ছিল নানা অজানা-অদৃশ্য শঙ্কা। তবে সবকিছুকে উড়িয়ে দিয়ে শেষ পর্যন্ত অবিশ্বাস্য রকম শান্তিপূর্ণ পরিবেশে এই নির্বাচন হয়েছে। কোথাও কোনো ধরনের অপ্রীতিকর ঘটনা ছিল না, ছিল না কোনো গোলযোগ, সংঘাত কিংবা ধাওয়া-পাল্টাধাওয়ার চিরাচরিত দৃশ্য। এমনই শান্তিপূর্ণ পরিবেশ ছিল যে, নির্বাচনের খবরাখবর সংগ্রহ করতে ঢাকা থেকে যাওয়া সহস্রাধিক সাংবাদিকও বলতে গেলে দিনভর প্রায় অলস সময় কাটিয়েছেন, উত্তেজনাকর ভালো খবরের জন্য নারায়ণগঞ্জ চষে বেড়ানো সাংবাদিকরা বেলা শেষে ফিরেছেন শূন্যহাতে। আবারও বিজয়ী হওয়ার মধ্য দিয়ে আওয়ামী লীগ মনোনীত মেয়র প্রার্থী ডা. সেলিনা হায়াৎ আইভীর ইতিহাস গড়ার খবরই গুরুত্ব পেয়েছে পরদিনের সংবাদপত্রে। সকালে ভোটের শুরু থেকে রাতে ফল ঘোষণা পর্যন্ত প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের কেউ মোটাদাগে কোনো অভিযোগ করতে পারেননি। বরং ভোটের পরিবেশ নিয়ে সন্তুষ্টি প্রকাশ করেছেন সবাই। অস্বস্তি ছিল শুধু ভোটারদের উপস্থিতি তুলনামূলকভাবে কম হওয়ায়। এ ছাড়া ভোটার ও সাধারণ মানুষের উচ্ছ্বাস আর আগ্রহ দেখে মনে হয়েছে এ যেন ভোট নয় বড় কোনো মহোৎসব ছিল। ভোট শেষে প্রায় এক দশক ক্ষমতার বাইরে থাকা বিএনপি বছরজুড়ে ঘুরে দাঁড়ানোর সংগ্রাম করে এসেছে।

### জেলখানা স্থানান্তর

কেরানীগঞ্জের তেঘরিয়া ইউনিয়নের রাজেন্দ্রপুরে সাড়ে ৪ হাজার বন্দি ধারণক্ষমতার নতুন ঢাকা কেন্দ্রীয় কারাগার এ বছর ৩ এপ্রিল উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ১৭৮৮ সালে স্থাপিত নাজিম উদ্দিন রোডের পুরোনো কারাগার থেকে প্রায় ১২ কিলোমিটার দূরে ঢাকা-মাওয়া সড়কের দক্ষিণে রাজেন্দ্রপুরে নতুন এই কারাগারের অবস্থান। প্রধানমন্ত্রী সকালে কারাগার প্রাঙ্গণে পৌঁছালে তাকে গার্ড অব অনার দেওয়া হয়। ব্রিটিশ আমলে তৈরি বাংলাদেশের পুরোনো কারাগারগুলোর মতো এই কারাগারের দেয়াল লাল নয়। তুলনামূলকভাবে খোলামেলা এই কারাগারের নিরাপত্তা ব্যবস্থাও অন্যগুলোর তুলনায় আধুনিক। কারাগারের ভেতর চিকিৎসা কেন্দ্র, সেলুন ও লন্ড্রি ভবন রয়েছে। বন্দিদের কাজের জন্য রয়েছে

দোতলা ওয়ার্ক শেড। ব্যারাকে থাকতে পারবেন ৪০০ কারারক্ষী। আর সবকিছু পর্যবেক্ষণের জন্য কারাগারের চারপাশে রয়েছে ৪০ ফুট উঁচু ওয়াচ টাওয়ার।

**মঙ্গল শোভাযাত্রার আন্তর্জাতিক স্বীকৃতি**

বাংলা বর্ষবরণের অন্যতম অনুষঙ্গ মঙ্গল শোভাযাত্রা। প্রতিবছর নতুন বছরকে বরণ করে নিতে বাংলাদেশিরা মঙ্গল শোভাযাত্রার আয়োজন করে থাকে। অনেক বছর ধরে চলমান বাঙালির এই ঐতিহ্য এ বছর ৩০ নভেম্বর ইউনেস্কোর সাংস্কৃতিক ঐতিহ্যের তালিকায় স্থান করে নিয়েছে। ইউনেস্কোর ওয়েবসাইটে এই তথ্য জানানো হয়। যার মধ্য দিয়ে বাংলাদেশের চার দশকের এই ঐতিহ্যের আন্তর্জাতিক স্বীকৃতি মিলল।

**বন্ধুত্বের নবদিগন্তে বাংলাদেশ-চীন**

১৪ থেকে ১৫ অক্টোবর ২০১৬ দুদিনের রাষ্ট্রীয় সফরে বাংলাদেশে আসেন চীনের প্রেসিডেন্ট শি জিনপিং। এটা ছিল গত তিন দশকে কোনো চীনা প্রেসিডেন্টের প্রথম বাংলাদেশ সফর। প্রেসিডেন্ট শি জিনপিং-এর বাংলাদেশ সফরকালে ১৪ অক্টোবর ২০১৬ উভয় দেশের মধ্যে অবকাঠামো উন্নয়ন ও সহযোগিতার বিভিন্ন ক্ষেত্রে ২৭টি চুক্তি ও সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। শি জিনপিংও বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপস্থিতিতে প্রধানমন্ত্রীর কার্যালয়ে এসব চুক্তি ও সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। এ ছাড়া ১৩ অক্টোবর ২০১৬ ব্যবসায়িক পর্যায়েও স্বাক্ষরিত হয় ১ হাজার ৩৬০ কোটি ডলারের ১৩টি চুক্তি।

**জামায়াত নেতা নিজামী ও মীর কাসেম আলীর ফাঁসি কার্যকর**

বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় হত্যা, ধর্ষণ এবং বুদ্ধিজীবী হত্যার দায়ে অভিযুক্তদের বিচারের জন্য যুদ্ধাপরাধের বিচারের লক্ষ্যে ২৫ মার্চ ২০১০ গঠিত হয় আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। একাত্তরের মানবতাবিরোধী অপরাধের দায়ে জামায়াতে ইসলামীর আমির মতিউর রহমান নিজামীকে ২৯ অক্টোবর ২০১৪ ফাঁসির আদেশ দেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। এ রায়ের বিরুদ্ধে ২৯ মার্চ ২০১৫ নিজামী রায় পুনর্বিবেচনার আবেদন করেন। ৫ মে ২০১৬ নিজামীর ফাঁসির রায় বহাল রেখে তাঁর করা পুনর্বিবেচনার আবেদনের বিষয়ে আদেশ দেন সর্বোচ্চ আদালত। সে অনুযায়ী ১০ মে ২০১৬ মতিউর রহমান নিজামীর ফাঁসির রায় কার্যকর হয়।



**আধুনিক জাতীয় পরিচয়পত্র**

২ অক্টোবর ২০১৬ উদ্বোধন করা হয় নাগরিকদের মধ্যে উন্নতমানের জাতীয় পরিচয়পত্র বিতরণ কার্যক্রম। স্মার্টকার্ডের মধ্যে থাকা চিপ বা তথ্যভাণ্ডারে ৩২ ধরনের তথ্য থাকবে, যা মেশিনে পাঠযোগ্য হবে। আয়করদাতা শনাক্তকরণ নম্বরপ্রাপ্তি, শেয়ার আবেদন ও বিও হিসাব খোলা, ড্রাইভিং লাইসেন্স করা ও নবায়ন, ট্রেড লাইসেন্স করা, পাসপোর্ট করা ও নবায়ন, যানবাহন রেজিস্ট্রেশন, চাকরির জন্য আবেদন, বীমা স্কিমে অংশগ্রহণ, স্থাবর সম্পত্তি ক্রয়-বিক্রয়, বিয়ে-তালাক রেজিস্ট্রেশন, ব্যাংক হিসাব খোলা ও ঋণপ্রাপ্তি, নির্বাচনে ভোটার শনাক্তকরণ, গ্যাস, বিদ্যুৎ ও পানি সংযোগ গ্রহণ, সরকারি বিভিন্ন ভাতা উত্তোলন, ভর্তুকি, সাহায্য ও সহায়তাপ্রাপ্তি ছাড়াও স্মার্টকার্ডে ২২ ধরনের সেবা পাওয়া যাবে।

**প্রথম মেট্রোরেল ও বিআরটি**

ঢাকা মহানগরের পাশের জেলাগুলোর সঙ্গে যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে ২৬ জুন ২০১৬ বাস র‍্যাপিড ট্রানজিট (বিআরটি) ও মেট্রোরেল নির্মাণকাজের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। ঢাকার যানজট নিরসনে প্রথমবারের মতো যোগ হচ্ছে মেট্রোরেল, যার পুরোটাই হবে উড়ালপথে। এতে স্টেশন থাকবে ১৬টি। এর দৈর্ঘ্য হবে ২০.১ কিমি (উত্তরা থেকে মতিঝিল)। প্রথম ধাপ চালুর পরিকল্পনা রয়েছে ২০১৯ সালে (উত্তরা থেকে আগারগাঁও পর্যন্ত)। দ্বিতীয় ধাপ চালু হবে ২০২০ সালে (আগারগাঁও থেকে মতিঝিল পর্যন্ত)। এ ছাড়া দেশের প্রথম বাস র‍্যাপিড ট্রানজিট (বিআরটি) নির্মাণে চীনা প্রতিষ্ঠান চায়না গেজৌবা গ্রুপ কোম্পানি লিমিটেডের সঙ্গে সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগ চুক্তি স্বাক্ষর করে ১ ডিসেম্বর ২০১৬। এর দুই প্রান্তে থাকছে গাজীপুর ও শাহজালাল বিমানবন্দর (ঢাকা)। এর দৈর্ঘ্য হবে ২০.৫ কিমি। যার সমতলে ১৫ কিমি এবং উড়ালসড়ক ৪.৫ কিমি উত্তরা থেকে টঙ্গী পর্যন্ত। মোট টার্মিনাল থাকবে ২টি, স্টেশন হবে ২৫টি।

**পুলিশ সপ্তাহ প্যারেডে প্রথম নারী নেতৃত্ব**

চাঁদপুরের পুলিশ সুপার শামসুন্নাহার বাংলাদেশ পুলিশ বাহিনীর পুলিশ সপ্তাহের প্যারেডে নেতৃত্ব দিয়েছেন। এই প্রথম একজন নারী পুলিশ কর্মকর্তা এই দায়িত্ব পালন করলেন। প্রধানমন্ত্রী সারা দেশের পুলিশের

বিভিন্ন ইউনিটের সমন্বয়ে গঠিত ১৩টি কনটিনজেন্টের (মহানগর পুলিশ, রেঞ্জ পুলিশ, আর্মড পুলিশ, র‍্যাবসহ পুলিশের ১৩টি দল) এই প্যারেড পরিদর্শন ও অভিবাদন গ্রহণ করেন। এসপি শামসুন্নাহারের নেতৃত্বে পরিচালিত এই প্যারেডে অংশ নিয়েছেন সহস্রাধিক পুলিশ সদস্য। লৈঙ্গিক সমতা এবং নারীর ক্ষমতায়নে এটা নতুন মাইলফলক। শামসুন্নাহার ফরিদপুর জেলার সন্তান। ২০০১ সালে বিসিএস পাস করে সহকারী পুলিশ সুপার হিসেবে তিনি বাংলাদেশ পুলিশ সার্ভিসে যোগদান করেন।

### প্রথম বাংলাদেশি কার্ডিনাল

৯ অক্টোবর ২০১৬ খ্রিস্টান রোমান ক্যাথলিক প্রধান ধর্মগুরু পোপ ফ্রান্সিস ভ্যাটিকানের বিশ্বের বিভিন্ন দেশ থেকে ১৭ জন ধর্মযাজককে নতুন কার্ডিনাল মনোনীত করেন। ঘোষিত কার্ডিনালদের মধ্যে অন্যতম হলেন বাংলাদেশে রোমান ক্যাথলিকদের প্রধান ধর্মগুরু ঢাকার আর্চবিশপ প্যাট্রিক ডি রোজারিও।

### ব্রিটেনে দুই বাঙালি নারী ছায়া প্রতিমন্ত্রী

এ বছরের ১০ অক্টোবর যুক্তরাজ্যের নতুন ছায়া শিক্ষাপ্রতিমন্ত্রী পদে মনোনীত হয়েছেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নাতনি টিউলিপ রেজওয়ানা সিদ্দিক। এ ছাড়া বাংলাদেশের নাম উজ্জ্বল করেন আরেক বাঙালি রুপা হক। তিনি যুক্তরাজ্যের বিরোধী দল লেবার পার্টির ছায়া মন্ত্রিসভার স্বরাষ্ট্র মন্ত্রণালয় বিষয়ক ছায়া স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী মনোনীত হয়েছেন ২০১৬ সালের ১৪ অক্টোবর।

### পায়রা সমুদ্রবন্দর

২০১৬ সালের ১৩ আগস্ট আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করে বাংলাদেশের তৃতীয় বাণিজ্যিক সমুদ্রবন্দর পায়রা। এটা পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলার রাবনাবাদ চ্যানেলসংলগ্ন আন্ধারমানিক নদীর পাড়ের টিয়াখালী ইউনিয়নের ইটবাড়িয়ায় অবস্থিত। বঙ্গোপসাগরের পোতাশ্রয়মুখ থেকে মাত্র ৫ কিলোমিটার দূরে অবস্থিত ৬০০০ একর জায়গার ওপর গড়ে তোলা হয়েছে বাংলাদেশের এই তৃতীয় বাণিজ্যিক বন্দর।



### ঢাকা টেস্ট জয়

ঢাকা টেস্টের তৃতীয় দিনেই ১০৮ রানের বিশাল ব্যবধানে ইংল্যান্ডকে প্রথমবারের মতো হারায় বাংলাদেশ। টেস্ট ক্রিকেটে প্রতিষ্ঠিত কোনো শক্তিকে এই প্রথম হারাতে পারল বাংলাদেশ। এর আগে জিম্বাবুয়ে এবং ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে জিতলেও ওই দল দুটি কোনো প্রতিষ্ঠিত শক্তি ছিল না। এ ছাড়া বছরজুড়ে সাফল্যের দেখা পেয়েছে বাংলাদেশ।

### পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র

২৬ জুলাই ২০১৬ রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণে ১১.৩৩৮ বিলিয়ন ডলারের ঋণচুক্তি স্বাক্ষর করে বাংলাদেশ ও রাশিয়া। বাংলাদেশের ইতিহাসে এটিও সর্ববৃহৎ ঋণচুক্তি। দেশের প্রথম পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণে রাশিয়ার কাছ থেকে ১২.৬৫ বিলিয়ন ডলারের প্রকল্পের ৯০ ভাগ ঋণ নেওয়া হচ্ছে। বাংলাদেশ প্রকল্পের ১০ ভাগ অর্থের জোগান দেবে। যার পরিমাণ ১.২৬৫ বিলিয়ন ডলার।

### নৌবাহিনীতে প্রথম সাবমেরিন

এ বছরের ১৪ সেপ্টেম্বর বাংলাদেশের কাছে আনুষ্ঠানিকভাবে দুটি সাবমেরিন হস্তান্তর করে চীন। ২০১৭ সালের শুরুর দিকে নৌবাহিনীর বহরে সাবমেরিন দুটি যুক্ত হবে। এর মাধ্যমে ত্রিমাত্রিক শক্তি হিসেবে যাত্রা শুরু করেছে বাংলাদেশ। বাংলাদেশ নৌবাহিনীর জন্য তৈরি কনভেনশনাল সাবমেরিন দুটি ডিজেল-ইলেকট্রিক সাবমেরিন। এর প্রতিটির দৈর্ঘ্য ৭৬ মিটার এবং প্রস্থ ৭.৬ মিটার। সাবমেরিন দুটি টর্পেডো ও মাইন দ্বারা সুসজ্জিত, যা শত্রুপক্ষের যুদ্ধজাহাজ ও ডুবোজাহাজ আক্রমণ করতে সক্ষম। ০৩৫ জি ক্লাসের সাবমেরিন দুটির নাম রাখা হয় ‘নবযাত্রা’ ও ‘জয়যাত্রা’।

### টাম্পাকো অগ্নিকাণ্ড

গাজীপুরের টঙ্গীর রেলগেট এলাকায় ফয়েল তৈরির কারখানা টাম্পাকো ফয়েলস লিমিটেডে বয়লার বিস্ফোরিত হয়। এতে আগুনে ভবনটি ধসে পড়ে। ক্ষতিগ্রস্ত হয়েছে কারখানা ভবনের পাশের আরও দুটি ভবন। ১০ সেপ্টেম্বর ভোর ৬টার দিকে এ দুর্ঘটনা ঘটে। রাতের শিফটে কাজ

করার সময় টাম্পাকো ফয়েলস প্যাকেজিংয়ের বয়লার বিস্ফোরিত হয়। এতে সৃষ্ট আগুন পুরো কারখানায় ছড়িয়ে পড়ে। দ্রুত উদ্ধার অভিযানে নামে বিশেষায়িত সংস্থাগুলো। এ দুর্ঘটনায় ৩৩ জনের বেশি মানুষ নিহত হন। এখনো অনেকে নিখোঁজ রয়েছেন।

### শেখ হাসিনার প্লানেট ফিফটি-ফিফটি অর্জন

প্রধানমন্ত্রী শেখ হাসিনা নারীর ক্ষমতায়নে অবদানের জন্য প্লানেট ফিফটি-ফিফটি চ্যাম্পিয়ন সম্মাননা লাভ করেন। এ ছাড়া ২০১৬ সালে তিনি এজেন্ট অব চেঞ্জ অ্যাওয়ার্ড অর্জন করেন। দুর্যোগ ব্যবস্থাপনায় অসামান্য সাফল্যের জন্য আন্তর্জাতিক রেড ক্রস ও রেড ক্রিসেন্ট ফেডারেশনের মহাসচিব আনুষ্ঠানিকভাবে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বিশেষ সম্মাননা সনদ ও ক্রেস্ট প্রদান করেন। এ ছাড়াও জাতিসংঘের পানিবিষয়ক প্যানেলেও রয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

### ডিজিটাল যুগে বিচার বিভাগ

২ মার্চ ২০১৬ সিলেটের ২০টি আদালতে বিচারকদের হাতে লেখা সাক্ষ্য গ্রহণের পদ্ধতি বদলে Digital Evidence Recording-এর উদ্বোধন করা হয়। ফৌজদারি ও দেওয়ানি মামলায় বিচার প্রক্রিয়ার শুরু থেকেই সাক্ষীর সাক্ষ্য হাতে লিখে লিপিবদ্ধ করতেন বিচারকেরা। উপমহাদেশে বিচার বিভাগের ইতিহাসে এভাবেই তাঁরা সাক্ষ্য গ্রহণ করে আসছিলেন। সাক্ষীর সাক্ষ্য গ্রহণের পর চলে জেরা। আসামিপক্ষের আইনজীবীরা দীর্ঘ সময় সাক্ষীকে জেরা করেন। আর এ জেরাও বিচারকদের হাতে লিখে লিপিবদ্ধ করতে হয়। ফলে প্রচুর সময় ব্যয় হয়। এ ছাড়া বাদী বা আসামিপক্ষও নানা সময় অভিযোগ করে থাকেন, যথাযথভাবে সাক্ষ্য গ্রহণ লিপিবদ্ধ হয়নি।

### রামপাল বিদ্যুৎকেন্দ্র নির্মাণ চুক্তি

সুন্দরবনের পাশে বাগেরহাটের রামপালে ১ হাজার ৩২০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের লক্ষ্যে ১২ জুলাই ২০১৬ একটি চুক্তি স্বাক্ষর করে বাংলাদেশ-ইন্ডিয়া ফ্রেন্ডশিপ পাওয়ার কোম্পানি (প্রাইভেট) লিমিটেড। বাংলাদেশ ও ভারতের ৫০:৫০ মালিকানাধীন এ বিদ্যুৎকেন্দ্র



নির্মাণে প্রয়োজনীয় ১.৪৯ বিলিয়ন (১৪৯ কোটি) মার্কিন ডলার ঋণ সহায়তা দেবে এক্সপোর্ট-ইমপোর্ট (এক্সিম) ব্যাংক অব ইন্ডিয়া, যার সুদের হার ২%, সঙ্গে লন্ডনে আন্তঃব্যাংক লেনদেনে সুদেরহার (লাইবর) যোগ হবে। ২০১৯-২০২০ অর্থবছরে এ বিদ্যুৎকেন্দ্রের প্রথম পর্যায় থেকে বিদ্যুৎ উৎপাদন করা সম্ভব হবে।

### সীমান্ত প্রহরায় নারী সৈনিক

বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) সীমান্তে প্রথমবারের মতো মোতায়েন করেছে নারী সদস্য। বিজিবির পুরুষ সদস্যের পাশাপাশি তাঁরা সীমান্ত পাহারা দিচ্ছেন। বেনাপোল চেকপোস্টে ১৩ জনের একটি নারী দলকে এই প্রথম সংযোজন করা হয়েছে। নারী বিজিবি সদস্য যোগ হওয়ায় অনেক চোরাচালানি মহিলা এ পথ থেকে সরে যাবে। তাদের ভেতর অনেকটা আতঙ্ক সৃষ্টি হয়েছে। নিয়োজিত নারী সদস্যরা রাতে কোনো ডিউটি করবেন না। তাঁরা শুধু দিনের বেলায় বেনাপোলের আমড়াখালী ও সীমান্তের নোম্যান্স ল্যান্ডসহ বিভিন্ন পোস্টে কর্তব্য পালন করবেন।

### বিশ্বের সেরা কারখানা

মান সনদে ইতিমধ্যে আমেরিকা ইউএস গ্রিন বিল্ডিং কাউন্সিল (USGBC) পরিবেশবান্ধব কারখানা অ্যান্ড এনভায়রনমেন্টাল ডিজাইনের (LEED) সর্বোচ্চ স্বীকৃতি প্লাটিনাম লাভ করে দেশের কয়েকটি কারখানা। এর মধ্যে ২০১৬ সালে সর্বোচ্চ মান পেয়ে বিশ্বসেরা কারখানার মর্যাদা লাভ করে রেমি হোল্ডিংস লিমিটেড। রাজধানী থেকে মাত্র ১৫ কিলোমিটার দূরে নারায়ণগঞ্জ জেলার সিদ্ধিরগঞ্জের আদমজীনগরের এই কারখানা। পরিবেশবান্ধব স্থাপনায় বাংলাদেশ তো বটেই, সারা বিশ্বে রেকর্ড করে বিটপি গ্রুপের এই কারখানা।

### তৃতীয় সরকারি নোট

চলতি বছরের ৫ জুন তৃতীয় সরকারি নোট হিসেবে পাঁচ টাকা বাজারে আসে। প্রথমে বাংলাদেশ ব্যাংকের মতিঝিল শাখা থেকে ও পরে অন্য শাখা থেকে নতুন পাঁচ টাকার এই নোট বাজারে ছাড়া হয়। বাজারে ছাড়া নতুন এই নোটের পাশাপাশি প্রচলিত পাঁচ টাকার নোট ও ধাতব নোট চালু

থাকবে। সরকারি নোট হওয়ায় নতুন পাঁচ টাকার নোটটিতে প্রথমবারের মতো অর্থসচিব মাহবুব আহমেদের স্বাক্ষর রয়েছে। এ ছাড়া বাংলাদেশ ব্যাংকের পরিবর্তে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার লেখা যুক্ত করা হয়েছে। বর্তমানে বাংলাদেশে সরকারি নোট মোট তিনটি−১, ২,ও ৫ টাকার নোট।

**রোয়ানুতে লণ্ডভণ্ড উপকূল**

২১ মে ২০১৬ ছিল বাংলাদেশের উপকূলের জন্য ভয়ংকর মুহূর্ত। ৫ ঘণ্টা সময় নিয়ে বাংলাদেশ উপকূলে আঘাত হানে ঘূর্ণিঝড় রোয়ানু। মালদ্বীপের দিভেহি ভাষার শব্দ রোয়ানুর বাংলা অর্থ দাঁড়ায় নারকেলের ছোবড়ার আঁশের দড়ি। ঘূর্ণিঝড়টির সর্বোচ্চ গতিবেগ ছিল ৮৮ কিলোমিটার আর সর্বনিম্ন গতিবেগ ছিল ৬২ কিলোমিটার। ঘূর্ণিঝড়টি উপকূল অতিক্রম করার সময় কক্সবাজার, ভোলা, নোয়াখালী, পটুয়াখালী, লক্ষ্মীপুর, ফেনীসহ উপকূলীয় জেলাগুলোয়  ব্যাপক ক্ষতি সাধন করে।

**বাংলাদেশের দারিদ্র্য জয়**

সারা বিশ্বের বিভিন্ন দেশে দারিদ্র্য পরিস্থিতি  নিয়ে ৩ অক্টোবর ২০১৬ একটি প্রতিবেদন প্রকাশ করে বিশ্বব্যাংক। এ প্রতিবেদনে বাংলাদেশের ওপরও একটি অংশ ছিল। অতি দারিদ্র্যের হার কমিয়ে আনতে বাংলাদেশের অর্জন অবিস্মরণীয়। দারিদ্র্যের হার কমিয়ে আনার ক্ষেত্রে ভারত, পাকিস্তান ও ভুটানের মতো দেশকেও পেছনে ফেলেছে বাংলাদেশ। বিশ্বব্যাংকের দারিদ্র্য পরিমাপের মানদণ্ড অনুযায়ী নতুন হিসাবে একজন ব্যক্তি যদি দৈনিক ১৪৮ টাকার বেশি আয় করেন, তবে তিনি হতদরিদ্র নন। বাংলাদেশে অতি দারিদ্র্যের হার ১২.৯%।

**আন্তর্জাতিক সৌর জোটে বাংলাদেশ**

মরক্কোর মারাকেশে অনুষ্ঠিত ২২তম জাতিসংঘ জলবায়ু পরিবর্তন সম্মেলন চলাকালে ১৫ নভেম্বর  বাংলাদেশ আন্তর্জাতিক সৌর জোট (International Solar Alliance-ISA) সংক্রান্ত ফ্রেমওয়ার্ক চুক্তি স্বাক্ষর করে। এর মধ্য দিয়ে বাংলাদেশ আনুষ্ঠানিকভাবে আন্তর্জাতিক সৌর জোটে যোগ দেয়। সৌর জোটে যোগদানের ফলে সোলার প্রযুক্তি, অর্থায়ন, গবেষণা, আবিষ্কার ও উন্নয়নে এ জোটের অন্য সদস্য দেশের সঙ্গে বাংলাদেশের সহযোগিতা করার সুযোগ সৃষ্টি হলো।



**দ্বিতীয় সাবমেরিন ক্যাবলে বাংলাদেশ**

বিকল্প সাবমেরিন ক্যাবল সংযোগ স্থাপন, আন্তর্জাতিক গন্তব্যের সংখ্যা ও ব্যান্ডউইথ সরবরাহের সক্ষমতা বাড়ানোর লক্ষ্যে South East Asia-Middle East Western Europe 5 (SEA-ME-WE 5) সাবমেরিন ক্যাবল কনসোর্টিয়ামের সঙ্গে যুক্ত হচ্ছে বাংলাদেশ। ২০১৪ সালের সেপ্টেম্বরে আনুষ্ঠানিকভাবে ক্যাবলটি স্থাপনের কাজ শুরু হয়। ২০১৬ সালের জুনে সাবমেরিন ক্যাবলের বাংলাদেশ অংশের কাজ শেষ হয়। বাংলাদেশের SEA-ME-WE 5 ক্যাবল ল্যান্ডিং স্টেশন কুয়াকাটায়। এ কনসোর্টিয়ামের মাধ্যমে স্থাপন করা নতুন ক্যাবলটি দক্ষিণ-পূর্ব এশিয়া থেকে পশ্চিম ইউরোপে যাবে।

**আলোচিত হত্যাকাণ্ড**

২০১৬ সালে শুরু হয়েছিল চাঞ্চল্যকর তনু হত্যাকাণ্ড দিয়ে। চলতি বছরের ২৪ আগস্ট দুপুরে রাজধানীর কাকরাইলে স্কুলের সামনে ফুটওভার ব্রিজের উপরে উইলস লিটল ফ্লাওয়ার স্কুলের অষ্টম শ্রেণির ছাত্রী সুরাইয়া আক্তার রিশার পেট ও হাতে ছুরি মেরে পালিয়ে যায় টেইলার্স কর্মচারী ‘বখাটে’ ওবায়দুর রহমান। পরে তিন দিন চিকিৎসাধীন থাকার পর মারা যায় রিশা। বছরের সবচেয়ে আলোচিত ঘটনা এসপি বাবুল আক্তারের স্ত্রী মাহমুদা খানম মিতু হত্যাকাণ্ড। গত ৫ জুন সকালে চট্টগ্রাম নগরের জিইসি এলাকায় দুর্বৃত্তের ছুরিকাঘাত ও গুলিতে নিহত হন মাহমুদা খানম মিতু।

**যুক্তরাষ্ট্রের নির্বাচন**

২০১৬ সালের ঘটনার মধ্যে গুরুত্বপূর্ণ উল্লেখযোগ্য ছিল যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচন। ফলাফল প্রকাশের এক ঘণ্টা আগেও যা ভাবা যায়নি, অবিশ্বাস্য মনে হয়েছে− সেটাই বাস্তবে রূপ নিয়েছে। সকল জরিপ আর হিসাব-নিকাশ বদলে দিয়ে যুক্তরাষ্ট্রের ৪৫তম প্রেসিডেন্ট নির্বাচিত হন রিপাবলিকান নেতা ধনী ব্যবসায়ী ডোনাল্ড ট্রাম্প। নির্বাচনে বেশিরভাগ মার্কিনিই ভোট দিয়েছেন ডেমোক্র্যাট প্রার্থী হিলারি ক্লিনটনকে। কিন্তু শেষ পর্যন্ত  ইলেক্টোরাল কলেজ ব্যবস্থায় জয়ী হয়েছেন ডোনাল্ড ট্রাম্প।

চূড়ান্ত ফলাফলে দেখা গেছে, হিলারি ক্লিনটন ডোনাল্ড ট্রাম্পের চেয়ে ২৮ লাখ ৬৪ হাজার ৯৭৪টি বেশি পপুলার ভোট পান। মার্কিন নির্বাচনে

যেকোনো পরাজিত প্রার্থীর মধ্যে তিনি সবচেয়ে বেশি ভোট পান। ট্রাম্পের এই জয় তাকেও ইতিহাসে স্থান করে দেয়। ১৮২৪ সালের পর ট্রাম্প তৃতীয় প্রেসিডেন্ট, যিনি পপুলার ভোটে হেরেও প্রেসিডেন্ট হয়েছেন।

মার্কিন যুক্তরাষ্ট্রের নির্বাচনী নিয়ম অনুযায়ী প্রেসিডেন্ট হতে হলে প্রয়োজন ২৭০টি ইলেক্টোরাল ভোট। ট্রাম্প পেয়েছেন ৩০৬টি ইলেক্টোরাল ভোট। আর হিলারি পেয়েছেন ২৩২ ভোট। জয়ের পর থেকেই অনেকেই প্রশ্ন তুলেছেন পপুলার ভোটে বড় ব্যবধানে হেরে যাওয়ার পরও কীভাবে ডোনাল্ড ট্রাম্প প্রেসিডেন্ট হতে পারেন। নির্বাচনের এক সপ্তাহ পর অবসরপ্রাপ্ত সিনেটর বারবার বক্সার ইলেক্টোরাল কলেজ সিস্টেম বিলোপ করার জন্য একটি বিল উত্থাপন করেন।

শুধু হোয়াইট হাউস নয়, এই নির্বাচনী জোয়ারে রিপাবলিকান পার্টি কংগ্রেসের উভয়কক্ষ নিজেদের নিয়ন্ত্রণে আনতে পেরেছে। এর ফলে মার্কিন শাসনব্যবস্থায় দুই প্রধান অঙ্গ-প্রশাসন ও আইন পরিষদের ওপরই ট্রাম্পের রক্ষণশীল দলের নিরঙ্কুশ নিয়ন্ত্রণ অর্জিত হয়েছে।

নির্বাচনে জয়ের পর বিশ্বখ্যাত টাইম ম্যাগাজিনের পারসন অব দ্য ইয়ার নির্বাচিত হয়েছেন ডোনাল্ড ট্রাম্প। ম্যাগাজিন কর্তৃপক্ষ জানিয়েছে, তালিকায় দ্বিতীয় অবস্থানেই ছিলেন ক্লিনটন। বার্তা সংস্থা এএফপির চোখেও বর্ষসেরা হয়েছেন ট্রাম্প। বর্ষসেরা ব্যক্তিত্ব হলেও ট্রাম্পের শাসনামল কেমন হবে, বিশেষ করে যুক্তরাষ্ট্রের অভিবাসী, মুসলিমদের অবস্থা কী হবে সেটা নিয়ে এখানো বিস্তর শঙ্কা রয়েছে মার্কিনিদের মধ্যে। এ ছাড়া ট্রাম্প প্রশাসনের পররাষ্ট্রনীতি কী হবে তা নিয়েও রয়েছে ব্যাপক কৌতূহল ও উদ্বেগ। এর কারণ নির্বাচনের আগে একের পর এক বিতর্কিত মন্তব্য করেছেন ডোনাল্ড ট্রাম্প। মুসলিমদের যুক্তরাষ্ট্র প্রবেশে নিষেধাজ্ঞা আরোপ করবেন, অভিবাসীদের ঠেকাতে মেক্সিকো সীমান্তে দেয়াল তুলবেন, আমদানিতে শুল্ক বাড়াবেন এবং রাশিয়ার সঙ্গে সম্পর্ক উন্নয়নের ইঙ্গিত দেন তিনি।

**ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নোট বাতিলের সিদ্ধান্ত**

দুর্নীতি ও কালো রুপির বিরুদ্ধে লড়াই শুরু করতে ৮ নভেম্বর মধ্যরাত থেকে ৫০০ ও ১০০০ রুপির নোট বাতিলের সিদ্ধান্ত নেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। ভারতের মতো বিশাল অর্থনীতির দেশে নোট বাতিল এবং নতুন নোট ছাপানোর কাজটা মোটেও সহজ নয়। বিশাল



ভৌগোলিক সীমারেখাও এ ধরনের সিদ্ধান্ত কার্যকরে দেশটির জন্য বড় বাধা। মোদি এসব বাস্তবতা অবশ্যই জানতেন। তারপরও তিনি দুর্নীতি ও কালোটাকার মালিকদের খুঁজে বের করতে এ ধরনের কঠিন সিদ্ধান্ত নেন। সারাবিশ্বকে অবাক করে দেয় মোদি সরকারের এই সিদ্ধান্ত। পরিণত হয় অন্যতম আলোচিত বিষয়ে।

আর ভারতের কেন্দ্রীয় সরকারের আচমকা এই ঘোষণার পরই সংকটে পড়ে যান দেশটির কোটি কোটি সাধারণ মানুষ। নোট বাতিলের ঘোষণার সঙ্গে সঙ্গেই পরপর দুদিন দেশের সমস্ত এটিএম বুথও একদিন বন্ধ রাখার ঘোষণা দেওয়া হয়। একদিকে ঘরে পুরোনো নোটের পাহাড়, অন্যদিকে খুচরো টাকার আকাল। দেশজুড়ে অঘোষিত জরুরি অবস্থার চেহারা পায়। মানুষের হাতে টাকা আছে, অথচ তার দাম নেই। এমন পরিস্থিতিতে সাধারণ মানুষের ক্ষোভ চরমে ওঠে। সমালোচনা হতে থাকে কেন্দ্রীয় সরকারের। তবু মোদি আশ্চর্যজনকভাবে ছিলেন নিশ্চুপ। দুর্নীতিবাজদের হাতেনাতে ধরতে তিনি সব সমালোচনা সহ্য করার নীতি গ্রহণ করেন। ঘোষণা দেন, ২০১৬ সালের ৩০ ডিসেম্বরের মধ্যেই হাতে থাকা ৫০০ ও ১০০০ রুপির নোট ব্যাংকে জমা দিতে হবে। এর পরিবর্তে সমপরিমাণ অর্থ ব্যাংক তাকে ফেরত দেবে। ফলে যারা দুর্নীতির মাধ্যমে ও কর ফাঁকি দিয়ে চোখের আড়ালে টাকার বান্ডিল জড়ো করেছিলেন তাঁরা চরম বেকায়দায় পড়ে যান। কারণ বাতিল হওয়া নোট ব্যাংকে জমা দিয়ে নতুন টাকা নিতে গেল যৌক্তিক অর্থের উৎসও দেখাতে হয়েছে। সেই অর্থের বিপরীতে কর দেওয়া হয়েছে কিনা, সেই খোঁজও নেওয়া হয়েছে। কালোটাকার মালিকদের এর কোনোটি নেই। তাই তাদের কাছে এগুলো এখন স্রেফ কাগজের টুকরো ছাড়া কিছুই নয়।

সাধারণ মানুষের পাশাপাশি হয়রানির শিকার হতে হয় ভারতে আসা অসংখ্য বিদেশি পর্যটকও। তাদের কেউ বেড়াতে, কেউবা আবার আসেন চিকিৎসার উদ্দেশ্যে। কিন্তু নিজস্ব মুদ্রা থেকে ভারতীয় মুদ্রায় পরিবর্তন করার ক্ষেত্রে চূড়ান্ত ভোগান্তি পোহাতে হয় তাদের। দেশের প্রায় সব মানি এক্সচেঞ্জ অফিসগুলো রাতারাতি ঝাঁপ বন্ধ করে দেয়। ফলে অনেকেই ভ্রমণ কিংবা চিকিৎসা থামিয়ে মাঝপথেই দেশে ফিরে যেতে বাধ্য হন। অন্যদিকে, সরকারের নোট বাতিল ইস্যুকে হাতিয়ার করে ভারতের রাজনীতিও উত্তাল

হয়ে ওঠে। পার্লামেন্টের দুই কক্ষ লোকসভা ও রাজ্যসভার অধিবেশন এই ইস্যুতে বারবার পণ্ড হয়ে যায়। সবচেয়ে বেশি সরব হয় পশ্চিমবঙ্গের শাসক দল তৃণমূল কংগ্রেস। রাজ্যজুড়ে মিছিল, জনসভা করার পাশাপাশি ভারতজুড়েও এই আন্দোলনের ঝড় পৌঁছে দিতে দিল্লি, পাটনা ও উত্তরপ্রদেশে সভা করেন দলনেত্রী মমতা ব্যানার্জি। তৃণমূল কংগ্রেসের চোটপাট দেখে নড়েচড়ে বসে কংগ্রেস, সিপিআইএম, বিএসপি, এসপি, রাষ্ট্রীয় জনতা দলসহ অন্য বিরোধী দলগুলোও। উত্তপ্ত হয় রাজপথ। গত ২৮ নভেম্বর হরতাল পালন করে বাম দলগুলো। অন্য দলগুলো সারাদেশে আক্রোশ দিবস পালন করে।

**ব্রেক্সিট**

২০১৬ সালে আন্তর্জাতিক বিশ্বে যেসব ঘটনা ঘটেছে তার মধ্যে অন্যতম আলোচিত ছিল ২৮ জাতি জোটের ইউরোপীয় ইউনিয়ন থেকে ব্রিটেনের বেরিয়ে আসা।

গত ২৩ জুন তারিখে ইউরোপীয় জোট ছাড়ার প্রশ্নে ব্রিটেনে গণভোট অনুষ্ঠিত হয়। এতে ৫২ শতাংশ ভোটার ইইউ থেকে বেরিয়ে আসার পক্ষে ভোট দেয়। আর পক্ষে ৪৮ শতাংশ ভোটার ভোট দেয়। এই ভোটাভুটির পর ব্রিটিশ প্রধানমন্ত্রী ডেভিড ক্যামেরন ১০নং ডাউনিং স্ট্রিটে এক সংবাদ সম্মেলনে অক্টোবর মাসে পদত্যাগ করার ঘোষণা দেন। তবে এর আগেই তিনি পদত্যাগ করেন। ১১ জুলাই প্রধানমন্ত্রী হিসেবে ডেভিড ক্যামেরুনের স্বরাষ্ট্রমন্ত্রী থেরেসা মে (৫৯) প্রধানমন্ত্রীর দায়িত্ব গ্রহণ করেন।

১৯৭৩ সালে কনজারভেটিভ পার্টির শাসনামলে ব্রিটেন ইইউতে প্রবেশ করে। ২০১৫ সালের নির্বাচনের আগে ইইউতে অবস্থান প্রশ্নে গণভোট দেওয়ার অভিমত ব্যক্ত করেন প্রধানমন্ত্রী ডেভিড ক্যামেরন।

**তথ্য ফাঁস ও কেলেঙ্কারি**

২০১৬ সালে হুইসলরোয়িং বা তথ্য ফাঁসের বেশ কয়েকটি ঘটনা ঘটেছে। সেগুলোর মধ্যে সবচেয়ে বেশি আলোড়ন সৃষ্টি করেছিল এপ্রিল মাসে ফাঁস হওয়া পানামা পেপারস কেলেঙ্কারি। নথিগুলো পানামার আইন ও করপোরেট সেবা প্রদানকারী প্রতিষ্ঠান মোসাক ফনসেকার তৈরি। এতে দেখা যায়, দুনিয়ার প্রভাবশালী অনেক ব্যক্তি ও সরকারি কর্মকর্তা কর



ফাঁকি, রাষ্ট্রীয় সম্পদ আত্মসাৎ ও আন্তর্জাতিক নিষেধাজ্ঞা এড়ানোর লক্ষ্যে অবৈধভাবে অফশোর কোম্পানিতে বিনিয়োগ করে থাকেন। ২০১৬ সালের ৩ এপ্রিল জার্মানির দৈনিক জিটডয়েচ সাইতং-এ এই খবর ছাপা হয়। অন্যদিকে ইন্টারন্যাশনাল কনসোর্টিয়াম অব ইনভেস্টিগেটিভ জার্নালিজমের (আইসিআইজে) ওয়েবসাইটে সব নথি তুলে দেওয়া হয়।

এসব নথিতে তৎকালীন ব্রিটিশ প্রধানমন্ত্রী ডেভিড ক্যামেরনের বাবার নাম উঠে আসে। এতে তিনি বিপদে পড়েন। আইসল্যান্ডের প্রধানমন্ত্রী সিগমুন্ডুর গুনলাউগসনের নাম প্রকাশ পাওয়ায় তিনি পদত্যাগ করেন। উপমহাদেশের অনেক রথী-মহারথীর নামও কর ফাঁকিদাতাদের তালিকায় উঠে আসে। তাঁদের মধ্যে অন্যতম হচ্ছে পাকিস্তানের প্রধানমন্ত্রী নওয়াজ শরিফ, প্রখ্যাত ভারতীয় অভিনেতা অমিতাভ বচ্চন, ঐশ্বরিয়া রাই বচ্চনসহ প্রায় ৫০০ ভারতীয় নাগরিক। যদিও তাঁরা সবাই এই অভিযোগ অস্বীকার করেছেন। উইকিলিকস যেমন মার্কিন পররাষ্ট্র মন্ত্রণালয়ের নথি ফাঁস করে চাঞ্চল্য সৃষ্টি করেছিল, তেমনি পানামা পেপারস চাঞ্চল্য সৃষ্টি করে।

আরেকটি আলোচিত চাঞ্চল্য সৃষ্টিকারী তথ্য ফাঁসের ঘটনা হলো মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনে ডেমোক্রেটিক দলের প্রার্থী হিলারি ক্লিনটনের প্রচারণা দলের প্রধান জন পোডেস্টারের ই-মেইল ভাণ্ডার ফাঁস। মার্কিন কর্তৃপক্ষ অভিযোগ করে, রুশ হ্যাকাররা এই ঘটনা ঘটিয়েছে। তথ্যগুলো ইন্টারনেটে ফাঁস করে উইকিলিকস। অনেকে মনে করেন, এই তথ্য ফাঁসের ঘটনা হিলারি ক্লিনটনের পরাজয়ের পেছনে কিছুটা হলেও ভূমিকা রেখেছে। রুশ কর্তৃপক্ষ হ্যাকিংয়ের অভিযোগ প্রত্যাখ্যান করে।

**যুদ্ধ ও সহিংসতা**

২০১৬ সালে বিশ্বের বিভিন্ন অংশে সহিংসতা ও রক্তপাত অব্যাহত ছিল। একদিকে মুখোমুখি যুদ্ধ, বোমা হামলা, অন্যদিকে আত্মঘাতী সন্ত্রাসী হামলা– এই নিয়ে ছিল উদ্বেগজনক পরিস্থিতি। সিরিয়ার গৃহযুদ্ধ ২০১৬ সালে পঞ্চম বর্ষে প্রবেশ করে। এই যুদ্ধের ফলে নিহত মানুষের সংখ্যা পাঁচ লাখের কাছাকাছি পৌঁছে। প্রায় ৮৫ লাখ সিরীয় নাগরিক দেশত্যাগে বাধ্য হয়। সেই সাথে ইউরোপ স্মরণকালের মধ্যে সবচেয়ে বড় শরণার্থী সংকটের মুখোমুখি হয়। সিরিয়ার গৃহযুদ্ধের বড় লড়াই শুরু হয় বছরের শুরু

থেকেই– আলেপ্পো শহর ও তার চারপাশের এলাকা ঘিরে। ওই এলাকাটি সরকারবিরোধী ইসলামিক স্টেটের নিয়ন্ত্রণ থেকে মুক্ত করতে বহুমুখী যুদ্ধ শুরু হয়। বাশার আল-আসাদের সরকারি বাহিনীকে রুশ বিমানবাহিনী সহযোগিতা করে। নভেম্বরে তারা আলেপ্পো থেকে আইএস যোদ্ধাদের তাড়িয়ে দিয়ে এলাকাটি  সরকারি নিয়ন্ত্রণে নিতে সক্ষম হয়। কিন্তু নির্বিচার বোমাবর্ষণে আলেপ্পো কার্যত এক ধ্বংসস্তূপে পরিণত হয়।

১৪ জুলাই বাস্তিল দিবসের উৎসব উদ্‌যাপনের সময় ফ্রান্সের পর্যটন নগর নিসে মানুষের ওপর ১৯ টনি এক ট্রাক চালিয়ে দেয় এক সন্ত্রাসী যুবক, যিনি পরে ইসলামিক স্টেটের যোদ্ধা বলে জানা যায়। এই আত্মঘাতী সন্ত্রাসী হামলায় ৮৬ জন মানুষ নিহত ও আহত হন ৪৩৪ জন। ইসলামিক স্টেট এই হামলার দায় স্বীকার করে। হামলাকারী যুবক তিউনিসীয় বংশোদ্ভূত ফরাসি নাগরিক মোহাম্মেদ লাহুয়েজ বুহয়েল নিরাপত্তা বাহিনীর সদস্যদের গুলিতে নিহত হন। ২০১৬ সালে আইএস ইউরোপ-আমেরিকা ও মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশে আরও অনেক আত্মঘাতী হামলা চালিয়ে প্রায় তিন হাজার মানুষকে হত্যা করে বলে তারা দাবি করে। নিহত ব্যক্তিদের অধিকাংশই ইরাক, সিরিয়া, তুরস্ক, ইন্দোনেশিয়াসহ বিভিন্ন মুসলিম দেশের মানুষ।